গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 7, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৭ জানুআরি।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Report and amended Bill are published for general information by order of the Governor General of India in Council :—

REPORT.

We, the undersigned Members of the Select Committee to whom the Bill to consolidate and amend the law relating to Railways in India has been referred, have the honor to report that we have considered the Bill and the papers noted in the schedule hereto. The principal amendments which we have made in the Bill may conveniently be distributed under three heads,—Additions, Omissions, and Alterations.

I.—*Additions.*

In Part I. we have introduced definitions of 'mails,' 'carriages,' 'traffic' and 'Advocate General'; and to the definition of 'Local Government' we have added a proviso that, in respect of matters affecting the general administration of any Railway, and so far as regards British subjects in Native States, 'Local Government' shall mean the authority or the concurrent authorities which the Governor General in Council shall from time to time prescribe. This may be useful in the case of a Railway passing through the territories of various Local Governments.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপিন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞামতে নিম্নলিখিত রিপোর্ট ও সংশোধিত পাণ্ডুলিপি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

রিপোর্ট।

ভারতবর্ষের রেলপথসম্পর্কীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটীর অন্তর্গত আমারদের প্রতি অর্পিত হইলে আমরা সম্মানপূর্ব্বক জ্ঞাত করিতেছি যে সেই পাণ্ডুলিপি ও তফসীলের লিখিত পত্রাদি বিবেচনা করিয়াছি। এই পাণ্ডুলিপির যে প্রধান অংশের সংশোধন করিয়াছি তাহার নূতন ও ত্যক্ত ও পরিবর্ত্তিত কথাবিষয়ক তিন ভাগ করা যাইতে পারে।

১।—নূতন কথা।

প্রথমখণ্ডে আমরা মেল ও গাড়ী ও ট্রাফিক ও আডবোকেট জেনরল এই২ কথার অর্থ নির্ণয় করিয়াছি। এবং স্থানীয় গবর্ণমেণ্ট এই কথার অর্থ নির্ণায়ক পদের মধ্যে এই অধিক বিধান লেখাইয়াছি, "কোন রেলপথের সাধারণ কার্য্য নিরূপণ সম্পার্কীয় বিষয়ে এবং এতদ্দেশীয় স্বাধীন রাজত্বের অন্তর্গত ব্রিটনীয় প্রজা সম্পর্কে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে কর্ত্তৃপক্ষকে কিম্বা কার্য্যনিরূপণাধিকারিত্ব ক্ষমতা সহিত যে কর্ত্তৃপক্ষদিগকে নিযুক্ত করেন "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহারদিগকেও বুঝাইবে।" রেলপথ ভিন্ন২ শাসনাধীন স্থান দিয়া গেলে এই বিধির ফল দর্শিতে পারিবে।

In order more fully to carry out the original intention to consolidate the whole law on the subject, we have introduced sections 4—8, which are similar to some contained in Act XXII of 1863, and provide for the survey and taking of lands and other proceedings preliminary to the construction of Railways.

Provision has also been made in sections 10 and 11 as to mines near or under Railways, and the working thereof. These sections resemble Statute 8th & 9th Vic., cap. 20, section 77.

The Companies, on requisition from the Local Government, are to make (section 17) and maintain, as the Railways proceed, all necessary subsidiary works. Power is reserved to the Locl Government, after the completion of any part of a Railway, to construct works necessary for navigation, irrigation, or drainage.

In section 18 we have empowered the Consulting Engineer to the Local Government as well as a Magistrate, to give orders as to the erection and maintenance of fences and the filling in excavations.

Provision is made (section 19) for the establishment and maintenance of an electric telegraph along every Railway on which passengers are conveyed.

In section 20 we have given the Government Inspector the further power of examining into the mode of maintaining the Railway under inspection and of conducting the traffic thereon, and refusal to answer his questions, or giving him false information, is made penal by section 21.

In section 24 we have empowered the Local Government to prevent the use of unsafe carriages as well as that of dangerous parts of opened lines.

Three sections (25, 26, 27) have been introduced embodying the provisions as to junctions contained in Statute 26th & 27th Vic., cap. 92, sections 9, 10, and 12.

A clause (section 28) has been introduced providing that, on every Railway constructed on a guage of 5 feet 6 inches, the fixed structures and rolling-stock shall be of standard dimensions.

We have provided (section 31) that no fine imposed by the bye-laws shall be recoverable from persons not servants of the Company unless the bye-laws shall have been duly published, and that no such fines shall be recoverable from a Railway servant unless he shall have either received a copy of the bye-law in a language which he reads and understands or shall have been expressly informed of the existence and terms of the bye-law.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

উক্ত বিষয়ের সমুদয় আইন সংগ্রহ করিবার যে আদি অভিপ্রায় ছিল, তাহা সফল করিবার জন্যে আমরা ১৮৬৩ সালের ২২ আইনের কোন২ ধারার মত ৪ অবধি ৮ পর্য্যন্ত ধারা প্রবর্ত্ত করাইয়াছি। তন্মধ্যে রেলপথ করিবার পূর্ব্বে ভূমির মাপ ও গ্রহণ করণপ্রভৃতি পূর্ব্বস্থলীয় কার্য্যের বিধান হইয়াছে।

রেলপথের নিকট কি তলভাগে খনি থাকিলে ১০ ও ১১ ধারাতে তদ্বিষয়ের ও তৎসংক্রান্ত কার্য্যের বিধান করা গিয়াছে। ঐ দুই ধারা, বিকটরিয়ার ৮ ও ৯ বৎসরের ২০ অধ্যায়ের আইনের ৭৭ ধারার তুল্য।

১৭ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ হইলে রেলপথের কার্য্য চলন সময়ে, তৎসংক্রান্ত কোম্পানি লোকদের উপকারার্থ কার্য্য করিয়া তাহা সুনিয়মমতে রাখিবেন। এবং রেলপথের কোন অংশ সমাপ্ত হইলে, নৌকাদি গমনের ও ক্ষেত্রে জলসিঞ্চনের উপায় ও পরিখাপ্রভৃতি প্রস্তুত করিতে গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবে।

বেড়া বাঁধিবার ও তাহা সুনিয়মমতে রাখিবার এবং গর্ত্তাদি পুরণ করিবার ক্ষমতা যেমন মাজিষ্ট্রেট সাহেবের আছে, ১৮ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবকেও তেমনি ক্ষমতা প্রদত্ত হইয়াছে।

যেং রেলপথে লোকদের গমনাগমন হয়, ১৯ ধারামতে, সেই২ পথে ইলেকট্রিক টেলিগ্রাফ স্থাপন করিয়া সুনিয়মমতে রাখিবার বিধান হইয়াছে।

রেলপথ তত্ত্বাবধানে রাখিবার ও তদ্দ্বারা বাণিজ্যাদি চালাইবার যে নিয়ম থাকে ১৯ ধারাতে আমরা গবর্ণমেণ্ট ইনস্পেক্‌টরের পূর্ব্ব ক্ষমতার অতিরিক্ত সেই নিয়মের পরীক্ষা করিবারও ক্ষমতা প্রদান করিয়াছি। তিনি প্রশ্ন করিলে যদি তাঁহার প্রশ্নের উত্তর না দেওয়া যায়, কিম্বা তাঁহাকে মিথ্যা সন্ধান দেওয়া যায়, তবে সেই দোষ ২১ ধারামতে দণ্ডনীয়।

যে গাড়িতে গমন করিলে আপদ সম্ভাবনা, এবং পথে গমনাগমন হইতে পারিলেও তাহার যে অংশে গেলে বিঘ্ন হইতে পারে, ২৪ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্ট সেই গাড়ীর ও পথের ব্যবহার নিবারণ করিতে পারেন।

বিকটরিয়ার ২৬ ও ২৭ বৎসরের ৯২ অধ্যায়ের আইনের ৯, ১০ ও ১২ ধারাতে ভিন্ন২ পথের সংযোগ স্থান বিষয়ে যে বিধান আছে, আমরা ২৫, ২৬, ২৭ ধারাতে তাহা সমাবেত করিয়াছি।

২৮ ধারাতে এই বিধান করিয়াছি। যে রেলপথ সাড়ে পাঁচ ফুট প্রশস্ত করিয়া নির্ম্মিত হয় তাহার উপর চিরাবধারিত বিষয় ও চক্রবিশিষ্ট বিষয়ক স্থিরসিদ্ধ পরিমাণে করা যাইবে।

৩১ ধারার এই বিধান। উপবিধি উপযুক্তমতে প্রকাশ না করা গেলে কোম্পানির চাকরভিন্ন কোন ব্যক্তির স্থানে সেই উপবিধির নির্দ্দিষ্ট অর্থদণ্ড আদায় হইবে না। এবং রেলপথের চাকর যে ভাষা পাঠ করিয়া বুঝিতে পারে এমন ভাষালিখিত ঐ উপবিধি না পাইলে, কিম্বা উপবিধি থাকার কথা ও তাহার মর্ম্ম তাঁহাকে স্পষ্টরূপে জ্ঞাত না করা গেলে, তাঁহার স্থানেও অর্থদণ্ড আদায় হইতে পারিবে না।

Acting on a suggestion of the Secretary of State for India in Council, we have introduced eight sections (40—47) providing for the carriage of mails, the conveyance of troops, police and Government artisans, and the carriage of passengers by cheap daily trains. The clauses relating, to mails are taken from 1st and 2nd Vic., cap. 98, omitting the provisions regarding remuneration. Those relating to the conveyance of troops, etc., are from 7th and 8th Vic., cap. 85, with the modifications rendered necessary by the terms of the contracts between the various Companies and the Secretary of State. The clause relating to cheap daily trains is modelled on 7th and 8th Vic., cap. 85, section 6, as amended by 21st and 22nd Vic., cap. 75.

In section 33 we have provided, herein following the English law, that notices of accidents given by the Companies to Local Governments shall be deemed privileged communications.

In section 54 we have added to the list of goods for loss of which the Companies will not be liable in the absence of special engagements, pearls, prints, photographs, cloths and tissues embroidered with the precious metals, or of which such metals form part, articles of ivory, ebony, and sandal wood, musical instruments, horses, cattle, and other animals. We have here followed the enumeration contained in the schedule to the Carriers' Act III of 1865. We have added a proviso that the section shall not apply to articles contained in mails and banghy parcels.

In sections 62 and 63 we have provided that persons obstructing Railway servants or trespassing on Railway premises shall be liable not only to a fine but in default of payment to imprisonment for two months. We have also provided that such offenders may be seized and detained by the Railway officials until they can be taken before a Magistrate.

The ordinary criminal law having been found insufficient, in certain districts, to repress the offences of putting obstacles on Railways with intent to upset engines, etc., a clause (section 66) has been introduced to authorize the quartering of additional police in such districts. The inhabitants will be charged with the additional expense thus occasioned. The section also provides for the offences of cattle trespass and injuring Railway gates, fences, and telegraphs.

We propose (section 67) that persons removing or injuring the Railway lamps, carriages, &c., shall not only be liable to the fine provided in the Bill as introduced, but also to the cost of replacing or repairing the article removed or injured

[*Government Gazette, 7th January* 1868.]

ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পরামর্শমতে আমরা ৪০—৪৭ ধারাতে ডাক পত্রাদি ও সৈন্য ও পোলীসের কর্ম্মকারক ও গবর্ণমেণ্টসংক্রান্ত কর্ম্মকারকদিগকে চালান করিবার এবং প্রতিদিন অল্প ভাড়ার ট্রেনদ্বারা লোকদের গমন করিবার বিধান করিয়াছি। ডাকপত্রাদি বিষয়ক ধারা বিকটোরিয়ার ১ ও ২ বৎসরের ৯৮ অধ্যায়হইতে গ্রহণ করিলাম কিন্তু পারিতোষিকের কথা ত্যাগ করিয়াছি। সৈন্যাদি লইবার কথা বিকটরিয়ার ৭ও৮ বৎসরের ৮৫ অধ্যায়হইতে গ্রহণ করা গেল, কিন্তু ভিন্নং কোম্পানির এবং ষ্টেট সেক্রেটারীর মধ্যে যেং চুক্তি হইয়াছে তাহার নিয়মবশতঃ আবশ্যকমতে কিঞ্চিৎ মতান্তর করা গিয়াছে। বিকটরিয়ার ৭ ও ৮ বৎসরের ৮৫ অধ্যায়ের যে ৬ ধারা বিকটরিয়ার ২১ ও ২২ বৎসরের ৭৫ অধ্যায় দ্বারা মতান্তর হইয়াছে অল্প ভাড়ার দৈনিক ট্রেন বিষয়ক ধারা সেই অধ্যায়ানুসারে প্রণীত হইয়াছে।

৩৩ ধারাতে আমরা ইঙ্গলণ্ডীয় আইনঅনুসারে এই বিধান করিয়াছি, কোম্পানি স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে যে কোন বিঘটনার সম্বাদ দেন তাহা গোপনীয় জ্ঞান হইবে।

কোম্পানি বিশেষ প্রতিজ্ঞাতে বদ্ধ না হইলে যে দ্রব্যের ক্ষতির নিমিত্তে দায়ী না হন, আমরা ৫৪ ধারাতে সেই দ্রব্যের মধ্যে এইং দ্রব্য সংযোগ করিয়াছি, বিশেষতঃ মুক্তা, মুদ্রিত ছবি, ফটগ্রাফ, বহুমূল্য ধাতুতে বোটা তোলা কাপড় ও পট্টবস্ত্র কিম্বা যাঁহার কোন অংশে ঐ ধাতুর কর্ম্ম থাকে তাহা, এবং হস্তিদন্ত ও আবলুস ও চন্দন কাষ্ঠের দ্রব্য ও বাদ্য যন্ত্র ও ঘোড়া গোরুপ্রভৃতি পশু। বাহক বিষয়ক ১৮৬৫ সালের ৩ আইনের তফসীলে যেং দ্রব্যের গণনা হইয়াছে আমরা এই স্থলে সেইং দ্রব্য ধরিয়াছি। কিন্তু ডাকপত্রের মধ্যে ও বাঙ্গি পুলিন্দাতে যে দ্রব্য থাকে তাহার প্রতি এই ধারা না খাটিবার উপবিধিসূচক এক প্রকরণ করিয়াছি।

৬২ ও ৬৩ ধারাতে এই বিধান হইয়াছে, যাঁহারা রেলপথের কর্ম্মকারকদের কর্ম্মের বাধা দেয় কিম্বা রেলপথের বাড়ীর মধ্যে অনধিকার প্রবেশ করে, তাঁহারদের কেবল অর্থদণ্ড হইবে না, কিন্তু অর্থদণ্ড না দিলে, তাঁহারা দুই মাস কারাবদ্ধও হইবেন। এবং রেলপথের কার্য্যকারকেরা তাঁহারদিগকে ধরিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইতে না পারেন তত কাল রাখিবেন।

কলের গাড়ীপ্রভৃতি উলটাইয়া ফেলিবার অভিপ্রায়ে রেলপথে দ্রব্য রাখিবার যে অপরাধ, কোনং প্রদেশে সেই অপরাধ নিবারণার্থে সাধারণ ফৌজদারী আইন অপ্রতুল হইয়াছে, এইহেতুক ৬৬ ধারাতে সেইং প্রদেশে পোলীসের অতিরিক্ত কর্ম্মকারক নিযুক্ত করিবার বিধান হইয়াছে। এই গতিকে যে অধিক খরচ হয়, তাহা প্রদেশ নিবাসিদের স্থানে আদায় হইবে। আরো সেই ধারাতে রেলপথে গোমেষাদির প্রবেশ ও রেলপথের দ্বারের ও বেড়ার ও টেলিগ্রাফের হানি করণাপরাধের বিধান হইয়াছে।

যে পাণ্ডুলিপি উপস্থিত করা গিয়াছিল তাহাতে যে ব্যক্তিরা রেলপথের লাম্প, কি গাড়িপ্রভৃতি স্থানান্তর কি হানি করেন তাঁহাদের অর্থদণ্ডের বিধান হইয়াছে। আমরা (৬৭ ধারাতে) তদধিক এই বিধান করিয়াছি যে সেই দ্রব্য নূতন করিতে কি সারাইতে

A penalty is provided (section 68) for injuring boards and placards put up by the Company.

At the desire of the East Indian Railway Company, clauses have been introduced authorizing the destruction of perishable goods with the permission of the chief officer of Railway Police at the station where the goods may be, and the sale of goods unclaimed for two months after arrival at their destination.

Section 81 imposes a fine on Railway servants making charges, or accepting payments, not in accordance with the Company's tariff.

A section modelled on 7th and 8th Vic., cap. 85, section 17, gives a remedy by injunction or order against Companies contravening or exceeding the provisions of the proposed Act, or of their contracts with the Secretary of State.

The Bill proposes to repeal, so far as regards Railway Companies, Act XIII of 1855, which extends to India the provisions of Lord Campbell's Act as to compensation for deaths. The Bill re-enacts these provisions (sections 85—88) as amended by the late Statute 27th and 28th Vic., cap. 95.

II.—*Omissions.*

We have omitted as useless and likely to facilitate fraud and encourage travelling without tickets, the clause in section 48 diminishing the liability of a passenger not producing his ticket in case of his proving that he has travelled a distance less than that from the place whence the train originally started.

The clauses imposing a fine for entering a carriage in motion, for riding on engines, for smoking, for intoxication, for committing nuisance, have been omitted, as they relate to matters which will be more fitly provided for the bye-laws which the Companies will be empowered to make.

In the section empowering the Local Government to appoint an officer to inspect a Railway, we have struck out the clause prohibiting the appointment of persons lately Directors or officials of the Company. It seems needless, and might be injurious, to fetter the discretion of the Local Government in this matter.

We have struck out the section empowering Government to set-off fines against money payable to a Railway Company. The clause in question was taken from a Bill prepared by the late Advocate-General, but seems inconsistent with the contracts between the Companies and the

যে খরচ লাগে ঐ ব্যক্তিদের সেই খরচও দিতে হইবে, এবং কোম্পানি যে তক্তা কি ঘোষণাপত্রপ্রভৃতি লটকাইয়া দেন, ৬৮ ধারাতে তাহার হানি করিবার দণ্ডের বিধান হইয়াছে।

যেং দ্রব্য শীঘ্র নষ্ট হইতে পারে সেইং দ্রব্য কোন ষ্টেশনে পড়িয়া থাকিলে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির প্রার্থনামতে তৎস্থানের রেলপথ সংক্রান্ত পোলীসের প্রধান কার্য্যকারকের অনুমতি লইয়া সেই দ্রব্য নষ্ট করিবার, এবং কোন মাল লক্ষিত স্থানে পুঁহুছিলে পর দুই মাস পর্য্যন্ত তাহার দাওয়া না হইলে তাহা বিক্রয় করিবার বিধান করা গিয়াছে।

রেলপথের কার্য্যকারকেরা কোম্পানির নিরিখমত খরচভিন্ন অধিক খরচ চাহিলে কি পয়সা গ্রহণ করিলে ৮১ ধারাতে তাহার অর্থদণ্ডের বিধান হইয়াছে।

কোন কোম্পানি প্রস্তাবিত আইনের বিধান, কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের সঙ্গে যে চুক্তি করেন সেই চুক্তি লঙ্ঘন কি অতিক্রম করিলে তাঁহাদিগকে আদালতকর্ত্তৃক নিষেধ কি আজ্ঞা হইবার বিধান হইয়াছে। এই ধারা বিকুটোরিয়ার ৭ ও ৮ বৎসরের ৮৫ অধ্যায়ের ১৭ ধারামতে করা গিয়াছে।

কোন ব্যক্তির মৃত্যু হইলে ক্ষতিপূরণ বিষয়ে লার্ড কাম্বেল সাহেব যে আইন করিয়াছেন, ১৮৫৫ সালের ১৩ আইনমতে সেই আইন ভারতবর্ষে প্রচলিত হইয়াছে। সেই আইন এই পাণ্ডুলিপিক্রমে রেলওয়ে কোম্পানির সম্পর্কে রহিত করা গিয়াছে। এবং বিকুটোরিয়ার ২৭ ও ২৮ বৎসরের ৯৫ অধ্যায়ে ঐ বিধান মতান্তরিত হইয়াছে সেই মতান্তরিত বিধান ৮৫—৮৮ ধারাতে পুনশ্চ প্রবল করা গিয়াছে।

২।—ত্যক্ত কথা।

যে স্থানহইতে ট্রেন খুলিয়া যায় কোন চড়নদার তদপেক্ষা অল্প দূর স্থানে গাড়িতে উঠিয়াছে ইহার প্রমাণ করিতে পারিলে, টিকিট না থাকিলেও তাঁহার দায়ের লাঘব হয়, আমরা এই বিধি অকর্ম্মণ্য ও তদ্দ্বারা প্রতারণার সাহায্য হয় ও টিকিটবিনা গাড়িতে চলিবার উৎসাহ জন্মায় জ্ঞান করিয়া, ৪৮ ধারাতে ঐ ধারার সেই প্রকরণ ত্যাগ করিয়াছি।

গাড়ী চলিতেছে এমন সময়ে তাহাতে উঠিবার, ও কলের গাড়িতে চড়িয়া যাইবার ও তামাক খাইবার ও মাতাল হইবার ও অনিষ্টজনক কর্ম্ম করিবার অর্থদণ্ডের যে বিধান ছিল তাহা ত্যাগ করিয়াছি। কোম্পানি উপবিধি করিতে সক্ষম হইবেন ও উপবিধির মধ্যে সেইং বিষয়ের বিধান থাকা উচিত।

স্থানীয় গবর্ণমেন্ট রেলপথের পর্য্যালোচন করিবার জন্যে এক জন কার্য্যকারককে নিযুক্ত করিতে পারিবেন এই মর্ম্মের ধারার এক প্রকরণে যাঁহারা পূর্ব্বে কোম্পানির ডাইরেকটর কি কর্ম্মকারক ছিলেন, তাঁহারদের সেই কর্ম্মে নিযুক্ত করিবার নিষেধ আছে, আমরা সেই প্রকরণ ত্যাগ করিয়াছি। এমত স্থলে স্থানীয় গবর্ণমেন্টের নিয়োগকরণশক্তি সীমাবদ্ধ করা অনাবশ্যক বোধ হইল, ক্ষতিকরও হইতে পারে।

রেলওয়ে কোম্পানিকে গবর্ণমেন্টের যে টাকা দিতে হয়, গবর্ণমেন্ট তাহাহইতে অর্থদণ্ড বাদ দিতে পারিবেন, এই মর্ম্মের ধারা ত্যাগ করিয়াছি। ভূতপূর্ব্ব আডবোকেট জেনরল সাহেব যে পাণ্ডুলিপি প্রণয়ণ করিয়াছিলেন, উক্ত প্রকরণ তাহাহইতে গৃহীত হইয়াছিল, কিন্তু কোম্পানি সকলের এবং ষ্টেট সেক্রেটারীর মধ্যে

Secretary of State. Sections 63, 64, 65 of the Bill, as introduced, were also taken from Mr. Ritchie's draft; but they have been strongly objected to, and as they appear comparatively useless, we have decided on omitting them. The clauses empowering a Magistrate to refer cases to his assistant or deputy, empowering Local Governments to authorize assistants to exercise certain powers without reference, and giving jurisdiction in Madras and Bombay to the heads of district police and ámíns of police, have been struck out as relating to an obsolete state of affairs.

III.—*Alterations.*

We have made the clause as to compensation, contained in section 9, subject to the provisions of any contract between the Company and the Secretary of State.

The clauses relating to crossings over roads, roads over Railways, and erection and maintenance of gates, have been re-drawn (section 12) so as to make them clearer and more complete.

In section 22 we have provided generally that no Railway shall be opened for public traffic without the previous permission of the Local Government, and that such permission shall not be given till proper bye-laws have been made, and, in the case of passenger-railways, a telegraph established. The fine for opening without permission has been reduced to rupees 200 per day—the equivalent of the English fine in such cases.

In section 36 we have given the Governor General in Council, and not the Local Government, power to call for returns of traffic and tolls. In section 37, the time for delivering returns has been extended from fourteen to thirty days.

In section 48 we have provided that 'the place to which,' and not 'the distance for which,' the fare has been paid, shall appear on passenger tickets.

In the list of articles (section 54), for loss of which Companies are not to be liable in the absence of a special engagement, we have substituted 'Government stamps of any description' for 'postage stamps.'

We have altered section 55 (= Act XVIII of 1854, section 11) so as to render Railway Companies liable for loss or injury to goods *only* when it shall have been caused by their negligence or misconduct or that of their servants.

We have doubled the fine provided (section 58) for giving a false account of goods, and have declared that such penalties shall be in addition to

যে চুক্তি থাকে উক্ত প্রকরণ তাহাতে অসঙ্গত বোধ হয়। যে পাণ্ডুলিপি উপস্থিত করা গিয়াছে তাহার ৬৩, ৬৪, ও ৬৫ ধারাও রিচি সাহেবের পাণ্ডুলিপি-হইতে গৃহীত হইয়াছিল, কিন্তু তদ্বিষয়ের অতি দৃঢ় আপত্তি হইয়াছে, অথচ অকর্ম্মণ্য বোধ হওয়াতে তাহা ত্যাগ করিতে স্থির করিলাম। মাজিষ্ট্রেট সাহেব আপনার আসিষ্টান্টের কি ডেপুটীর প্রতি মোকদ্দমা অর্পণ করিতে পারেন ও স্থানীয় গবর্ণমেন্ট আসিস্টান্টদিগকে উপরিস্থ কার্য্যকারকের আদেশ ভিন্ন কোন২ ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তি প্রদান করিতে পারেন, এবং মান্দ্রাজ ও বোম্বাইদেশে জিলার পোলীসের প্রধান ব্যক্তিদিগকে ও পোলীসের আমীনদিগকে বিচারাধিপত্য প্রদান করা যায়, এই সকল প্রকরণ ত্যাগ করা গিয়াছে। ব্যাপারের যে অবস্থ বিবেচনায় সেই সকল বিধি হইয়াছে এইক্ষণে সেই অবস্থা নাই।

৩।—পরিবর্ত্তনের কথা।

৯ ধারাতে ক্ষতিপূরণ বিষয়ক যে প্রকরণ আছে, কোম্পানির ও ষ্টেট সেক্রেটারীর মধ্যে যে চুক্তি হয় ঐ বিধান সেই চুক্তির অধীনে প্রবল করিলাম।

রাজপথের উপর দিয়া রেলপথ ও রেলপথের উপর দিয়া রাজপথ এবং ফটক প্রস্তুত করা ও রাখা বিষয়ক যে২ ধারা আছে তাহা ১২ ধারামতে পুনরুল্লেখ করিয়া পূর্ব্বাপেক্ষা স্পষ্ট ও পূর্ণ করিয়াছি।

২২ ধারাতে এই সাধারণ বিধি করিয়াছি। স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি প্রাপ্ত না হইলে সর্ব্বসাধারণের গমনাদির জন্যে রেলপথ খোলা যাইবে না, এবং উপবিধি করা না গেলে, ও যে রেলপথে লোকদের গমনাগমন হইবে. তাহার ধারে টেলিগ্রাফ স্থাপন না হইলে উক্ত অনুমতি দেওয়া যাইবে না। অনুমতি না পাইয়া রেলপথ খুলিলে প্রতি দিন ২০০৲ টাকা অর্থদণ্ড হইবে। ইঙ্গলণ্ডে তত্তুল্য অর্থদণ্ডের বিধি আছে।

৩৬ ধারাতে, ব্যবসায়াদির ও মাসুলের রিটর্ণ দিতে আজ্ঞা করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেন্টের প্রতি অর্পণ না করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রতি করিয়াছি। ৩৭ ধারাতে ঐ রিটর্ণ দিবার সময় চৌদ্দ দিনহইতে ত্রিশ দিনপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে।

যত দূর যাইতে হইবে চড়নদারদের টিকিটে ইহা না লিখিয়া যে স্থানে যাইতে হইবে ৪৮ ধারাতে সেই স্থানের নাম লিখিবার বিধান করা গিয়াছে।

বিশেষ প্রতিজ্ঞার অভাবে কোম্পানি যে২ দ্রব্যের ক্ষতির নিমিত্তে দায়ী হইবেন না, ৫৪ ধারাতে সেই২ দ্রব্যের নামের মধ্যে আমরা "ডাকমাসুলের ইষ্টাম্প" এই কথার পরিবর্ত্তে "গবর্ণমেন্টের কোন প্রকারের ইষ্টাম্প" দিয়াছি।

রেলওয়ে কোম্পানির কিম্বা তাঁহাদের চাকরদের অমনোযোগ কি অহিতাচার দ্বারা দ্রব্যের ক্ষতি কি হানি না হইলে ঐ কোম্পানি দায়ী হইবেন না, আমরা এই মর্ম্মের বিধি করিয়া ৫৫ ধারা অর্থাৎ ১৮৫৪ সালের ১৮ আইনের ১১ ধারা পরিবর্ত্তন করিয়াছি।

দ্রব্যাদির মিথ্যা হিসাব দিলে যে অর্থদণ্ডের আজ্ঞা ছিল আমরা ৫৮ ধারাতে তাহা দ্বিগুণ করিয়া, ঐ দ্রব্যাদির উপর যে মাসুল লাগে তদতিরিক্ত সেই

the toll chargeable for the goods. We have also, in section 59, raised from rupees 200 to rupees 500 the fine for delivering dangerous goods without notifying their nature.

The penalty for drunkenness or breach of duty (section 75) by a Railway official, has been changed from rupees 50 to imprisonment for a year, fine or both (and in case his omission or neglect is likely to endanger the safety of passengers), from imprisonment for a year to imprisonment for two years.

In section 89 we have provided that fines under the proposed Act shall, as a rule, be recovered in the manner prescribed by the Code of Criminal Procedure, but that fines imposed on a Railway Company or an officer or servant of such Company may, in case of non-payment within a week, be levied by distress or sale of the Company's moveable property, excepting the engines or other rolling-stock.

These changes have rendered it desirable to re-arrange the Bill, which accordingly now consists of six parts,—1, Preliminary; 2, Construction of Railways; 3, Rules as to use of Railway; 4, Rules for the protection of the Company; 5, Rules for the protection of the Public; and 6, Fines and Convictions.

We recommend that, before taking any further steps in the matter, the Bill, as now altered, be re-published with this Report, and that copies be sent home to the Secretary of State for India and the Boards of the Indian Railway Companies. The Bill, in its present form, is likely to prove so beneficial to the Companies that they will (it is hoped) consent by supplementary agreements under seal, to its becoming law, and thus waive any claim which they might otherwise make by reason of its interference with the rights secured to them by their respective contracts with the Secretary of State.

SIMLA,
The 23rd October 1867.

G. N. TAYLOR.
H. M. DURAND.

SCHEDULE.

Under-Secretary to Government of India, to Public Works Department, No. 966, dated 12th August 1865, with enclosures.

Secretary to Government of India, Public Works Department, to Home Department, No. 704R., dated 19th August 1865, with enclosures.

Officiating Junior Secretary to Government of Bengal, to Secretary to Government of India,

অর্থদণ্ডের বিধান করিয়াছি। এবং আশঙ্কাজনক দ্রব্যের ভাব জ্ঞাত না করিয়া তাহা অর্পণ করিবার যে ২০০৲ টাকা দণ্ড ছিল আমরা ৫৯ ধারাতে তাহা ৫০০৲ টাকা পর্য্যন্ত বৃদ্ধি করিয়াছি।

রেলপথের কর্ম্মকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে, তাহার ৫০৲ টাকা দণ্ড অবধারিত ছিল! আমরা ৭৫ ধারাতে ঐ দণ্ডের পরিবর্ত্তে এক বৎসর কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয়দণ্ডের বিধান করিয়াছি। যদি তাহার ত্রুটি কি অমনোযোগ দ্বারা চড়নদারদের আপদের সম্ভাবনা হয়, তবে এক বৎসর না হইয়া দুই বৎসর কারাদণ্ড হইবে।

৮৯ ধারাতে এই বিধান হইয়াছে। প্রস্তাবিত আইন মতে যে অর্থদণ্ড করা যায়, তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে আদায় করিতে হইবে। এই সাধারণ বিধি। কিন্তু রেলওয়ে কোম্পানির কিম্বা তদীয় কোন চাকরের কি কর্ম্মকারকের অর্থদণ্ডের আজ্ঞা হইলে যদি তাহা সপ্তাহের মধ্যে না দেওয়া যায়, তবে কোম্পানির কল কি চক্রবিশিষ্ট কোন দ্রব্যভিন্ন ঐ কোম্পানির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা টাকা আদায় হইবে।

পূর্ব্বোক্তমতে পরিবর্ত্তন হওয়াতে নূতন নিয়মমতে পাণ্ডুলিপি লিখিতে হইয়াছে। এইক্ষণে পাণ্ডুলিপির ছয় খণ্ড। ১। পরিভাষা। ২। রেলপথ প্রস্তুত করণের বিধি। ৩। রেলপথের ব্যবহারবিষয়ক বিধি। ৪। কোম্পানির রক্ষার জন্যে বিধি। ৫। সর্ব্বসাধারণের রক্ষার জন্যে বিধি। ৬। অর্থদণ্ডের ও দোষনির্ণয়ের বিধি।

এই বিষয়ের অধিক কোন কার্য্য হইবার পূর্ব্বে আমারদের এই পরামর্শ যে, উপস্থিত পাণ্ডুলিপি এই রিপোর্টের সঙ্গে পুনশ্চ প্রকাশিত হইয়া তাহার কএক প্রস্থ ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির বোর্ডের নিকটে পাঠান যায়। পাণ্ডুলিপি এইক্ষণে যেরূপ লেখা গিয়াছে ইহাতে কোম্পানির অত্যন্ত লভ্য সম্ভাবনা এইহেতুক আশা হইতেছে যে তাঁহারা নিয়মপত্রের ক্রোড়পত্র করিয়া মোহরাঙ্কিত করিয়া আইনমতে তাহার প্রচলিত হইবার সম্মতি প্রকাশ করেন, এবং ষ্টেট সেক্রেটারী সাহেবের সহিত তাহাদের যে চুক্তি হইয়াছে সেই চুক্তিদ্বারা প্রাপ্তস্বত্বের প্রতি হস্তক্ষেপ হওয়াপ্রযুক্ত যে দাওয়া করিতে পারেন তাহাতে এইক্ষণে বিরত হউন।

জি এন টেলর।
এচ এম ডুরাণ্ড।

সিমলা।
১৮৬৭ সাল ২৩ অক্টোবর।

তফসীল।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে, ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের আগষ্ট মাসের ১২ তারিখের ৯৬৬ নম্বরের পত্র, ও তৎসহ পত্রাদি।

হোম ডিপার্টমেন্টে, পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের আগষ্ট মাসের ১৯ তারিখের ৭০৪ R নং, পত্র, ও তৎসহ পত্রাদি।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণ-

Public Works Department, No. 5949, dated 25th October 1865.

মেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের অক্টোবর মাসের ২৫ তারিখের ৫৯৪৯ নং পত্র।

Secretary to Government of Bombay, to Secretary to Government of India, No. 2766 of 13th December 1865.

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাইয়ের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখের ২৭৬৬ নং পত্র।

Resolution of Government of India, Public Works Department, No. 1105R., dated 20th December 1865.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২০ তারিখের ১১০৫ R নং নির্দ্ধারণ।

Resolution of Government of India, Public Works Department, No. 31R., dated 9th January 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ৯ তারিখের ৩১R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

Assistant Secretary to Government of India, Public Works Department, to Home Department, Legislative, No. 69R., dated 22nd January 1867, with enclosures.

ব্যবস্থাপনসংক্রান্ত হোম ডিপার্টমেন্টের নিকট পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২২ তারিখের ৬৯ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

Resolution of Government of India, Public Works Department, No. 87R., dated 24th January 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৪ তারিখের ৮৭ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

Under-Secretary to Government of Bengal, to Secretary to Government of India, Public Works Department, No. 603, dated 26th January 1866.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৬ তারিখের ৬০৩ নং পত্র।

Resolution of Government of India, Public Works Department, No. 100R., dated 27th January 1866.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৭ তারিখের ১০০ R নং নির্দ্ধারণ।

Honorary Secretary, British Indian Association, to Secretary to Government of India, Home Department, dated 2nd March 1866.

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে ব্রিটিশ ইণ্ডিয়ান্ এসোসিএসনের অনরবি সেক্রেটারীর ১৮৬৬ সালের মার্চ মাসের ২ তারিখের পত্র।

Resolution of Government of India, Public Works Department, No. 308R., dated 23rd March 1866.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৩ তারিখের ৩০৮ R নং নির্দ্ধারণ।

From Under-Secretary to Government, Punjab, No. 79, dated 24th March 1866, with enclosures.

পঞ্জাবের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৪ তারিখের ৭৯ নং পত্র ও তৎসহ পত্রাদি।

Resolution of Government of India, Public Works Department, No. 329R., dated 29th March 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের মার্চ মাসের ২৯ তারিখের ৩২৯ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

From Secretary to Government, Fort St. George, to Secretary to Government of India, Public Works Department, No. 1243, dated 20th April 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে মান্দ্রাজ গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের আপ্রিল মাসের ২০ তারিখের ১২৪৩ নং পত্র ও তৎসহ পত্রাদি।

Resolution of Government of India, Public Works Department, No. 475R., dated 19th May 1866.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের মে মাসের ১৯ তারিখের ৪৭৫ R নং নির্দ্ধারণ।

Resolution of Government of India, Public Works Department, No. 15R., dated 11th August 1866.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের আগষ্ট মাসের ১১ তারিখের ১৫ R নং নির্দ্ধারণ।

Resolution of Government of India, Public Works Department, No. 22R., dated 29th October 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের ২২ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

Resolution of Government of India, Public Works Department, No. 1096R., dated 3rd November 1866, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ৩ তারিখের ১০৯৬ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

[*Government Gazette, 7th January* 1868.]

Resolution of Government of India, No. 1181, dated 8th December 1866, with enclosures.

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখের ১১৮১ নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

From Secretary of State, to the Governor General of India in Council, Railway, No. 44, dated 17th December 1866, with enclosures.

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১৭ তারিখের রেলপথসংক্রান্ত ৪৪ নং পত্র ও তৎসহ পত্রাদি।

Assistant Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home (Legislative) Department, No. 85R., dated 26th January 1867, with enclosures.

ব্যবস্থাপনসংক্রান্ত হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৫ তারিখের ৮৫ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

Acting Secretary to Government of Bombay, to Secretary to Government of India, Home Department, No. 401 of 1867, dated 4th February 1867, with enclosures.

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাই গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখের ৪০১ নং পত্র ও তৎসহ পত্রাদি।

Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 161R., dated 16th February 1867, with enclosures.

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের ফেব্রুআরী মাসের ১৬ তারিখের ১৬১ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

Acting Under-Secretary to Government, Bombay, to Secretary to Government of India, No. 1222, dated 16th April 1867.

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোম্বাই গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১৬ তারিখের ১২২২ নং পত্র।

Resolution of Government of India, Public Works Department, No. 767R., dated 4th September 1867, with enclosures.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখের ৭৬৭ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 462R., dated 3rd June 1867, with enclosures.

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জুন মাসের ৩ তারিখের ৪৬২ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

Resolution of Government of India, Public Works Department, No. 631R., dated 22nd July 1867, with enclosure.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের জুলাই মাসের ২২ তারিখের ৬৩১ R নং নির্দ্ধারণ ও তৎসহ পত্রাদি।

Home Department, to Legislative Branch, No. 6320, dated 10th October 1867, with enclosure.

ব্যবস্থাপন শাখার নিকটে হোম ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের অক্টোবর মাসের ১০ তারিখের ৬৩২০ নং পত্র ও তৎসহ পত্রাদি।

Secretary to Government of India, Public Works Department, to Secretary to Government of India, Home Department, No. 889R., dated 10th October 1867, with enclosure.

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের অক্টোবর মাসের ১০ তারিখের ৮৮৯ R নং পত্র ও তৎসহ পত্রাদি।

INDIAN RAILWAY BILL.

A Bill to consolidate and amend the Law relating to Railways in India.

(As altered by the Select Committee.)

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Railways in India; It is hereby enacted as follows:—

PART I.

PRELIMINARY.

[Short Title.]

1. This Act may be called "The Indian Railway Act."

[Interpretation Clause.]

2. In this Act, unless there be something repugnant in the subject or context,—

["Railway."]

"Railway" includes all Railways and Tramways in India upon which steam or other mechanical power is used, whether such Railways and Tramways be under the superintendence of the Government or not, and whether opened or not for the public conveyance of passengers or goods:

["British India." "India."]

"British India" means the territories which are or shall be vested in Her Majesty under the Statute 21 and 22 Vic., cap. 106 *(An Act for the better government of India)*; and "India" shall mean such territories and also (so far only as regards British subjects within the dominions hereinafter mentioned) the dominions of Princes and States in the East Indies in alliance with Her Majesty:

["Secretary of State."]

"Secretary of State" means Secretary of State for India in Council:

["Magistrate."]

"Magistrate" means any person invested with the powers of a Magistrate, and includes a Justice of the Peace and a Magistrate of Police:

["Collector."]

"Collector" means any Officer whose duty it is to collect land-revenue:

["Imprisonment."]

"Imprisonment" means imprisonment of either description as defined in the Indian Penal Code:

["Fine."]

"Fine" includes a sum of money due upon a forfeited recognizance:

["Consulting Engineer."]

"Consulting Engineer" means Consulting Engineer to the Local Government, and includes a Deputy or Assistant Consulting Engineer:

[*Government Gazette, 7th January* 1868.]

ভারতবর্ষের রেলপথের পাণ্ডুলিপি।

(বিশেষ কমিটির দ্বারা পরিবর্ত্তিত)

ভারতবর্ষের রেলপথবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ভারতবর্ষের অন্তর্গত রেলপথ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় রেলপথের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ নির্ণয়ের ধারা।]

২ ধারা। বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার দ্বারা এই ধারার লিখিত অর্থ বিপক্ষ না হইলে এই আইনেতে—

"রেলপথ"

ভারতবর্ষের অন্তর্গত যে সকল রেলপথে কি ট্রামপথে ষ্টীম কিম্বা কলযুক্ত অন্য শক্তির ব্যবহার হয়, তাহা গবর্ণমেণ্টের তত্ত্বাধানে থাকিলে কি না থাকিলে, এবং সাধারণ লোককে বহন কি দ্রব্যাদি চালান করিবার জন্যে খোলা গেলে কি না গেলেও "রেলপথ" শব্দে সেই সকল রেলপথ ও ট্রামপথ বুঝায়।

"ব্রিটনীয় ভারতবর্ষ ও ভারতবর্ষ"

ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনমতে যে দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই দেশ বুঝায়। এবং ভারতবর্ষ শব্দেতে সেই দেশ ও ভারতবর্ষের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ রাজগণের দেশের মধ্যে যে ব্রিটনীয় প্রজাগণ থাকেন কেবল তাঁহারদের সম্পর্কে সেই সন্ধিবদ্ধ রাজাদের দেশ ও অধিকার বুঝায়।

"ষ্টেট সেক্রেটারী"

ষ্টেট সেক্রেটারী শব্দেতে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবকে বুঝায়।

"মাজিষ্ট্রেট"

যে কোন ব্যক্তির প্রতি মাজিষ্ট্রেটের ক্ষমতা অর্পণ করা যায় মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝায়। শান্তিরক্ষার্থ জষ্টিস এবং পোলীসের মাজিষ্ট্রেটও সেই শব্দে গণ্য।

"কালেক্টর"

ভূমির রাজস্ব আদায় করা যে কার্য্যকারকের কর্ত্তব্য হয়, কালেক্টর শব্দে তাঁহাকে বুঝায়।

"কারাদণ্ড"

কারাদণ্ড শব্দে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারের কারাদণ্ড বুঝায়।

"অর্থদণ্ড।"

প্রতিজ্ঞা ভঙ্গ হওয়াতে যে টাকা দণ্ড দিতে হয়, অর্থদণ্ড শব্দের মধ্যে তাহাও গণ্য।

"কনসলটিং ইঞ্জিনিয়র।"

কনসলটিং ইঞ্জিনিয়র শব্দে স্থানীয় গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়রকে বুঝায়। ডেপুটী কি আসিষ্টাণ্ট কনসলটিং ইঞ্জিনিয়রও সেই শব্দে গণ্য।

["District Superintendent of Police."]

"District Superintendent of Police" includes an Assistant Superintendent of Police in charge of a division of a district:

["Company."]

"Company" means the proprietors for the time being of any Railway to which this Act applies, and their lessees, representatives and assigns:

["Station-Master."]

"Station-Master" denotes the officer for the time being in charge of a Railway Station:

["Servant."]

"Servant" includes any person employed in the Railway Police or otherwise by or on behalf of a Company to do any act upon the Railway:

["Mails."]

"Mails" includes post letter bags and boxes, and banghy parcels:

["Carriage."]

"Carriage" includes engines, tenders, wagons and vehicles of every description adapted for running on a Railway:

["Traffic."]

"Traffic" includes not only passengers and their luggage, and goods, animals and other things conveyed by any Company, but also carriages:

["Local Government."]

And in every part of India in which this Act shall operate, "Local Government" shall mean the person authorized by law to administer executive Government in such part, and shall include a Chief Commissioner: Provided that in respect of matters affecting the general administration of any Railway and so far as regards British subjects in the said dominions, "Local Government" shall mean the authority, or the concurrent authorities, which the Governor General of India in Council shall from time to time prescribe in that behalf by notification in the *Gazette of India:*

["Advocate General."]

And "Advocate General" includes any other person authorised to act for the Local Government in any judicial proceeding.

[Acts repealed.]

3. The Acts mentioned in the Schedule hereto are repealed to the extent specified in the third column of such Schedule, except in so far as the first-mentioned Act repeals any other Act, and except as to acts done, offences committed and liabilities incurred before the passing of this Act.

(To be continued.)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি]।

"পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্ট।"

"পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্ট" এই কথার মধ্যে জিলার খণ্ড পোলীসের যে আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের অধীনে থাকে তিনিও গণ্য।

"কোম্পানি।"

এই আইন যে রেলপথের প্রতি বর্ত্তে যাঁহারা যৎকালে সেই রেলপথের স্বামী হন কোম্পানি শব্দে তাঁহারদিগকে ও তাঁহারদের স্থানে পাট্টাপ্রাপ্ত ব্যক্তিদিগকে ও তাঁহারদের স্থলাভিষিক্তদিগকে ও আসৈনদিগকে বুঝায়।

"ষ্টেশন মাষ্টর।"

যৎকালে যে কর্ম্মকারক রেলওয়ে ষ্টেশনের অধ্যক্ষ হন ষ্টেশন মাষ্টর শব্দে তাঁহাকে বুঝায়।

"চাকর।"

যে ব্যক্তি রেলপথ সংক্রান্ত পোলীসের কর্ম্মে কিম্বা কোম্পানির দ্বারা কি তৎপক্ষে রেলপথের কোন কর্ম্মে নিযুক্ত হন "চাকর" শব্দে তিনিও গণ্য।

"ডাকপত্রাদি।"

"ডাকপত্রাদি" শব্দের মধ্যে ডাকপত্রের থলি ও বাক্স ও বাঙ্গি পুলিন্দা গণ্য।

"গাড়ি।"

গাড়ি শব্দের মধ্যে কলের ও কয়লার ও মালের গাড়ি এবং রেলপথের উপর চলিবার উপযুক্ত প্রত্যেক প্রকারের গাড়ি গণ্য।

"ট্রাফিক।"

ট্রাফিক শব্দের মধ্যে চড়নদার ও তাহারদের বস্ত্রাদির পেটারা ও কোন কোম্পানি কর্ত্তৃক যে মাল ও পশু ও অন্য দ্রব্য চালান করা যায় তাহা এবং গাড়িও গণ্য।

"স্থানীয় গবর্ণমেন্ট।"

এই আইন ভারতবর্ষের যে প্রত্যেক স্থানে প্রচলিত হয়, সেই স্থানে যিনি আইনমতে কর্ত্তত্ব কর্ম্ম নিরূপণাধিকারিত্ব প্রাপ্ত হন, স্থানীয় গবর্ণমেন্ট শব্দে তাঁহাকে বুঝায়। প্রধান কমিস্যনরও সেই শব্দে গণ্য। পরন্তু কোন রেলপথের সাধারণ কার্য্য নিরূপণসম্পর্কীয় বিষয়ে এবং উক্ত দেশের অন্তর্গত ব্রিটনীয় প্রজা সম্পর্কে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কর্ত্তৃপক্ষকে কি তুল্য ক্ষমতাবিশিষ্ট যে কর্ত্তৃপক্ষদিগকে নিযুক্ত করেন "স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তাঁহাকে কি তাঁহারদিগকেও বুঝায়।

"আডবোকেট জেনরল।"

আদালত সংক্রান্ত কোন কার্য্যে অন্য যে ব্যক্তি স্থানীয় গবর্ণমেন্টের পক্ষসমর্থন করিতে ক্ষমতাপ্রাপ্ত হন, আডবোকেট জেনরল শব্দের মধ্যে তিনিও গণ্য ইতি।

[যে২ আইন রহিত হইল তাহার কথা।]

৩ ধারা। এই আইনের তফসীলের লিখিত আইন তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইয়াছে তত দূর রহিত হইল। কিন্তু তন্মধ্যে কোন আইনের যে কথাদ্বারা অন্য কোন আইন রহিত হয় সেই কথা প্রবল থাকিবে। এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ক্রিয়া ও যে অপরাধ করা যায় ও যে দায় বর্ত্তে তৎসম্পর্কে ঐ২ আইন প্রবল থাকিবে, ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4736.

APPOINTMENTS.

The 23rd December 1867.

Lieutenant E. N. D. LaTouche to be Secretary to the Local Committee of Public Instruction at Tezpore.

The 24th December 1867.

The following gentlemen to be Visitors of the Lunatic Asylum at Patna under Section 2, Act XXXVI. of 1858:—

Dr. N. Jackson.
,, J. C. Collins.

Mr. E. W. Molony is vested with the powers of a Commissioner of Revenue and Circuit in the Cuttack Division, and appointed to have charge of the current duties of the Commissioner's Office, during the absence of Mr. T. E. Ravenshaw from Cuttack, or until further orders.

The 26th December 1867.

The following Officers of the Subordinate Executive Service are promoted, *viz.*:—

From the Fifth to the Fourth Grade.

Baboo Gopal Chunder Mookerjee.

From the Sixth to the Fifth Grade.

Baboo Poorno Chunder Ghose.
,, Kristo Chunder Dutt.
,, Shib Persad Sandyal.
,, Anund Mohun Mozoomdar.
,, Kristobehary Mookerjee.
Moulvy Fyzoollah.
,, Wassifooddeen.

Moulvy Wassifooddeen, Deputy Magistrate and Deputy Collector of Pubna, is vested with the powers of a Magistrate in that District.

Baboo Dwarkanath Sen, Officiating Deputy Magistrate and Deputy Collector, Soonderbuns, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service.

Baboo Chunder Seekhur Banerjee, Special Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service.

The 27th December 1867.

The following gentlemen are appointed to officiate temporarily as Deputy Collectors for Settlement Operations under Act IX. of 1847, *viz.*:—

Baboo Bhugabati Churn Chatterjee, in the Bhaugulpore Division.

Mr. A. W. Jones, in the Rajshahye Division.

Mr. R. T. Sevestre, Deputy Magistrate and Deputy Collector of Diamond Harbour, is

[*Government Gazette, 7th January* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৭৩৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই. এন, ডি, লাটুচ সাহেব তেজপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৭ সাল ২৪ ডিসেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে পাটনার ক্ষিপ্তব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক হইবেন।

ডাক্তর শ্রীযুত এন্ জাকুসন সাহেব।
,, ,, জে সি কলিন্স সাহেব।

ছুটী প্রযুক্ত শ্রীযুত টি, ই, রেবান্সা সাহেবের কটক হইতে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই, ডবলিউ মলনী সাহেব কটক খণ্ডে রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের ক্ষমতা এবং কমিস্যনরের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৬ ডিসেম্বর।

নিম্নলিখিত অধঃস্থ বিচারকর্ত্তৃত্ব কার্য্যকারকেরা উচ্চ পদভুক্ত হইয়াছেন।

পঞ্চম শ্রেণী হইতে চতুর্থ শ্রেণীতে

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

ষষ্ঠ শ্রেণীহইতে পঞ্চম শ্রেণীতে

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ।
,, বাবু কৃষ্ণচন্দ্র দত্ত।
,, বাবু শিবপ্রসাদ সান্ন্যাল।
,, বাবু আনন্দমোহন মজুমদার।
,, বাবু কৃষ্ণবিহারী মুখোপাধ্যায়।
,, মৌলবী ফয়জুল্লা।
,, মৌলবী ওয়াসীফুদ্দীন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াসীফুদ্দীন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সুন্দরবনের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু দ্বারকানাথ সেন অধঃস্থ বিচারকর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

কটকের বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু চন্দ্রশিখর বন্দ্যোপাধ্যায় অধঃস্থ বিচার কর্ত্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৭ সাল ২৭ ডিসেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা কিয়ৎকালের নিমিত্তে ১৮৬৭ সালের ৯ আইনমতে বন্দোবস্তের কার্য্যের ডেপুটী কালেকুটরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন। অর্থাৎ

ভাগলপুর খণ্ডে শ্রীযুত বাবু ভগবতীচরণ চট্টোপাধ্যায়।

রাজশাহী খণ্ডে শ্রীযুত এ ডবলিউ জোন্স সাহেব।

কলাগাছির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত আর টি সিবেষ্টার সাহেব বর্দ্ধমান খণ্ডে

transferred to the Burdwan Division, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in all the Districts of that Division.

Baboo Hem Chunder Ker, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Diamond Harbour, and to exercise the powers of a Magistrate in the 24-Pergunnahs.

The 28th December 1867.

Mr. E. W. Molony to be Magistrate and Collector of Chumparun, but to continue in charge of the current duties of the Commissioner's Office at Cuttack, during the absence of Mr. T. E. Ravenshaw from Head-Quarters, or until further orders.

Mr. H. Hankey to be Magistrate and Collector of Moorshedabad.

Mr. H. W. Alexander, Magistrate and Collector of Shahabad, to be a Magistrate and Collector of the First Grade.

Mr. E. E. Lowis to be a Magistrate and Collector of the Second Grade, and to be Magistrate and Collector of Maldah.

Mr. J. Monro to be Deputy Collector of Customs, Calcutta, but to continue to officiate as Magistrate and Collector of Jessore.

Mr. T. T. Allen to be Joint-Magistrate and Deputy Collector of Jessore, but to continue to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Tipperah.

Mr. J. D. Maclean to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, but to continue to officiate, until further orders, as Deputy Collector of Customs, Calcutta.

The above seven appointments will have effect from the 11th instant, the date on which Mr. J. J. Grey forfeited his appointment by exceeding twenty months of leave.

Mr. A. V. Palmer to officiate as Magistrate and Collector of Monghyr, until further orders.

Mr. G. S. Park to officiate as Magistrate and Collector of Furreedpore.

This cancels Mr. Park's appointment to officiate as Magistrate and Collector of Sylhet, notified in the *Calcutta Gazette* of the 11th instant.

Mr. W. Kemble to officiate temporarily as Magistrate and Collector of Sylhet.

Mr. J. Boxwell to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Sylhet.

The 30th December 1867.

Mr. D. W. Ritchie to officiate as District Superintendent of Police, Singbhoom, during the absence, on leave, of Mr. R. S. O'Connor, or until further orders.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৭ জানুআরি।]

নিযুক্ত হইয়াছেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অবঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর কলাগাছি শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ২৪ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত ই ডবলিউ মলনী সাহেব চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু শ্রীযুত টি, ই, রেবানশা সাহেবের সদর মোকামহইতে অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কটকের কমিসানর সাহেবের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

শ্রীযুত এচ হান্‌কী সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ আলেক্‌জণ্ডার সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই, ই, লৌইস সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত জে মনরো সাহেব কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি, টি, আলেন সাহেব যশোহরের জাইন্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ত্রিপুরার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে, ডি, মাক্লীন সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কলিকাতার কষ্টমের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

উপরোক্ত সাত নিয়োগ এই মাসের ১১ তারিখঅবধি প্রবল হইবে। শ্রীযুত জে, জে, গ্রে সাহেব বিশ মাসের অধিক কাল ছুটী গ্রহণ করাতে ঐ তারিখে তাঁহার নিয়োগ রহিত হইল।

শ্রীযুত এ, বি, পামর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি, এস, পার্ক সাহেব ফরীদপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীহট্টে মাজিষ্ট্রেট ও কালেকটরের পদে শ্রীযুত পার্ক সাহেবের নিযুক্ত হইবার যে কথা এই মাসের ১৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেব কিয়ৎকালের নিমিত্তে শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব কিয়ৎকালের নিমিত্তে শ্রীহট্টের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত আর, এস, ও'কনর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডি, ডবলিউ রীচি সাহেব সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Maldah :—

Gossain Mohendra Geer.

Baboo Domun Chunder Chowdry.

The 31st December 1867.

With the sanction of His Excellency the Governor General of India, the Lieutenant-Governor has been pleased to nominate Mr. V. H. Schalch to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

Leave of Absence.

The 21st December 1867.

Baboo Gocool Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, for two months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him on the 27th September last.

40. The Governor General of India in Council may, by notice in writing under the hand of the Director General of the Post Office or of any other Officer duly authorized in this behalf, delivered to any Company, require that the mails shall, from the day to be named in any such notice, be conveyed and forwarded by such Company on their Railway, either by the ordinary trains of carriages, or by special trains, as need may be at such hours or times as the Governor General in Council shall direct, together with the guards appointed and employed by the Governor General in Council in charge thereof, and any other officers of the Post Office.

Thereupon the said Company shall, from the day to be named in such notice, at their own costs, provide sufficient carriages and engines on their Railway for the conveyance of such mails to the satisfaction of the Governor General in Council and receive and convey by such ordinary or special trains of carriages or otherwise as need may be, all such mails as shall for that purpose be tendered to them, or any of their officers or servants, by any officer of the Post Office, and also receive and convey, in and upon the carriages carrying such mails the guards in charge thereof and any other officers of the Post Office, and shall receive and leave such mails, guards and officers at such places in the line of such Railway, on such days, at such hours or times in the day or night, and subject to all such reasonable regulations and restrictions as to speed of travelling, places, times, and duration of stoppages, and times of arrival as the Governor General in Council shall in that behalf from time to time direct.

The Company shall not be entitled to any remuneration for the conveyance of such mails, guards and officers.

[*Government Gazette, 21st January* 1868.]

পূর্ব্বে দুই কি অধিকবার দোষ নির্ণয় হইয়া থাকে তবে অব্যবহিত পূর্ব্ব দোষনির্ণয়ের তারিখ অবধি যত দিন তদ্রূপ গতিক্রিয়া করিয়া থাকেন তাহার দিনপ্রতি কোম্পানির পঁচাত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[এই অধ্যায়মতে আহ্বানপত্র দিবার কথা।]

৩৯ ধারা। এই অধ্যায়মতে যে আহ্বানপত্র বাহির হয় কোম্পানির প্রধান কার্য্যালয়ে দিয়া কিম্বা ভারতবর্ষে তাহারদের প্রধান এজেন্টের কি কর্ম্মাধ্যক্ষের প্রতি অর্পণ করিয়া, ঐ আহ্বানপত্র দেওয়া যাইতে পারিবে ইতি।

B.—ডাকপত্র চালান করিবার বিধি।

[কোম্পানিদিগকে ডাকপত্র চালান করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা দিবার ক্ষমতার কথা।]

৪০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন কোম্পানির নামে ডাকঘরের ডিরেক্টর জেনরল সাহেবের কিম্বা তৎকর্ম্মার্থে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের স্বাক্ষরিত অনুজ্ঞাপত্র দিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, সেই পত্রের নিরূপিত দিবসাবধি ডাকপত্র ঐ কোম্পানির দ্বারা নিয়মিত ট্রেনের গাড়িতে কিম্বা প্রয়োজনমতে বিশেষ ট্রেনে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে২ ঘণ্টা কি যে২ সময় আজ্ঞা করেন সেই২ ঘণ্টায় কি সেই২ সময়ে রেলপথে চালান ও প্রেরণ করা যায়, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই পত্রাদির রক্ষা করণার্থে যে রক্ষককে নিযুক্ত করেন ও কর্ম্ম দেন তাঁহাকে এবং ডাকঘরের অন্য কর্ম্মকারকদিগকে ঐ পত্রাদির সঙ্গে লওয়া যায়।

তাহা হইলে উক্ত কোম্পানি ঐ অনুজ্ঞাপত্রের নিরূপিত দিবসাবধি আপনারদের খরচে আপনারদের রেলপথে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের হৃদ্বোধমতে ঐ ডাকপত্র চালান করিবার উপযুক্ত গাড়ি ও কলের গাড়ি নিরূপণ করিবেন। এবং ডাকঘরের কোন কর্ম্মকারকদ্বারা তাহারদিগকে কি তাঁহারদের কোন কর্ম্মকারকদিগকে কি চাকরদিগকে যে সকল পত্র চালান করিবার জন্যে দেওয়া যায় নিয়মিত কি বিশেষ ট্রেনের গাড়িতে কিম্বা প্রয়োজনমতে অন্য প্রকারে ঐ পত্রাদি গ্রহণ করিয়া চালান করিবেন। এবং যে গাড়িতে সেই পত্রাদি দেওয়া যায়, সেই গাড়িতে ঐ পত্রাদির রক্ষকদিগকে এবং ডাকঘরের অন্য কার্য্যকারকদিগকে লইয়া চালান করিবেন। এবং গাড়ি যত বেগে যাইবে ও যে স্থানে যে সময়ে যত ক্ষণ দাঁড়াইবে ও যে সময়ে পঁহুছিবে এই২ বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুতগবর্ণর জেনরল সাহেব সময়ে২ যুক্তিমত যে বিধি ও যে নিষেধাজ্ঞা করেন তাঁহারা তাহা মানিয়া ঐ পত্রাদিও রক্ষক ও কার্য্যকারকদিগকে লইয়া রেলপথের সন্নিহিত সেই২ স্থানে সেই২ দিনে ও দিবা কি রাত্রিভাগের সেই২ ঘণ্টায় কি সময়ে উত্তরাইয়া দিবেন।

সেই পত্রাদি ও রক্ষক ও কার্য্যকারকদিগকে চালান করিবার জন্যে কোম্পানির পারিশ্রমিক পাইবার অধিকার নাই ইতি।

[Exclusive use of carriage if necessary.]

41. The Governor General in Council may by such notice as aforesaid, require that the whole of the inside of any carriage used on any Railway for the conveyance of mails, shall be exclusively appropriated for the purpose of carrying the mails.

[Separate carriage for sorting letters.]

42. The Company shall, on being required in manner aforesaid, so to do by the Governor General in Council, provide (in addition to the carriages aforesaid) a separate carriage fitted up as the Governor General in Council shall direct, for the purpose of sorting letters therein, and shall forward the same carriage by their Railway, at such hours or times, and subject to all such reasonable regulations as the Governor General in Council shall direct. The Company shall receive and convey in any such last-mentioned carriage, all such mails and officers of the Post Office as the Governor General in Council shall reasonably require, and shall deliver and leave any mails and officers of the Post Office at such places on the line of the Railway as the Governor General in Council shall from time to time reasonably direct.

[Companies to be subject to directions of Government respecting conveyance.]

43. For the greater security of the mails so to be carried or conveyed by Railways, the Company, and their officers and servants shall obey all such reasonable regulations respecting the conveyance, delivering, and leaving of such mails, guards and officers of the Post Office on any such Railway, as the Governor General in Council shall from time to time make:

Provided that it shall not be lawful for any officer or servant of the Post Office to interfere with or give orders to the engineer or other person having the charge of any engine upon any Railway along which mails shall be conveyed; but if any cause of complaint shall arise, the same shall be stated to the officer of the Company having charge of the train; or to the chief officer at any station upon the Railway; and in case of any default or neglect on the part of any officers or servants of the Company to comply with any of the regulations of the Governor General in Council, the Company shall be wholly responsible for the same.

[Penalty for refusing or neglecting to convey mails.]

44. Any Company, or any officers or servants of a Company, refusing or neglecting to carry or convey any mails when tendered to them

[প্রয়োজন হইলে ডাকপত্রের গাড়িতে অন্য দ্রব্যাদি না দিবার কথা।]

৪১ ধারা। কোন রেলপথে ডাকপত্র লইবার যে গাড়ি নিরূপণ করা যায় তাহার অন্তর্ভাগ কেবল ডাকপত্রাদি ভিন্ন অন্য বিষয় লইবার কার্য্যে নিরূপণ করা না যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত প্রকারের অনুজ্ঞাপত্র লিখিয়া এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[পত্রাদি বাছিয়া রাখিবার জন্যে স্বতন্ত্র গাড়ির কথা।]

৪২ ধারা। কোম্পানি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের স্থানে পূর্ব্বোক্ত প্রকারে আজ্ঞা পাইলে, উক্ত সকল গাড়ির অতিরিক্ত, পত্র বাছাইয়া রাখিবার উপযুক্ত অন্য গাড়ি নিরূপণ করিবেন। ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ গাড়িতে যে প্রকার সাজ সরঞ্জাম দিতে আজ্ঞা করেন তাহা দিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে২ ঘণ্টা কি সময় নিরূপণ করেন ও যুক্তিমত যে সকল বিধান করেন তদনুসারে ঐ গাড়ি রেলপথে চালাইবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শেষোক্ত গাড়িতে যুক্তিমতে যে সকল পত্রাদি এবং ডাকঘরের যে কার্য্যকারকদিগকে লইবার আদেশ করেন কোম্পানি তাঁহারদিগকে সেই গাড়িতে লইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ রেলপথের ধারের যে২ স্থানে ঐ পত্রাদি ও ডাকঘরের কার্য্যকারকদিগকে উত্তরাইয়া দিবার যুক্তিমত আজ্ঞা করেন, তদ্রূপ করিবেন ইতি।

[পত্রাদি চালান করিবার বিষয়ে গবর্ণমেন্টের আদেশমতে কোম্পানির কর্ম্ম করিতে হইবার কথা।]

৪৩ ধারা। রেলপথে পত্রাদি নির্ব্বিঘ্নে লইয়া যাইবার কি চালান করিবার নিমিত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ তদ্রূপ কোন রেলপথে পত্রাদি ও রক্ষকদিগকে ও ডাকঘরের কর্ম্মকারকদিগকে চালান ও সমর্পণ করিবার ও উত্তরাইয়া দিবার যুক্তিসিদ্ধ যে বিধি করেন, কোম্পানির ও তদীয় কর্ম্মকারক ও চাকরদিগের সেই সকল বিধি মানিতে হইবে।

কিন্তু পত্রাদি যে রেলপথ দিয়া চালান হয়, ডাকঘরের কোন কর্ম্মকারক কি চাকর সেই রেলপথের কোন ইঞ্জিনিয়রের কর্ম্মে কিম্বা কলের গাড়ি যাঁহার তত্ত্বাধীনে থাকে তাহার কর্ম্মে হস্তক্ষেপ করিতে কিম্বা তাঁহাকে কোন আজ্ঞা দিতে পারিবেন না। যদি আক্ষেপের কোন কারণ হইয়া থাকে তবে ট্রেন ঐ কোম্পানির যে কর্ম্মকারকের তত্ত্বাধীনে থাকে তাঁহাকে কিম্বা রেলপথে কোন ষ্টেশনের প্রধান কর্ম্মকারককে সেই বিষয় জানাইতে হইবে। যদি কোম্পানির কোন কর্ম্মকারক কি চাকরগণ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আইনঅনুসারে কর্ম্ম করিতে কোন প্রকারে ত্রুটি কি শৈথিল্য করেন তবে কোম্পানি তাহার জন্যে সম্পূর্ণ দায়ী ইতি।

[ডাকপত্রাদি চালান করিতে অসম্মত হইলে কি চালান না করিলে দণ্ডের কথা।]

৪৪ ধারা। ডাক ঘরের কোন কর্ম্মকারক পত্রাদি চালান করিবার জন্যে কোন কোম্পানিকে দিতে প্রস্তাব করিলে, যদি সেই কোম্পানি কিম্বা তদীয় কোন কর্ম্ম-

for such purpose by any officer of the Post Office, or refusing or neglecting to receive and deliver any such mails, mail-guards or other officers of the Post Office, at such places, at such times, on such days, and subject to such regulations as to speed of travelling, places, times, and duration of stoppages as the Governor General in Council shall from time to time reasonably direct as hereinbefore provided, or not obeying all such regulations respecting the conveyance of the mails on any such Railways as the Governor General in Council shall make for the purposes aforesaid, shall for every such offence forfeit and pay a sum not exceeding two hundred Rupees.

[Service of notices.]

45. All notices under the provisions of this Part of this Act by the Governor General in Council to any Company, shall be considered as duly served on the Company in case the same shall be given or delivered to the Agent of such Company.

C.—Conveyance of Troops.

[Companies to convey Military and Police at certain charges.

46. Whenever the Governor General of India in Council or the Local Government shall determine to move any of the officers or soldiers of Her Majesty's Forces or any other persons to whom the provisions of the Mutiny Act, or the Articles of War made by the Governor General in Council, for the time being in force shall be applicable, or any officers or privates of the police together with prisoners or other persons (if any) in their charge or custody, or any artizans in the employment of Government, by any Railway, the Company shall permit such persons respectively, with their baggage, stores, arms, ammunition and other necessaries and things, to be conveyed, on the production of a route or order for their conveyance signed by the proper authorities.

The Company shall be bound to provide such conveyance as aforesaid for each Officer proceeding on duty, such Officers being entitled to conveyance in a first class carriage at second class fares, the soldiers, privates of the police and European artizans being entitled to conveyance in second class carriages at the lowest fares, and all other persons at the lowest fares.

Every officer so conveyed shall be entitled to take with him two maunds of personal luggage without extra charge, and every soldier and

[*Government Gazette*, 21*st January* 1868.]

কারক কি চাকর তাহা লইতে কি চালান করিতে সম্মত না হন কি গ্রহণ পূর্ব্বক চালান না করেন, কিম্বা ঐ পত্রাদি ও পত্ররক্ষকদিগকে কিম্বা ডাকঘরের অন্য কর্ম্মকারকদিগকে গ্রহণপূর্ব্বক যে স্থানে যে সময়ে ও যে দিনে উত্তরাইয়া দিবেন এবং গাড়ি যত বেগে চালাইবেন ও যে২ স্থানে যে সময়ে যত কাল থামাইবেন এই২ বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত বিধানক্রমে সময়ে২ যুক্তিমত যে আজ্ঞা করেন, যদি ঐ কোম্পানি কি তদীয় কর্ম্মকারক কি চাকরগণ সেই আজ্ঞামতে পত্রাদি গ্রহণ ও সমর্পণ করিতে সম্মত না হন কি ত্রুটি করেন, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত অভিপ্রায়ে তদ্রূপ কোন রেলপথে পত্রাদি চালান করিবার যে সকল বিধি করেন ঐ কোম্পানি প্রভৃতি যদি তাহা না মানেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহাদের দুই শত টাকার অনধিক দণ্ড দিতে হইবে ইতি।

[নোটিস দিবার কথা।]

৪৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের এই খণ্ডের বিধানমতে কোন কোম্পানির নামে যে অনুজ্ঞা দেন, তাহা ঐ কোম্পানির এজেণ্ট সাহেবকে দেওয়া গেলে কি তাঁহার প্রতি সমর্পণ করা গেলে, কোম্পানিকে নিয়মিতরূপে দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

C.—সৈন্যদিগকে লইবার বিধি।

[নিরূপিত ভাড়া পাইয়া কোম্পানির সৈন্যদিগকে ও পোলীসকে লইবার কথা।]

৪৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থান বিশেষের গবর্ণমেণ্ট যদি কোন সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলগত কোন সেনাপতিদিগকে কি সৈন্যদিগকে কিম্বা রাজবিদ্রোহবিষয়ক আইন কি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত যুদ্ধ বিষয়ক যে বিধান যে সময়ে প্রবল থাকে তাহা যে ব্যক্তিদের প্রতি বর্ত্তে তাহারদিগকে কিম্বা পোলীসদলের কোন অধ্যক্ষদিগকে কি লোকদিগকে কিম্বা বন্দুয়ানপ্রভৃতি যে ব্যক্তিরা তাঁহারদের সতর্কতায় কি রক্ষণে থাকে তাহারদিগকে, কিম্বা গবর্ণমেণ্টের অধীন নিযুক্ত কোন কারিগরদিগকে রেলপথে এক স্থান হইতে অন্য স্থানে পাঠাইতে মনস্থ করেন, তবে তাহারদিগকে চালান করিবার পথ প্রদর্শন কি আজ্ঞাসূচকপত্র উপযুক্ত কর্ত্তৃপক্ষদ্বারা স্বাক্ষরিত হইয়া কোম্পানিকে দর্শান গেলে, ঐ কোম্পানি সেই ব্যক্তিদিগকে ও তাঁহারদের দ্রব্যসামগ্রী ও সাজ সরঞ্জাম ও অস্ত্রশস্ত্রাদি প্রয়োজনীয় সকল দ্রব্যের চালান হইবার অনুমতি দিবেন।

কর্ম্মোপলক্ষে যে প্রত্যেক সেনাপতিকে পূর্ব্বোক্তমতে চালান করা যাইবে তাঁহার গমনের জন্যে উক্ত কোম্পানির এই২ নিয়ম করিতে হইবে। সেনাপতি সাহেবেরা দ্বিতীয় কেলাসের ভাড়া দিয়া প্রথম কেলাসের গাড়িতে যাইতে পাইবেন। সৈন্যেরা ও পোলীসদলের লোকেরা ও ইউরোপীয় কারিগরেরা অতি ন্যূন হিসাবে ভাড়া দিয়া দ্বিতীয় কেলাসের গাড়িতে যাইতে পারিবে ও অন্য সকলে অতি ন্যূন হিসাবে ভাড়া দিয়া যাইতে পাইবে।

যে প্রত্যেক সেনাপতিকে তদ্রূপে চালান করা যায় তিনি নিজ ব্যবহারের দুই মণ দ্রব্য বিনাখরচে লইতে পারিবেন ও সৈন্যেরা ও পোলীসদলের লোকেরা

private shall be entitled to take with him half a maund of personal luggage without extra charge, all excess of the said weights being paid for at the rate of not more than one pie per maund per mile.

All public baggage, stores, arms, ammunition and other necessaries and things, except gunpowder and other combustible matters, which the Company shall only be bound to convey at such prices and on such conditions as may be from time to time contracted for between the Government of India and the Company, shall be conveyed at charges not exceeding one pie per maund per mile, the assistance of the soldiers or police being given in loading and unloading such goods.

The privileges of conveyance and carriage hereby stipulated for shall at all times be used and enjoyed in preference to and priority over the public use of the Railway for conveyance and carriage.

D.—Cheap Daily Trains.

[Companies to provide one cheap trian each way daily.]

47. All Companies not specially exempted from the operation of this section by the Governor General of India in Council, shall, by means of one train at the least, to travel along their Railway from one end to the other of each trunk branch or junction line belonging to or leased by them, so long as they shall continue to carry other passengers over such trunk, branch or junction line once at the least each way on every day provide for the conveyance of passengers to and from the terminal and other ordinary passenger stations of the Railway under the following conditions (that is to say) :—

(*a.*)—Such train shall start at an hour to be from time to time fixed by the Company, subject to the approval of the Local Government ;

(*b.*)—Such train shall travel at an average rate of speed not less than ten miles an hour for the whole distance travelled, including stoppages ;

(*c.*)—Such train shall, if required, take up and set down passengers at every passenger-station which it shall pass on the line ;

(*d.*)—The carriages in which passengers shall be conveyed by such train shall provide a space of at least three and a half square feet for each passenger and shall be protected from the sun and weather in a manner satisfactory to the Local Government ;

(*e.*)—The fare or charge for each passenger by such train shall not exceed two pies for each mile or fraction of a mile travelled ;

প্রত্যেকে নিজ ব্যবহারের আধ মণ দ্রব্য বিনাখরচে সঙ্গে লইতে পাইবে, তাহার অধিক দ্রব্যের এক২ মণের উপর মাইলপ্রতি ইংরেজী এক পাই হিসাবে ভাড়া লইতে হইবে।

ভারতবর্ষের গবর্ণমেন্ট ও কোম্পানি সময়ে২ বারুদ ও আশুদহনীয় দ্রব্য লইবার যত ভাড়া ও যে নিয়ম পরস্পর স্থির করেন কোম্পানির কেবল সেই ভাড়া লইয়া ও সেই নিয়মমতে সেই দ্রব্য লইতে হইবে। তদ্ভিন্ন রাজকীয় সকল সাজসরঞ্জাম ও অস্ত্রশস্ত্রাদি আবশ্যক সকল দ্রব্য সামিগ্রীর এক২ মণের উপর মাইলপ্রতি ইংরেজী এক পাই হিসাবে ভাড়া লইয়া চালান করা যাইবে। সেই সকল দ্রব্য গাড়ীতে বোঝাই করিবার ও নামাইবার কার্য্যে সৈন্যেরা কি পোলীসদলের লোকেরা সাহায্য করিবেন।

সাধারণ লোকদিগকে ও তাঁহারদের দ্রব্যসামগ্রী চালান করণ ও লওন অপেক্ষা, এই ধারামতে যাঁহারদিগকে ও যেং দ্রব্য চালান করিবার ও লইবার নিয়ম করা গেল, তাহা সর্ব্বদাই প্রধান ও অগ্রগণ্য হইবে ইতি।

D.—প্রতিদিন অল্পভাড়ার ট্রেনের বিধি।

[কোম্পানির প্রতিদিন যাইবার আসিবার অল্পভাড়ার ট্রেন চালাইবার কথা।]

৪৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোম্পানিকে এই ধারার কার্য্যহইতে বিশেষমতে নিষ্কৃতি দেন তদ্ভিন্ন প্রত্যেক কোম্পানি নিজের কি পাট্টা করিয়া লওয়া মূল কি শাখা পথে কি সংযুক্ত পথে চড়নদারদিগকে লইবার জন্যে যত কাল ট্রেন চালাইয়া থাকেন, তত কাল, ঐ প্রত্যেক পথের আদি অন্ত অবধি দুই দিগে রেলপথের শেষ ষ্টেশন ও পথিমধ্যে চড়নদারদের উত্তরিবার সাধারণ অন্য ষ্টেশনহইতে ও সেইং ষ্টেশনে প্রতিদিন ন্যূনকল্পে একবার চড়নদারদের যাইবার জন্যে নিম্নলিখিত নিয়মমতে ন্যূনকল্পে এক ট্রেন যাইবার ও আসিবার বিধান করিবেন।

(*a.*) কোম্পানি সময়ে২ স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনক্রমে যে ঘণ্টা নিরূপণ করেন, সেই ট্রেন সেই ঘণ্টায় খুলিয়া যাইবে।

(*b*) সেই ট্রেন যত দূর যায়, থামিবার সময় শুদ্ধ ঘণ্টায় দশমাইলের ন্যূন হারে যাবে না।

(*c.*) পথে চড়নদারদের উত্তরিবার যেং স্থান থাকে, প্রয়োজন হইলে ঐ ট্রেন সেই প্রত্যেক ষ্টেশনে লোকদিগকে উঠিবার ও নামিবার জন্যে থামিবে।

(*d.*) তদ্রূপ ট্রেনে চড়নদারদের যাইবার যে গাড়ি থাকে তাহাতে প্রত্যেক জনের নিমিত্তে সাড়ে তিন বর্গ ফুট নিরূপণ হইবে। স্থানীয় গবর্ণমেন্টের অভিপ্রায়মতে লোকদের রৌদ্র ও জলবাতাসহইতে রক্ষা পাইবার নিয়ম করা যাইবে।

(*e.*) সেই ট্রেনে যত মাইল যাওয়া যায় তাহার প্রত্যেক মাইলের কি মাইলের কোন অংশের নিমিত্তে এক২ জন চড়নদারের স্থানে ইংরেজী দুই পাইয়ের অধিক ভাড়া লইতে হইবে না।

(*f*.)—Each passenger by such train shall be allowed to take with him twenty pounds weight of luggage, not being merchandize or other articles carried for hire or profit, without extra charge, and any excess of luggage shall be charged by weight at a rate not exceeding the lowest rate of charge for passengers' luggage by other trains;

(*f*) উক্ত ট্রেনে যে লোক যায় তাহারা প্রত্যেক জন নিজব্যবহারের দশ সের সামগ্রী বিনা খরচে লইতে পারিবে। কিন্তু ব্যবসায়ের দ্রব্য এবং ভাড়া পাইবার কি লাভ করিবার আশয়ে কোন দ্রব্য বিনা খরচে লইতে পারিবে না। যদি নিজ ব্যবহারের উক্ত সামগ্রী ১০ সেরের অধিক হয়, তবে অন্য ট্রেনে চড়নদারেরদের দ্রব্যসামগ্রীর নিমিত্ত অত্যল্প যে হিসাবে লওয়া যায় ঐ অতিরিক্ত দ্রব্যের নিমিত্তে সেই হিসাবের অধিক ভাড়া লইতে হইবে না।

(*g*.)—Children under three years of age accompanying passengers by such trains shall be taken without any charge, and children three years and upwards, but under ten years of age, at half the charge for an adult passenger.

(*g*) উক্ত ট্রেনে তিন বৎসরের ন্যূন বয়স্ক বালক কোন চড়নদারের সঙ্গে গেলে তাহার ভাড়া লাগিবে না। ৩ বৎসরাবধি ১০ বৎসর পর্য্যন্ত বয়সের বালকের জন্যে সম্পূর্ণ বয়স্ক চড়নদারের অর্দ্ধেক ভাড়া লাগিবে।

If any Company shall refuse or wilfully neglect to comply with the provisions of this section within a reasonable time, or shall attempt to evade the operation of such provisions or any of them, such Company shall be liable to a fine not exceeding two hundred Rupees for every day during which such refusal, neglect, or evasion shall continue.

যদি কোন কোম্পানি উপযুক্ত সময়ের মধ্যে এই ধারার বিধানমতে কর্ম্ম করিতে সম্মত না হন, কি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন কিম্বা ঐ সকল কি তন্মধ্যে কোন বিধানের কার্য্যহইতে এড়াইতে চেষ্টা করেন, তবে যত দিন অসম্মত হইতে কি ত্রুটি করিতে কি এড়াইবার চেষ্টা করিতে থাকেন, তাহার দিন প্রতি কোম্পানির দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, relieve any Railway Company from the whole or any part of any liability imposed upon it by the former part of this section.

এই ধারার পুর্ব্ব ভাগক্রমে রেলওয়ে কোম্পানির প্রতি যে দায় অর্পণ হইয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন রেলওয়ে কোম্পানিকে সেই সমস্ত দায় কি তাহার কোন অংশ হইতে নিষ্কৃতি দিতে পারিবেন ইতি।

CHAPTER II.—*As to Passengers, their Fares and Luggage.*

দ্বিতীয় অধ্যায়।—চড়নদারেরদের, ও ভাড়ার ও দ্রব্যের বিধি।

[Fares to be prepaid.]

[ভাড়া অগ্রিম দিবার কথা।]

48. No person shall enter any carriage used on a Railway for the purpose of travelling therein without having first paid his fare, and obtained a ticket.

৪৮ ধারা। কোন ব্যক্তি ভাড়া না দিয়া ও টিকিট না পাইয়া রেলপথগামি কোন গাড়িতে স্থানান্তরে যাইবার জন্যে উঠিবে না।

[Tickets to be furnished. Tickets to be given up on demand.]

[টিকিট পাইবার ও দাওয়া হইলে ফিরিয়া দিবার কথা।]

Every person desirous of travelling on a Railway shall, upon payment of his fare, be furnished with a ticket, specifying the class of carriage and the place to which the fare has been paid, and shall, when required, show his ticket to any officer or servant of the said Company duly authorized to examine the same, and shall deliver up such ticket, upon demand, to any of the Company's officers or servants duly authorized to collect tickets.

কোন ব্যক্তি রেলপথে কোন স্থানে যাইতে চাহিয়া ভাড়া দিলে, তাঁহাকে টিকিট দেওয়া যাইবে। যে কেলাসের গাড়িতে ও যে স্থানে যাইবার ভাড়া দেওয়া গেল তাহা সেই টিকিটে নির্দ্দিষ্ট থাকিবে। উক্ত কোম্পানির যে কোন কার্য্যকারক কি চাকর ঐ টিকিট দেখিবার নিয়মিত ক্ষমতা পান তিনি দেখিতে চাহিলে তাহা দেখাইতে হইবে। এবং কোম্পানির যে কার্য্যকারকেরা কি চাকরেরা টিকিট সংগ্রহ করিয়া লইবার নিয়মিত ক্ষমতা পান তাঁহারা চাহিলে তাঁহারদের হাতে দিতে হইবে।

[Penalty.]

[দণ্ডের কথা।]

Any person not producing or delivering up his ticket, as aforesaid, shall be liable to pay the fare from the place whence the train originally started.

যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে টিকিট না দেখান কি ফিরিয়া না দেন, তবে প্রথম যে স্থানহইতে ট্রেন খুলিয়া আইল সেই স্থানঅবধি তাহার ভাড়া দিবার দায় হইতে পারিবে ইতি।

[Enforcing payment of fare by passenger not producing ticket.]

49. Payment of any fare to which any passenger not producing or delivering up his ticket shall be liable under Section 48 may be enforced in the same manner as any fine imposed under this Act.

[Penalty for fraud.]

50. Whoever defrauds or attempts to defraud any Company by travelling or attempting to travel upon their Railway without having previously paid his fare; or by riding in or upon a carriage of a higher class than that for which he shall have paid his fare; or by continuing his journey in or upon any of the carriages of the Company beyond the place for which he shall have paid his fare without previously paying the fare for the additional distance, and with intent to avoid payment thereof; or who shall knowingly and wilfully refuse or neglect, on arriving at the point to which he shall have paid his fare, to quit such carriage, or who shall in any other manner whatever attempt to evade the payment of his fare, shall be liable to a fine not exceeding fifty Rupees for each offence.

[At intermediate stations, fares and tickets to be conditional.]

51. At the intermediate stations, the fares shall be deemed to be accepted, and the tickets furnished only upon condition that there be room in the train for which the tickets shall be furnished.

In case there shall not be room for all the passengers to whom tickets shall have been furnished, those who shall have obtained tickets for the longest distance shall have the preference; and those who shall have obtained tickets for the same distance shall have the preference according to the order in which they shall have received their tickets:

[Proviso.]

Provided that all officers and troops of Her Majesty on duty, and all other persons on the business of Her Majesty who, by virtue of any contract with the East India Company or Her Majesty, shall be entitled to be conveyed on such Railway in preference to, or in priority over, the public, shall be entitled to such preference and priority without reference to the distance for which, or the order in which, they shall have received their tickets.

[Penalty for entering private room or carriage.]

52. If any special carriage, or portion of a carriage, or any private room or apartment, shall be provided by any Company for the exclusive use of females, any male person,

[চড়নদার টিকিট না দেখাইলে তাহার স্থানে বলক্রমে ভাড়া লইবার কথা।]

৪৯ ধারা। কোন চড়নদার টিকিট না দেখাইলে কি না দিলে ৪৮ ধারামতে তিনি যে ভাড়ার দায়ী হন, তাহা এই আইনের অবধারিত অর্থদণ্ড আদায় করিবার বিধিমতে তাঁহার স্থানে লওয়া যাইতে পারিবে ইতি।

[প্রতারণার নিমিত্ত দণ্ডের কথা।]

৫০ ধারা। যদি কোন ব্যক্তি অগ্রে ভাড়া না দিয়া কোন রেলপথদ্বারা গিয়া কি যাইবার উদ্যোগ করিয়া, কিম্বা যে কেলাসের গাড়ির ভাড়া দিয়াছে যদি তাহার উচ্চ শ্রেণীর গাড়িতে কি গাড়ির উপর চড়িয়া, কিম্বা যে স্থানে যাইবার ভাড়া দিয়াছে কোম্পানির কোন গাড়িতে কি গাড়ির উপরে তদধিক দূরের ভাড় ফাকী দিবার মনস্থ করিয়া, অধিক দূরে গিয়া অথবা যে স্থানের ভাড়া দিয়াছে সেই স্থানে গাড়ি পঁহুছিলে যদি জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক গাড়ির বাহিরে আসিতে অসম্মত হইয়া কি শৈথিল্য করিয়া কিম্বা অন্য কোন প্রকারে ভাড়া না দিয়া ফাকি দিবার উদ্যোগ করিয়া কোম্পানির প্রাপ্য টাকা হরণ করে কি করিবার উদ্যোগ করে, তবে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মধ্যস্থ ষ্টেশনে ভাড়া গ্রহণ ও টিকিট দেওন নিয়মাধীন হইবার কথা।]

৫১ ধারা। গাড়ি যে স্থানহইতে খুলিয়া যায় ও যে স্থানপর্য্যন্ত চলিবে এই দুই স্থানের মধ্যে যে সকল ষ্টেশন থাকে, সেই২ ষ্টেশনে যে ভাড়া লওয়া যায় ও যে টিকিট দেওয়া যায়, তাহা ট্রেনে স্থান থাকে এই অনুমানে লওয়া ও দেওয়া গেল বোধ হইবে।

যাহারদিগকে টিকিট দেওয়া গেল যদি ট্রেনে তাঁহারদের সকলের স্থান না কুলায়, তবে যাহারা অতি দূরে যাইবে তাহারা অগ্রগণ্য। ও যাহারা একি স্থানে যাইবে তাহারা সময়ের যে ক্রমে টিকিট পাইয়াছে সেই ক্রমানুসারে অগ্রগণ্য হইবে।

[উপবিধি।]

কিন্তু কোম্পানি বাহাদুরের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে চুক্তি হওয়াতে রাজকীয় কর্ম্মে গমনোদ্যত শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের যে সেনাপতিদের ও সৈন্যেরদের এবং শ্রীশ্রীমতী মহারাণীর কর্ম্মে গমনোদ্যত অন্য সকল ব্যক্তির সেই রেলপথে সাধারণ লোক অপেক্ষা শ্রেষ্ঠতর কি অগ্রভাবে যাইবার অধিকার থাকে, তাঁহারদের গমনীয় স্থানের দূরত্ব কিম্বা টিকিট পাইবার ক্রম বিবেচনা না করিয়া তাঁহারা সেই শ্রেষ্ঠতার ও অগ্রগণ্যতার অধিকারী হইবেন ইতি।

[পৃথক ঘরে কি গাড়িতে যাইবার দণ্ডের কথা।]

৫২ ধারা। যদি কোন কোম্পানি কেবল স্ত্রীলোকের ব্যবহারের জন্যে কোন বিশেষ গাড়ি কি গাড়ির একাংশ কিম্বা কোন পৃথক ঘর কি ভাগ নিরূপণ করেন, তবে কোন পুরুষ ন্যায্য হেতু না থাকিতেও এবং সেই গাড়ি

who without lawful excuse shall enter such carriage, or portion of a carriage, or any such room or apartment, knowing the same to be exclusively appropriated as aforesaid, or shall remain therein after having been informed of its exclusive appropriation, shall be liable to a fine not exceeding one hundred Rupees, and may be removed therefrom, and also from the premises of the Company, by any of the servants of the Company, and shall forfeit his fare.

[Non-liability for luggage, unless booked and paid for.]

53. No such Company shall in any case be answerable for loss or injury to any passengers' luggage, unless it shall have been booked and separately paid for.

CHAPTER III.—*Rules as to Goods.*

[Non-liability for loss of gold, silver, &c. unless in the case of special engagement.]

54. No Company shall in any case be answerable for loss of or injury to any gold or silver, coined or uncoined, manufactured or unmanufactured, or any precious stones, pearls, jewellery, watches, clocks or time-pieces of any description, trinkets, Government securities, bills of exchange, hundis, promissory notes, bank-notes, orders, or other securities for payment of money, Government stamp-paper, Government stamps of any description, maps, writings, title-deeds, paintings, engravings, prints, photographs, pictures, plated articles, glass, china, opium, silks in a manufactured or unmanufactured state, and whether wrought-up or not wrought-up with other materials, shawls, lace, cloths and tissue embroidered with the precious metals or of which such metals form parts, articles of ivory, ebony or sandal-wood, musical instruments, or any of them, contained in any parcel or package which shall have been delivered to the Company, either to be carried for hire or to accompany the person of any passenger, or for loss of, or injury to, any horses, cattle or other animals, delivered as aforesaid, unless the value and nature of such articles or animals shall have been declared by the person or persons sending or delivering the same, and an increased charge for the safe conveyance of the same shall have been accepted by some person specially authorized to enter into such engagements on behalf of the said Company :

Provided that nothing in the former part of this section shall be deemed to apply to articles contained in any mails conveyed by the Company for Government.

[Public notice or private contract not to limit liability.]

55. The liability of a Company for loss of, or injury to, any articles or goods to be carried by them,

কি গাড়ির সেই অংশ কি তদ্রূপ কোন ঘর কি ভাগ পূর্ব্বোক্তমতে কেবল স্ত্রীদের জন্যে নিরূপিত জানিয়াও সেই গাড়িপ্রভৃতিতে প্রবেশ করিলে কিম্বা কেবল স্ত্রীদের জন্যে নিরূপিত এই কথা তাহাকে জ্ঞাত করা গেলে পর সেই গাড়িপ্রভৃতিতে থাকিলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং কোম্পানির কোন চাকরের দ্বারা তাহাকে কোম্পানির গাড়িহইতে এবং বাড়ীহইতেও বাহির করিয়া দেওয়া যাইতে পারিবে, ও তাহার ভাড়ার দণ্ড হইবে ইতি।

[দ্রব্যাদি বহীতে লেখা না গেলে ও ভাড়া দেওয়া না গেলে দায় না থাকার কথা।]

৫৩ ধারা। কোন চড়নদারের দ্রব্য সামগ্রী বহীতে লেখা না গেলে ও তাহার ভাড়া স্বতন্ত্র দেওয়া না গেলে তাহার ক্ষতি কি হানি হইলেও উক্ত কোন কোম্পানি তদ্বিষয়ের দায়ী হইবেন না ইতি।

তৃতীয় অধ্যায়। মালের বিষয়ি বিধি।

[বিশেষ করার না হইলে সোণা রূপা প্রভৃতি হারাণ গেলও দায় না থাকিবার কথা।]

৫৪ ধারা। যদি ভাড়া দিয়া স্থানান্তরে পাঠাইবার জন্যে কিম্বা কোন চড়নদারের সঙ্গে২ যাইবার নিমিত্তে নিম্নলিখিত কোন দ্রব্য কি পশু কোম্পানিকে অর্পণ করা যায়, তবে যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা প্রেরণ কি অর্পণ করেন তিনি কি তাঁহারা সেই২ দ্রব্যের কি পশুর মূল্য ও ভাব প্রকাশ না করিলে, এবং তদ্রূপ বিষয়ে উক্ত কোম্পানির পক্ষে করার করিবার বিশেষ ক্ষমতা-প্রাপ্ত কোন ব্যক্তিকে সেই দ্রব্যাদি নিরাপদে চালান করিবার জন্যে অধিক ভাড়া না দিলে, ঐ দ্রব্যাদির ক্ষতি কি হানি হইলেও কোম্পানি তাহার জন্যে দায়ী হইবেন না। সেই দ্রব্যাদি এই২। সোণা ও রূপা এবং সোণার কি রূপার মুদ্রা কি অন্য দ্রব্য, ও মণি ও মুক্তা ও রত্ন-খচিত আভরণ ও ট্যাকঘড়ি ও বাক্স ঘড়ি ও সময় নিরূপণের কোন প্রকারের যন্ত্র ও অলঙ্কার ও গবর্ণমেণ্ট সিকুরিটী ও বিল অফ একুসচেঞ্জ ও হুণ্ডী ও প্রতিজ্ঞা-পত্র ও ব্যাঙ্কনোট ও অর্ডর কি টাকা দিবার অন্য নিদর্শন পত্র ও গবর্ণমেণ্টের ষ্টাম্পকাগজ ও গবর্ণমেণ্টের কোন প্রকারের ইস্টাম্প ও মানচিত্র ও লিপি ও আগম বা অধিকারপত্র ও চিত্র ও খোদিত আলেখ্য ও মুদ্রিত লেখ্য ও ফটগ্রাফ ও ছবিও গিলটি ও কাঁচের দ্রব্য ও চিনের বাসন ও আফীন ও রেশমী সূত্র ও কাপড়প্রভৃতি ও অন্য দ্রব্য সহিত মিশ্রিত কি অমিশ্রিত রেশম, ও শাল ও লেস ও সোণা রৌপ্যাদির বুটা তোলা কাপড় কিম্বা তাসের কাপড় ও হস্তিদন্ত ও আবলুস ও চন্দন কাষ্ঠনির্ম্মিত দ্রব্য ও বাদ্যযন্ত্র কিম্বা বস্তা কি বাকুস প্রভৃতি বদ্ধ উক্ত কোন দ্রব্য এবং ঘোড়া ও গোমেষাদি কোন পশু।

কিন্তু উক্ত কোম্পানি গবর্ণমেণ্টের নিমিত্তে যে ডাকপত্র চালান করেন, তাহাতে বদ্ধ কোন দ্রব্যের প্রতি এই ধারার কথা বর্ত্তে না ইতি।

[প্রকাশিত জ্ঞাপনি কিম্বা গোপনীয় চুক্তিদ্বারা দায়সঙ্কোচ না হইবার কথা।]

৫৫ ধারা। কোম্পানির দ্বারা যে দ্রব্যাদি কি মাল চালান করিতে হইবে, তাঁহারা তদ্বিষয়ের জ্ঞাপনি

shall not be affected by any public notice given or any private contract made by them; but the Company shall be answerable for such loss or injury only when it shall have been caused by negligence or misconduct on the part of themselves, their agents, officers or servants.

[Remedy for non-payment of the carriage of goods.]

56. If any person shall fail to pay on demand any sum due to any Company for the conveyance of any goods on its line, or due to any other Company for the conveyance of any such goods on its line, when the two lines form portions of one continuous line of Railway communication, the former Company may detain all or any part of such goods, or if the same shall have been removed from the premises of such Company, any other goods of such person which shall then be on their premises; or shall thereafter come into their possession; and may also sell by public auction sufficient of such goods to realize the sum payable as aforesaid, and all charges and expenses of such detention and sale, and out of the proceeds of the sale retain the sum so payable, together with the charges and expenses aforesaid:

The surplus, if any, of the said proceeds, and such of the goods as shall remain unsold, shall be rendered to the person entitled thereto:

Or the Company may recover any sum so due by suit in any Court of competent jurisdiction.

[Written account of goods to be given on demand.]

57. The owner or person having the care of any goods which shall have been carried upon such Railway, or shall be brought on to the premises of any Company for the purpose of being carried on their Railway, shall, on demand by any officer or servant of the Company, appointed to receive goods to be carried on that part of the Railway on which such goods shall have been carried, or shall be about to be carried, deliver to such officer or servant an exact account in writing, signed by him, of the number or quantity and description of such goods.

[Penalty for false account.]

58. If any such owner or person as aforesaid shall wilfully fail to give such account to such officer or servant of the Company, or if he shall wilfully give a false account thereof, he shall for every such offence be liable to a fine not exceeding one hundred Rupees for every ton of goods, or for any parcel exceeding one hundred weight; and to a fine not exceeding fifty Rupees

প্রকাশ করিলে কিম্বা গোপনে চুক্তি করিলেও যদি ঐ দ্রব্যের ক্ষতি কি হানি হয়, তবে তাহারদের দায়ের খর্ব্বতা হইবে না। কিন্তু তাঁহারদের নিজের কি নিয়োগিদের কি কার্য্যকারকদের কি চাকরদের শৈথিল্য কি অসদাচারদ্বারা ঐ ক্ষতি কি হানি না হইলে, কোম্পানি দায়ী হইবেন না ইতি।

[মালের ভাড়া না দিলে তাহার প্রতিকারের কথা।]

৫৬ ধারা। কোন কোম্পানি যদি আপন রেলপথে কোন ব্যক্তির মাল চালান করিয়া তাহার পাওনা ভাড়া চাহেন কিম্বা এক টানা রেলপথের ভিন্ন২ অংশে দুই কোম্পানির স্বত্ব থাকিলে যদি উক্ত কোম্পানি অন্য কোম্পানির প্রাপ্য টাকা চাহেন এবং সেই ব্যক্তি ঐ ভাড়া না দেন, তবে পূর্ব্বোক্ত কোম্পানি ঐ সমুদয় দ্রব্য কি তাহার কোন অংশ আটক করিয়া রাখিতে পারিবেন। যদি সেই দ্রব্য ঐ কোম্পানির বাড়ীহইতে স্থানান্তর করা গিয়া থাকে তবে তৎকালে তাহারদের বাড়ীর মধ্যে ঐ ব্যক্তির অন্য যে দ্রব্য থাকে কি পশ্চাৎ তাঁহারদের অধিকারে আইসে সেই দ্রব্য আটক করিয়া রাখিতে পারিবেন। এবং তন্মধ্যে যত দ্রব্যাদি বিক্রয় করিলে পূর্ব্বোক্ত পাওনা টাকা এবং ঐ দ্রব্য আটক রাখিবার ও বিক্রয় করিবার সকল খরচ খরচা আদায় হইতে পারে, তত দ্রব্য বিক্রয় করিতে পারিবেন। ও তদ্দ্বারা যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে ঐ প্রাপ্য টাকা এবং পূর্ব্বোক্ত খরচ খরচা বাদ দিয়া রাখিতে পারিবেন।

উক্ত প্রকারে যে টাকা উৎপন্ন হয়, যদি তাহার কিছু অবশিষ্ট থাকে তবে সেই অবশিষ্ট টাকা এবং উক্ত যে দ্রব্যাদি বিক্রয় না হইয়া থাকে তাহা পাইবার অধিকারিকে দেওয়া যাইবে।

কোম্পানি পূর্ব্বোক্ত কার্য্য না করিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিয়া ঐ পাওনা টাকা আদায় করিতে পারিবেন ইতি।

[দাওয়া হইলে দ্রব্যাদির লিখিত বর্ণনা দিবার কথা।]

৫৭ ধারা। উক্ত কোন রেলপথে যে দ্রব্যাদি চালান করা যায় কি চালান হইবার নিমিত্তে কোন কোম্পানির বাড়ীতে উপস্থিত করা যায়, রেলপথের সেই অংশে চালান করিবার নিমিত্তে কোম্পানির যে কার্য্যকারক কি চাকর ঐ দ্রব্যাদি গ্রহণ করিতে নিযুক্ত থাকেন তিনি ঐ দ্রব্যের স্বামির নিকটে কিম্বা দ্রব্য যাঁহার জিম্মায় থাকে তাঁহার নিকটে ঐ দ্রব্যের সংখ্যার কি পরিমাণের ও প্রকারাদির বর্ণনা চাহিলে, সেই ব্যক্তি ঐ দ্রব্যাদির যথার্থ বর্ণনা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া তাঁহাকে দিবেন ইতি।

[মিথ্যা বর্ণনা দিবার দণ্ডের কথা।]

৫৮ ধারা। যদি উক্ত স্বামী কি পূর্ব্বোক্ত ব্যক্তি কোম্পানির উক্ত কার্য্যকারককে কি চাকরকে ইচ্ছাপূর্ব্বক ঐ বর্ণনা দিতে ত্রুটি করেন কিম্বা ইচ্ছাপূর্ব্বক তাহার মিথ্যা বর্ণনা দেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে দ্রব্যাদির প্রত্যেক টনের উপর, কিম্বা এক হন্দর ওয়েটের অধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং এক টনের ন্যূন ওজনের কোন দ্রব্যের

for any quantity of goods less than a ton, or for any parcel less than one hundred weight.

All penalties imposed under this section shall be in addition to the toll chargeable for such goods or parcel.

[Carriage of goods of a dangerous nature.]

59. No person shall carry upon any Railway any dangerous goods, or be entitled to require any Company to carry upon their Railway any luggage or goods which, in the judgment of the Company or any of their officers or servants, shall be of a dangerous nature.

Whoever carries upon any Railway any dangerous goods, or delivers to any Company any such goods for the purpose of being carried upon their Railway, without distinctly marking their nature on the outside of the package containing the same, or otherwise giving notice in writing of the nature thereof to the book-keeper or other servant of the Company to whom the same shall be delivered for the purpose of being so carried, shall, for every such offence, be liable to a fine not exceeding five hundred Rupees, or to imprisonment for a term which may extend to six months, or to both.

Any such Company or any of their officers or servants may refuse to carry any luggage or parcel that they may suspect to contain goods of a dangerous nature, and require the same to be opened to ascertain the fact previously to carrying the same; and in case any such luggage or parcel shall be received by the Company for the purpose of being carried on the Railway, the Company, or any of their officers or servants may stop the transit thereof, until they shall be satisfied as to the nature of the contents of the luggage or parcel.

Traffic Arrangements.

[Duty of Companies to arrange for receiving and forwarding traffic without delay or partiality.]

60. Every Company shall, according to its powers, afford all reasonable facilities for the receiving and forwarding and delivering of traffic upon and from the Railway belonging to or worked by such Company, and for the return of carriages.

No such Company shall make or give any undue or unreasonable preference or advantage to or in favour of any particular person or Company, or any particular description of traffic, in any respect whatsoever;

Nor shall any such Company subject any particular person or Company, or any particular

ও এক হন্দর ওয়েটের ন্যূন ওজনের প্রত্যেক পুলিন্দার উপর তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ঐ দ্রব্যের কি পুলিন্দার উপর যে মাসুল আদায় হইতে পারে, এই ধারার নির্দ্ধারিত উক্ত সকল দণ্ড তদতিরিক্ত ইতি।

[আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য চালান করিবার কথা।]

৫৯ ধারা। কোন কোম্পানির কি তাঁহারদের কার্য্যকারকদের কি চাকরদের বিবেচনায় যে কোন বস্তাদি কি যে দ্রব্য সামগ্রী আশঙ্ক ভাবাপন্ন হয়, কোন ব্যক্তি রেলপথে সেই প্রকারের দ্রব্যাদি লইতে পারিবেন না, এবং কোন কোম্পানিকে আপনারদের রেলপথে তাহা চালান করিবার আদেশ করিতে পারিবেন না।

আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য যে বস্তাতে বদ্ধ থাকে তাহার বহির্ভাগে সেই দ্রব্যের ভাব স্পষ্টরূপে অঙ্কিত না করিয়া, কিম্বা কোম্পানির যে বুক কীপরকে কি অন্য চাকরকে তাহা চালান করিবার জন্যে দেওয়া যায়, তাঁহার নিকট লিখনক্রমে সেই দ্রব্যের ভাব জ্ঞাত না করিয়া, যে কোন ব্যক্তি সেই প্রকারের দ্রব্য কোন রেলপথে লইয়া যান কিম্বা কোন কোম্পানিকে রেলপথে চালান করিবার জন্যে দেন, তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কি ঐ দুই দণ্ড হইতে পারিবে।

তদ্রূপ কোন কোম্পানি কিম্বা তাঁহারদের কোন কার্য্যকারক কি চাকর কোন বস্তার কি পুলিন্দার মধ্যে আশঙ্ক ভাবাপন্ন দ্রব্য থাকার বিষয়ে সন্দেহ করিলে, তাহা লইয়া যাইতে অসম্মত হইতে পারিবেন, এবং সেই বিষয় নিশ্চিতমতে জানিবার জন্যে তাহা লইয়া যাইবার অগ্রে সেই বস্তাদি খুলিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি কোম্পানি তদ্রূপ কোন বস্তা কি পুলিন্দা রেলপথে লইয়া যাইবার জন্যে গ্রহণ করিয়া থাকেন, তবে ঐ কোম্পানি কি তাহার কোন কার্য্যকারক কি চাকর ঐ বস্তা কি পুলিন্দাবদ্ধ দ্রব্যের ভাব হৃদ্বোধমতে না জানা পর্য্যন্ত তাহার চালান বন্ধ করিতে পারিবেন ইতি।

মালবিষয়ক নিয়মের বিধি।

[অবিলম্বে ও বিনাপক্ষপাতে মাল গ্রহণ ও চালান করিবার নিয়মবিষয়ে কোম্পানিদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৬০ ধারা। কোন কোম্পানির যে রেলপথ থাকে কিম্বা কোন কোম্পানি যে রেলপথের কার্য্য চালাইতেছেন তাহাতে ও তাহাহইতে সেই কোম্পানি আপনার ক্ষমতামতে মাল গ্রহণ ও চালান ও সমর্পণ করিবার ও গাড়ির ফিরিয়া আসিবার যুক্তিসিদ্ধ সকল সুবিধা করিবেন।

তদ্রূপ কোন কোম্পানি বিশেষ ব্যক্তির কি কোম্পানির পক্ষে কিম্বা বিশেষ প্রকারের মালের পক্ষে কোন বিষয়ে অনুপযুক্তরূপে কি অযুক্তিমতে কোন প্রাধান্য কি অগ্রগণ্যতা স্বীকার কি প্রদান করিবেন না।

এবং উক্ত কোন কোম্পানি কোন বিষয়ে বিশেষ ব্যক্তির কি কোম্পানির প্রতি কিম্বা বিশেষ প্রকারের

description of traffic, to any undue or unreasonable prejudice or disadvantage in any respect whatsoever.

Every Company having or working a Railway which forms part of a continuous line of Railway communication, or which has the terminus or station of the one near the terminus or station of the other, shall afford all due and reasonable facilities for receiving and forwarding all the traffic arriving by one of such Railways by the other without any unreasonable delay, and without any such preference or advantage, or prejudice or disadvantage, as aforesaid, and so that no obstruction may be offered to the public desirous of using such Railways as a continuous line of communication, and so that all reasonable accommodation may, by means of the Railways of the several Companies, be at all times afforded to the public in that behalf.

[Parties complaining that reasonable facilities for forwarding traffic, &c., are withheld, may apply to the High Court.]

61. The Advocate General, or any Company or person complaining against any Company of any thing done, or omission made in violaton or contravention of the last preceding section, may apply, in a summary way, by motion or summons, to the High Court; and such Court may hear and determine the matter of such complaint; and for that purpose, if the Court shall think fit, may direct and prosecute, in such mode, and by such engineers, advocates or other persons as they shall think proper, all such inquiries as may be deemed necessary to enable such Court to form a just judgment on the matter of such complaint.

If it be made to appear to such Court on such hearing, or on the report of any such person, that anything has been done or omission made, in violation or contravention of this Act, by such Company, the Court may issue an injunction restraining such Company from further continuing such violation or contravention, and enjoining obedience to the same.

In case of disobedience of any such injunction, the Court may enforce the same by imprisoning the agent or manager of the Company, or any owner, lessee, contractor, or other person, failing to obey such injunction, for a term not exceeding two years; and the Court may also, if it shall think fit, make an order directing the payment by the Company of such sum of money as the Court shall determine, not exceeding the sum of two thousand Rupees for every day, after a day to be named in the order that such Company shall fail to obey the injunction.

[গবর্ণমেন্ট [illegible] । ১৮৬৮। ২১ জানুআরি।]

মালের পক্ষে অনুচিত কি অযুক্তিমত ছুরাগ্রহ কি অনিষ্টভাব প্রকাশ করিবেন না।

যে রেলপথ একটানা রেলপথের একাংশ হয়, কিম্বা যে একি রেলপথের শেষ স্থান কি ষ্টেশন অন্য রেলপথের শেষ স্থানের কি ষ্টেশনের নিকট থাকে তাহা যে কোম্পানির হয় কিম্বা যে কোম্পানি ঐ রেলপথের কর্ম্ম করেন, ঐ কোম্পানি উক্ত এক রেলপথদ্বারা আগত দ্রব্যাদি গ্রাহ্য করিয়া অযুক্তি বিলম্ব ভিন্ন অন্য রেলপথে চালান করিবার উপযুক্ত ও যুক্তিযুক্ত সুবিধা করিবেন, এবং পূর্ব্বোক্ত প্রকারে প্রাধান্য কি গুরুত্ব স্বীকার করিবেন না ও অপ্রাধান্য ও অনিষ্টভাব মানিবেন না। এবং সাধারণ যে ব্যক্তিরা উক্ত দুই রেলপথ একটানা রেলপথের ন্যায় ব্যবহার করিতে ইচ্ছুক হন তাঁহারদের তদ্রূপ ব্যবহারের কিছু বাধা করিবেন না, এবং তদর্থে সেই ভিন্নং কোম্পানির দ্বারা সর্ব্বদাই সাধারণ লোকদের যুক্তিমত সুবিধা করিবেন ইতি।

[দ্রব্যাদি চালান করিবার যুক্তিমত সুবিধা করা যায় না, যাঁহারা এই মর্ম্মের অভিযোগ করেন, তাঁহারদের হাই কোর্টে আবেদন করিবার কথা।]

৬১ ধারা। ইহার পূর্ব্বধারার নির্দ্দিষ্ট বিধান লঙ্ঘনপূর্ব্বক কি তদ্বিপক্ষ কোন কর্ম্ম করা গেলে কি করিবার ক্রটি হইলে, তদ্বিষয়ে যে আডবোকেট জেনরল সাহেব কিম্বা যে কোম্পানি কি ব্যক্তি কোন কোম্পানির নামে অভিযোগ করিতে চাহেন, তিনি সরাসরীমতে প্রার্থনা কি আহ্বানপত্রক্রমে হাই কোর্টে নিবেদন করিতে পারিবেন। ও সেই কোর্ট ঐ নালিশের বিষয় শুনিয়া নির্ণয় করিতে পারিবেন। এবং ঐ নালিশের বিষয়ের যথার্থ বিচার করিবার নিমিত্তে যে সকল অনুসন্ধান লওয়া আবশ্যক, ঐ কোর্ট যদ্রূপে বিহিত বোধ করেন তদ্রূপে ইঞ্জিনিয়র ও আডবোকেটপ্রভৃতি যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহারদের দ্বারা ঐ অনুসন্ধান লইবার আজ্ঞা করিতে ও তৎকার্য্য চালাইতে পারিবেন।

তদ্রূপ শ্রবণ হইলে কিম্বা তদ্রূপ কোন ব্যক্তির রিপোর্ট হইলে ঐ কোম্পানি এই আইন লংঘনপূর্ব্বক কি তদ্বিপক্ষে কোন ক্রিয়া করিয়াছেন কিম্বা কোন কার্য্যের ক্রটি করিয়াছেন, যদি উক্ত কোর্ট ইহা দৃষ্টি করিতে পান, তবে ঐ কোম্পানির সেই বিধি লঙ্ঘন কি তদ্বিপক্ষতা করণ নিবারণার্থ আজ্ঞা প্রচার করিয়া তৎপালনের আজ্ঞা করিতে পারিবেন।

সেই নিবারণসূচক আজ্ঞা অমান্য হইলে, কোম্পানির যে এজেন্ট কি কর্ম্মাধ্যক্ষ কিম্বা যে স্বামী কি পাট্টাদার কি কন্ট্রাকটর কি অন্য ব্যক্তি ঐ আজ্ঞা অমান্য করেন, কোর্ট তাঁহাকে দুই বৎসরের অনধিক কাল কারাদণ্ড দিয়া আপনার সেই আজ্ঞা বলবৎ করিতে পারিবেন। এবং যদি বিহিত বোধ করেন তবে ঐ আজ্ঞাপত্রে দিন নিরূপণ করিয়া, ঐ কোম্পানি সেই দিনের পর ঐ নিবারণসূচক আজ্ঞা যত দিন অমান্য করেন, কোর্ট দুই সহস্র টাকার অনধিক যত টাকা নিরূপণ করেন ঐ কোম্পানির দিন প্রতি তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

Such monies shall be payable as the Court may direct, either to the party complaining, or into Court to abide the ultimate decision of the Court, or to the Local Government; and payment thereof may, without prejudice to any other mode of recovering the same, be enforced in like manner as if the same had been recovered by decree in any High Court.

In any such proceeding, the Court may order all or any costs thereof or therein incurred, to be paid by or to the one party or the other, as the Court shall think fit, and any such engineer, advocate or other person, if directed so to do by the Court, may receive evidence on oath relating to the matter of any such inquiry, and may administer such oath.

(*To be continued.*)

কোর্ট যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে সেই টাকা অভিযোক্তাকে দেওয়া যাইবে, অথবা কোর্টের শেষ নিষ্পত্তির অপেক্ষায় সেই কোর্টে গচ্ছিত থাকিবে অথবা স্থানীয় গবর্ণমেণ্টকে দেওয়া যাইবে। এবং কোন হাই কোর্টের ডিক্রীমতে টাকা আদায় করণের নিয়মক্রমে ঐ টাকা আদায় করা যাইতে পারিবে, কিন্তু এইপ্রযুক্ত ঐ টাকা আদায় করিবার অন্য কোন নিয়মের ব্যাঘাত হইবে না।

উক্ত কোন কার্য্যেতে কি তদ্ধেতুক যে খরচ হয়, কোর্ট যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপ কোন এক কি অন্য পক্ষের কি পক্ষকে সেই সমুদয় খরচ কি তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং পূর্ব্বোক্ত কোন ইঞ্জিনিয়র কি আডবোকেট কি অন্য ব্যক্তি কোর্টহইতে আজ্ঞা প্রাপ্ত হইলে, পূর্ব্বোক্ত অনুসন্ধান যোগ্য কোন বিষয়ে, শপথক্রমে প্রমাণ লইতে পারিবেন ও শপথ করাইতে পারিবেন ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

DECEMBER, 1867.

No. 6.

THE Government having, in the orders on the Report on Wards' Estates for 1865-66, noticed the liability which Collectors incur by not tendering payment of rents due from Wards' Estates to superior landlords as such rents fall due, the special attention of District Officers is called to the Ruling of the High Court in the case of Ranee Surat Soondry Dabea *vs.* The Court of Wards, which will be found at page 57 of the Selected Rulings of the High Court in Rent Suits for 1866. Officers acting in the capacity of the Court of Wards should not wait for the rent to be demanded, but should tender payment at once as the rent falls due.

No. 7.

The following should be added to the note to Rule 2, Section III, Cahpter X, page 164, under "from 20 years upwards."

Under no circumstances of ordinary zealous duty will more than six months' pay as gratuity, on discharge, be given to men not entitled to pension, whose service is less than 40 years.

[*Government Gazette*, 21*st January* 1868.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৭ সাল, ডিসেম্বর মাস।

৬ নম্বর।

জমীদারদের নিকট ওয়ার্ডসের মহালের অন্তর্গত ভূমির খাজানা দেনা হইলেই কালেক্টর সাহেবেরা তাহা দিবার প্রস্তাব না করাতে তাঁহারদের প্রতি যে দায় বর্ত্তে, ওয়ার্ডসের মহালের বিষয়ে গবর্ণমেণ্ট ১৮৬৫।৬৬ সালের যে রিপোর্ট লিখিয়াছেন, তাহাতে সেই দায়ের কথা উল্লেখ করিয়াছেন। এই হেতুক রাণী সুরৎসুন্দরী দেবী যে মোকদ্দমার বাদিনী ও কোর্ট ওয়ার্ডস প্রতিবাদী ছিলেন, সেই মোকদ্দমায় হাই কোর্ট যে নিষ্পত্তি করিয়াছেন, জিলার কর্ম্মকারকদের প্রতি তদ্বিষয়ে বিশেষ মনোযোগ করিবার আদেশ হইতেছে। ১৮৬৬ সালের খাজানার মোকদ্দমায় হাই কোর্টের সংগৃহীত নিষ্পত্তি পুস্তকের ৫৭ পৃষ্ঠায় ঐ নিষ্পত্তি পাওয়া যাইবে। যে কর্ম্মকারকেরা ওয়ার্ডসের কোর্টস্বরূপ কর্ম্ম করিতেছেন, তাঁহারদের ঐ খাজনা দাওয়া হইবার অপেক্ষায় থাকা উচিত নয়, দেনা হইলেই দিবার প্রস্তাব করা কর্ত্তব্য।

৭ নম্বর।

বিধি পুস্তকের ১৬৪ পৃষ্ঠায় ১০ খণ্ডের ৩ অধ্যায়ের বিধির ২ ধারার যে নোট আছে তাহাতে "বিশ বৎসরাবধি অধিক কাল" এই কথার পর নিম্নলিখিত কথা দিতে হইবে।

কোন ব্যক্তি সাধারণ ব্যগ্রতাপূর্ব্বক কর্ম্ম করিলেও যদি ৪০ বৎসরের ন্যূন কাল কর্ম্ম করিয়া থাকেন ও যদি তাঁহার পেনশ্যন পাইবার অধিকার না থাকে তবে কর্ম্মহইতে অবসর করা গেলে তদ্রূপ কোন ব্যক্তিকে ছয় মাসের অধিক বেতনের পারিতোষিক দেওয়া যাইবে না।

2. The above is to be regarded as a standing rule, and no recommendations should, in future, be made which are not in strict accordance with it.

3. The Government Order on which the Rule is based is annexed :—

From Colonel H. W. NORMAN, C. B., Secretary to the Government of India, Military Department, to the Secretary to Government, Bombay, Military Department,—(No. 623, dated Simla, the 25th October 1867.)

SIR,—I am directed to acknowledge the letter from your Office, No. 3001, dated 28th August 1867, recommending that, in consideration of the long service performed by Mahadoo Pandoo, Tindal of the Fire Engine Department at Mulligaum, he may receive, on his discharge, a gratuity of twelve months' pay.

Draft Declaration under Section II., Act VI. of 1857.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for Embankment Inspection Bungalow at Burtollah, Sub-district Diamond Harbour, in the district of 24-Pergunnahs, it is hereby declared that, for the above purpose, a plot of land is required, measuring 6 cottahs and 5 chittacks, more or less, situated at Burtollah.

It is bounded on the North partly by Paddy land and partly by dwelling-house belonging to Muddon Dullery; on the South and East by Paddy land in the occupation of Dhunonjoy Mondle; and on the West by a small tank.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

F. H. Rundall, *Lieut.-Col., R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. D., Irrigation Branch.

উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব ও পশ্চিম সীমা ববুরাম বন্দীর অধিকৃত ভূমি, দক্ষিণ সীমা অংশতঃ গোপাল বন্দীর অধিকৃত ধান্যের ভূমি ও অংশতঃ বাঁধ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ গেল।

---

১৮ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপনের পাণ্ডুলিপি।—বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছি শাখা-খণ্ডের বড়তলায় বাঁধের ইনিস্পেকশন বাঙ্গলা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বড়তলায় ন্যূনাধিক ।১।/ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা অংশতঃ ধান্যের ভূমি ও অংশতঃ মদন দলুরীর অধিকৃত বসত বাটী, দক্ষিণ ও পূর্ব্ব সীমা ধনঞ্জয় মণ্ডলের অধিকৃত ধান্যের ভূমি, পশ্চিম সীমা ছোট পুষ্করিণী।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল, লেপ্টেমেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচনার্থ কর্ম্মবিভাগে
বঙ্গদে. গর গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 12th February 1868.

Baboo Ram Coomar Roy, Moonsiff of Nurrail, at present Additional Moonsiff of Jessore, to officiate as Moonsiff of Muxoodpore, Zillah Dacca.

Baboo Juggernath Pershad Banerjee, Moonsiff of Rughoonathpore, Zillah Chota Nagpore, to officiate as Moonsiff of Nurrail, Zillah Jessore, but to act as Additional Moonsiff of Jessore, until further orders.

The 14th February 1868.

Moonshee Mahomed Ameer, to officiate as Moonsiff of Bhuagulpore.

LEAVE OF ABSENCE.

The 12th February 1868.

Baboo Roma Nath Seal, Moonsiff of Olipore, Zillah Rungpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

নড়াইলের মুনসেফ সম্প্রতি যশোহরের আডিস্যনল মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায় ঢাকা জিলার মকুসদপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছোট নাগপুরের অন্তর্গত রঘুনাথপুরের মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথপ্রসাদ বন্দ্যোপাধ্যায় যশোহর জিলার নড়াইলের মুনসেফের কর্ম্ম করিবেন। কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত যশোহরের আডিস্যনল মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১৪ ফেব্রুআরি।

শ্রীযুত মুনসী মহম্মদ আমীর ভাগলপুরের মুনসে-ফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

রঙ্গপুর জিলার অলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু রমানাথ শীল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি

his Serishtadar in charge of the current duties of his office.

C. D. FIELD,
Registrar.

HIGH COURT, &c.,
The 14th February 1868.

আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার শিরিস্তাদারের প্রতি অর্পণ করিবেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ১৪ ফেব্রুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 24th February 1868, at the hour of 12 o'clock, noon, the rights and interests of the Defendant, Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor, of Killah Coojung, in the said Killah of Coojung, in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose, Chowdry Rughoonauth Doss and others, and execution of which has been taken out against him. The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty-five per cent. on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. WRIGHT,
P. S. Ameen.

এস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জিলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ ইং ১২ জানুআরি বন্দের দিন থাকায় ১৩ জানুআরি তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য ২ দাওয়া চলিত আইন এবং আকট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ ইং ১৯ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা ৮ ফাল্গুন রোজ বুধবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্যে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৮।

শ্রেণীর নং	মাহালের শ্রেণী	জেলার তৌজীতে মাহালের নং	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য
৩	ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল	৪৮৭২	বোজর্গওমেদপুর পরগনা বাঞ্ছারাম বসু তালুক হিঃ ।।০	আমজাদালি খোন্দকার সেখ পরযত্তম্না	১৫৫০।৴৩	১৫৯।।৭	চতুর্থ ঘরের লিখিত মহাল নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের নিম্নলিখিত মহাল ১৮৬৮ সালের ১২ জানুআরির তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে ১৮৬৮ সালের ২০ মার্চ মোং ১২৭৪ সালের ৮ চৈত্র রোজ শুক্রবার দিবা ২ দুই প্রহরের পর অত্র জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি ১৮৬৮। তাং ১৭ জানুআরি।

কাএমীবন্দবস্তী।

৫১৯ নং পরগনে বন্দরখোলা চর নাছিরপুর নীলাম খরিদা তালুক গোপালকৃষ্ণ সাহা সদর জমা .. .. ১০৫৭।।৶০

রোড ফণ্ড ... ১০।৶০

১০৬৮।০

G. S. PARK,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযাই ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৮ সনের ২৮ ফেব্রুআরি মোং ১২৭৪। ১৭ ফাল্গুণ রোজ শুক্রবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নম্বর। মৌজে উড়িয়াপাড়া ওগয়রহ পরগনে রাজনগর লিখিত মালিক জয়নুল্যা চৌধুরী সালিয়ানা সদর জমা ৪৬২৫।১১ পাই।

টৈঃ বাকি রাজস্ব।

১১০ নম্বর। মৌজে তেবরা ওগয়রহ পরগনে সালবাড়ি লিখিত মালিক সরিয়উল্যা চৌধুরী ও বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সবকউল্যা চৌধুরী সালিয়ানা সদরজমা

টৈঃ। মহারাণী শ্যামমোহিনীর ১৮৫৯। ১০ আইনের ডিক্রীর দেনা ৭৪১১৶৩ পাই আদায় জন্য বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সাবাকউল্যা চৌধুরী রেজেষ্টরি মালীকের স্বত্ব মধ্যে মজিদুল্যা দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা গেল।

W. R. Larminie,
Offg. Collector.

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৬৮ সালের ২০ ফিব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সাল ৯ ফাল্গুণ রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজরে নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬৮ সাল তারিখ ৩ ফিব্রুআরি মোতাবেক সন ১২৭৪ সাল তারিখ ২১ মাঘ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৮৫ নং কিঃ পঃ মাগুরা কিঃ আবগাছীযা ওঃ লিখিত মালিক দুর্গাচরণ মুখোপাধ্যায় সদর জমা কোং ১৮৪৸৴৭

দ্বিতীয় শ্রেণী গয়ের বন্দবস্তী হওয়া মহাল।

২২০৮ নং ১৬৫ নং লাটের মধ্যগত শুন্দরবন খাষ রবজান নগর লিখিত মালিক তারাশঙ্কর রায় চৌধুরী ওঃ সদর জমা কোং বায় রোড কণ্ড ... ... ১৫০৬।৷৴০

J. S. Carstairs,
Deputy Collector in Charge.

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহার দ্বারার সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ দফার বিধানমতে জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ সালের ১২ জানুআরি বন্দের দিন থাকায় ১৩ জানুআরি সূর্য্যাস্তের দিবস প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আক্টঅনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ সালের ৫ মার্চ বাঙ্গলা সন ১২৭৪ সালের ২৩ ফাল্গুণ আমলী সন ১২৭৫ সালের ২৪ ফাল্গুণ বৃহস্পতিবার দিবস অত্র কাছারিতে বিনা আপত্তে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৮। ৮ ফেব্রুআরি।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং তৌজী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	মন্তব্য।
১৮৪১	পং সরজ মঃ নন্দবাড়	নরহরি বসু বিন্দাবন মাইতি	৬৬৭।৷৴১১	লেণ্ড রেবনু এবং পুলবন্দী বাকী আদায় কারণ নীলাম হইবেক।

T. H. H. Shortt,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণ মহোদয়দিগের জ্ঞাপনার্থে এই বিজ্ঞাপনি দেওয়া যাইতেছে যে।

জেলা ঢাকার অধীন সাকীন বালিয়াটী নিবাসী আমি জগন্নাথ রায় চৌধুরী এই বিজ্ঞাপনি দ্বারায় প্রকাশ করিতেছি যে জেলা ময়মনসিংহের অধীন থানে পাকুল্যার মোতালক মোকাম পোটকামরি নিবাসী শ্রীযুক্ত দ্বারকানাথ সান্ন্যাল ও শ্রীযুক্ত হৃদয়নাথ সান্ন্যাল দ্বয়কে এপক্ষের পক্ষে আমমোক্তারনামা দ্বারায় নিযুক্ত করা হইয়াছিল ১৮৬৭ ইং মোতাবেক ১২৭৪ সালের বৈশাখ মাসে উক্ত ব্যক্তিদ্বয়কে আমার দত্ত আমমোক্তারনামা হইতে বরখাস্ত করা হইয়াছে অতএব উক্ত ব্যক্তিদ্বয় আমমোক্তারনামার শত্তানুসারে যে কোন কার্য্য আমার পক্ষে করিবেক তাহা আমলে আসিবেক না নিবেদন ইতি সন ১২৭৪ সাল ৬ ফাল্গুণ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১৮ ফেব্রুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এক যে বার্ল্মো সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 25, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৫ ফেব্রুআরি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 15th February 1868, and was referred to a Select Committee, who are to report thereon after the 19th of March next:—

A Bill to make further provision for the survey of Steam Vessels plying within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to make further provision for the survey by competent Surveyors of steam vessels plying on the rivers or waters within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal: It is enacted as follows:—

[Steam vessels to be liable to survey.]

I. All steam vessels plying on any of the rivers or waters within the Provinces subject to the Lieutenant-Governor of Bengal, except steam vessels which may ply between Calcutta and some port not in British India, shall be liable to be surveyed twice in every year in the manner prescribed in Act V of 1862, passed by the Lieutenant-Governor of Bengal in Council, entitled an Act

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ১৫ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি মার্চ মাসের ১৯ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের মধ্যে যে সকল ষ্টীমর গমনাগমন করিয়া থাকে তাহার অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নদীতে কি জলে যেং ষ্টীমর গমনাগমন করে উপযুক্ত সরবেয়রদের দ্বারা সেই সকল ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিবার অধিক বিধান করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[যেং ষ্টীমরে[illegible] অবস্থানুসন্ধান করিতে হইবে তন্নির্ণয়ের কথা।]

১ ধারা। কলিকাতা এবং ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরের মধ্যে যেং ষ্টীমর যাতায়াত করিয়া থাকে তদ্ভিন্ন যে সকল ষ্টীমর বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কোন নদীতে কি জলে গমনাগমন করে, "কলিকাতা বন্দরে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান নিরূপিত সময়েং লওনের বিধান করণার্থ আইন" নামে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর

to provide for the periodical survey of Steam Vessels in the Port of Calcutta.

[Power to appoint ports of survey.]

II. It shall be lawful for the Lieutenant-Governor, by an order to be published in the *Calcutta Gazette*, to appoint any ports or places in the Provinces subject to his Government to be ports of survey for the purposes of the said Act V of 1862, and of this Act.

[Other ports of survey added to Calcutta in former Act.]

III. In Sections 3, 5, 6, and 7 of the said Act V of 1862, the words "or any other port of survey" shall be deemed and taken to be inserted therein after the word "Calcutta" wherever the said word may occur in the said Sections, and from and after the passing of this Act the said Sections shall be read and construed as if the said words had been so inserted.

[Absence from and arrival at port of survey to be substituted for absence from and return to Calcutta.]

IV. In Section 12 of the said Act V of 1862, the words "shall not be in any port of survey" shall be substituted for the words "is absent from the port of Calcutta"; and the words "arrival at some port of survey" shall be substituted for the words "return to the port of Calcutta"; and the said Section shall from and after passing of this Act be read and construed as if the said words so to be substituted had been originally inserted in the said Act, instead of the said words for which they are so to be substituted.

[Construction of Act.]

V. This Act shall be read together with, and as part of the said Act V of 1862.

[Repeal of Clause.]

VI. Section 1 of the said Act V of 1862 shall stand repealed.

[Short title.]

VII. In citing this Act it shall be sufficient to use the expression "the Steam Boat Survey Amendment Act 1868."

STATEMENT OF OBJECTS AND REASONS.

As Act V of 1862 of the Bengal Council has not made provision for the compulsory survey of steam vessels in any port except Calcutta, and the same reasons which make it advisable to have surveys of steam vessels which trade from Calcutta, apply with equal force to steam vessels which never come into that port, the present Bill is intended to

সাহেবের প্রচলিত ১৮৬২ সালের ৫ আইনেতে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে, তদ্রূপে বৎসরে দুইবার সেই সকল ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যাইবে ইতি।

[অবস্থার অনুসন্ধানার্থ বন্দর নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞা প্রচার করিয়া ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ও এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে স্বীয় শাসিত দেশের মধ্যে অবস্থানুসন্ধানের বন্দরস্বরূপ কোন২ বন্দর কি স্থান নিরূপণ করিতে পারিবেন ইতি।

[পুর্ব্ব আইনে "কলিকাতা" বন্দর দেওয়া গিয়াছিল। ঐ কথার পর "অন্য২ বন্দর" দিবার কথা।]

৩ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ৩, ৫, ৬, ও ৭ ধারার মধ্যে যে স্থলে "কলিকাতা" শব্দ আছে তাহার অব্যবহিত পরেই "ও অবস্থানুসন্ধানের অন্য কোন বন্দর" এই কথা যেন প্রয়োগ হইল এমত জ্ঞান ও বোধ করিতে হইবে। এই আইন প্রচলিত হইবার সময়াবধি যেন সেই কথা উক্ত ধারার মধ্যে আছে এমতে ঐ ধারা পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

[কলিকাতা বন্দরে না থাকা ও কলিকাতায় প্রত্যাগমন করা এই২ কথার পরিবর্ত্তে "অবস্থানুসন্ধানের বন্দরে না থাকা ও তথায় প্রত্যাগমন করা" পাঠ্য হইবার কথা।]

৪ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ১২ ধারার মধ্যে "কলিকাতা বন্দরে না থাকে" এই কথার স্থানে "অবস্থানুসন্ধানের কোন বন্দরে না থাকে" এই কথা পাঠ করিতে হইবে। এবং "কলিকাতা বন্দরে প্রত্যাগমনের পর" এই কথার স্থলে "অবস্থানুসন্ধানের কোন বন্দরে পঁহুছিবার পর" এই কথা পাঠ করিতে হইবে, এবং উক্ত আইনের মধ্যে পূর্ব্বোক্ত কথার স্থলে শেষোক্ত কথা যেন আদৌ মুদ্রিত হইয়াছে এই আইন প্রচলিত হইবার কালাবধি উক্ত ধারা এমতে পাঠ করিতে হইবে ইতি।

[আইনের অর্থনির্ণয়ের কথা।]

৫ ধারা। এই আইন ১৮৬২ সালের উক্ত ৫ আইনের সহিত ও তাহার অংশ বলিয়া পাঠ করিতে হইবে ইতি।

[ধারা রহিত করিবার কথা।]

৬ ধারা। ১৮৬২ সালের উক্ত ৫ আইনের ১ ধারা রহিত হইল ইতি।

[সংক্ষেপ নামের কথা।]

৭ ধারা। এই আইনের উল্লেখ হইলে "ষ্টীমরের অবস্থানুসন্ধানার্থ ১৮৬৮ সালের সংশোধিত আইন" বলিলে এই আইন বুঝা যাইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬২ সালের ৫ আইনেতে কলিকাতাভিন্ন কোন বন্দরে ষ্টীমরের অবস্থার যে অবশ্য অনুসন্ধান করিতে হইবে এমত বিধান হয় নাই। কিন্তু যে সকল ষ্টীমর কলিকাতা বন্দরে ব্যবসায়াদি করে, যে কারণে তাহার অবস্থানুসন্ধান বিহিত হয়, ঐ বন্দরে যে ষ্টীমর কখন না আইসে তাহারও সেই কারণে অবস্থানুসন্ধান করা বিধেয়। এহেতুক উক্ত দোষ খণ্ডন

remedy this defect and to make the survey of steam vessels, which come into any port appointed as a port of survey by the Lieutenant-Governor, compulsory.

V. H. SCHALCH.

The 18th January 1868.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal, (Legislative Department.)

করা, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবস্থানুসন্ধানের বন্দর বলিয়া যে কোন বন্দর নিরূপণ করেন সেই বন্দরে আগত ষ্টীমরের অবস্থার অনুসন্ধান অবশ্যকর্ত্তব্য করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

বি এচ শক।

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

জে পিট, কেনেডী,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

RULE.

(Civil Side.)

UNDER the provisions of Section 46 of Act XX. of 1865, (the Pleaders' and Mookteârs' Act) Attorneys, whose names are on the roll of the High Court, are privileged as such to practise in all Courts other than the High Court and in the Revenue Offices. Such privilege exists only so long as an Attorney's name is on the roll of the High Court; and, in all cases in which for any cause the name of an Attorney has been or shall be struck off from the roll of Attorneys, the privilege aforesaid will *ipso facto* cease and determine as far as such Attorney is concerned.

2. In all cases in which an Attorney who has been admitted as a Vakeel of the High Court, has been or shall be struck off the roll of Attorneys, his name shall also be struck off the roll of Vakeels.

3. In all cases in which an Attorney has been or shall be struck off the roll of Attorneys, a Notification of the fact shall be sent by the Registrar of the High Court, on the Original side, to the Registrar on the Appellate side of the Court, to the Board of Revenue, and to all Courts subordinate to the High Court.

By Order of the High Court,

(Sd.) C. D. FIELD,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

বিধি।

দেওয়ানী পক্ষ।

হাই কোর্টের ফর্দ্দে টর্ণী বলিয়া যে ব্যক্তির নাম লেখা যায় তিনি প্লীডর ও মোখ্তার বিষয়ক ১৮৬৫ সালের ২০ আইনের ৪৬ ধারামতে হাই কোর্টভিন্ন অন্য সকল আদালতে ও রাজস্ব সম্পার্কীয় সকল কার্য্যালয়ে ওকালতী করিতে অনুমতি পাইবেন। হাই কোর্টের ফর্দ্দে যত কাল টর্ণী বলিয়া নাম লেখা থাকে তত কাল ঐ রূপে কর্ম্ম করিতে পারিবেন। যদি কোন কারণে টর্ণীর নামের ফর্দ্দ হইতে নাম কাটিয়া দেওয়া গিয়া থাকে তবে সেই নাম কাটিয়া দিবামাত্রেই টর্ণীস্বরূপ কর্ম্মকরণের পূর্ব্বোক্ত অনুমতি রহিত হইবে।

২। কোন টর্ণী হাই কোর্টের উকীলরূপে গ্রাহ্য হইলে যদি টর্ণীর ফর্দ্দহইতে তাঁহার নাম কাটিয়া দেওয়া গিয়া থাকে, তবে উকীলের নামের ফর্দ্দহইতেও তাঁহার নাম কাটিয়া দেওয়া যাইবে।

৩। যদি টর্ণীর নামের ফর্দ্দহইতে কোন ব্যক্তির নাম কাটিয়া দেওয়াগিয়া থাকে, তবে প্রথম স্থলীয় বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব আপীলী বিভাগের রেজিষ্ট্রারের ও রেবিনিউ বোর্ডের ও হাই কোর্টের অধীন সকল আদালতে উক্ত বিষয়ের বিজ্ঞাপন প্রেরণ করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

সি, ডি ফীল্ড,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette, 25th February* 1868.]

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION.

Fort William, the 10*th February* 1868.

No. 1120.

Under the provisions of Section 2 of Act XVIII of 1865, the Governor General in Council is pleased to sanction the exemption from stamp duty of the petitions and applications mentioned in Article 10 of Schedule B of Act XXVI of 1867, and containing complaints of any offence other than an offence for which Police Officers may arrest without warrant, as specified in column 3 of the Schedule annexed to the Code of Criminal Procedure, when such petitions or applications are presented to any Criminal Court by Government Officers in their public capacity.

E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২০ ফেব্রুআরি।

১১২০ নম্বর।

১৮৬৫ সালের ১৮ আইনের ২ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই অনুমতি করিয়াছেন। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্টমতে যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাবিনা গ্রেফ্তার করিতে পারেন, যদি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক আপনার পদসংক্রান্ত কর্ম্মসম্পর্কে সেই অপরাধভিন্ন কোন অপরাধের অভিযোগ লিখিয়া ১৮৬৭ সালের ২৬ আইনের B চিহ্নিত তফসীলের ১০ প্রকরণের নির্দ্দিষ্ট দরখাস্ত কি আরজী দেন, তবে তাহার ইষ্টাম্প লাগিবে না।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 594.

APPOINTMENTS.

The 24*th January* 1868.

Dr. D. B. Smith to be Sanitary Inspector-General for Bengal.

The 11*th February* 1868.

Mr. T. J. C. Grant to officiate, until further orders, as Magistrate and Collector of Gya, from the date on which he may relieve Mr. J. S. Drummond.

The 12*th February* 1868.

Mr. J. G. Charles, Assistant Magistrate and Collector, Tirhoot, to have charge of the Sub-Division of Seetamurhee.

Mr. H. Thompson to officiate temporarily as Collector of Customs and Conservator of the Port of Chittagong.

The 13*th February* 1868.

Dr. H. M. Davis to be Secretary to the Local Committee of Public Instruction at Pubna.

Mr. W. B. Livingstone to officiate as a Professor in the Dacca College, during the absence, on leave, of Mr. G. Bellett, or until further orders.

The 14*th February* 1868.

Mr. R. Sinclair to officiate temporarily as Special Sub-Registrar of Assurances of the Sub-District of Barasut.

The 15*th February* 1868.

Dr. J. Dinwiddie to be Medical Officer of Shillong.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৫৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

ডাক্তর শ্রীযুত ডি, বি, স্মিথ সাহেব বঙ্গদেশের স্বাস্থ্য রক্ষার ইনিস্পেক্টর জেনরল হইবেন।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত টি, জে, সি, গ্রাণ্ট সাহেব শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেবকে অবকাশ দানের তারিখ অবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

ত্রিহুতের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব সীতামারী শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত এচ তামসন সাহেব কিয়ৎকালের নিমিত্তে চট্টগ্রাম বন্দরের কষ্টমের কালেক্টরের ও বন্দর রক্ষকের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১৩ ফেব্রুআরি।

ডাক্তর শ্রীযুত এচ এম ডেবিস্ সাহেব পাবনার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত জি বেলেট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ, বি, লিবিংষ্টোন্ সাহেব ঢাকা কালেজের অধ্যাপকের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১৪ ফেব্রুআরি।

শ্রীযুত আর্ সিন্‌ক্লের সাহেব কিয়ৎকালের নিমিত্তে বারাসৎ সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাস ১৫ ফেব্রুআরি।

ডাক্তর শ্রীযুত জে ডিন্‌উইডী সাহেব শিলঙ্গের চিকিৎসক হইবেন।

The 18th February 1868.

The following promotions of Assistant Superintendents of Police are sanctioned, with effect from the 6th ultimo :—

From the Second to the First Grade.

Mr. A. C. Bolst.
,, W. Cornish.
,, E. A. Vines.
,, J. S. Larminie.
,, W. B. Maxwell.

From the Third to the Second Grade.

Mr. H. G. Renny.
,, C. D. McSweeney.
,, W. B. Savi.
,, G. K. Meares.
,, K. G. Burne.
,, T. G. Charles.

LEAVE OF ABSENCE.

The 12th February 1868.

Mr. H. Davies, Deputy Magistrate and Deputy Collector of Seetamurhee, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

Mr. G. C. Kilby, Officiating Collector of Customs and Conservator of the Port of Chittagong, for one year, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, together with ten days' preparatory leave from the 25th instant.

The 13th February 1868.

Mr. W. B. Mackenzie, Assistant Superintendent of Police, Gya, for three weeks, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him on the 9th December last.

Mr. G. Bellett, Professor, Dacca College, for six weeks, from the 15th ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Lieutenant-Colonel H. S. Bivar, Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills, is allowed leave of absence for forty-eight days, preparatory to proceeding to Europe on furlough, in lieu of the privilege leave which was allowed to him under orders of the 20th ultimo.

The 18th February 1868.

Moulavy Mohiooddeen, Sudder Ameen of Tirhoot and Moonsiff of the Sudder Station of that District, for fifteen days, from the 24th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

In supersession of the leave granted to Mr. E. O. White, Assistant Superintendent of Police, Jessore, under orders of the 2nd January 1866,

১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

পোলীসের নিম্নলিখিত আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবদিগের উচ্চ পদভুক্ত হওয়া অনুমোদিত হইয়াছে। তাহা গত মাসের ৬ তারিখ অবধি প্রবল হইবে।

দ্বিতীয় শ্রেণীহইতে প্রথম শ্রেণীতে,

শ্রীযুত এ সি বোলষ্ট সাহেব।
,, ডবলিউ কর্নিস সাহেব।
,, ই, এ, বাইন্স সাহেব।
,, জে, এস, লার্ম্মিনি সাহেব।
,, ডবলিউ বি মাক্সওয়েল সাহেব।

তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীতে,

শ্রীযুত এচ, জি, রেণি সাহেব।
,, সি, ডি, মাক্সুইনী সাহেব।
,, ডবলিউ, বি, সাবি সাহেব।
,, জি, কে, মিয়র্স সাহেব।
,, কে জি বর্ণ সাহেব।
,, টি জি চার্লস সাহেব।

ছুটী।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

সীতামারির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডেবিস্ সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রাম বন্দরের কষ্টমের একটিং কালেক্টর ও বন্দর রক্ষক শ্রীযুত জি সি কিলি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক বৎসরের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২৫ তারিখ অবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৩ ফেব্রুআরি।

গয়ার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ বি মাকেঞ্জি সাহেব গত ডিসেম্বর মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ঢাকা কালেজের অধ্যাপক শ্রীযুত জি বেলেট্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১৫ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

কাশীয়া ও জয়ন্তীপর্ব্বতের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ এস বিবার সাহেব গত মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তৎপরিবর্ত্তে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আটচল্লিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

ত্রিহুতের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ শ্রীযুত মৌলবী মহীউদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ২৪ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ই, ও, ওয়াইট্ সাহেব ১৮৬৬ সালের জানুআরি মাসের ২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা

he is allowed ten days' leave without pay, with retrospective effect, from the 4th idem, and six months' further leave under paragraph 12, Clause 1, of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of it.

NOTIFICATIONS.

The 11th February 1868.

The services of Third Grade Sub-Assistant Surgeon Neem Chand Goopto are placed at the disposal of the Chief Commissioner of Oude.

The leave granted to Dr. J. M. Cameron, Civil Assistant Surgeon of Monghyr, under orders of the 20th ultimo, is cancelled at his own request.

The 12th February 1868.

Baboo Gocool Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, having returned to his duties on the 14th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 21st December last, is cancelled.

NOTIFICATIONS.

The 11th February 1868.

With the sanction of the Government of India, the Lieutenant-Governor is pleased to publish, for general information, the following addition to Rule 26 of the Revised Code of Rules for the Port of Calcutta, notified at pages 1034-6 of the *Calcutta Gazette* of the 12th June 1867 :—

Ships about to leave the Port may, however, after they have left their moorings, and dropped down to Garden Reach, be allowed to send their top gallant masts and yard aloft, twenty-four hours before they leave Port.

The 11th February 1868.

With reference to the conditions published in the Supplement to the *Calcutta Gazette*, dated 25th September 1867, relative to the Scholarships to be instituted by the Gilchrist Educational Trust for the benefit of the Natives of this country, it is hereby notified that, as the arrangements connected with the Gilchrist Scholarship Examination have not yet been finally settled by the Trustees, no examination will be held this year.

রহিত করিয়া গত কাল সম্পর্কে ঐ মাসের ৪ তারিখ অবধি বিনা বেতনে দশ দিনের ছুটী পাইয়াছেন, এবং তিনি যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে আর ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নিমচাঁদ গুপ্ত অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, এম, কেমিরন্ সাহেব গত মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোকুলচন্দ্র রায় গত মাসের ১৪ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ডিসেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

কলিকাতা বন্দরসম্পর্কে যে সংশোধিত বিধিশ্রেণী ১৮৬৭ সালের জুন মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৬৯৮—৭০৫ পৃষ্ঠায় প্রকাশ করা যায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহার ২৬ বিধিতে নিম্নলিখিত কথা যোগ করিয়া তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করিতেছেন।

কিন্তু বন্দর ছাড়িয়া গমনোদ্যত সকল জাহাজ লঙ্গর তুলিয়া মুচিখোলায় গেলে পর, বন্দরহইতে গমনের ২৪ ঘণ্টা পূর্ব্বে সবরডোল ও তিরকট তুলিয়া রাখিতে পারিবে।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের কলিকাতা গেজেটের ক্রোড় পত্রে এদেশীয় লোকদের উপকারার্থে গিলক্রিষ্ট এডুকেশনল ট্রষ্টজন্য ছাত্রবৃত্তি সম্পর্কীয় যে নিয়ম করা যাইবে তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে, ট্রষ্টিদের দ্বারা গিলক্রিষ্ট ছাত্রবৃত্তির পরীক্ষার নিয়ম এপর্য্যন্ত দৃঢ়মতে ধার্য্য না হওয়াতে এবৎসর পরীক্ষা হইবে না।

The following Orders issued by the Government of India, in the Home Department, are re-published for general information:—

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিম্নলিখিত আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

Public.

পবলিক।

The 11th February 1868.

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

No. 660.

৬৬০ নম্বর।

Mr. H. Beveridge, B. C. S., having obtained a Degree of Honor in the Bengali language, has been presented with the authorized donation of Rupees 2,000.

বঙ্গদেশের সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এচ বেবরিজ সাহেব বঙ্গভাষায় সম্ভ্রমসূচক উপাধি প্রাপ্ত হওয়াতে নিয়মিত ২০০০৲ সহস্র টাকা পুরস্কার প্রাপ্ত হইয়াছেন।

Ecclesiastical.

ইক্লিসিয়ষ্টিকল।

The 11th February 1868.

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

No. 90.

৯০ নম্বর।

His Excellency the Governor General in Council is pleased to appoint the under-mentioned gentlemen to be Fellows of the University of Calcutta, *viz.*:—

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিম্নলিখিত মহাশয়গণকে কলিকাতার বিশ্ব বিদ্যালয়ের পারিশদের পদে নিযুক্ত করিলেন।

The Hon'ble C. P. Hobhouse.
,, Dwarka Nath Mittra.
,, J. Skinner.
Colonel H. E. L. Thuillier.
Sir R. Temple, K. C. S. I.
Colonel J. E. Gastrell.
Charles Palmer, Esquire, M. D.
The Most Revd. Walter Steins, D. D., Vicar Apostolic.
The Revd. T. B. Skelton.
,, Dr. Murray Mitchell.
,, J. P. Ashton.
J. A. Aldis, Esquire.
J. Sime, Esquire, B. A.
Baboo Unnookool Chunder Mookerjea.
W. K. Waller, Esquire, M. D.

মান্যবর শ্রীযুত সি পি হবহৌস সাহেব।
,, ,, বাবু দ্বারকানাথ মিত্র।
,, ,, জে স্কিনর সাহেব।
কর্ণেল শ্রীযুত এচ ই এল থুয়িলিয়র সাহেব।
স্যর শ্রীযুত আর টেম্পল সাহেব কে, সি, এস, আই।
কর্ণেল শ্রীযুত জে ই গাষ্ট্রেল সাহেব।
শ্রীযুত চার্লস পামর, সাহেব এম, ডি,
মান্যবর শ্রীযুত ওয়ালটর ষ্টীনস সাহেব ডি ডি বিকর আপস্টলিক।
পাদরী শ্রীযুত টি, বি, স্কেলটন সাহেব।
ডাক্তর শ্রীযুত মরি মিচেল সাহেব।
,, ,, জে পি আষ্টন সাহেব।
শ্রীযুত জে, এ, আলডিস সাহেব।
,, জে সাইম সাহেব বি, এ,
,, বাবু অনুকুলচন্দ্র মুখোপাধ্যায়।
,, ডবলিউ, কে, ওয়ালর সাহেব এম, ডি,।

NOTIFICATION.

বিজ্ঞাপন।

The 18th February 1868.

১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

With the sanction of the Governor General of India in Council, the Lieutenant-Governor is pleased to constitute a Court of Small Causes, under Act XI. of 1865, at Mootiharee, in the District of Chumparun. The jurisdiction of the Court shall be conterminous with that of the Magistrate of Chumparun.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারিতে ১৮৬৫ সালের ১১ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপন করিলেন। চাম্পারণের মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের যে সীমা উক্ত আদালতের সেই সীমা হইবে।

[*Government Gazette, 25th February* 1868.]

DECLARATION.

The 11th February 1868.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land in the Town of Pooree is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for acquiring the land occupied by the Pooree Jail and Jail Garden, it is hereby declared that, for the above purpose, the following land is in the Town of Pooree required, *viz.*, a plot of land bounded on the East by the Koombarpara old road; on the North by the path skirting the Jail up to the gate of the Jail Garden, and thence by the fence of the Jail Garden; on the West by the fence of the Jail Garden; on the South by the fence of the Jail Garden and the path skirting the South side of the Jail.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরীর জেলের ও জেল বাগানের ভূমি অধিকার করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে পুরীনগরে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরীনগরে নিম্নলিখিত সীমাযুক্ত উক্ত ভূমির প্রয়োজন, অর্থাৎ পূর্ব্ব সীমা কুমারপাড়ার পুরাতন পথ, উত্তর সীমা জেলের ধারে২ জেলবাগানের ফাটক পর্য্যন্ত ও তথাহইতে জেলবাগানের বেড়াপর্য্যন্ত পথ, পশ্চিম সীমা জেলবাগানের বেড়া, দক্ষিণ সীমা জেলবাগানের বেড়া ও জেলের দক্ষিণ দিগের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

DECLARATION UNDER ACT VI. OF 1857.

The 12th February 1868.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense, for a public purpose, *viz.*, for enlarging the Jail Garden at Sylhet, it is hereby declared that, for the above purpose, a strip of land, measuring as below, is required, situated on the North of the Jail in the Town of Sylhet.

A plot of land, with an area of about 7½ beegahs, bounded on the North by the lands of Ram Hurry, Dullalram, Jugul Kishore, Brojo Nath Doss, and Jadubram Surmah; on the South by the lands occupied by the Jail Garden; on the East by the Dhoopee Tank; on the West by the lands of Jadubram Surma, Hassan Newaz, Abdool Ruheman, and Abdool Ruzzah.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শ্রীহট্টের জেলের বাগান বাড়াইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শ্রীহট্ট নগরের জেলের উত্তরদিগে স্থিত নিম্নলিখিত পরিমাণের ভূমির প্রয়োজন।

কালিতে ৭।।০ বিঘা এক খণ্ড ভূমির উত্তর সীমা রামহরি, দুলালরাম, যুগলকিশোর ও ব্রজনাথ দাসের এবং যাদবরাম শর্ম্মার ভূমি, দক্ষিণ সীমা জেলবাগানের ভূমি, পূর্ব্ব সীমা ধোপা পুষ্করিণী, পশ্চিম সীমা যাদবরাম শর্ম্মার ও হাসান নেওয়াজের ও আবদুল রহমানের ও আবদুল রজ্জার ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৫ ফেব্রুআরি।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

বিক্রী নেমকের মাস্তাবারি হিসাব সন ১৮৬৮ সাল ৩১ জানুআরি।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	৪,৮৩৩/	০	৩৮৫৲
ঐ ঐ কৃষ্ণনগর ...	৭০,০৬৭/	০	
ঐ ঐ রামনগর ...	১,২০,৭০৫/	০	
ঐ ঐ কালীনগর ...	১৭,৬৯৯/	০	
ঐ ঐ পুরীঘাট্টা ...	১৮,৭৮৪/	০	
একুন।	২,৩২,০৮৮/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ...	০	৯৪,৫০৫/	৩৬৫৲
ঐ ঐ সিন্ধু ...	০	৩,৪৬,৭০২/	৩৭৫৲
একুন।	০	৪,৪১,২০৭/	
পুরী।			
পাঙ্গা নেমক ...	১,৪০,১৮৫/	০	৩৮৫৲
করকচ নেমক ...	০	৪,০৯,৮৩৮/	৩৪০৲
একুন।	১,৪০,১৮৫/	৪,০৯,৮৩৮/	
মোট একুন ...	৩,৭২,২৭৩/	৮,৫১,০৪৫/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরিখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৮ সাল ২১ ফেব্রুআরি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের নিম্নলিখিত মহাল ১৮৬৮ সালের ১২ জানুআরির তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে ১৮৬৮ সালের ২০ মার্চ মোং ১২৭৪ সালের ৮ চৈত্র রোজ শুক্রবার দিবা ২ দুই প্রহরের পর অত্র জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি ১৮৬৮। তাং ১৭ জানুআরি।

কাএমীবন্দবস্তী।

২১৯ নং পরগনে বন্দরখোলা চর নাছিরপুর নীলাম খরিদা তালুক গোপালকৃষ্ণ সাহা সদর জমা .. .. ১০৫৭॥৶০

রোড ফণ্ড ... ১০।৶০

১০৬৮।০

G. S. Park,
Offg. Collector.

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারি কালেক্‌টরি জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযাই ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৮ সনের ২৮ ফেব্রুআরি মোং ১২৭৪। ১৭ ফাল্গুণ রোজ শুক্রবার এই জেলার কালেক্‌টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নম্বর। মৌজে উড়িয়াপাড়া ওগয়রহ পরগনে রাজনগর লিখিত মালিক জয়দুল্যা চৌধুরী সালিয়ানা সদর জমা ৪৬২৫।১১ পাই।

টৈকঃ বাকি রাজস্ব।

১১০ নম্বর। মৌজে তেঘরা ওগয়রহ পরগনে সালবাড়ি লিখিত মালিক সরিয়উল্যা চৌধুরী ও বিবি পাতালী মাদরে জয়দুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সবকউল্যা চৌধুরী সালিয়ানা সদরজমা

টৈকঃ। মহারাণী শ্যামমোহিনীর ১৮৫৯। ১০ আইনের ডিক্রীর দেনা ৭৪১১৶৩ পাই আদায় জন্য বিবি পাতালী মাদরে জয়দুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে মজিদুল্যা ও সাবাকউল্যা চৌধুরী রেজেষ্টরি মালীকের স্বত্ত্ব মধ্যে মজিদুল্যা দেনদারের যে স্বত্ত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা গেল।

W. R. Larminie,
Offg. Collector.

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ দফার বিধানমতে জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ সালের ১২ জানুআরি বন্দের দিন প্রায় ১৩ জানু-আরি সূর্য্যাস্তের দিবস প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও [illegible]সারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ সালের ৫ মার্চ [illegible] সন ১২৭৪ সালের ২৩ ফাল্গুণ আমলী সন ১২৭৫ সালের ২৪ ফাল্গুণ বৃহস্পতিবার দিবস অত্র কাছারিতে বিনা আপত্তে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৮। ৮ ফেব্রুআরি।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নং তৌজী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	মন্তব্য।
১৮৪১	পং সরঙ্গ ম: নন্দবাড়	নরহরি বসু বিন্দাবন মাইতি	৬৬৭॥৶১১	লেণ্ড রেবন্যু এবং পুল-বন্দী বাকী আদায় কারণ নীলাম হইবেক।

T. H. H. Shortt,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৫ ফেব্রুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এক জে বার্ণো সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 3, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৩ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 21st February 1868, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a month :—

No. 7 OF 1868.

A Bill to provide for the collection of fees by means of stamps in the High Courts at the Presidency Towns.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to the collection of fees in the High Courts of Judicature at Fort William in Bengal, Madras, and Bombay ; It is hereby enacted as follows :—

[Short title.]

1. This Act may be called " The High Court Fees' Act 1868."

[Repeal of Act XX of 1862, sections 1, 3 and 4.]

2. Sections one, three and four of Act No. XX of 1862, *(to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal ; and to suspend the operation of certain sections of Act VIII of* 1859 *in the said High Court)* are hereby repealed.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক সভা।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ২১ তারিখে পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। এক মাসের পর তাহাদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮৬৮ সালের ৭ নম্বর।

ভিন্ন২ রাজধানীর হাই কোর্টে ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ফী আদায় করিবার যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন " ১৮৬৮ সালের হাই কোর্টের রসুমের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[১৮৬২ সালের ২০ আইনের ১, ৩, ৪ ধারা রহিত হইবার কথা।]

২ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধান করিবার ও উক্ত হাই কোর্টে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন নামক ১৮৬২ সালের ২০ আইনের প্রথম ও তৃতীয় চতুর্থ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[Fees to be collected by stamps.]

3. All fees for the time being chargeable in the High Courts of Judicature at Fort William in Bengal, Madras, and Bombay, and their several offices, shall be collectd by stamps from such date, in the said High Court of Judicature at Fort William, as the Governor General of India in Council shall notify in the *Gazette of India*, and from such date, in each of the said other High Courts, as the Local Government shall notify in the local official *Gazette*.

[Stamps to be impressed or adhesive.]

4. All or any stamps to be used under this Act shall be impressed or adhesive as the Local Government may from time to time direct.

[General Rules to be made by Local Government.]

5. The Local Government, with the concurrence of the Chief Justice of the High Court, may, from time to time, make rules for regulating the use of stamps under this Act, and particularly for prescribing the application thereof to documents from time to time in use or required to be used for the purposes of such stamps, and for insuring the proper cancellation of adhesive stamps, and keeping accounts of all stamps used in the High Court under this Act.

[Documents not properly stamped to be invalid.]

6. No document which ought to bear a stamp under this Act shall be of any validity unless and until it is properly stamped; but if any such document is, through mistake or inadvertence, received, filed or used, without being properly stamped, a Judge of the High Court may, if he thinks fit, order that the same be stamped as in such order may be directed, and on such document being stamped accordingly, the same and every proceeding relative thereto shall be as valid as if it had been properly stamped in the first instance.

[Saving of fees allowed to sheriff, &c.]

7. Nothing in this Act shall apply to the fees allowed to the sheriff, attorneys, or any clerk or officer of the High Court, who shall be paid by fees instead of by a fixed salary, or to the fees, if any, which such sheriff, attorneys, clerk or officer shall be allowed to receive in addition to any fixed salary.

[ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও তদধীন নানা কার্য্যালয়ে যে সময়ে যে ফী কি রসুম প্রাপ্য হয় তাহা ইষ্টাম্পদ্বারা আদায় করা যাইবে। এই নিয়ম যে তারিখ অবধি ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে চলিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই তারিখ ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবেন। এবং উক্ত অন্যং হাই কোর্টে যে তারিখ অবধি চলিবে, স্থানীয় গবর্ণমেণ্ট স্বং স্থানের রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করিবেন ইতি।

[ইষ্টাম্প মুদ্রিত করিবার কিম্বা আটাল হইবার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে ইষ্টাম্পের ব্যবহার হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে সেই সকল কি তন্মধ্যে কোনং ইষ্টাম্প কাগজে মুদ্রিত করা যাইবে ও কোনং ইষ্টাম্প আটাল হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বিধি করিবার কথা।]

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে ইষ্টাম্প ব্যবহার করিবার বিধান নিরূপণের জন্যে বিধি করিবেন, বিশেষতঃ সময়েং যে দলীলে ইষ্টাম্পের ব্যবহার হয় কি করিবার আজ্ঞা হইবে তৎপ্রতি ঐ বিধি বর্ত্তাইবার জন্যে, এবং আটাল ইষ্টাম্প একবার ব্যবহার হইলে তাহার পুনশ্চ ব্যবহার হইতে না পারিবার এবং হাই কোর্টে এই আইনমতে যে সকল ইষ্টাম্পের ব্যবহার হয়, তাহার হিসাব রাখিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং হাই কোর্টে চীফ জষ্টিস সাহেবের অনুমোদনক্রমে বিধি করিবেন ইতি।

[দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলে তাহা অসিদ্ধ হইবার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে দলীলে ইষ্টাম্প দেওয়া উচিত তাহাতে যত কাল উপযুক্ত ইষ্টাম্প না দেওয়া যায় তত কাল তাহার ফল দর্শিবে না। কিন্তু তদ্রূপ কোন দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলেও যদি ভুল কি অমনোযোগক্রমে তাহা গৃহীত হইয়া কাগজপত্রের মধ্যে দেওয়া গিয়া কি ব্যবহার হইয়া থাকে তবে হাই কোর্টের জজ সাহেব উচিত বোধ করিলে তাহাতে স্বীয় অনুজ্ঞাক্রমে ইষ্টাম্প দিবার আজ্ঞা করিবেন, ঐ দলীল ও তৎসংক্রান্ত সমস্ত [illegible]াদৌ উপযুক্তমতে ইষ্টাম্প হইয়া যেমন সিদ্ধ হইত ঐ দলীলে তদ্রূপ ইষ্টাম্প দেওয়া গেলে তেমনি সিদ্ধ হইবে ইতি।

[শরিফপ্রভৃতির ফী রক্ষা করিবার কথা।]

৭ ধারা। শরিফ কি আটর্নী কিম্বা হাই কোর্টের যে কোন ক্লার্ক কি কর্ম্মকারক নির্দ্ধারিত বেতন ভিন্ন রসুমদ্বারা পারিশ্রমিক প্রাপ্ত হন, তিনি যে ফী কি রসুম পাইতে পারেন তৎপ্রতি, এবং ঐ শরিফ কি আটর্নী কি ক্লার্ক কি কর্ম্মকারক যদি নির্দ্ধারিত বেতনাতিরিক্ত ফী কি রসুম গ্রহণ করিবার অনুমতি পান তবে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩ মার্চ।]

[Procedure in case of difference as to necessity of imposing a stamp.]

8. If any difference arise between the officer whose duty it is to see that any stamp is affixed under this Act and any suitor or attorney, as to the necessity of imposing a stamp or the amount thereof, the question shall be referred to the Taxing Officer, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the Chief Justice of the High Court.

[Amendment of Stamped instrument.]

9. Where a stamped instrument is amended in order merely to correct a mistake and to make it confirm to the original intention of the parties, it shall not be necessary to impose a fresh stamp.

[Power to extend Act to Presidency Towns' Small Cause Courts.]

10. The Local Government may by notification in the official *Gazette* extend the provisions of sections three, four, five, six, eight and nine, *mutatis mutandis*, to the several Courts of Small Causes established in the towns of Calcutta, Madras and Bombay.

STATEMENT OF OBJECTS AND REASONS.

On the establishment of the High Courts of Judicature, it was enacted by Act XX of 1862 that Court fees and not stamp-duties should be chargeable in respect of proceedings in, and business coming before, the said Courts in the exercise of their ordinary original jurisdiction, and on appeal from their ordinary original civil jurisdiction. The system of collecting fees in money has been found practically inconvenient as it involves much uncertainty and delay in their realization, and, further, entails the necessity of keeping complicated accounts and subjecting them to audit and examination.

It is believed that this inconvenience will be obviated by the substitution of stamps for payments of fees in money; and the present Bill, which is modelled on the statute 28 Vic., c. 45, is intended to effect this substitution. The proposed change has of late years been generally adopted in England, and is no less suited to the High Courts of this country.

[*Government Gazette, 3rd March* 1868.]

[ইষ্টাম্প বসাইবার আবশ্যকতা বিষয়ে মতের অনৈক্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৮ ধারা। এই আইনমতে ইষ্টাম্প বসাইবার বিষয় যে কার্য্যকারকের দৃষ্টি করা উচিত, কোন দলীলে ইষ্টাম্প বসান আবশ্যক কি না এবং কত মূল্যের ইষ্টাম্প বসাইতে হইবে এই বিষয়ে যদি তাঁহার এবং কোন বাদির কি প্রতিবাদির কি আটর্নীর মধ্যে মতের অনৈক্য হইয়া থাকে, তবে সেই কথা টাক্সিং আফিসরের বিবেচনায় অর্পিত হইবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু উক্ত অর্পিত প্রশ্নের উত্তরে সাধারণের ফলাফল দর্শে তিনি এমত অনুভব করিলে হাই কোর্টের চিফ জষ্টিস সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সেই প্রশ্ন অর্পণ করিবেন ইতি।

[ইষ্টাম্পকরা দলীলের সংশোধনের কথা।]

৯ ধারা। যে দলীলে ইষ্টাম্প দেওয়া গেল যদি কেবল অশুদ্ধ কথা শুধরাইবার এবং উভয় পক্ষের মূল অভিপ্রায়ানুযায়ি করিবার নিমিত্তে তাহার সংশোধন করা যায়, তবে নূতন ইষ্টাম্প দেওয়ার আবশ্যক নাই ইতি।

[রাজধানীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা।]

১০ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে ক্ষুদ্র মোকদ্দমার যে২ আদালত সংস্থাপিত হইয়াছে, স্থানীয় গবর্ণমেন্ট প্রয়োজনমতে কথা পরিবর্ত্তন করিয়া রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক সেই২ আদালতে ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ ধারা বর্ত্তাইতে পারিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

যৎকালে হাই কোর্ট সংস্থাপিত হয় তৎকালে ১৮৬২ সালের ২২ আইনের এই বিধান হইয়াছিল, উক্ত আদালতের মোকদ্দমার প্রথম স্থলীয় সাধারণ বিচারাধিপত্য সম্পর্কে এবং দেওয়ানী মোকদ্দমার প্রথম স্থলীয় সাধারণ বিচারাধিপত্যের উপর আপীল হইলে তৎসম্পর্কে রুবকারীপ্রভৃতি যে কার্য্য হয় তদুপলক্ষে ইষ্টাম্প লওয়া যাইবে না, কোর্ট ফী লওয়া যাইবে। রসুমের নগদ টাকা আদায় করা অত্যন্ত ক্লেশকর হইয়া উঠিয়াছে। তাহা প্রাপ্ত হওয়া নিশ্চিত নয় ও পাইতে বিলম্ব হইয়া থাকে। তদ্ভিন্ন জটিল অনেক হিসাব রাখা প্রয়োজন ও সেই হিসাবের সমালোচন ও পরীক্ষা করা আবশ্যক।

রসুমের টাকা না লইয়া ইষ্টাম্প ব্যবহার করিলে বোধ হয় উক্ত ক্লেশ নিবারণ হইতে পারে। মহারাণী বিক্টোরিয়ার ২৮ বৎসরের ৪৫ অধ্যায়ের আইনানুসারে প্রণীত এই পাণ্ডুলিপির সেই নূতন নিয়ম প্রচলিত করা উদ্দেশ্য। প্রস্তাবিত নিয়ম কএক বৎসরাবধি ইংলণ্ডে সাধারণমতে প্রচলিত হইয়াছে, এই দেশের হাই কোর্টেও তত্তুল্য বর্ত্তিতে পারে সন্দেহ নাই।

The stamp system, moreover, commends itself for adoption in those Courts, not merely as following the English practice, but as being in general harmoney with that prevailing in all Courts of justice established beyond the precincts of the presidency towns.

Power is given to the Local Governments to extend the principal provisions of the Bill to the Presidency Courts of Small Causes.

F. R. COCKERELL.

The 7th February 1868.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (*Legislative.*)

১৮০৩ সা. ৫১ আ, …	শ্রীযুত নবাব উজীর ইঙ্গলণ্ডীয় শ্রীমৎ কোম্পানি বাহাদুরের প্রতি যে দেশ প্রদান করিয়াছেন, তদ্দেশে যে অপরাধ ও দোষ করা যায় তাহার বিচার করিবার যেং আইন ১৮০৩ সালের মার্চ মাসের ২৪ তারিখে প্রণীত হয়, সেইং আইন উক্ত দেশে প্রবল হইবার নির্দ্ধারিত তারিখের পুর্ব্বে যে সকল ফৌজদারী মোকদ্দমা উপস্থিত করা গিয়া থাকে উক্ত দেশস্থাপিত দায়েরসায়েরী আদালতের ও নিজামৎ আদালতের প্রতি সেইং মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা দানার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৪ সা. ২ আ. …	এলাকা কলিকাতা ও মুরশিদাবাদ ও আজীমাবাদ ও বারাণসের দায়ের সায়েরী আদালতের নির্দ্ধারিত ছয়ং মাসিয়া ভ্রমণারম্ভের তারিখ ফেরফার হইবার এবং জিলা ২৪ পরগনা ও ঢাকা জলাল পুর ও মুরশিদাবাদের দায়ের সায়েরী আদালত তিনং মাসান্তর হওনের নির্ণয় করিবার	সম্পূর্ণ আইন।
১৮০৪ সা. ৪ আ. …	জিলা কটকের ফৌজদারী আদালতের কর্ম্ম সম্পন্নের	সম্পূর্ণ আইন।
১৮০৪ সা. ৬ আ. …	ইংরেজী ১৮০৩ সালের ৩৯ ঊনচত্বারিংশ আইনের হুকুম রহিত করিবার শ্রীযুত কোম্পানি ইংরেজ বাহাদুরের সরকারকে নবাব উজীরের দেওয়া দেশে এবং যুদ্ধক্রমে এ সরকারের পাওয়া দোওয়াবের মধ্যে অর্থাৎ গঙ্গা ও যমুনার মধ্যস্থলের তথা যমুনা নদীর দাহিন পার্শ্বের রাজ্যে এবং সুবে বারানসে যে লবণ আমদানী ও রফ্তানী হয় তাহার মাসিল লইবার দাঁড়া নির্ণয়ের আর ঐ সুবে বারাণসে সলম্বা ও বলম্বা লবণ আমদানী হইবার নিদর্শনী ইংরেজী ১৮০১ সালের ৬ ষষ্ঠ আইনের ৪ চতুর্থ ধারার ৬ ষষ্ঠ প্রকরণে লিখিত মাসিলের নিরিখ করাইবার এবং ঐ সুবে বারাণসে লবণ জন্মাইতে নিষেধ নিদর্শনে যে হুকুম ঐ ৬ আইনের ৬ ধারায় আছে তাহাও নিবর্ত্ত করিবার	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮০৪ সা. ৭ আ. …	শ্রীমৎ কোম্পানি ইংরেজ বাহাদুরের সরকারকে শ্রীযুক্ত নবাব উজীরের দেওয়া দেশে এবং যুদ্ধক্রমে এ সরকারের পাওয়া দোওয়াবের মধ্যের ও যমুনা নদীর দাহিন পার্শ্বের রাজ্যে যে লবণ আমদানী ও রফ্তানী হয় তাহার উপর ইংরেজী ১৮০৪ সালের ৬ ষষ্ঠ আইনের ৪ চতুর্থ তথা ৭ সপ্তম ধারার নির্ণীত মাসিলের নিরিখ বন্দির	সম্পূর্ণ আইন।
১৮০৪ সা. ৮ আ. …	জিলা আলাহাবাদ ও গোরক্ষপুরকে শ্রীমত কোম্পানি ইংরেজ বাহাদুরের সরকারকে নবাব উজীরের দেওয়া দেশের মফঃসল কোর্ট আপীলের ও দায়ের সায়েরী আদালতের এলাকাহইতে খারিজ করিয়া এলাকা বারাণসের মফঃসল কোর্ট আপীলের ও দায়ের সায়েরী আদালতের সামিল করাইবার	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ১ আ. …	সরকারের আজ্ঞানুসারে চন্দননগর ও চুঁচুড়া মোকামে যেং আদালত নির্দ্দিষ্ট হইয়াছে তথাতে প্রথমতঃ যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় সেই সকল মোকদ্দমা আপীলমতে শুনিবার এবং তাহার বিচার ও নিষ্পত্তি করিবার ভার সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের প্রতি দিবার	সম্পূর্ণ আইন।

[*Government Gazette*, 10*th March* 1868.]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮০৫ সা. ২ আ. ..	দেওয়ানী মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করণের বিষয়ে সরকারের আইনের নিরূপিত যে মিয়াদ অর্থাৎ কা-লের নিয়ম এক্ষণে চলিত আছে তাহা বিশেষ করিয়া প্রকাশ করিবার এবং যে কএক মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি সরাসরী কিম্বা সরাসরীভিন্ন অন্য প্রকারে করণের হুকুম আছে তদর্থে নূতন মিয়াদ নিরূপণ করিবার এবং কএক মোকদ্দমার প্রথম বিচার কিম্বা আপীলের সময়ে গ্রাহ্য করণের বিষয়ে নূতন দাঁড়া নির্দ্দিষ্ট করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮০৫ সা. ৪ আ. ...	ইংরেজী ১৭৮৭ সালের ২৩ জুলাই ও তাহার পর যে২ তারিখের যে২ আইনের হুকুমমতে শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারের চিহ্নিত চাকর সাহেবেরা ও অন্য২ লোক সরকারের মহাজনী কার্য্যে নিযুক্ত আছেন, সেই হুকুমের পরিবর্ত্তে পরিষ্কার ও দুরস্ত করিবার বিষয়ের আইন নামে ১৭৯৩ সালের ৩১ আইন বারাণস প্রদেশে প্রচলিত করণার্থ এবং শ্রীমৎ কোম্পানি বাহাদুরের ধনদ্বারা বারাণস প্রদেশে যে সকল দ্রব্য সামগ্রীর প্রয়োগ হইল মাসুল-হইতে সেই দ্রব্যসামগ্রী নিষ্কৃত দিবার	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ৫ আ. ...	শ্রীযুত নবাব উজীর ইংলণ্ডীয় শ্রী ৎ কোম্পানি বাহা-দুরের প্রতি যে দেশ প্রদান করিয়াছেন, ফসলি ১২১৩, ১২১৪ ও ১২১৫ সালের নিমিত্তে সেই দেশের অন্তর্গত ভূমির রাজস্বের নিয়ম করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ৭ আ. ...	শ্রীযুত কোম্পানি ইংরেজ বাহাদুরের সরকারের রাজ-কর্ম্মের ভারাক্রান্ত সাহেব লোক যখন এমত কর্ম্মে নিযুক্ত হন যে সেই কর্ম্মের নিয়মিত দিব্য করণের মতে তাঁহারদিগের বাণিজ্য ব্যাপার করা অকর্ত্তব্য অতএব তখন তাঁহারদিগের পূর্ব্বকৃত বাণিজ্য ব্যাপারের নিকাশ ও শেষ করণের নিমিত্তে তাঁহারদিগকে অবকাশ কালের মিয়াদ দেওনের ভার শ্রীযুত নওয়াব গবর্ণর জেনরল বাহাদুর আপন বিবেচনা প্রতি রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ৮ আ. ...	দোআবের মধ্যে এবং যমুনা নদীর দক্ষিণতীরে যে দেশ পরাজিত হইয়াছে এবং পেশওয়া বাহাদুর বুন্দেলখণ্ডের অন্তর্গত যে দেশ ইঙ্গলণ্ডীয় শ্রীমৎ কোম্পানি বাহাদুরের প্রতি প্রদান করিয়াছেন সেই দেশে শ্রীযুত নবাব উজীরকর্ত্তৃক ইঙ্গলণ্ডীয় শ্রীমৎ কোম্পানি বাহাদুরের প্রতি দত্ত দেশের সুশাসনার্থ যে২ আইন অদ্যাপি প্রচলিত করা যায় নাই তাহা সেই দেশে প্রচলিত করিবার, এবং উক্ত আইনের কোন২ অংশের পুনরালোচনা ও সংশোধন করিবার আইনের	২ ধারা, ৩ ধারার ২ প্র. ৫ ধা. ও ৬ ধা. ২ প্র.।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮০৫ সা. ১১ আ. ...	দোআবের মধ্যে এবং যমুনা নদীর দক্ষিণ তীরে যে দেশ পরাজিত হইয়াছে এবং পেশওয়া বাহাদুর ইঙ্গলণ্ডীয় শ্রীমৎ কোম্পানি বাহাদুরের প্রতি বুন্দেলখণ্ডের অন্তর্গত যে দেশ প্রদান করিয়াছেন, সেই দেশে ১৮০৩ সালের ৪৫ আইন (অর্থাৎ শ্রীযুত নবাব উজীর ইঙ্গলণ্ডীয় শ্রীমৎ কোম্পানি বাহাদুরের প্রতি যে দেশ প্রদান করিয়াছেন তদ্দেশের সোণার ও রূপার ও তামার মুদ্রা পরিবর্ত্তন করণার্থ আইন) প্রচলিত করণার্থ, এবং ১৮০৩ সালের ৪৫ আইনমতে যে টাকশাল ফরক্কাবাদে সংস্থাপিত হইয়াছে তাহাতে গবর্ণমেণ্টের পক্ষে এদেশীয় আমলাদিগকে নিযুক্ত করিবার বিধান করণার্থ, এবং ১৮০৪ সালের ৫ আইনের যে অংশক্রমে গবর্ণমেণ্টের এদেশীয় কার্য্যকারকদিগকে কোনং কর্ম্ম বিভাগে নিযুক্ত ও অবসর করিবার বিধান হইয়াছে, সেই অংশ এদেশীয় উক্ত কার্য্যকারকদের প্রতি বর্ত্তাইবার	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ১২ আ. ...	চন্দননগর ও চুঁচুড়া মোকামের কএক মোকদ্দমার বিচারার্থে কলিকাতার দায়ের সায়েরী আদালতের এবং নিজামত আদালতের সাহেবদিগের প্রতি ভারার্পণের এবং ঐ মোকামের কর্ম্মকর্ত্তা সাহেবের ফৌজদারী ও পোলীসের মোকদ্দমার নিষ্পত্তি করণার্থে যে ক্ষমতা তাহার বিবরণ ও স্পষ্ট করিবার	সম্পূর্ণ আইন।
১৮০৫ সা. ১৮ আ. ...	জিলা বীরভূম ও বর্দ্ধমান ও মেদিনীপুরের মধ্যের কএক জঙ্গলা মহালে মাজিষ্ট্রেট সাহেব নিযুক্ত করিবার এবং পোলীসের কার্য্যের ভার রাখেন এমন জমীদার ও সরবরাহকারদিগের পক্ষে যেং দাঁড়া ধার্য্য হইয়াছে তাহা প্রকাশ ও চলন করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮০৬ সা. ১ আ. ...	মুরশিদাবাদের জিলার আদালত উঠাইয়া তাহার তাবে সমস্ত মহাল মুরশিদাবাদ শহর ও জিলা বীরভূমের আদালতের শামিল করিবার এবং কলিকাতা ও মুরশিদাবাদের এলাকার দায়ের সায়েরী আদালতের ও মফঃসল আপীল আদালতের সাহেবদিগের ক্ষমতা ও ভারের নিবর্ত্ত পরিবর্ত্ত করণের কারণ এবং শহর কলিকাতা ও মুরশিদাবাদ ও বারাণস ও বেরিলীর ব্যাপ্য অধিকারের অপরাধের মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবার বিষয়ে তথাকার দায়ের সায়েরী আদালতের সাহেবদিগের ছয় মাসিয়া ভ্রমণের শৃঙ্খলা স্থির করিবার এবং চলিত আইনের যে কএক ধারানুসারে দায়ের সায়েরী আদালতের প্রথম জজ সাহেবের আপন ব্যাপ্য অধিকারে ভ্রমণ করিতে যাওনের বারণ আছে তাহা নিবর্ত্ত ও রহিত করিবার এবং কোনং বিষয়ে নিজামত ও সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা ও ভারের আধিক্য হওনের	সম্পূর্ণ আইন।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮০৬ সা. ৩ আ. …	দত্ত ও জয় করা দেশে যে রূপার মুদ্রা ১৮০৩ সালের ৪৫ আইন ও ১৮০৫ সালের ১১ আইনদ্বারা প্রচলিত হইয়াছে তাহার ওজন ও কষ্টি, এবং উক্ত আইন দ্বারা যে তামার মুদ্রা উক্ত দেশে প্রচলিত হইয়াছে তাহার ওজন নিরূপণ করণার্থ, এবং উক্ত দুই আইন ক্রমে দত্ত ও জয় করা দেশের মধ্যে যে টাকা প্রচলিত ও আইনসিদ্ধ রূপার মুদ্রা বলিয়া প্রকাশিত হইল তদ্ভিন্ন টাকার দানাদানের পরিবর্ত্তে ১৮০৩ সালের ৪৫ আইনের নির্দ্ধারিত কাল পর্য্যন্ত নানা প্রকারের টাকার দানাদানের নিয়ম করিবার জন্যে বিনিময়ের হার নিরূপণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৭ সা. ৪ আ. …	দত্ত ও জয় করা দেশের মধ্যে বর্ত্তমান বন্দোবস্ত যত কাল থাকে তত কাল সেই দেশের মধ্যে ভিন্ন২ প্রকারের টাকার যে হারে দানাদান হইবে তাহা নিরূপণ করিবার	সম্পূর্ণ আইন।
১৮০৭ সা. ১০ আ. …	দত্ত ও জয় করা দেশের মধ্যে যে বন্দোবস্ত করা যাইবে তাহা সমাপ্ত করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৭ সা. ১১ আ. …	১৮০৭ সালের ১০ আইনমতে কমিস্যনরদের যে বোর্ড নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের প্রতি কোন২ বিষয়ভিন্ন মাসুলের উপর কর্ত্তৃত্ব করিবার ভার অর্পণ করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৭ সা. ১২ আ. …	সুবেজাত বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার মধ্যে পোলীসের কার্য্যে আমীন সকল নিযুক্ত করিবার এবং তাহারদিগের প্রতি যে সকল কর্ম্মকার্য্য চালাইবার ক্ষমতার্পণ হইবেক তাহার বিবরণ ও নিরূপণের এবং জমীদার ও ইজারদারপ্রভৃতির চাকর চৌকীদার ও পাইকদিগের ইসমনবিসীর ফিরিস্তি পূর্ব্বাপেক্ষা সুন্দররূপে হইবার আর কএক মতে ঐ জমীদার প্রভৃতিরা ঐ সকল চাকরলোকের মন্দ ব্যবহারের জবাব দিবার দায় আপনারদিগের শিরে আনিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮০৭ সা. ১৩ আ. …	ইংরেজী ১৭৯৩ সালের ৩৫ পঞ্চত্রিংশ আইন ও ১৮০৩ সালের ৪৫ পঞ্চচত্বারিংশ আইন ও ১৮০৫ সালের ১২ দ্বাদশ আইনে সরাকারী নির্ণীত সিক্কা ব্যতিরেকে আর২ প্রকার টাকা ও মোহর দিবার নিয়মে যে নিয়মপত্র অর্থাৎ নিদর্শনপত্রের বিষয়ে দাঁড়া নির্দ্ধার্য্য হইয়াছে তাহার কএক কথা ও মর্ম্ম নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার	সম্পূর্ণ আইন।
১৮০৭ সা. ১৪ আ. …	বারাণস প্রদেশে এবং বারেলি ও বারাণস দেশখণ্ডের অন্তর্গত দত্ত ও জয় করা দেশে যে পোলীস নিযুক্ত হইয়াছে তাহার নিয়ম সংশোধন করণার্থ এবং ১৮০৭ সালের ১২ আইনের বিধানমতে পোলীসের আমীনদিগকে নিযুক্ত করিবার যে বিধান হইয়াছে তাহা উক্ত প্রদেশে প্রচলিত করণার্থ আইনের	২, ৩, ও ১৮ ধারা।
১৮০৭ সা. ১৫ আ. …	সদর দেওয়ানী ও নিজামত আদালতের সাহেব লোক নিযুক্ত হইবার যে দাঁড়া নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮০৮ সা. ৬ আ. ...	কটক জিলার রাজস্বের বন্দোবস্ত করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮০৮ সা. ১০ আ. ...	পোলীসের কার্য্যে এক সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব নিযুক্ত করিবার এবং ঐ সাহেবের ক্ষমতা নিরূপণ ও বিবরণের	সম্পূর্ণ আইন।
১৮০৯ সা. ১ আ. ...	উত্তর পশ্চিম দেশে কমিস্যনরদের বোর্ডকে স্থায়ি করণার্থ, এবং বারাণস প্রদেশে সেই বোর্ডকে বিশেষ ক্ষমতা প্রদান করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৯ সা. ২ আ. ...	সরকারের সমস্ত ফৌজের সরদার এতাবতা সর্ব্ব প্রধান সেনাপতি সাহেব আপন প্রাপ্ত ক্ষমতানুসারে বাঙ্গলার সম্পর্কীয় যে সকল ফৌজের খণ্ডের সরদার অর্থাৎ প্রধানেরা সরকারের কর্ম্ম চালাইবার নিমিত্তে সমুদ্র পারে যান তাঁহারদিগের প্রতি এদেশ নিবাসি হুদ্দাদার ও সিপাহীগণের অপরাধের বিচার নিমিত্তে জেনরল কোর্ট মার্শিয়ল অর্থাৎ লস্করী বড় আদালত সঙ্গুহ করণের ক্ষমতার্পণ করিবার আর কত হুদ্দাদার হইলে ঐ কোর্ট মার্শিয়ল সংগ্রহ হইতে পারে তাহার সংখ্যা নিবারণ করিবার	সম্পূর্ণ আইন।
১৮০৯ সা. ৯ আ. ..	চুঁচুড়া মোকামের কমিস্যনর ও চন্দন নগর মোকামের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অগ্রে প্রথমত নিষ্পত্তি হওয়া কোনং মোকদ্দমা শুনিবার ও বিচার করিবার অর্থে কলিকাতার প্রবিন্সিয়ল কোর্ট আদালতের সাহেবদিগের প্রতি ক্ষমতার্পণের এবং ঐ চুঁচুড়া ও চন্দনগর মোকামে দেওয়ানী আদালতের কর্ম্মাদি চালাইবার বিষয়ে নুতন দাঁড়া সকল নির্দ্দিষ্ট করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮০৯ সা. ১০ আ. ..	বারাণস প্রদেশে তামার মুদ্রা প্রচলিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১০ সা. ৪ আ. ...	কটকে কমিস্যনরের পদ উঠাইয়া দিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮১০ সা. ৮ আ. ..	এলাকা পাটনা ও বারাণস ও বরেলির অধিকারেতে পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবদিগের ভার নিরূপণ করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮১০ সা. ১২ আ. ...	ইংরেজী ১৮০৯ সালের ৭ সপ্তম আইনের ২ ধারার ও ১০ দশম আইনের ৬ ষষ্ঠ ধারার লিখিত দাঁড়া শুদরিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮১১ সা. ৩ আ. ..	হিন্দুস্থানের মধ্যে ব্রিটনীয় অধিকারস্থ বন্দর ও নগরাদিতে বাণিজ্য কর্ম্মের দাঁড়া ধার্য্য হইবার এবং ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর তাবে যেং বন্দর ও নগরাদি আছে তাহাতে ঐ বাণিজ্য দ্রব্যের উপর মাসুল নিরূপণ হইবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।

[*Government Gazette*, 10*th March* 1868.]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮১১ সা. ৬ আ. ..	লাখেরাজদার লোক ও সরকারের মালগুজারদার লোকেরা কিছু পাইতে পারিবেক এই যে কথা সায়েরাতের মাসুলে মওকুফের বদলে ইংরেজী ১৭৯৩ সালের ২৭ আইনেতে লেখা যায় তাহা রদ ও রহিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১১ সা. ১০ আ. ...	ভিন্ন দিকার দেশ সকল হইতে গোলাম ও কনিজ অর্থাৎ দাস ও দাসী সকল আনিয়া কলিকাতার ব্যাপ্য দেশ সকলেতে বিক্রয় করণের নিবারণার্থ	সম্পূর্ণ আইন।
১৮১১ সা. ১২ আ. ..	সদর দেওয়ানী ও নিজামত আদালতের সম্পর্কীয় কার্য্য কর্ম্ম শীঘ্র নির্ব্বাহ হওনের নিমিত্তে সরকারের প্রধান কর্ম্মকর্ত্তা সাহেবদিগের বিবেচনাতে ঐ আদালতের জজ সাহেবদিগের সংখ্যা অধিক করা আবশ্যক বোধ হইলে তাহা হুকুম দিবার	সম্পূর্ণ আইন।
১৮১২ সা. ১ আ. ...	ইংরেজী ১৮১০ সালের ৯ নবম আইনের লিখিত কোন২ কথা নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার ও ইউরোপের বিলায়ৎ ভিন্ন অন্য২ দেশহইতে সমুদ্রপথে যে সকল ঘোড়া আইসে তাহার উপর মাসুল নির্দ্দিষ্ট করণের এবং সুবে বাঙ্গলাহইতে পশমী জিনিস সকল চিন দেশে যাইতে নিষেধের	সম্পূর্ণ আইন।
১৮১২ সা. ৭ আ. ...	ইংরেজীর ১৮১০ সালের ১৫ পঞ্চদশ আইন ও ১৮১১ সালের ৪ চতুর্থ আইন রদ ও রহিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১২ সা. ১৪ আ. ...	১৮১২ সালের ৫ আইনের ২ ধারাতে দত্ত ও জয় করা দেশে প্রজাদিগকে ভূস্বামিদের পাট্টা দেওন বিষয়ের যে বিধান আছে কোন স্থলে তাহা মতান্তর করিবার আইনের	২ ও ৩ ধারা।
১৮১২ সা. ১৫ আ. ...	দত্ত ও জয় করা দেশে ও বারাণস প্রদেশে ১৮১১ সালের ১ আইনের কোন২ কথা প্রচলিত করিবার এবং ১৮১০ সালের ২ আইন রহিত করিবার আইনের	যে কথাদ্বারা ১৮১১ সালের ১ আইনের ১০ ধারা বিস্তৃত ভাবে বর্ত্তে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮১২ সা. ১৬ আ. ...	কোর্ট রিকেষ্ট অর্থাৎ শহর কলিকাতার ছোট আদালতের সাহেব লোকের হুজুর হইতে যে সকল ফয়সলা হয় তাহা জারী করিবার ক্ষমতা জিলা ২৪-পরগনার আদালতের জজ সাহেবের প্রতি থাকিবার	সম্পূর্ণ আইন।
১৮১২ সা. ২১ আ. ...	ইংরেজী ১৮১১ সালের ১ প্রথম আইনের কোন২ ধারা রদ ও রহিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৩ সা. ৭ আ. ...	দত্ত ও জয় করা দেশে ১৮০১ সালের ৩ আইনের এবং ১৭৯৪ সালের ৮ আইনের ১৩ ধারার বিধান প্রচলিত করণার্থ এবং ১৮০৩ সালের ১ আইনের ১১ ও ১৫ ধারার কোন২ কথা রহিত করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮১৩ সা. ১২ আ. ...	সরকারী মাসুল ও পরমিটের মাসুল তহসিলের বিষয়ে পূর্ব্বে যে সকল আইন চলন হইয়াছে তাহার কোন২ হুকুম শুধরিবার	সম্পূর্ণ আইন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৮। ১০ মার্চ।]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮১৩ সা. ১৪ আ. ...	সমুদ্র পথেতে কিম্বা জিলা কটকের পথেতে যে সকল ঘোড়ার আমদানী হইত পূর্ব্বে তাহার উপরে যে মাসুল নিরূপণ হইয়াছিল তাহা মৌকুফ হওনের	সম্পূর্ণ আইন।
১৮১৩ সা. ১৫ আ. ...	কলিকাতার হুকুমের তাবে সমস্ত দেশেতে কালেক্টরী সিরিশতার দেওয়ানী কর্ম্মের ভার সমস্ত মৌকুফ অর্থাৎ রহিত হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ৪ আ. ...	ইংরেজী ১৮১২ সালের ৮ আইন রদ ও রহিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ৭ আ.	১৮০৯ সালের ১০ আইনেতে বারাণস প্রদেশের তামার মুদ্রা বিষয়ক যে বিধান আছে তাহার একাংশ মতান্তর করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ১০ আ. ..	সরকারেতে ও লোকদিগেতে যে সকল কৌল করার অর্থাৎ নিয়ম হয় তাহার বিষয়ে ইংরেজী ১৮১৪ সালের ১ আইনের লিখিত যে সকল হুকুম সম্পর্ক রাখে সেই সকল হুকুম স্পষ্ট করিয়া ও বিবরণ করিয়া লিখিবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ১৩ আ. ...	শহর ঢাকা ও পাটনা ও মুরশিদাবাদের কোতওয়ালী কর্ম্মের ভার মৌকুফ অর্থাৎ রহিত হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ২০ আ. ..	ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা শহরেতে হওয়া পাঠশালার সম্পর্কীয় যে সকল আইন এইক্ষণে চলন আছে তাহা রদ ও রহিত হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৪ সা. ২৫ আ. ..	সদর দেওয়ানী আদালতের মফঃসল আপীল আদালতের নক্সা ও হুকুম সম্পর্কীয় কোন২ বিষয়ের নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার নিমিত্তে এবং ঐ সকল আদালতেউপস্থিত হওয়া দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি অতিত্বরা হইবার অর্থে এবং ঐ সকল আদালতের জজ সাহেবদিগের মধ্যে কি সদর নিজামতের কিম্বা দায়ের সায়েরী আদালতের জজ সাহেবদিগের মধ্যে এক জন জজ সাহেবকে যে২ কর্ম্মকার্য্য ও বিষয় নির্ব্বাহ করিবার ক্ষমতার্পণ হইবেক তাহার বিবরণ ও নিরূপণ সুন্দররূপে করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৫ সা. ৩ আ. ...	কটক জিলার ও পত্তাশপুর পরগণার ও তদন্তর্গত স্থানের যে বন্দোবস্ত আছে আমলী ১২২৩ সালের শেষ পর্য্যন্ত তাহা প্রবল রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮১৫ সা. ৪ আ. ..	কলিকাতার হুকুমমতের তাবে দেশের মধ্যেতে সরকারী মাসুল তহসীলের বিষয়ে যে২ আইন নির্দ্দিষ্ট হইয়া এইক্ষণে চলিত আছে তাহার লিখিত কোন২ কথা নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮১৬ সা. ২ আ. ...	বেহার দেশের যে অংশ লইয়া শাহাবাদ ও ত্রিহুত ও সারণ ও বেহার জিলা করা যায় সেই অংশে কানুনগোর পদ পুনঃস্থাপন করিবার	সম্পূর্ণ আইন।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮১৬ সা. ৩ আ. ...	ইংরেজি ১৮০৮ সালের ১২ আইন রদ ও রহিত হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৬ সা. ৪ আ. ...	যে সকল কয়েদি লোকেরা দেওয়ানী আদালতের হুকুমমতে দেওয়ানী জেলখানাতে কয়েদ হইয়া থাকে তাহারদিগকে কোনং প্রকারেতে আপনং দরখাস্ত তাগা ইষ্টাম্প ছাপা না হওয়া কাগজে লেখা গেলেও গুজরাইতে অনুমতি হইবার এবং দেওয়ানী জেলখানার কয়েদী লোকদিগের হিতের অর্থে অন্যং উপায় করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮১৬ সা. ৬ আ. ..	যেং স্থানে জমীদারদের কিম্বা প্রকৃত ভূম্যাধিদের সহিত বন্দোবস্ত করা গিয়াছে সেইং স্থলে কটকের ও পরগণা পত্তাশপুরের তদন্তর্গত স্থানের বর্ত্তমান বন্দোবস্ত অধিক তিন বৎসর পর্য্যন্ত প্রচলিত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৬ সা. ১২ আ. ...	তেজারতী জিনিসের উপরেতে সরকারী মাশুল তহসিলের নিমিত্তে মোকাম কক্‌স বাজারেতে পঞ্চোত্তরার কাছারী মোকরর করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৬ সা. ১৪ আ. ...	ফৌজদারী জেলখানার মোতালক বিষয় ও ব্যাপারের সুন্দর বন্দোবস্ত ও তাহার নির্ব্বাহ সুন্দররূপে হইবার ও ঐ সকল জেলখানার কয়েদীদিগের মধ্যে এবং রাস্তাবন্দী ইত্যাদি এইং প্রকার কর্ম্মে নিযুক্ত থাকা কয়েদীদিগের মধ্যে যে কাজিয়া ফসাদ হইতেছে তাহা নিবারণ করিবার ক্ষমতা মাজিষ্ট্রেট সাহেবদিগকে দিবার এবং শহর কলিকাতার লাগাও আলিপুর মোকামে নির্ম্মাণ হওয়া জেলখানার সদর নিজামতের সাহেবদিগের ক্ষমতার তাবে হইবার এবং যে সকল অপরাধিকে এদেশহইতে সমুদ্র পারে পাঠাইবার হুকুম হইয়াছে কি হয় তাহারদিগকে মুরশ দ্বীপে কি তাহার মোতালক অন্যং দ্বীপে পাঠান যাইবার আইনের	২, ৩, ১১, ১২, ১৩ ও ১৪ ধারা।
১৮১৬ সা. ১৬ আ. ...	শ্রীযুত নবাব উজীর ব্রিটনীয় গবর্ণমেণ্টের প্রতি যে দেশ প্রদান করিলেন যে সকল স্থলে প্রকৃত ভূম্যাধিদের সহিত বন্দোবস্ত করা গিয়াছে সেই স্থলে সেই প্রদেশের বর্ত্তমান বন্দোবস্ত অধিক পাঁচ বৎসর প্রবল রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮১৬ সা. ১৮ আ. ...	পূর্ব্বে হাণ্ডিয়া নামক যে পরগণা শ্রীল শ্রীযুত নবাব উজীরের দেশের অন্তর্গত ছিল তাহা আলাহাবাদ জিলার অন্তর্গত করিবার আইনের	৩ ও ৪ ধারা।
১৮১৬ সা. ২১ আ. ...	ফরাকাবাদের টাকশালে যে তামার পয়সা প্রচলিত আছে ১৮০৩ সালের যে ৪৫ আইনেতে তাহার অবধারিত ওজন নিরূপণ হইয়াছে সেই আইনের ৪৩ ধারা মতান্তর করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৭ সা. ২ আ. ...	রামগড় ভাগলপুর ও পুরণিয়া জিলার যে অংশ বেহার প্রদেশের মধ্যে ধরা গিয়াছে সেই অংশে কানুনগোর পদ পুনঃস্থাপন করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮১৭ সা. ৪ আ. ..	ডেরাধুন নামক যে দেশ পূর্ব্বে নেপালের রাজার দেশান্তর্গত ছিল তাহা শাহারণপুর জিলার অন্তর্গত করিবার	সম্পূর্ণ আইন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮১৭ সা. ৫ আ. ...	নিধি অর্থাৎ পোঁতা ধনেতে সরকারের ও প্রজা লোকের হক অর্থাৎ স্বত্ব হইবার বিবরণ স্পষ্ট করিয়া লিখিবার ও এমত ধন পাওয়া গেলে যেং দাঁড়ামত কার্য্য হইবেক তাহা নির্দ্দিষ্ট করিবার	৩ ও ৪ ধারা।
১৮১৭ সা. ৯ আ. ...	ইংরেজী ১৮১৫ সালের ৫ আইন রদ ও রহিত হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৭ সা. ১৪ আ. ...	ইংরেজী ১৮১২ সালের ২ আইনের লিখিত কোনং কথা শুধরিবার	সম্পূর্ণ আইন।
১৮১৭ সা. ২৫ আ. ...	কলিকাতার টাকশালেতে যে পয়সা তয়ের হয় তাহার ওজনের নিরূপণ করিবার এবং সরকারের হুকুমের ভাবে টাকশালেতে তয়ের হওয়া সকল প্রকার পয়সা চলন হওনের।	সম্পূর্ণ আইন।
১৮১৭ সা. ২৯ আ. ...	কলিকাতা কি ফরোখা বাদ কিম্বা বারানসের টাকশালে অথবা শ্রীযুত নবাব গবর্ণর জেনেরল বাহাদুরের হুজুর কৌনসেলের হুকুমমতে অন্য যে কোন টাকশাল তয়েরের নিমিত্তে হয় তাহাতে তয়ের হওয়া ফরোখাবাদী রুকম টাকা সকল চলন হইবার	সম্পূর্ণ আইন।
১৮১৮ সা. ২ আ. ...	মাহোব পরগণার অন্তর্গত খুন্দ এলাকা এবং যমুনা নদীর দক্ষিণ তীরস্থ চুরকী পরগণার অন্তর্গত যে কএক গ্রাম ভূতপূর্ব্ব শ্রীযুত নানা গোবিন্দ রাওর দেশান্তঃপাতি ছিল তাহা বুন্দেলখণ্ড জিলার অন্তর্গত করিবার আইনের	৩ ও ৪ ধার
১৮১৮ সা. ৫ আ. ...	জিলা কটকে দেওয়ানী ব্যাপারসংক্রান্ত কার্য্য নিরূপণের বিশেষ ক্ষমতাবিশিষ্ট কমিসানরকে নিযুক্ত করিবার	সম্পূর্ণ আইন।
১৮১৮ সা. ৯ আ. ..	সাহারণপুর জিলার দক্ষিণাংশ ছাড়া পরাজিত দেশের যে অংশ যমুনা নদীর দক্ষিণ ও বাম তীরে আছে সেই অংশ, এবং বুন্দেলখণ্ড শ্রীল শ্রীযুক্ত পেশওয়াকর্ত্তৃক যে দেশ ব্রিটনীয় গবর্ণমেন্টের প্রতি প্রদত্ত হইয়াছে, সেই দেশে যদি প্রকৃত ভূম্যধিকারিদের বন্দোবস্ত নিষ্পন্ন হইয়া থাকে তবে সেই বন্দোবস্ত অধিক পাঁচ বৎসর পর্য্যন্ত প্রবল রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮১৮ সা. ১৩ আ. ...	কটকের অন্তর্গত পত্তাশপুর পরগণার ও তদন্তঃপাতি স্থানের জমীদারদের কি প্রকৃত ভূম্যধিকারিদের সহিত যে বন্দোবস্ত নিষ্পন্ন হইয়াছে কটকের সেই বন্দোবস্ত অধিক তিন বৎসর পর্য্যন্ত প্রবল রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮১৯ সা. ১২ আ. ...	বারাণসীর টাকা তয়ের করা নিবারণার্থ, এবং ফরুক্কাবাদের টাকা বারাণসী প্রদেশে প্রচলনের যোগ্য প্রকাশ করণার্থ ও ফরুক্কাবাদের টাকার কতি পরিবর্ত্তন করণার্থ ও বারাণসী প্রদেশে যে মূল্যে সেই টাকা গ্রাহ্য হইবে তাহা নির্ণয় করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮২০ সা. ৫ আ. ...	তামাকুর উপর পরমিটের মাশুল মকরর করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।

*[Government Gazette, 10th March 1868.]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮২০ সা. ৬ আ. ...	১৮০৩ সালের ৪৫ আইনের ৪৬, ৪৭ ও ৪৮ ধারা রহিত করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮২১ সা. ১ আ. ...	দত্ত ও পরাভূত দেশের অন্তর্গত ভূমি আইনবিরুদ্ধ ও অন্যায়মতে নীলামে বিক্রয় হওয়াতে কিম্বা অনুরোধ প্রযুক্ত গোপনে হস্তান্তর করণদ্বারা অপহৃত হওয়াতে সেই ভূমির অধিকার ফিরিয়া পাইবার যে দাওয়া হইয়াছে তাহার বিচার ও নিষ্পত্তি করিবার জন্যে, এবং কৃষাণদের অধিকারিত্ব স্বত্বের লিখন ও স্বীকার করণ ও তাহারদের ভোগাধিকার ও সম্পর্ক ও বিশেষাধিকার নিরূপণ করণ সম্পর্কে রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকেরা যে২ উপারাধুগত হইয়াছেন তাহার দোষ ও ত্রুটি সংশোধন করিবার জন্যে উক্ত দেশে বিশেষ কমিসান নিযুক্ত করণার্থ	সম্পূর্ণ আইন।
১৮২১ সা. ৫ আ. ...	যে মালগুজারদের বন্দোবস্তমতে তাহারদের গোহবশাহী কি ত্রিশূলী টাকা দিতে হইবে, তাঁহারদের রাজস্ব দেওন কালে উক্ত টাকার বিনিময়ে বারাণসীর ও ফরক্কাবাদের টাকা যে হিসাবে ধরিয়া দিবেন তাহা স্থির করিবার	সম্পূর্ণ আইন।
১৮২২ সা. ৫ আ. ...	ইংরেজী ১৮০৮ সালের ৯ আইনের লিখিত কোনং কথা শুধরিবার	সম্পূর্ণ আইন।
১৮২৩ সা. ১ আ. ..	ইংরেজী ১৮২১ সালের ১ আইনের কোনং স্থানে লিখিত কথা শুধরিবার।	সম্পূর্ণ আইন।
১৮২৩ সা. ৫ আ. ...	দিল্লীর তাবে দেশ সকলেতে মাসুল তহসিলের কার্য্যকারক সাহেবেরা যে রওয়ানা দেন ঐ রওয়ানা ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতার রাজধানীর তাবে সমস্ত দেশে চলিত হইবার এবং ব্রিটনীয় সম্বন্ধীয় দেশ সকলেতে বানাম কাপড়ের থানের উপর পাঞ্চোওরার যে মাসুল শত করা সাড়ে সাত টাকা করিয়া লওয়া যাইত তাহা শত করা আড়াই টাকা করিবা ও এবং মাসুল তহসিলের বিষয়ে যেং নিয়ম সম্পার্ক রাখে তাহা অন্যং রূপে মতান্তর করণের	যে অংশ পূর্ব্বে রহিত হয় তাহা।
১৮২৪ সা. ১ আ. ..	যে ভূমি কিম্বা অন্য স্থাবর বস্তু রাস্তার কি নালার কিম্বা সরকারী অন্য কর্ম্মের কারণ আবশ্যক হয় তাহা সরকারের কার্য্যকারক সাহেবেরা উপযুক্ত মূল্য দিয়া পাইবার এবং যেং জিলাতে নিমক পোক্তানের নিমিত্তে ভূমির আবশ্যক হয় সেইং জিলাতে ভূম্যধিকারিদিগের ও নিমক পোক্তানের কার্য্যা ভারাক্রান্ত সাহেবদের পরস্পর প্রয়োজনের নিষ্পত্তি করিবার	সম্পূর্ণ আইন।
১৮২৪ সা. ২ আ. ...	ফরোক্কাবাদের টাকশাল উঠাইবার এবং ফরোক্কাবাদী টাকার বিষয়ে যেং হুকুম আছে তাহার কোনং হুকুম শুধরিবার	সম্পূর্ণ আইন।
১৮২৪ সা. ৯ আ. ..	কোনং বিষয় ব্যতিরেকে ও কোনং নিয়ম রক্ষা করিয়া জয় করা দেশ সকলে এবং বুন্দেলখণ্ডে হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসর মিয়াদ পর্য্যন্ত বাহাল রাখিবার ৪ ধারা ভিন্ন	সম্পূর্ণ আইন

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮২৫ সা. ৫ আ. ...	জজ ও কালেক্টরের ক্ষমতা এক সাহেবেতে থাকা আইনানুসারী বটে কি না এই সন্দেহ ভঞ্জনের।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সা. ১০ আ. ...	কোম্পানি বাহাদুরের সরকারের বাণিজ্য ব্যাপরের কুঠীর যে২ রেসিডেণ্ট সাহেবেরা নিজের নিমিত্তে ও বাণিজ্য ব্যাপার করেন তাঁহাদিগের যে২ কর্ম্ম কর্ত্তব্য তাহার নিরূপনের বিষয়ে ইংরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ও ১৮০৩ সালের ৩৭ আইনের লিখিত হুকুমের অর্থ এবং অভিপ্রায় আরো স্পষ্ট করিয়া জানাইবার	সম্পূর্ণ আইন।
১৮২৫ সা. ১৮ আ. ...	নিদরলণ্ডের আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগের দ্বারা ব্রিটনীয় আধিপত্যের কর্ম্মকর্ত্তাদিগেরে দত্ত সহর চুচুড়া ও অন্যান্য স্থান তাহার অতি নিকটবর্ত্তি জিলা ও সহরের অধিকার ভুক্ত করিবার এবং ইহার পরে ঐ২ স্থানের কার্য্য নির্ব্বাহ করিবার দাঁড়ার	৭, ৫, ৮, ও ৯, ১০ ধারা।
১৮২৬ সা. ২ আ. ...	শ্রীযুত নবাব উজীর বাহাদুর যে সকল দেশ ব্রিটনীয় আধিপত্যেতে অর্পণ করিয়াছেন কোন২ বিষয় ব্যতিরেকে ও কোন২ নিয়মযুক্তে সেই সকল দেশের হাল বন্দোবস্ত আর পাঁচ বৎসর পর্য্যন্ত বাহাল রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮২৬ সা. ৪ আ. ..	ইংরেজী ১৮২১ সালের ১ আইনের হুকুমের অধীন কর্ম্মকারী মফঃসল ও সদরের বিশেষ কমিস্যনর সাহেবদিগের কার্য্য অবিলম্বে নির্ব্বাহ হইবার।	সম্পূর্ণ আইন।
১৮২৬ সা. ৫ আ. ...	গোবর্দ্ধন পরগনা আগরা জিলার সামিল করিবার	প্রথম বারো কথা ছাড়া ২ ধারা এবং ৩, ৪ ও ৫ ধারা।
১৮২৬ সা. ৬ আ. ..	ফতেপুরেতে নিযুক্ত জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের এলাকাভিন্ন জিলা করিবার	২ ধারার ২ প্রকরণ।
১৮২৬ সা. ৭ আ. ..	বারাণসের টাঁকশালের কার্য্যের কর্তৃত্বের ভার মধ্যশীয় বোর্ড রেবিনিউ হইতে উঠাইয়া তৎস্থানস্থ কমিটীর সাহেবদিগেতে অর্পণ করণের	সম্পূর্ণ আইন।
১৮২৮ সা. ২ আ. ...	ইংরেজী ১৭৯৯ সালের ১ আইনের কোন২ কথা রদ করণের	সম্পূর্ণ আইন।
১৮২৯ সা. ৩ আ. ..	সদর দেওয়ানী ও নিজামত আদালত এবং মফঃসল আপীল আদালতের জজ সাহেবদিগের কতক২ পদের খ্যাতি রহিত করিবার এবং সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ সাহেবদিগের এবং অন্য২ কার্য্যকারক সাহেবদিগের শ্রীযুত নবাব গবর্ণর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলে ঐ২ পদের শপথ করণের নিমিত্তে যে২ হুকুম এইক্ষণে চলিতেছে তাহা শুধরিবার এবং বিষয় বিশেষে মফঃসল আপীল আদালতের সাহেবদিগকে দেওয়ানী মোকদ্দমা ও আপীলের নিষ্পত্তি করণের হুকুম দিবার এবং ইংরেজী ১৮২৫ সালের ৮ অষ্টম আইন শুধরিবার এবং মফঃসল আপীল আদালতের পণ্ডিত ও মৌলবী প্রভৃতির পদ রহিত করিবার আইনের	২, ৩, ৪ ও ৫ ধারা।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮২৯ সা. ৫ আ. ...	ইংরেজী ১৮১৭ সালের ১০ আইনের কতক কতক এবং ১৮২৫ সালের ২১ আইনের কতক কতক রদ করিবার আইনের	২ ও ৩ ধারার ১ প্রকরণ।
১৮২৯ সা. ৯ আ. ...	ইংরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের কোন২ হুকুম এবং তদনুসারে বারাণস ও দত্ত দেশের নিমিত্তে যে হুকুম হইয়াছে তাহা রদ করিবার এবং এতদ্দেশজাত লোকের প্রতি অন্যা২ লোক যে অবস্থাতে আছে শ্রীযুত কোম্পানি বাহাদুরের বাণিজ্যের কুঠীর কর্ম্ম কর্ত্তা সাহেবদিগকে ঐ অবস্থাতে রাখিবার	সম্পূর্ণ আইন।
১৮২৯ সা. ১৩ আ. ..	লিগল অফরেসের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্বরেন্সরের পদ রহিত করণের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮২৯ সা. ১৮ আ. ...	ইংরেজী ১৮২৯ সালের ৪ আইনের ৩ ধারা রদ করিবার এবং ইংরেজী ১৮২১ সালের ১ আইনের ও ১৮২৯ সালের ১ আইনের লিখিত হুকুম অধিক শুধরিবার	সম্পূর্ণ আইন।
১৮৩০ সা. ১ আ. ...	মেদিনীপুর জিলার দেওয়ানী আদালতের কার্য্যের বিষয়ী ইংরেজী ১৮২৯ সালের ১ আইনের কতক২ হুকুম রদ করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩০ সা. ৫ আ. ..	ইংরেজী ১৮২৩ সালের ৬ আইনের লিখিত হুকুম শুধরিবার এবং নীলগাছের ক্ষেত করণ ও ঐ নীলগাছ কুঠীতে দাখিল করিয়া দেওনের বিষয়ে যে তমসুক লিখিয়া দেওয়া যায় তাহা মতাচরণ করাইবার আইনের	২ ধারা।
১৮৩১ সা. ১ আ. ...	ইংরেজী ১৮২১ সালের ১৬ আইনের ৩ ধারার ২ প্রকরণ রদ করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩১ সা. ২ আ. ...	কোন২ ফৌজদারী মোকদ্দমার বিবিধ বিষয়ে যে সন্দেহ হইল তাহা দূর করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩১ সা. ৭ আ. ...	উচিত বোধ হইলে জিলা ও সহরের জজ সাহেবদিগের প্রতি মাজিষ্ট্রেট না হইলে তাঁহাদিগের আপন২ এলাকার মধ্যে মাসে২ জেলখানা খালি করণের ক্ষমতার্পণের দ্বারা দায়েরসায়েরীর কমিসানর সাহেবদিগের ক্লেশ নিবারণ করিতে শ্রীযুত নবাব গবর্ণর জেনেরল বাহাদুরের হজুর কৌন্সেলে ক্ষমতা থাকিবার এবং যে জজ সাহেব কিম্বা অন্য কার্য্যকারক সাহেব কমিসানর না হইয়া জেলখানা খালি করণের নিমিত্তে নিযুক্ত হইয়া যে পর্য্যন্ত ঐ কর্ম্ম করিবেন সে পর্য্যন্ত তাঁহারদিগের প্রতি যে ক্ষমতা ও যে কর্ম্মের ভার থাকিবেক তাহা বিবরণ করিয়া জানাইবার	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮৩১ সা. ৯ আ. ...	সদর দেওয়ানী ও নিজামত আদালতের কর্ম্ম পূর্ব্বাপেক্ষা অতিশীঘ্র বিলক্ষণরূপে নির্ব্বাহ পাইবার	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮৩২ সা. ২ আ. ...	কোন২ বিষয়ে ফৌজদারী ও পোলীসের কর্ম্ম সুন্দররূপে চালাইবার	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।
১৮৩২ সা. ৩ আ. ...	ইংরেজী ১৮১১ সালের ১০ আইনের লিখিত হুকুম সকল বিস্তার করিবার আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৩২ সা. ৭ আ. ...	ইংরেজী ১৮৩১ সালের ৫ আইনের কোনং হুকুম মতান্তর করিবার এবং ঐ আইনের বিষয়ী অন্য কতক হুকুম নির্দ্দিষ্ট করিবার	৮ ও ৯ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৩২ সা. ৮ আ. ...	ইংরেজী ১৮১৪ সালের ১৬ আইন রদ করিবার আইনের	২ ও ৪ ধারা।
১৮৩৩ সা. ২ আ. ...	প্রবিন্সল আপীল আদালত উঠাইয়া দিবার ক্ষমতা শ্রীযুত নবাব গবর্নর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সলে অর্পণ করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩৩ সা. ৫ আ. ...	ঢাকা শহরের এলাকা ও ঢাকা জালালপুর জিলা লইয়া এক জিলা করিবার আইনের	২ ও ৫ ধারা।
১৮৩৩ সা. ৭ আ. ...	ফরোক্কাবাদী টাকার ওজন পরিবর্ত্ত করিয়া মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর তাবে দেশের চলিত টাকার সঙ্গে ঐ টাকা সমতা করিবার এবং কলিকাতার সিক্কা টাকার ওজন নিরূপণ করিবার এবং সমস্ত হিন্দুস্থানে ব্যবহার হওনার্থে যাহা অন্য সকল ওজনের মূল হইবেক এমত এক ওজন নিরূপণ করিবার	সম্পূর্ণ আইন।
১৮৩৪ সা. ১ আ. ...	কলিকাতা নগরের যে সীমার মধ্যে মাসুল আদায় হয় সেই সীমা নিরূপণ ও বর্ণন করণার্থ	সম্পূর্ণ আইন।

৩। মান্দ্রাজ দেশের যে সকল আইন অকর্ম্মণ্য হইয়াছে, মান্দ্রাজের ব্যবস্থাপক সভা সেই সকল আইন রহিত করিবার আইন প্রচলিত করিতে উদ্যত আছেন, অতএব উক্ত নির্ঘণ্টে মান্দ্রাজীয় যে পাঁচ আইন ছিল তাহা ত্যাগ করিয়াছি।

৪। বোধ করি সেই নির্ঘণ্টের মধ্যে নিম্নলিখিত আইনও নিবেশ করা উচিত। তন্মধ্যে অনেক আইন মান্দ্রাজ দেশসংক্রান্ত। ব্যবস্থাপনার্থ কর্ম্ম বিভাগে মান্দ্রাজ গবর্ণমেণ্টের আসিস্টান্ট সেক্রেটরী শ্রীযুত জে ডি মেন সাহেব যে নোট লিখিলেন, সেই নির্ঘণ্ট প্রস্তুত করণ কার্য্যে আমারদের তদ্দ্বারা অধিক সাহায্য হইয়াছে।

আইনের সংখ্যা।	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৩৫ সা. ৪ আ.	কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিসদের ...	সম্পূর্ণ আইন ...	১৮৩৮ সালের ৩২ আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৩৫ সা. ৫ আ.	মুনসেফদের ফীবিষয়ক ...	সম্পূর্ণ আইন ...	ইষ্টাম্পের আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৩৫ সা. ১৪ আ.	বোম্বাইয়ের মাজিষ্ট্রেটীর	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা ...	ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে। ১৮৫১ সালের ৪ আইনদ্বারা কতকং রহিত ও হইয়াছে।
১৮৩৫ সা. ১৭ আ.	স্বর্ণরৌপ্য মুদ্রাদির ...	৮ ধারার যে ভাগে ঐ আইনের নির্দ্দিষ্ট স্বর্ণমুদ্রায় "East India Company" মুদ্রিত হইবার বিধান থাকে সেই ভাগ ...	রৌপ্য মুদ্রাবিষয়ক তদনুযায়ি ২ ধারার বিধান ১৮৬২ সালের ১৩ আইনের ১ ধারামতে রহিত হইয়াছে।

[*Government Gazette*, 10*th March* 1868.]

আইনের সংখ্যা।	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৩৬ সা. ২ আ.	বোম্বাইয়ের কষ্টমের ...	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা ..	১৮৩৮ সালের ১ আইনক্রমে এই আইনের ১ ধারাভিন্ন সম্পূর্ণ আইন রহিত হইয়াছে ঐ ১ ধারা কেবল রহিত করণার্থ ধারা।
১৮৩৬ সা. ১১ আ.	আদালতের বিচারাধিপত্য বিষয়ক ...	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা ..	অকর্ম্মণ্য।
১৮৩৬ সা. ২৪ আ	মান্দ্রাজ ও বোম্বাইয়ের দেশীয় বিচারপতি বিষয়ক ...	সম্পূর্ণ আইন ..	১ ও ২ ধারাতে দেশীয় বিচারপতিগণের প্রধান সদর আমীন নামে খ্যাত হইবার বিধান হইয়াছে। ৩ ধারাতে বিশেষাধিকার প্রদান হইয়াছে। ৫ ধারাতে কোন ব্যক্তি বোম্বায়েইর আসিষ্টান্ট জজের বিচারাধিপত্যের বহির্ভূত নহেন, ৪ ধারাতে ইউরোপীয় প্রধান সদর আমীন হাই কোর্টকর্ত্তৃক বিচারিত হইবার বিশেষাধিকার বর্জ্জিত হইয়াছেন।
১৮৩৬ সা. ২৯ আ	সদর আমীনের ফীবিষয়ক	সম্পূর্ণ আইন ..	১ ধারাতে সদর আদালতের প্রতি সদর আমীনদের সংখ্যা পরিবর্ত্তন করিবার ক্ষমতা অর্পিত হইয়াছে। এই পদ মান্দ্রাজে উঠিয়া গিয়াছে। ২ ধারাতে জিলার রেজিষ্ট্রারের ফী রহিত হইয়াছে, তাঁহার পদও উঠিয়া গিয়াছে।
১৮৩৭ সা. ২৪ আ.	বঙ্গদেশের মফঃসলের পোলীসবিষয়ক ...	সম্পূর্ণ আইন ..	অকর্ম্মণ্য।
১৮৩৭ সা. ৩৪ আ.	মান্দ্রাজের বিচারসংক্রান্ত নিয়ম বিষয়ক ...	সম্পূর্ণ আইন ...	ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৫, ৩৯, ৪০, ৩৫৫ ধারাক্রমে অনাবশ্যক।
১৮৩৮ সা. ১৪ আ.	মান্দ্রাজে। গাঁজা ও ভাং-বিষয়ক ...	সম্পূর্ণ আইন।	অর্ম্মকণ্য।
১৮৩৮ সা. ২৪ আ.	বাঙ্গাল ব্যাঙ্কের ...	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই।	ঐ
১৮৩৮ সা. ২৮ আ	সুপ্রীম কোর্টে মিথ্যা শপথ।	ষ্ট্রেট সেটলমেণ্ট সম্পর্কে প্রবল নতুবা সম্পূর্ণ রহিত।	দণ্ডবিধির আইনের ১৯১ ধারাক্রমে অকর্ম্মণ্য।
১৮৩৮ সা ৩১ আ	সুপ্রীম কোর্টে ফৌজদারী আইন।	৩০ ও ৩১ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন।	দণ্ডবিধির আইনদ্বারা এবং ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের পেটেণ্ট পত্রের ৩০ ধারার দ্বারা অপ্রয়োজন। ৮ ধারা ১৮৫২ সালের ১৬ আইনক্রমে রহিত হইয়াছে।
১৮৩৯ সা. ৩ আ.	ব্রিটনীয় প্রজা বিষয়ক।	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই।	এই আইনমতে মাল ও মুনসেফী আদালতের বিচারাধিপত্য হইতে কোন ব্যক্তির নিষ্কৃতি না হইবার বিধান আছে। ১৮৩৯ সালের ফেব্রুআরি মাসের পূর্ব্বে যে ডিক্রী করা যায় ২ ধারা তৎসম্পর্কীয়।
১৮৩৯ সা. ১১ আ.	প্রিবি কৌন্সেলে আপীল উপস্থিত করিবার রসুমের।	সম্পূর্ণ আইন।	প্রিবি কৌন্সেলে আপীল উপস্থিত করিবার রসুমের যে বিধি তাহা রহিত করে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের সংখ্যা।	যে বিষয়ের আইন বা উপাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৩৯ সা. ১৩ আ.	মান্দ্রাজ বন্দরের মাস্তুলের আইনের।	১, ২, ৩, ৪, ধারা এবং ৬ ধারার যে অংশ মান্দ্রাজ রাজধানীর সহিত সম্পর্ক রাখে তাহা।	মান্দ্রাজের ১৮৬৭ সালের ৭ আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৩৯ সা. ২২ আ.	যাহারদের নামে অপরাধের অভিযোগ হয় তাহারদের সকলরূপে প্রত্যুত্তর করিতে পারিবার আইন।	৪ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন	রীতি প্রচলিত হওয়া প্রযুক্ত ১ ও ২ ধারা রহিত হইতে পারিবে। ১৮৬৫ সালের ১৩ আইনের ৪ ও ৫ ধারাক্রমে ৩ ধারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৩৯ সা. ২৫ আ.	বোম্বাইয়ের মাজিষ্ট্রেটদিগের	সম্পূর্ণ আইন।	এই আইনের যেং কথাদ্বারা অন্যান্য আইন রহিত হয় সেই কথা ভিন্ন সম্পূর্ণ আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৩৯ সা. ৩১ আ.	চতুর্থ জর্জ রাজার ৯ বৎসরের আইনের ৭৪ অধ্যায়ে যে মুদ্রাসম্পর্কীয় কথার দোষ সংশোধন করিবার	সম্পূর্ণ আইন।	দণ্ডবিধির আইনের ১২ অধ্যায় দ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৪০ সা. ৯ আ.	সালিসী ও ক্ষতিপূরণ এবং লাভালাভ সম্বন্ধীয় সাক্ষিদের বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের চলিত আইন শুধরিবার আইনের।	২ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন	১ ধারা ১৮৫৫ সালের ২ আইনের ১৮ ধারাতে অকর্ম্মণ্য হইয়াছে। ৩, ৪, ও ৫, ধারা দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৬ অধ্যায়ক্রমে অকর্ম্মণ্য হইয়াছে। ৬ ধারা অপ্রয়োজন।
১৮৪০ সা. ১০ আ.	যাত্রীর কোনং কর রহিত করনের এবং শ্রীজগন্নাথের মন্দিরের কর্ত্তৃত্ব বিষয়া আইনের।	১ ও ৪ ধারা।	১ ধারা দ্বারা কেবল অন্যান্য আইন রহিত করা যায় ২ ধারা দণ্ডবিধি প্রভৃতি সংগৃহীত আইন দ্বারা এবং ১৮৬৩ সালের ২০ আইনের ১৪ ধারা দ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৪১ সা. ২৫আ.	একুটী আদালতে যে ডিক্রী কি আজ্ঞা করা যায় যে তাহার অবজ্ঞা হেতুক কারাবন্ধন বিষয়ক আইন সংশোধন করিবার আইনের।	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।	১ ও ২ ধারা ১৮৫৫ সালের ৫ আইনের ৭ ধারাক্রমে রহিত করা গিয়াছে ভারতবর্ষে এখন একুটী আদালত না থাকাতে অন্য সকল ধারা অকর্ম্মণ্য হইয়াছে।
১৮৪১ সা. ২৬ আ.	৪ চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের আইনের ৪২ অধ্যায়ের আইনের অধিক সংশোধন এবং বিচারের অপেক্ষাকৃত সুবিধা করণার্থ আইনের কোনং বিধান ইংলণ্ডীয় আইনমতে বিচারিত মোকদ্দমায় প্রবর্ত্তন করাইবার আইনের।	২, ৫, ও ৬, ধারা।	একাদশ সাক্ষির দ্বারা প্রতিবাদিকে নির্দ্দোষ করিবার যে রীতি ছিল তাহা ২ ধারাতে রহিত করা যায় ৫ ধারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৭ অধ্যায় দ্বারা এবং ৬ ধারা ১৮৫৫ সালের ৬ আইনের ২ ধারাক্রমে অপ্রয়োজন হইয়াছে।
১৮৪১ সা. ২৭ আ.	যোত্রহীনদের সম্পত্তির যে ডিবিডেণ্ড অর্থাৎ অংশের দাওয়া না হয় তাহা বিলি করিয়া দেওনের আইনের।	৩, ও ৪, ধারা।	৩ ধারা মহারাণী বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায়ের ৪৬ ধারাক্রমে অপ্রয়োজন হইয়াছে ও ৪ ধারা অকর্ম্মণ্য।

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৪১ সা ৩০ আ	কোম্পানী বাহাদুরের কোনং আদালতে যথার্থ বিচারের বাধা নিবারণের আইনের।	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।	১ ধারা ১৮৬১ সালের ১৮ আইন দ্বারা রহিত হইয়াছে ২ ধারা দণ্ডবিধির আইনক্রমে অকর্ম্মণ্য হইয়াছে ৩ ধারা অন্যান্য আইন রহিত করণার্থ ধারা।
১৮৪২ সা ১৬ আ	জমীদারের ও ভূম্যধিকারিদের দেওয়া পাট্টার মিয়াদের বিষয়ী।	সম্পূর্ণ আইন।	এই আইনেতে ১৮১২ সালের বঙ্গদেশীয় ১৪ আইনের ২ ও ৩ ধারা মতান্তর হইয়াছে কিন্তু এই পাণ্ডুলিপিতে সেই ১৪ আইন রহিত করিবার প্রস্তাব হইল।
১৮৪৩ সা ৭ আ	ফোর্টসেন্ট জর্জ রাজধানীতে আপীলের ও দায়ের সায়েরীর প্রবিন্সাল্ আদালত উঠাইয়া দিবার ও তাঁহাদের কর্ম্ম সম্পাদনের জন্যে নূতন জিলার আদালত সংস্থাপন করিবার এবং জিলার দেওয়ানী ও ফৌজদারী বর্ত্তমান আদালতের পরিবর্ত্তে ১৮২৭ সালের ১ ও ২ আইন এবং ৭ ও ৮ আইন অনুসারে আদালত সংস্থাপন করিবার এবং ঐং আদালতের দেওয়ানী ক্ষমতা বৃদ্ধি করিবার আইনের।	৫, ১৬, ২৪, ২৮, ৪৫, ও ৪৬, ধারা এবং ১, ৪, ৮, ২০, ২৩, ও ৪৪ ধারার যে কথা অধঃ শ্রেণীর বিচারকর্ত্তাদের ও সদর আমিনদের প্রতি বর্ত্তে সেই কথার।	৫ ও ২৪ ও ১৮ ধারা কেবল অন্যান্য ধারা রহিত করণার্থ হয়। মান্দ্রাজে অধঃ শ্রেণীর বিচার কর্ত্তাদের ও সদর আমিনদের পদ উঠিয়া গিয়াছে এই প্রযুক্ত ১৬ ৪৫, ও ৪৬ ধারা এবং ১, ৪, ৮, ২০, ২৩, ও ২৪ ধারার যে কথা উক্ত বিচারকর্ত্তাদের সম্পর্কে হয় তাহা অকর্ম্মণ্য হইয়াছে।
১৮৪৩ সা ১৬ আ	অপরাধিদিগকে ধরিবার নিমিত্ত পুরস্কার অঙ্গীকার করণ বিষয়ক	সম্পূর্ণ আইন	অন্য আইন রদ করণার্থ আইন
১৮৪৪ সা ৬ আ	মান্দ্রাজ গবর্ণমেন্টের শাসিত দেশের মধ্যে রাহাদারী মাসুল আদায় করিবার এবং সমুদ্রপথে যে দ্রব্যের আমদানী রপ্তানী হয় তাহার মাসুল সংশোধন করিবার ও দেশের মধ্যে যে লবণ ব্যবহার হয় তাহার মূল্য নিরূপণ করিবার আইনের	১, ২, ৩, ৪, ৫, ৪২ ধারা এবং A B. ও C চিহ্নিত তফসীলের যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা	১, ২ ও ৪২ ধারা কেবল রহিত করণার্থ ধারা ৩ ধারা অকর্ম্মণ্য ৪ ও ৫ ধারাতে লবণের ও আফিঙ্গের যে কথা আছে তদ্ভিন্ন ঐ ২ ধারা ১৮৫৭ সালের ৭ আইন ও ১৮৬৩ সালের ৬ আইনমতে অকর্ম্মণ্য হইয়াছে A. ও B. চিহ্নিত তফসীলে যে অংশ রহিত হয় নাই তাহা ১৮৬৩ সালের ৬ আইনদ্বারা অকর্ম্মণ্য হইয়াছে C. চিহ্নিত তফসীল ১৮৬৩ সালের ৬ আইনের ২৫ ধারাদ্বারা অকর্ম্মণ্য হইয়াছে
১৮৪৪ সা ৯ আ	প্রধান সদর আমীন ও সদর আমীনদের আদালতে মোকদ্দমা উপস্থিত করণের ক্ষমতা দেওনের আইনের	৩ ধারার যে অংশ মান্দ্রাজ রাজধানীর সদর আমীনদের সহিত সম্পর্ক রাখে তাহা	মান্দ্রাজে সদর আমীনদের পদ উঠিয়া গিয়াছে
১৮৪৪ সা ১০ আ	যে ব্যক্তিদের খুনের অপরাধ প্রমাণ হয় তাহাদের প্রাণদণ্ড করণের সময় নিরূপণ বিষয়ক আইন সংশোধনের	সম্পূর্ণ আইন	এখন অপ্রয়োজন

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা তদাখ্য।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৪৫ সা ৯ আ	১৮৩৬ সালের ১৪ আইন এবং ১৮৩৮ সালের ১ আইন এবং ১৮৪৫ সালের ৬ আইনের শেষের লিখিত আমদানীর মাসুলের তফসীল সংশোধন এবং ১৮৪৪ সালের ১৫ আইন রহিত করণের আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা।	১৮৫২ সালের ১ আইনদ্বারা ইহার এক অংশ রহিত হইয়াছে ১ ও ৩ ধারা কেবল রহিত করিবার ধারা ২ ধার রহিত তফসীলসম্পর্কীয়। সম্পূর্ণ আইন ১৮৬৭ সালের কষ্টমের মাসুলের আইনের দ্বারা অপ্রয়োজন হইয়াছে
১৮৪৫ সা ২৮ আ	মান্দ্রাজ রাজধানীর সুপ্রিম কোর্টে মোকদ্দমার বিচার ও কার্য্য সম্পাদানের নিষ্পাদন প্রণালীর সৌষ্ঠব করণার্থ	সম্পূর্ণ আইন	মান্দ্রাজের হাই কোর্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২৮ তারিখের পেটেন্ট পত্রদ্বারা অপ্রয়োজন হইয়াছে
১৮৫৭ সা ২ আ	১৮৪৭ সালের ৫ আইনের কোন২ কথার অর্থ ও অভিপ্রায়ের সীমা প্রকাশ করণের	সম্পূর্ণ আইন	১৮৬৩ সালের ১৮ আইনের ৯ ধারাদ্বারা ১৮৪০ সালের ৫ আইন রহিত হইয়াছে
১৮৪৭ সা ৪ আ	মান্দ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের প্রতি মাজিষ্ট্রেটী পদে কোন সৈনিককে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদানার্থ	সম্পূর্ণ আইন	মহারাণী ভিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৫৪ অধ্যায়ক্রমে অপ্রয়োজন হইয়াছে
১৮৪৭ সা. ১১ আ.	হংকং নামে শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাদের উপনিবেশ হইতে যে বন্দিরা দেশান্তরে প্রেরিত হয় তাহাদিগের গ্রাহ্য করিবার ক্ষমতা দেওনার্থ	সম্পূর্ণ আইন	অপ্রয়োজন হইয়াছে।
১৮৪৭ সা. ১২ আ.	যে আইনের দ্বারা মুনসেফ ও সদর আমিনদের জরীমাণা করণের ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা রদ করণের বিষয়ী।	সম্পূর্ণ আইন	রহিত করণার্থে আইন।
১৮৪৭ সা. ২১ আ.	বোম্বাই রাজধানীর সুপ্রিম কোর্টে মোকদ্দমার বিচার নিষ্পাদনকার্য্য ও সম্পাদন প্রণালীর সৌষ্ঠব করণার্থ	সম্পূর্ণ আইন	হাই কোর্টের পেটেন্ট পত্রদ্বারা অ-অপ্রয়োজন হইল।
১৮৪৮ সা. ২১ আ.	বাজী রাখা ব্যর্থ করণের আইনের	২ ধারা	১৮৫৯ সালের ৮ আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৪৮ সা. ২২ আ.	জাল করণের বিষয়ী নালিশ পূর্ব্বাপেক্ষা সহজ করিবার।	সম্পূর্ণ আইন	১৮৬২ সালের ১৮ আইনের ১৫ ও ২৫ ধারা ক্রমে অপ্রয়োজন হইয়াছে।
১৮৪৯ সা. ৯ আ.	মান্দ্রাজ রাজধানীর মধ্যে স্থলবিশেষে পোলীসের এক জন মাজিষ্ট্রেটকে তুই জষ্টিসের ক্ষমতানুসারে কার্য্য করিবার শক্তি দেওনার্থ আইনের।	হেতুবাদের যে অংশে ১৮৩৭ সালের ১ আইনের উল্লেখ হইয়াছে সেই অংশ ও ২ ধারা।	পাণ্ডুলিপিতে ১৮৩৭ সালের ১ আইন রহিত করিবার প্রস্তাব হইয়াছে। তৃতীয় জর্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারার সহিত উক্ত ২ ধারার সম্পর্ক আছে, কিন্তু ঐ ১৫৮ ধারা ১৮৫৬ সালের ২৬ আইন ও ১৮৫৮ সালের ২৫ আইনদ্বারা রহিত হইয়াছে।

[*Government Gazette, 10th March* 1868.]

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা ভদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৫০ সা. ৯ আ.	কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ্জ ও দাওয়া আদায় করণের আইনের	৩৫ ধারার যে অংশ ১৮৪৪ সালের ১ আইনদ্বার বিশেষাধিকার প্রাপ্ত ব্যক্তিরদের নামে রিট ও পরওয়ানার উল্লেখ হইয়াছে সেই অংশ	পাণ্ডুলিপি। ১৮৪৪ সালের ১ আইন রহিত করিবার আইনের প্রস্তাব হইয়াছে
১৮৫০ সা. ২৯ আ.	বিষ খাওয়ান নিবারণের বিষয়ে ১৮৩৮ সালের ৩১ আইন শুধরিবার	সম্পূর্ণ আইন	দণ্ড বিধির আইনের ৩২৮ ধারাক্রমে অপ্রয়োজন হইয়াছে।
১৮৫১ সা. ৩ আ.	বেআইনিমতে নিমক পোস্তাণীর ও রফ্তাণীর নিবারণার্থে ১৮১৯ সালের ১০ আইন এবং ১৮৩৮ সালের ২৯ আইন শুধরিবার	সম্পূর্ণ আইন	বঙ্গ প্রভৃতি দেশ সম্পর্কে পূর্ব্বে রহিত হইয়াছে।
১৮৫২ সা. ১৫ আ.	প্রমাণ বিষয়ক আইন সংশোধনার্থ	১, ২, ৪, ১১ ধারা এবং ১৩ ধারার যে অংশেতে ফেলনি অপরাধ নির্ণয় ও তাহার দণ্ড নিরূপণ এবং মুখ্য ও সহায় ব্যক্তির বিচারের বিধান হয় সেই অংশ।	১ ধারা রহিত করণার্থ ধারা। ২ ও ৪ ধারা ১৮৫৫ সালের ২ আইনের ১৮ ১৯, ২০ ধারাক্রমে অপ্রয়োজন হইয়াছে। ১১ ধারা দণ্ডবিধির আইনের ১৯১ ধারার চ চিহ্নিত উদাহরণেরদ্বারা ও ২১৮ ধারারদ্বারা অনাবশ্যক হইয়াছে ১৩ ধারার যে অংশ রহিত করিবার প্রস্তাব হইয়াছে তাহা দণ্ডবিধির আইনের ৪৬৩ ও ৪৭১ ধারাক্রমে ও ১৮৬২ সালের ১৮ আইনের ২০ ধারাক্রমে অনাবশ্যক হইয়াছে।
১৮৫৩ সা. ১৭ আ.	১৮১৬ সালের ৭ আইন রদ করণের এবং মহারাজ অমৃত রাইকে যে জমি দত্ত হইয়াছিল তাহাতে যে আইন চলন হইবে তাহা প্রকাশ করণের আইনের	১, ৪ ও ৫ ধারা	১ ধারা রহিত করণের ধারা। ১৮৫৩ সালের নবেম্বর মাসের পূর্ব্বে যেং কার্য্য হইয়াছে ও অপরাধ করা গিয়াছে তৎসম্পর্কীয় ৪ ও ৫ ধারা অকর্ম্মণ্য।
১৮৫৪ সা. ৬ আ.	বাঙ্গলা দেশের কোর্ট উলিয়ম রাজধানীতে এবং মান্দ্রাজে ও বোম্বাইতে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের একুটি পক্ষে কার্য্য করণের ব্যবহার ও ধারা সংশোধন করণের	সম্পূর্ণ আইন	দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৫৪ সা. ২৫ আ.	কালেক্টর সাহেবদের খাজানাখানাহইতে টাকা দিবার জন্যে পরওয়ানা দিবার ব্যবহার রহিত করণের	সম্পূর্ণ আইন	এক অংশ কেবল রহিত করণার্থ অবশিষ্ট অকর্ম্মণ্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৫৫ সা. ২ আ.	প্রমাণ বিষয়ক আইন আরো উত্তম করিবার আইনের	১, ৯, ৫২, ৫৩, ৫৪ ও ৫৫ ধারা এবং ২ ধারার যে অংশ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আক্টের. ও আইনের সহিত সম্পর্ক রাখে সেই অংশ	১ ও ৫২ ধারা রহিত করণার্থ ধারা। ৯ ধারা ও ২ ধারার কিয়দংশ ১৮৬৮ সালের ১ আইনের ৭ ও ৮ ধারাদ্বারা অপ্রয়োজন হইয়াছে ৫৩ ও ৫৪ ধারা হাই কোর্টের পরিবর্ত্তিত কার্য্য সম্পর্কে আর প্রয়োজন নাই ৫৫ ধারা ১৮৫৫ সালের ৬ আইনের সহিত সম্পূর্ক রাখে সেই ধারা এই প্রস্তাবিত পাণ্ডুলিপিক্রমে রহিত করিবার প্রস্তাব হইয়াছে।
১৮৫৫ সা. ৫ আ.	শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কর্ম্মের সকল বিভাগে ডিক্রী প্রভৃতি জারী করিবার একি প্রণালী নিরূপণ এবং ১৮৪১ সালের ২৫ আইনের বিধান বিস্তৃত ও সংশোধন করণার্থ আইনের	ষ্ট্রেট সেটলমেন্ট সহিত যে অংশের সম্পার্ক আছে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন	১৮৫৯ সালের ৮ আইনদ্বারা এবং হাই কোর্টের নিকট পেটেন্টপত্রক্রমে যে বিধি প্রণীত হইয়াছে তদ্দ্বারা অপ্রয়োজন হইয়াছে
১৮৫৫ সা. ১৯ আ.	মান্দ্রাজ দেশের অন্তর্গত জিলার মুনসেফসংক্রান্ত আইন সংশোধন করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই	১ ধারা রহিত করণার্থ ধারা। ২, ৩, ৪, ৬, ৭ ধারা ১৮৫৯ সালের ৮ আইন দ্বারা অপ্রয়োজন হইয়াছে। ৬ ও ৭ ধারাক্রমে মান্দ্রাজের ১৮১৬ সালের ১৫ আইনের যে২ অংশ জিলার মুনসেফদের প্রতি বর্ত্তান যায় তাহা পূর্ব্বে ১৮৬১ সালের ১০ আইনক্রমে রহিত হইয়াছে। ৫ ধার ১৮২ সালরে ১৭ আইনদ্বারা হিত করা গিয়াছে
১৮৫৫ সা. ২৫ আ.	কাএমরাত্তুরের সেশন জজ সাহেবকে নিলগিরির উৎকমণ্ড স্থানে সেশন করিবার ক্ষমতা প্রদানার্থ	সম্পূর্ণ আইন	উৎকমণ্ড স্থানে সিবিল ও সেশন জজ সাহেব নিযুক্ত হওয়াতে অপ্রয়োজন হইছে।
১৮৫৮ সা. ১৬ আ.	১৮৫৫ সালের ২৫ আইন বিস্তৃত করণার্থ	সম্পূর্ণ আইন	ঐ ঐ ঐ
১৮৬০ সা. ১ আ.	বাঙ্গলা দেশের উত্তর পশ্চিম প্রদেশে যে নিমকের আমদানী হয় তাহার মাসুল বৃদ্ধি করিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরেল বাহাদুরকে ক্ষমতা প্রদান করিবার আইনের	১ ও ৩ ধারা	১ ধারা রহিত করণার্থ ধারা ৩ ধারা অপ্রয়োজন।
১৮৬০ সা ১০ আ	১৮৫৯ সালের ৭ আইন অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রফ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইন সংশোধন করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা	১৮৬৭ সালের কষ্টমের মাসুলবিষয়ক আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৬০ সা ১৭ আ	১৮৫৮ সালের ৫ আইন অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোন২ অপরাধিদের ও যাহারা জানিয়া শুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহাদের দণ্ড করিবার আইন ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করিবার আইনের	১, ৪ ও ৫ ধারা	১ ধারা রহিত করণার্থ ধারা ১৮৬০ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের পূর্ব্বে যেং দণ্ডাজ্ঞা হইয়াছে ও অপরাধ করা গিয়াছে তাহার সহিত ৪ ও ৫ ধারা সম্পর্ক রাখে।
১৮৬০ সা ৩০ আ	জালম জিলার কুঞ্চ ও কাল্পী পরগনা সাধারণ আইনের কার্য্যহইতে অপসরণ করণার্থ	সম্পূর্ণ আইন	অকর্ম্মণ্য।
১৮৬০ সা ৫৩ আ	১৮৫৯ সালের ১০ আইন সংশোধনার্থ	সম্পূর্ণ আইন	১৮৬০ সালের ডিসেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে তৎপ্রতি ১ ধারা বর্ত্তে ১৮৬০ সালের ডিসেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বে যে মোকদ্দমা কি আপীল ডিসমিস হইয়াছে তৎপ্রতি ২ ধারা বর্ত্তে।
১৮৬১ সা. ১ আ.	বোম্বাইয়ের সুপ্রিম কোর্টে যথার্থ বিচার নিষ্পাদনের ও কর্ম্ম সম্পাদনের নিয়মের সৌষ্ঠব করণার্থ	সম্পূর্ণ আইন	১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২৮ তারিখের পেটণ্টপত্রদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৬১ সা ৬ আ	ভারতবর্ষের দণ্ডবিধির আইন যে সময় অবধি চলন হইবে তাহা পরিবর্ত্তন করিবার	সম্পূর্ণ আইন	অকর্ম্মণ্য।
৮৬২ সা ১১ আ	১৮৬০ সালের ১০ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানী হওয়া দ্রব্যের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার ১৮৫৯ সালের ৭ আইন) সংশোধন করিবার	সম্পূর্ণ আইন	১৮৬৭ সালের কষ্টমের মাসুলবিষয়ক আইনদ্বারা অকর্ম্মণ্য হইয়াছে।

৫। পূর্ব্বোক্তমতে কথা ত্যাগ করিয়া ও অন্য কথা সংযোগ করিয়া এই পাণ্ডুলিপি গ্রাহ্য করা আমাদের প্রস্তাব।

এফ আর কক্রেল।
ডবলিউ এম ম্যাসি।
ই এল ব্রাণ্ডেথ।
এম জে শা ষ্টুয়ার্ট।

উইটলী ষ্টোক্স।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্ট ব্যবস্থাপন সভার আসিষ্টাণ্ট সেক্রেটারী।

কলিকাতা ১৮৬৮ সাল ২৫ জানুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 908.

APPOINTMENTS.

The 27th February 1868.

Mr. W. D. Pratt, Assistant Superintendent of Police, Tipperah, is transferred to Hooghly.

Dr. J. C. Collins to be Principal Assistant to the Opium Agent of Behar.

Mr. L. R. Tottenham, Magistrate and Deputy Collector of Howrah, is vested with the powers of a Collector under Section 4, Act VIII. (B. C.) of 1867.

The 28th February 1868.

Mr. J. Boxwell to be Sub-Registrar of Assurances of the Sub-District of Sylhet, having its Head-Quarters at the Sudder Station of the District of Sylhet.

Baboo Sunjeeb Chunder Chatterjee to be Sub-Registrar of Assurances of the Sub-District of Pubna, having its Head-Quarters at the Sudder Station of the District of Pubna.

Lieutenant C. H. Garbett to be Sub-Registrar of Assurances of the Sub-District of Purulia, having its Head-Quarters at the Sudder Station of the District of Maunbhoom.

The 29th February 1868.

Mr. A. W. Russell to be a Member of, and Secretary to, the Local Committee of Public Instruction at Chittagong.

Baboo Radhagobind Rai to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Dinagepore.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Kishnaghur:—

Mr. H. Luttman-Johnson.
„ F. J. Needham.

Mr. G. S. Park to be Secretary to the Local Committee of Public Instruction at Furreedpore.

The 2nd March 1868.

Baboo Gopal Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Serampore, is transferred to the Sudder Station of Hooghly.

Baboo Chunder Narain Sing, M. A., Deputy Magistrate and Deputy Collector of Hooghly, is posted to the Sub-Division of Serampore.

Mr. E. T. Trevor to be President of the Board of Examiners.

Mr. A. R. Thompson to be a Member of the Board of Examiners.

The 3rd March 1868.

Mr. A. P. MacDonnell to be a Member of the Municipal Committee for the Town of Jamalpore

[*Government Gazette*, 10*th March* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৯০৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৭ ফেব্রুআরি।

ত্রিপুরার পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব হুগলীতে নিযুক্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত জে সি কলিন্স সাহেব বেহারের আফীমের এজেন্ট সাহেবের প্রধান আসিস্টান্ট হইবেন।

হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল আর টটনহাম সাহেব ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৮ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব শ্রীহট্ট সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান শ্রীহট্ট জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় পাবনা সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান পাবনা জিলার সদর মোকামে হইবে।

লেপ্টেনেন্ট শ্রীযুত এচ সি গার্বেট সাহেব পুরুলিয়া সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান মানভূম জিলার সদর মোকামে হইবে।

১৮৬৮ সাল ২৯ ফেব্রুআরি।

শ্রীযুত এ ডবলিউ রসল সাহেব চট্টগ্রাম সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর ও সেক্রেটারী হইবেন।

শ্রীযুত বাবু রাধাগোবিন্দ রায় দিনাজপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা কৃষ্ণনগরের মুনসিপল কমিসানর হইবেন।

শ্রীযুত এচ লটমান জনসন সাহেব।
,, এফ জে নিডহম সাহেব।

শ্রীযুত জি এস পার্ক সাহেব ফরীদপুরে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৮ সাল ২ মার্চ।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় হুগলীর সদর মোকামে নিযুক্ত হইয়াছেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এ, শ্রীরামপুর শাখা খণ্ডে অবস্থিত হইলেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব পরীক্ষক বোর্ডের সভাপতি হইবেন।

শ্রীযুত এ আর তামসন সাহেব পরীক্ষক বোর্ডের এক জন মেম্বর হইবেন।

১৮৬৮ সাল ৩ মার্চ।

শ্রীযুত এ পি মাকডনেল সাহেব জামালপুর নগরের মুনিসিপল কমিটীর এক জন মেম্বর হইবেন।

Koomar Harendra Krishna Rai Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, to have charge of the Sub-Division of Sealdah, during the absence, on leave of Mr. W. H. Verner, or until further orders.

Coomar Brejendro Narain Deb, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, to have charge of the Sub-Division of Meherpore, during the absence, on leave, of Mr. T. E. Coxhead, or until further orders. In addition to the powers with which he is already vested in the District of Nuddea, Coomar Brejendro Narain Deb is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

The appointment of Baboo Dinonath Addy to the temporary charge of the Sub-Division of Meherpore, notified in the *Calcutta Gazette* of the 26th ultimo, is cancelled.

Mr. R. Sinclair, Officiating Special Sub-Registrar of Assurances of Baraset, to officiate as Special Sub-Registrar of the Sub-District of Jessore.

Baboo Uma Churn Gangooly, Special Sub-Registrar of Noakhally, to be Special Sub-Registrar of the Sub-District of Baraset, in the 24-Pergunnahs.

Mr. H. Balfour to officiate as Civil and Sessions Judge of Sarun, during the absence, on leave, of Mr. A. Hope, or until further orders.

Mr. G. G. Morris to officiate as Civil and Sessions Judge of Backergunge, until further orders.

Leave of Absence.

The 26th February 1868.

Mr. J. Beames, Officiating Magistrate and Collector of Midnapore, is allowed fifteen days' preparatory leave to enable him to proceed to Europe on leave of absence on Medical Certificate.

Captain E. Y. Walcott, Assistant Commissioner of Hazareebaugh, for one month, without pay.

The 27th February 1868.

Mr. A. Grote, Member of the Board of Revenue, for three months, from the 2nd March next, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

The 28th February 1868.

Mr. T. A. Donough, Deputy Magistrate and Deputy Collector of Madareepore, for twenty-two days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ রায় বাহাদুর শিয়ালদহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত টি ই কক্সহেড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। ঐ জিলাতে এইক্ষণে তাঁহার যে ক্ষমতা আছে তদরিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের হাজের উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

মেহেরপুর শাখাখণ্ডে শ্রীযুত দীননাথ আঢ্যের কিয়ৎ কালের নিমিত্তে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইয়াছে, তাহা ইহাতে রহিত হইল।

বারাসতের একটিং বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত আর সিনক্লের সাহেব যশোহর সব-ডিষ্ট্রিক্টের বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

নওয়াখালীর বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় ২৪ পরগনার অন্তর্গত বারাসত সব-ডিষ্ট্রিক্টের বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ হোপ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ বালফর সাহেব সারণের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি জি মরিস্ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বাকরগঞ্জের সিবিল ও শেসন জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে বীমস সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইতে পারিবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের আসিষ্টাণ্ট কমিসানর কাপ্তান শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব বিনা বেতনে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৭ ফেব্রুআরি।

As it will be necessary for the Commissioner of the Rajshahye Division to exercise in future the powers of a Commissioner in Bograh, and for the Collector of Bograh to exercise the powers of a Collector, under Acts XXI. and XXIX. of 1867, the powers of a Commissioner under those Acts

চট্টগ্রামের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি হরলি সাহেব গত জানুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৪ মার্চ।

মাদারিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বারো মাসের ছুটী পাইয়াছেন।

গয়ার এক্টিং জজ শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কর্ম্মের ভার গয়ার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবার অনুমতি পাইয়াছেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি ওয়াল্টন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে যাইতে প্রস্তুত হইবার জন্যে দশ দিন ছুটী পাইয়াছেন।

গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব রাজধানীর চিকিৎসকদের স্থায়ি সভার সম্মুখে উপস্থিত হইবার জন্যে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

ভাগলপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ ডয়লি সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি আপ্রেল মাসের ৫ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

নড়াইলের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে যে আজ্ঞা করেন পোলীস চিকিৎসক শ্রীযুত সি টি ও উডফোর্ড সাহেব যে তারিখে উত্তর পদধারির প্রতি কার্য্যার্পণ করেন সেই তারিখ অবধি উক্ত আজ্ঞাক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের জজ শ্রীযুত এ ই রসেল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার বর্দ্ধমানের প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ১৭ মার্চ।

জামালপুরের অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফকীর আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে চারিমাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১১ মার্চ।

এই অবধি রাজশাহী খণ্ডের কমিস্যনর সাহেবের বগুড়াতে কমিস্যনরের ক্ষমতাক্রমে কার্য্য করা এবং বগুড়ার কালেক্টর সাহেবের ১৮৬৭ সালের ২১ ও ২৯ আইনমতে কালেক্টরর ক্ষমতাক্রমে কার্য্য করা আবশ্যক এই হেতুক ১৮৬৭ সালের আপ্রেল মাসের ২৫ তারিখের আজ্ঞাক্রমে উক্ত আইন অনুসারে শেষোক্ত সাহেবের

with which the latter Officer was vested, under orders of the 25th April 1867, are hereby withdrawn.

The 14th March 1868.

Mr. J. Beames, C. S., reported his departure from India per Steam-ship *Mooltan*, which was left at sea by the Pilot on the 4th instant.

Mr. T. Walton having resumed charge of his duties, on the 11th instant, the unexpired portion of the leave, granted to him under orders of the 9th December last, is cancelled.

প্রতি কমিসানরের যে ক্ষমতা অর্পণ হইয়াছিল তাহা এতৎক্রমে রহিত করা গেল।

১৮৬৮ সাল ১৪ মার্চ।

সিবিলসংক্রান্ত কার্য্যের শ্রীযুত জে বিমস সাহেব মুলতান নামক ষ্টীমরে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন আড়কাটী সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত টি ওয়ালটন সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন এই হেতু গত ডিসেম্বর মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

DECLARATION.

The 11th February 1868.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for clearing the approaches to the Pooree Jail, and for sanitary improvements in that Jail, it is hereby declared that, for the above purpose, the following strips of land are required :—

1st.—A strip of land bounded on the North and East by the new road from the Utternulla to the Burrodaud; on the South by the Burrodaud; on the West by the old Utternulla and Burrodaud road.

2nd.—A strip of land bounded on the North and East by the new Utternulla and Burrodaud road; on the South by the Jail Garden and Jail; on the West by a line from the North-West corner of the Jail Garden, at right angles with the North hedge, up to its junction with the new Utternulla and Burrodaud road.

2. This declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১১ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুরীর জেলে যাইবার পথ পরিষ্কার করিবার জন্যে এবং সেই জেলখানায় স্বাস্থ্য বৃদ্ধি করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন এই হেতু নিম্নলিখিত ভূমিখণ্ড লওয়ার আবশ্যক প্রকাশ হইল। সেইং ভূমি খণ্ডের এইং সীমা।

১। এক খণ্ডের উত্তর ও পূর্ব্ব সীমা উত্তর নালা অবধি বরদাউদ পর্য্যন্ত নূতন রাস্তা। দক্ষিণ সীমা বরদাউদ নদ। পশ্চিম সীমা উত্তর নালার ও বরদাউদের পুরাতন রাস্তা।

২। দ্বিতীয় খণ্ডের এইং সীমা। উত্তর ও পূর্ব্ব দিগে উত্তর নালার ও বরদাউদের নূতন রাস্তা। দক্ষিণ সীমা জেল বাগান ও জেল। জেল বাগানের উত্তর বেড়ার উত্তর পশ্চিম কোণ অবধি উত্তর নালা ও বরদাউদের নূতন রাস্তা, যে স্থানে ঐ বেড়ার সঙ্গে যোগ হয় সেই স্থান পর্য্যন্ত সরল রেখা টানিলে সেই রেখা পশ্চিম সীমা।

২। উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে এই সংবাদ দেওয়া গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

ESTABLISHMENT.

No. 95.

ADDENDA.

Fort William, the 17th March 1868.

In paragraph 6 of Notification No. 75, dated 10th March 1868, after the words "Mymensing" read "*and Jamalpore.*"

In paragraph 7 of the above Notification after the words "24-Pergunnahs" read "*Damoodah.*"

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

৯৫ নম্বর।

নূতন কথার সংযোগ।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ১৭ মার্চ।

১৮৬৮ সালের মার্চ মাসের ১০ তারিখের ৭৫ নম্বরের যে বিজ্ঞাপন প্রকাশ করা গেল তাহার ৬ ধারাতে ময়মুনসিংহ এই কথার পর "ও জামালপুর" এই কথা পাঠ করিতে হইবে।

ঐ বিজ্ঞাপনের ৭ ধারাতে চব্বিশ পরগনা শব্দের পর দামোদর পাঠ করিতে হইবে।

LOCAL COMMUNICATIONS.

No. 96.

Fort William, the 17th March 1868.

Declaration under Sections II. and XXXIII. of Act IV. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for the protection of, and repairs to, the existing road called the Burriarpore and Khurruckpore Railway Feeder, in the District of Bhaugulpore and Monghyr, it is hereby declared that for the above purpose small strips of land, measuring in the aggregate 11*l.* 12*c.* 9½*d.* more or less, are required on both sides of the road in Jageers of Jeearam Sepoy, Gooman Sing Soobedar, Newaz Khan Jemadar, Daood Khan Sepoy, Jooderam, Burgarea and of Syud Hossein Havildar, and in the village of Chandpore and Amunt Surcar in Mouzah Pidhar and Byjnathpore, through which the road passes.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

No. 97.

Declaration under Sections II. and XXXIII. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz.*, for the protection and repairs to the 1st and 2nd Sections of the Modehpoorah Railway Feeder in the District of Bhaugulpore, it is hereby declared that, for the above purpose small strips of land, measuring in the aggregate 11*bgs.* 19*cts.* 3½*chs.* more or less, are required on the sides of the Road in question in villages Purmessurpore (Lakhiraj) Gobindpore Gobind (Lakhiraj) Amanut Foolout Bishenpore Arrar, (Lakhiraj) Pama and Manikpore, through which the Road passes.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

H. LEONARD, C. E.,
Offg. Secy. to the Govt. of Bengal,
P. W. D.

গমনোপায়সংক্রান্ত বিজ্ঞাপন।

৯৬ নম্বর।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ১৭ মার্চ।

১৮৫৭ সালের ৪ আইনের ২ ও ৩৩ ধারামত জ্ঞাপনি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ভাগলপুর ও মুঙ্গের জিলার অন্তর্গত বরিয়ারপুর ও খড়কপুরের শাখা রেলপথ উপযুক্তমতে রক্ষা করিবার ও সারাইবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন এই হেতু জ্ঞাত করা যাইতেছে যে উক্ত পথ নিম্নলিখিত যে২ গ্রামাদি দিয়া যায় সেই২ গ্রামাদিতে ঐ পথের দুই দিগের ভিন্ন২ স্থানে কিঞ্চিৎ২ করিয়া সর্ব্বসুদ্ধ এগার বিঘা বারো ছটাক সওয়ানয় ক্রোণ ভূমি লওয়া প্রয়োজন গ্রামাদির নাম এই২ জিয়ারাম সিপাহীর ও গুমান সিংহ সুবেদারের ও নেওয়াজ খাঁ জমাদারের ও দাওদ খাঁ সিপাহীর ও যুদ্ধরামের জায়গীর ও বরগরিয়া এবং সায়েদ হুসেন হাওলদারের জায়গীর ও পিধর ও বৈজনাথপুর মৌজার অন্তর্গত চাঁদপুর ও আমন্ত সরকার।

এই বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে সম্বাদ দেওয়া গেল।

৯৭ নং।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারামত জ্ঞাপনি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ভাগলপুর জিলার অন্তর্গত মধ্যপুরার শাখা পথের প্রথম ও দ্বিতীয় খণ্ড সুবিধামতে রাখিবার ও সারাইবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন এই হেতু জ্ঞাত করা যাইতেছে যে নিম্নলিখিত যে গ্রাম দিয়া ঐ পথ যায় তন্মধ্যে সেই পথের দুই পার্শ্বে কিঞ্চিৎ২ করিয়া সর্ব্বসুদ্ধ এগার বিঘা উনিশ ছটাক সাড়ে তিন কাঁচ্চা ভূমি লওয়া প্রয়োজন গ্রামের নাম এই২।

পরমেশ্বরপুর (লাখেরাজ) গোবিন্দপুর, গোবিন্দ (লাখেরাজ,) আমানত, ফুলৌত, বিষ্ণুপুর, আরর, (লাখেরাজ,) পামা ও মাণিকপুর।

উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক আছে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে সম্বাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে।

এচ লেনর্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 16th March 1868.

Moonshee Mohomed Azimoollah Khan, to officiate as Moonsiff of Puttya, Zillah Chittagong.

LEAVE OF ABSENCE.

The 14th March 1868.

Moonshee Dubecroodden, Moonsiff of Shazadpoor, Zillah Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office.

The 16th March 1868.

Moonshee Syed Nusseeroodeen, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for four months, under paragraph 12 of the Uncovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office.

Moonshee Deedar Buksh, Moonsiff of Nugwan, Zillah Midnapoor, for one month, under paragraph 11 of the Uucovenanted Absentee Rules, placing his Serishtadar in charge of the current duties of his office.

Baboo Sree Nath Dutt, Moonsiff of Puttya, Zillah Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

C. D. Field,
Registrar.

High Court, &c.,
The 20th March 1868.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই-কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

শ্রীযুত মুন্‌শী মহম্মদ আজিম উল্লা খাঁ জিলা চট্টগ্রামের পটিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৪ মার্চ।

জিলা রাজশাহীর শাজাদপুরের মুনসেফ শ্রীযুত মুন্‌শী দরীরুদ্দীন আপন চলিত কর্ম্মের ভার সিরিশ্‌তাদারের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৬ মার্চ।

চট্টগ্রাম জিলার শন্দ্বীপের মুনসেফ শ্রীযুত মুন্‌শী সৈয়দ নসীরুদ্দীন আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্‌তাদারের হাতে সমর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুর জিলার নগওয়ানের মুন্সেফ শ্রীযুত মুন্‌শী দিদারবক্স আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ্‌তাদারের হাতে সমর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রাম জিলার পটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ২০ মার্চ।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot.

A Translator,	... ...	Salary 90 Rupees.
A Head Clerk,	... ...	" 50 "

Morris Beaufort,
Addl. Judge of Tirhoot.

[*Government Gazette*, 24*th March* 1868.]

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

In the Matter of HAJEE JAFFER MOOSA, an Insolvent.

On Saturday, the 7th day of March instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Rupees 3,618 in his hands pay a Dividend at the rate of Rupees ten, (which will amount to the sum of Rupees 2,863-15-6), upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 16th March 1868.

যোত্রহীন হাজি জাফর মুসার বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান মার্চ মাসের ৭ তারিখ শনিবার এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের সন্তোষমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৩,৬১৮৲ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১০৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ২,৮৬৩৸৶৬ টাকা ডিবিডেণ্ড দেন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৮ সাল ১৬ মার্চ।

In the Matter of JOSEPH AGABEG, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee, from the 25th day of July 1867 until the 2nd day of March instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 16th March 1868.

যোত্রহীন জোসেফ আগাবেগের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৭ সালের জুলাই মাসের ২৫ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লর্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ১৮৬৮ সাল ১৬ মার্চ।

The like notice in the matter of ROBERT COLLINS MACDONALD, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 5th October 1850 to 2nd March instant.

যোত্রহীন রাবর্ট কলেন্স মাকডোনাল্ড সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৫০ সালের আক্টোবর মাসের ৫ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of WILLIAM MOLLOY STEWART, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 11th February 1867 to 2nd March instant.

যোত্রহীন উলিয়ম মলয় ষ্টুআর্ট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ১১ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

The like notice in the matter of JOHN WEBB, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 24th September 1867 to 2nd March instant.

যোত্রহীন জান ওএব সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of GEORGE GREGOR GRANT and JAMES HENRY GRANT, Insolvents, wherein the Account of the Assignee is filed from 26th July 1867 to 2nd March instant.

যোত্রহীন জর্জ্জ গ্রিগর গ্রান্ট ও জেমস্ হেনরি গ্রান্ট সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের জুলাই মাসের ২৬ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of MAUDUB CHUNDER GHOSE, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 22nd September 1862 to 2nd March instant.

যোত্রহীন মাধবচন্দ্র ঘোষের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬২ সালের সেপ্টেম্বর মাসের ২২ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of RAMCHUNDER BONNERJEE, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 28th February 1867 to 2nd March instant.

যোত্রহীন রামচন্দ্র বাঁড়ুয্যার বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখ অবধি বর্ত্তমান মার্চ মাসের ২ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার

কুঠী মোল্লাহাটী কানসরণ।

নিউ বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির সম্পত্তি।

সন ১৮৬৮ সালের ১৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৭৫ সাল ৪ বৈশাখ বুধবার দিবা দুই প্রহর এক ঘণ্টার সময় কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন লিখিত তালুক, পত্তনি ও দরপত্তনি তালুক এবং দোএম কামল মোদামি বন্দবস্তী মহল এবং মকররি জোত গাঁতি প্রভৃতি মোল্লাহাটী কানসরণের অন্তর্গত স্থাবর সম্পত্তি সমুদয় দায় সমেত পর্য্যায়ক্রমে পত্তনি দরপত্তনি বন্দবস্ত করণার্থ প্রকাশ্য নীলাম আরম্ভ হইয়া যে পর্য্যন্ত সকল মহল বন্দবস্ত সমাপ্ত না হয় তাবৎ প্রত্যহ ঐ একই সময় নীলাম হইবেক। অন্ততঃ আড়াই গুণ পণের ন্যূন নহে, অধিক পণ যিনি যত ডাকিবেন তন্মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকনিয়াকে নীচের লিখিত নিয়মাবলিতে আবদ্ধ রাখিয়া বন্দবস্ত করিয়া দেওয়া যাইবেক।

১। যে সমস্ত তালুক আছে তাহা পত্তনি, পত্তনি মহল দরপত্তনি, দরপত্তনি মহল সে পত্তনি বিলি এবং দোএম কামল মহলেতে পত্তনি অথবা ক্রেতার ইচ্ছা হইলে মৌরশী দেওয়া যাইবেক।

২। সন ১২৭৩ সালের হস্তবুদ জমা হইতে শতকরা ১০ দশ টাকা মালিকানা বাদে যে অবশিষ্ট থাকিবেক তাহাই পত্তনি প্রভৃতির বার্ষিক জমা সাব্যস্ত হইবেক।

৩। যে সমস্ত মহল ইজারা বিলি আছে সে মহলের বার্ষিক ইজারায় যে জোল জমা ধার্য্য আছে তাহা হইতে মালিকানা বাবত শতকরা ১০ টাকা হিসাবে বাদ দেওয়া যাইবে।

৪। যে পণে ডাক মঞ্জুর হইবেক তাহার চারি অংশের একাংশ ডাক বন্দ হইবামাত্র ফিচ স্বরূপ তৎক্ষণাৎ দিতে হইবেক। এবং পণের বক্রী টাকা ডাকের দিনাবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে বেবাক পরিশোধ করিবেন তাহা না করিলে বন্দবস্ত রদ ও বাতিল এবং ফিচের বাবত দেওয়া সকল টাকা জব্দ হইবেক। এবং বিক্রেতা ঐ বস্তু বিনা বিজ্ঞাপনে স্বেচ্ছামতে যে সময়ে ও যে স্থানে হউক তাঁহাদিগের স্বকীয় স্বার্থ অনুসারে পুনরায় বন্দবস্ত করিবেন। দ্বিতীয় বন্দবস্তে যে কিছু লভ্য হয় তাহা বিক্রেতা পাইবেন, যে কিছু ক্ষতি খেশারত ও ব্যয় হয় তাহা সমুদয় প্রথম ডাকনিয়া পুরণ করিবেন। ডাক মঞ্জুর হইবামাত্র তৎক্ষণাৎ ক্রেতা নীলামের সমুদয় নিয়মে আবদ্ধ হইয়া ইষ্টাম্প কাগজে এক চুম্বক একরার লিখিয়া দিবেন।

৫। বন্দবস্ত হওয়া সম্পত্তির বয়নামা পাট্টা কবুলিয়ত প্রভৃতি লিখিত পাড়তের সমুদয় ব্যয়, খশড়া বা যাবেতা নকলের, ও তাবৎ দলিল রেজেষ্টরি খরচ, ইষ্টাম্প কাগজের মূল্য, ও বন্দবস্ত গ্রহীতার নাম, জমিদারি ও পত্তনি, দরপত্তনিদারের শেরেস্তায় খারিজ দাখিল করণের খরচ, ইত্যাদি যে কিছু আবশ্যক তাহা সমুদয় বন্দবস্ত গ্রহীতা দিবেন।

৬। সমস্ত মহল প্রত্যেক গ্রাম পৃথক পৃথক অথবা ক্রেতার সুবিধাজনা ডিহি ডিহি কিম্বা তরফ তরফ নীলাম করা যাইবেক।

৭। বিক্রেতাদিগের কর্ম্মাধ্যক্ষ নীলাম সম্বন্ধীয় নিয়মাদি এবং প্রত্যেক ডাকের উপর যে পরিমাণ বৃদ্ধি

ডাকিবেন তাহা ধার্য্য করিবেন। ডাক সম্বন্ধে কোন বিরোধ উৎপন্ন হইলে পূর্ব্বের কোন এক ডাক হইতে পুনর্ব্বার ডাক করা যাইবেক। কেহ কোন ডাক ডাকিয়া অপহ্নব বা অস্বীকার করিতে পারিবেন না।

৮। পণের সমুদয় টাকা পরিশোধ এবং নীলামি সম্পত্তির পাট্টা কবুলতি লিখিত পড়িত ও রেজেষ্টরি হইবামাত্র মহলে দখল দেওয়া যাইবেক।

৯। যেহেতু বর্ত্তমান মালিকগণ সন ১৮৬৫ সালে বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির বন্ধকগ্রহীতার নিকট উপরোক্ত সম্পত্তি যে সময়ে প্রাপ্ত হইয়াছেন তৎকালে হস্তান্তর করণপত্র সম্পূর্ণরূপে তদন্ত করা হইয়াছিল অতএব ভাবি বিরোধ নিবৃত্ত হওন জন্য বুঝিতে হইবেক যে ঐ হস্তান্তরকরণ দ্বারা বিক্রেতাগণ সম্যগরূপে সমস্ত সম্পত্তির স্বত্বাধিকারি এবং মালিক হইয়াছেন।

১০। বন্দবস্তপ্রার্থিগণ উক্ত সমুদয় সম্পত্তির মুল দলিল দস্তাবেজ দৃষ্ট করিতে ইচ্ছা করিলে কলিকাতা মোকামে বিক্রয়াধ্যক্ষ সাহেবকে সম্বাদ দিতে হইবেক, তাহা হইলে নীলামের পূর্ব্ব দিন পর্য্যন্ত দলিল দেখিতে পাইবেন এবং দলিল দৃষ্ট করার পরে ঐ দলিল সংক্রান্ত সমস্ত তদন্ত বিষয়ে দর্শক সন্তুষ্ট হইয়াছেন বোধ হইবেক এবং উত্তরকালে উক্ত দস্তাবেজ সংক্রান্ত আর কোন বিষয়ে আপত্তি দর্শাইতে পারিবেন না।

১১। নীলাম দিনে মহলে লাগাএদ ১২৭৩ সালের যে যে তামাদি বাকী ঐ সনের জমাওয়াশীল বাকী অনুসারে থাকিবেক তাহার ৸০ বার আনা রকম নীলাম দিন হইতে ৬ ছয় মাস মধ্যে তুল্যাংশে মাসিক কিস্তিবন্দী করিয়া খরিদার বিক্রেতাকে দিবেন এবং ঐ বাকি পরিশোধের তারিখ নির্ণায়ক বোধ স্বরূপ দলিল লিখিয়া দিবেন।

১২। সন ১২৭৪ সালের আদায় বাদে যে খাজনা নীলামের দিন ঐ সনের কড়চা হিসাব অনুসারে মহলে বাকি থাকিবেক তাহার মধ্যে সরঞ্জামী খরচ শতকরা ১০৲ দশ টাকা মিনাহ বাদে বাকী বেবাক ক্রেতা বিক্রেতাকে সন ১৮৬৮ সালের ৩১ জুলাই তারিখের পূর্ব্বে ত্রৈমাসিক কিস্তিবন্দী সুরত দিবেন এবং তদ্বিষয়ক প্রমিশরি নোট লিখিয়া দিবেন।

১৩। যে মহল যে ব্যক্তি বন্দবস্ত করিয়া লইবেন ঐ মহল যে তরফ কি ডিহির অন্তর্গত তাহার সদর খাজানা বিক্রেতাগণ মাসিক যেরূপ কিস্তীবন্দী মোতাবেক দিয়াছেন বন্দবস্তগ্রহীতাগণও তাঁহাদিগের আপন আপন বন্দবস্তী মহলের বার্ষিক খাজানা ঠিক ঐরূপ মাসিক কিস্তিবন্দী সুরত বিক্রেতাগণকে দিতে থাকিবেন কিন্তু বিক্রেতাগণ তাঁহাদিগের দেয় সদর খাজানা প্রতি মাসের যে তারিখে উপরিস্থ জমিদার বরাবর দিতে বাধ্য আছেন ক্রেতাগণও সেই তারিখের দশ দিবস পূর্ব্বে তাঁহারদিগের দেয় খাজানা বিক্রেতাগণকে দিবেন।

১৪। কানসরণ মজুকুর মায় নিলকুঠি ও জমিদারি প্রভৃতি সমুদয় হকুক আপশে একত্রে ক্রয় করণের প্রস্তাব লাগাএদ আগামি ৩১ মার্চ বাঙ্গলা ১৯ চৈত্র শুনা যাইবেক।

আমি ইহাদ্বারা স্বীকার করিতেছি যে আমি উপরোক্ত লিখিত নিয়মাবলির অধীন। নং লাট টাকা মুল্যে খরিদ করিয়া তাহার মধ্যে অদ্য টাকা বিক্রেতাদিগের এজেণ্ট শ্রীযুত মেঃ আরচি বলণ্ড এল সাহেবের নিকট দাখিল করিয়া এতদ্দ্বারা অঙ্গিকার করিতেছি যে পণবাহার অবশিষ্ট বেবাক টাকা দিয়া হস্তান্তর ও বন্দবস্ত সংক্রান্ত সমস্ত দলিল দস্তাবেজ প্রোক্ত নিয়মানুসারে বেওজর লিখিত পড়িত করিয়া দিব এবং লইব ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

জায়দাদের তালিকা।

তালুক যাহা পত্তনি দেওয়া যাইবেক।

১। জেলা নদীয়া পরগনে খোশালপুরের অন্তর্গত তং ঝিটকিপোতা তৌজী ২৬১। ২৬৩ নং হিস্যা রকম ৷৷৶৫৷ – আনা ৬ মৌজা।

২। চাকলে কৃষ্ণনগর জেলা নদীয়ার ৩১৭০ নং তৌজী মৌজে পুলিয়া রকম ষোল আনা ১ মৌজা।

পত্তনি মহল যাহা দরপত্তনি দেওয়া যাইবেক এই সকল পত্তনি সন ১৮৫৯ সালের ১১ আইনানুসারে বিশেষ রেজিষ্টরি হইয়াছে।

৩। চাকলে শ্রীনগর ডিহি হুবড়ার অন্তর্গত নদীয়া জেলায় ১৬৭ নং তৌজী ডিহি গোপালনগর রকম ৸৵০ আনা ১৮ মৌজা ইহার মধ্যে গোপালনগরে এক বৃহৎ বাজার আছে।

৪। পরগনে মুলঘড় নদীয়া জেলা ২১৫। ৪৮ নং তৌজী ডিহি গোগা রকম ৷৷০ আনা ২৯ মৌজা।

৫। পঃ হলদহ জেলা নদীয়া ২৮৩। ২৬৮। ৩০৩ নং তৌজী তং জগদীশপুর রকম ৷৷০ আনা ১৯ মৌজা।

৬। পঃ মুলঘড় ডিহি সামটা জেলা নদীয়া ৪৯০। ৪০৯। ৪৪০ নং তৌজী তং পিপড়াগাছি রকম ৷৷০ আনা ১৭ মৌজা।

৭। চাকলে শ্রীনগর পঃ আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তৌজী তরফ শ্রীরামপুর রকম ৷৷০ আনা ৯ মৌজা।

৮। চাকলে শ্রীনগর পঃ আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তরফ নাটাপোল রকম ৷৷০ আনা ৮ মৌজা।

৯। জেলা নদীয়া ২৬৯৪।২৯২৯ নং মৌজে জয়পুর রকম ৷৷০ আনা ১ মৌজা ও চর জয়পুর রকম ষোল আনা।

১০। জেলা নদীয়া ৪৪৩ নং তরফ রামনগর রকম ৷০ চারি আনা ৩ মৌজা।

১১। জেলা নদীয়া ৪০২। ৪২০ নং তরফ উমারপুর রকম ৷০ চারি আনা ৫ মৌজা।

১২। পঃ সাহেস্তা নগরের অধীন মৌজে সিন্দরাণী দেবোত্তর ১ মৌজা রকম ষোল আনা।

১৩। পঃ মুলঘড় জেলা নদীয়া ৫৯০ নং ডিহি চান্দিতাবাড়িয়া রকম ৷৷০ আট আনা ৩ মৌজা।

১৪। পঃ হলদহ কাঞ্চনপুর ও ছয়ঘরি রকম ষোল আনা ২ মৌজা।

১৫। পঃ খোশালপুর জেলা নদীয়া ২২৬১ নং লাখেরাজ বাজেআপ্তী মহল বাগাডাঙ্গা খোশালপুর রকম ৷৷০ আট আনা।

১৬। পঃ খোশালপুর জেলা নদীয়া ১২৫৭ নং লাখেরাজ বাজেআপ্তী মহল মৌজে বাগাডাঙ্গা খোশালপুরের মধ্যে রকম ষোল আনা।

১৭। মৌজে ঝিটকিপোতা গ্রামে মাসকর ধাবকের জমা রকম ষোল আনা।

১৮। পঃ মুলঘড় জেলা নদীয়া ৬৪ নং তং বেনাপোল রকম ষোল আনা ৩ মৌজা।

১৯। মৌজে বালিয়া কাসমোদা ও আফাইপুর গ্রাম মধ্যে বালিয়া চাকরা মহল রকম ৷৷০ আট আনা।

২০। পঃ হলদহ বাজেআপ্তী বিবির খোপ রকম ষোল আনা।

২১। পঃ মুলঘড় জেলা নদীয়া ৪০৩ নং ডিহি উলাশী রকম ষোল আনা ৬৭ মৌজা ইহার মধ্যে চাঁদুড়িয়ানামা এক প্রসিদ্ধ বাজার আছে।

২২। পঃ মুলঘড় জেলা নদীয়া ৫০ নং ডিহি বাগআঁচড়া রকম ষোল আনা ২১ মৌজা।

২৩। মৌজা হায়ের আচুড়ি মহল রকম ষোল আনা।

দরপত্তনি তালুক যাহা ছে পত্তনি দেওয়া যাইবেক।

২৪। ডিহি বেতনার অন্তর্গত মৌজে ছোট চুবড়িয়া রকম ষোল আনা ১ মৌজা।

দোএম কানুন মহল যাহা পত্তনি অথবা মৌরশী দেওয়া যাইবেক।

২৫। পঃ মুলঘড়ের অধীন বিলবল্লী রকম ষোল আনা।

২৬। বৃত্তি পার মাদুলা রকম ষোল আনা।

২৭। নদীয়া জেলায় ৩০২৩ নং তৌজী বৃত্তি খোসালপুর রকম ষোল আনা।

২৮। নদীয়া জেলা ১৮২৪ নং বৃত্তি চুয়াডাঙ্গা রকম ষোল আনা।

২৯। নদীয়া জেলা ২৯৮৭ নং বৃত্তি মাকড়া রকম ষোল আনা।

খরিদা বৃত্তি।

৩০। বৃত্তি লাভরণ রকম ষোল আনা।

৩১। বৃত্তি সামলাগাছি রকম ষোল আনা।

ইহা সেওয়ায়।

মৌরশী জোত গাঁতি আছে তাহাও বন্দবস্ত হইবেক।

এই সকল বন্দবস্ত বিষয়ক অপর যে কিছু বৃত্তান্ত অবগত হওয়া আবশ্যক তাহা কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন স্বাক্ষরকারী অথবা শ্রীযুত বাবু কেদারনাথ মুখোপাধ্যায়ের নিকট অনুসন্ধান করিলে জানিতে পারিবেন ইতি।

স্বাক্ষর শ্রী মেঃ আর চিবল্ড হিল সাহেব।
কুঠী মোল্লাহাটী।
বনগ্রামের ডাক।

[*Government Gazette, 24th March* 1868.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্লো সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 31, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৩১ মার্চ।

HOME DEPARTMENT.

Legislative.

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 20th March 1868, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a fortnight:—

No. 9 of 1868.

A Bill for taxing Professions, Occupations and Trades.

[Preamble.]

Whereas it is expedient to impose a tax on all persons exercising professions, occupations and trades in British India; It is hereby enacted as follows:—

I.—Preliminary.

[Interpretation-clause. "Magistrate."]

1. In this Act "Magistrate" means any person exercising the powers of a Magistrate, or of a Subordinate Magistrate of the first class, and includes a Magistrate of Police and a Justice of the Peace.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মার্চ মাসের ২০ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গিয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। তাঁহাদিগকে দুই সপ্তাহের পর তদ্বিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা হইল।

১৮৬৮ সালের ৯ নম্বর।

বৃত্তির ও ব্যবসায়ের ও বাণিজ্যের উপর টাক্স ধার্য্য করণ বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে ব্যক্তিরা জীবিকাবৃত্তি ও ব্যবসায় ও বাণিজ্য করেন তাঁহাদের সকলের উপর টাক্স ধার্য্য করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১।—পরিভাষা।

[অর্থ করণের ধারা "মাজিষ্ট্রেট"।]

১ ধারা। যিনি মাজিষ্ট্রেটের কিম্বা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করেন এই আইনের মধ্যে মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝাইবে। পোলীসের মাজিষ্ট্রেট এবং শান্তিরক্ষার্থ জষ্টিসও সেই শব্দে গণ্য ইতি।

[Repeal of Acts. Saving of other laws relating to licenses or tax.]

2. Acts No. XXI of 1867 *(for the licensing of professions and trades)* and No. XXIX of 1867 (*to explain and amend Act No. XXI of* 1867) are hereby repealed; but save as aforesaid nothing in this Act shall be construed to affect the provisions of any other law relating to taxes or licenses.

[Exemptions from Act.]

3. Nothing in this Act shall apply to—

(1). Officers of Her Majesty's Forces or of Her Majesty's Indian Forces, whose pay and allowances do not exceed Rs. 6,000 per annum, and who are not in Civil employment other than employment in the Police.

(2). Non-Commissioned Officers and Privates of either of the said Forces, and who are not in Civil employment other than employment in the Police:

(3). Officers of any Police Force whose pay and allowances are less than the pay and allowances of a Captain of Infantry in Her Majesty's Forces in India:

(4.) Servants and Clerks (whether of Government, Companies, bodies corporate, municipal committees, partnerships or individuals) whose receipts from all sources amount in the year to less than Rs. 1,000:

(5). Any cultivator of land as such in respect of the sale of the produce of his land, when he does not keep a shop for the sale of such produce:

(6). Any part of British India, tribe or class of persons exempted by order under section 4 of the said Act No. XXI of 1867.

[Power to exempt from Act.]

4. The Governor General of India in Council may from time to time, by order, wholly exempt from the operation of this Act any part of British India, or any tribe or class of persons dwelling or personally working for gain or carrying on business in British India or in any such part.

The Governor General of India in Council may revoke any such order.

All orders and revocations made under this section shall be published in the *Gazette of India* and also in the local *Gazette*.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩১ মার্চ।]

[যেং আইন রহিত হইল তাহার কথা এবং লাইসেন্সস কি টাক্সবিষয়ক অন্যান্য আইন প্রবল থাকিবার কথা।]

২ ধারা। বৃত্তির ও ব্যবসায়ের অনুমতিপত্র দেওনার্থ ১৮৬৭ সালের ২১ আইন ও ১৮৬৭ সালের ২১ আইনের অর্থ করণ ও সংশোধনার্থ ১৮৬৭ সালের ২৯ আইন এতৎক্রমে রহিত করা গেল। উক্ত স্থলভিন্ন টাক্স কিম্বা অনুমতিপত্রবিষয়ক অন্য কোন আইনের বিধানের যাহাতে ব্যাঘাত হয় এই আইনের কোন কথার এমত করিতে হইবে না ইতি।

[এই আইন হইতে যাঁহারা অব্যাহতি পাইবেন তাঁহাদের কথা।]

৩ ধারা। (১) শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের ও শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলের যে অধ্যক্ষগণের বেতন ও উপরি টাকা বৎসর ৬০০০৲ টাকার অধিক না হয়, তাঁহারা পোলীসসংক্রান্ত কার্য্যভিন্ন সিবিলসম্পর্কীয় কর্ম্ম না করিলে তাঁহারদের প্রতি,

(২) সৈন্য কি পোলীসদলের সনদ অপ্রাপ্ত যে অধ্যক্ষেরা ও সৈন্যেরা পোলীসসংক্রান্ত কর্ম্মভিন্ন সিবিলসম্পর্কীয় কর্ম্ম না করেন, তাঁহাদের প্রতি,

(৩) পোলীসের যে দলপতিরদের বেতন ও উপরি টাকা ভারতবর্ষের শ্রীশ্রীমতীর পদাতিক সৈন্যদলের কাপ্তান সাহেবের বেতনের ও উপরি টাকার ন্যূন হয় তাঁহারদের প্রতি,

(৪) গবর্ণমেণ্টের কিম্বা কোন কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কি নগরের পরিপাটী করণার্থ সভার কি সংভুয় সমুত্থানের কি সাধারণ ব্যক্তিদের যে চাকরেরা ও কেরাণীরা বৎসরে সর্ব্বসুদ্ধ হাজার টাকার ন্যূন পাইয়াথাকেন তাঁহারদের প্রতি,

(৫) এবং কোন কৃষাণ যদি ক্ষেত্রাদির উৎপন্ন দ্রব্য বিক্রয় করিবার দোকান না রাখেন, তবে সেইং দ্রব্য বিক্রয় করণোপলক্ষে তাহার প্রতি,

(৬) ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশ কিম্বা যে জাতি কি লোকশ্রেণী ১৮৬৭ সালের উক্ত ২১ আইনের ৪ ধারার আজ্ঞাক্রমে মুক্ত হইয়াছেন তাঁহারদের প্রতি

এই আইনের কোন কথা বর্ত্তে না ইতি।

[আইনহইতে অব্যাহতি দিবার ক্ষমতার কথা।]

৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশ কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষে কি উক্ত কোন অংশে যে কোন জাতি কি লোকশ্রেণী বাস করেন কি লাভের নিমিত্তে কর্ম্ম কি ব্যবসায় করেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং আজ্ঞা করণদ্বারা তাঁহাদিগকে এই আইনের বিধানহইতে সম্পূর্ণরূপে অব্যাহতি দিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত কোন আজ্ঞা নিবর্ত্ত করিতে পারিবেন।

এই ধারামতে যে সকল আজ্ঞা ও নিবর্ত্তন করা যায় তাহা ইণ্ডিয়া গেজেটে এবং স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

II.—Certificates.

[Certificates to be taken out.]

5. From the first day of May 1868, no person whose annual profits are Rs. 500 or upwards shall exercise any profession, occupation, or trade, without a certificate as hereinafter provided ; and every such person exercising any such profession, occupation, or trade, shall annually pay in advance for his said certificate the sum specified in schedule A hereto annexed :

Provided that no person exercising two or more professions, occupations, or trades, shall be required to take out under this Act more than one certificate in any one year for the purpose of exercising such professions, occupations, or trades.

[Continuance of certificate.]

6. Every such certificate shall have effect and continue in force from the day of the date thereof until the thirtieth day of April next following, on which day in each year all such certificates shall expire.

[Renewal of certificate.]

7. Every person who has taken out any such certificate, and who intends to continue any profession, occupation, or trade for which such certificate was granted, shall take out a fresh certificate for the year following, to expire on the day last hereinbefore mentioned, and shall so renew the same from year to year so long as he continues such profession, occupation, or trade and shall pay in each such case the duty thereupon imposed.

[Date of certificate.]

8. In cases where the certificate is so renewed, the new certificate shall bear date from the day of the expiration of the current certificate before granted.

In all other cases the certificate shall bear date from the day of the application made therefor, although it may be delivered at any day subsequent to the application.

[Certificate to persons commencing business.]

9. If any person commences any profession, occupation, or trade for the exercise of which a certificate is hereby required, such person not having before taken out any such certificate, the Collector may grant such certificate for the remainder of the current year in which it is taken out, ending on the thirtieth day of April next following the date of the certificate taken out by such person, upon payment of such proportional part of the duty thereupon imposed as hereinafter mentioned (that is to say) :—

If the certificate be taken out at any time in the quarter expiring on the thirty-first day of July of the current year in which it is taken out,

২।—সর্টিফিকট।

[সর্টিফিকট লইবার কথা।]

৫ ধারা। যে ব্যক্তি বৎসরে পাঁচশত টাকা কি তাহার অধিক লভ্য পান ১৮৬৮ সালের মে মাসের ১ দিবসাবধি তিনি নিম্নলিখিত বিধানমতে সর্টিফিকট না পাইলে কোন জীবিকাবৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য চালাইবেন না। এবং যে প্রত্যেক ব্যক্তি কোন জীবিকাবৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য করেন তিনি বৎসর২ উক্ত সর্টিফিকটের জন্যে এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট টাকা অগ্রিম দিবেন।

কিন্তু যে কোন ব্যক্তির দুই কি তদধিক জীবিকা বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য থাকে তাঁহার সেই সকল বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য চালাইবার জন্যে এই আইনমতে কোন এক বৎসরে একই সর্টিফিকটের অধিক লইবার প্রয়োজন হইবে না ইতি।

[সর্টিফিকট যত দিন প্রবল থাকিবে তাহার কথা।]

৬ ধারা। প্রত্যেক সর্টিফিকটের তারিখ অবধি সেই সর্টিফিকট তৎপশ্চাৎ আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে। প্রতি বৎসর সেই দিনে নিবৃত্ত হইবে ইতি।

[সর্টিফিকট নূতন লইবার কথা।]

৭ ধারা। যে ব্যক্তি তদ্রূপ কোন সর্টিফিকট লইয়া থাকেন তিনি যে জীবিকাবৃত্তির কি ব্যবসায়ের কি বাণিজ্যের নিমিত্ত ঐ সর্টিফিকট পাইলেন যদি সেই বৃত্ত্যাদি নিয়ত চালাইতে মনস্থ করেন, তবে পর বৎসরের নিমিত্তে নূতন সর্টিফিকট লইবেন সেই সর্টিফিকটও ইহার পূর্ব্ব ধারার লিখিত তারিখে নিবৃত্ত হইবে। তদ্রূপে যত কাল সেই বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য চালান্ তত কাল তিনি সেই প্রকারে বৎসর২ নূতন সর্টিফিকট লইবেন ও তাহার উপর যে টাক্স ধার্য্য হয় প্রত্যেক বার তাহাই দিবেন ইতি।

[সর্টিফিকটের তারিখের কথা]

৮ ধারা। যখন পূর্ব্বোক্ত প্রকারে নূতন সর্টিফিকট দেওয়া যায় তখন পূর্ব্ব দত্ত তাৎকালিক সর্টিফিকট যে তারিখে নিবৃত্ত হয় ঐ নূতন সর্টিফিকট তদবধি চলিবে।

অন্য সকল স্থলে যে দিবসে সর্টিফিকট পাইবার প্রার্থনা করা যায় তৎপশ্চাৎ কোন দিবসে দেওয়া গেলেও তাহাতে প্রার্থনা হইবার তারিখ দেওয়া যাইবে ইতি।

[যাঁহারা ব্যবসায় আরম্ভ করেন তাঁহাদের কথা।]

৯ ধারা। এই আইনক্রমে যে বৃত্তির কি ব্যবসায়ের কি বাণিজ্যের নিমিত্ত সর্টিফিকট লওয়া প্রয়োজন যদি কোন ব্যক্তি পূর্ব্বে সর্টিফিকট না লইয়া ঐ ব্যবসায়াদিতে প্রবর্ত্ত হন, তবে বৎসরের যত কাল অবশিষ্ট থাকে তিনি নিম্ন মতে সেই কালের হারানুসারে টাক্স দিলে, কালেক্টর সাহেব বৎসরের সেই অবশিষ্ট কালের সর্টিফিকট দিতে পারিবেন ও সেই সর্টিফিকটের তারিখের পর যে আপ্রিল মাস আসে সেই মাসের ৩০ তারিখে ঐ সর্টিফিকট নিবৃত্ত হইবে।

কোন বৎসরের জুলাই মাসের ৩১ তারিখে যে তিন মাস অতীত হয় যদি সর্টিফিকট সেই তিন মাসের অন্তর্গত কোন সময়ে লওয়া যায় তবে যে ব্যক্তি সর্টি-

the person taking out the certificate shall pay the whole duty imposed thereon, in such manner as hereinbefore mentioned at the time of granting such certificate ;

If the certificate be taken out at any time in the quarter expiring on the thirty-first day of October of such current year, he shall pay three-fourth parts of the said duty ;

If the certificate be taken out at any time in the quarter expiring on the thirty-first day of January of such current year, he shall pay one-half of the said duty ; and

If the certificate be taken out at any time in the quarter expiring on the thirtieth day of April of such current year, he shall pay a fourth part only of such duty.

[Officer to grant certificate.]

10. Every certificate under this Act shall be granted by, and the sum payable therefor shall be paid to, the Collector of land revenue for the place or district at or in which the person requiring the certificate exercises his profession, occupation, or trade.

Provided that, if such person exercises his profession, occupation, or trade at or in more than one place or district, the certificate shall be granted and payment made by and to the Collector for the place or district at or in which the certificate-holder's principal place of business in British India is situate.

Every such certificate shall be signed by the Collector granting it, or by such other officer as he shall from time to time empower in this behalf, and such signature shall be judicially noticed.

[Contents of certificate.]

11. Every such certificate shall specify—

(1.) The year or portion of the year for which it is granted

(2.) The name and profession, occupation, or trade of the holder ;

(3.) The sum paid for the certificate ; and

(4.) The place or places, district or districts, where the holder intends to exercise his profession, occupation, or trade until the thirtieth day of April next following, and shall be received in evidence as *primâ facie* proof of all matters contained therein.

[Collector to determine certificate-holders and classes.]

12. The Collector shall from time to time determine what persons are liable to take out certificates under this Act, and under which of the

ফিকট লন তিনি তৎপ্রাপ্ত হইবার সময়ে ইহার পূর্ব্ব নির্দ্ধারিত সম্পূর্ণ টাক্স দিবেন।

সেই বৎসরের অক্টোবর মাসের ৩১ তারিখে যে তিন মাস অতীত হয় যদি সেই তিন মাসের অন্তর্গত কোন সময়ে সর্টিফিকট লন তবে তিনি টাক্সের চারি ভাগের তিন ভাগ দিবেন।

ঐ বৎসরের জানুআরি মাসের ৩১ তারিখে যে তিন মাস অতীত হয় যদি সেই তিন মাসের অন্তর্গত কোন সময়ে সর্টিফিকট লন তবে উক্ত টাক্সের অর্দ্ধেক দিবেন।

ও সেই বৎসরের আপ্রিল মাসের ৩০ তারিখে যে তিন মাস অতীত হয় যদি সেই তিন মাসের অন্তর্গত কোন সময়ে সর্টিফিকট লন তবে ঐ টাক্সের কেবল চতুর্থাংশ দিবেন ইতি।

[যে কার্য্যকারক সর্টিফিকট দিবেন তাহার কথা।]

১০ ধারা। যে ব্যক্তি সর্টিফিকট প্রার্থনা করেন তিনি যে স্থানে কি যে জিলার মধ্যে আপনার বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য চালান সেই স্থানের কি জিলার ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে এই আইনমত সর্টিফিকট পাইবেন ও তজ্জন্যে যে টাক্স দিতে হয় তাহা তাঁহাকে দিবেন।

যদি সেই ব্যক্তি ভিন্ন২ স্থানের কি জিলার মধ্যে বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য করেন, তবে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানের কি জিলার মধ্যে তাঁহার কার্য্যের প্রধান স্থান থাকে সেই স্থানের কালেক্টর সাহেবের স্থানে তিনি সর্টিফিকট লইয়া তাঁহাকে টাকা দিবেন।

যে কালেক্টর সাহেব সর্টিফিকট দেন তিনি অথবা তাঁহার স্থানে অন্য যে কার্য্যকারক সময়ে২ এই বিষয়ের ক্ষমতা পান তিনি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিবেন ও সেই স্বাক্ষর আদালতে গ্রাহ্য হইবে ইতি।

[সর্টিফিকটে যাহা লেখা থাকিবে তাহার কথা।]

১১ ধারা। তদ্রূপ প্রত্যেক সর্টিফিকটে নিম্নলিখিত কথা ব্যক্ত থাকিবে।

(১) যে বৎসরের কি বৎসরের যে অংশের নিমিত্তে দেওয়া যায় তাহা।

(২) যাঁহাকে দেওয়া যায় তাঁহার নাম ও জীবিকা-বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য।

(৩) সর্টিফিকটের জন্যে যত টাকা দেওয়া গেল।

(৪) ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি তৎপশ্চাৎ আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত যে স্থানে কি যে২ স্থানে ও যে জিলার কি যে২ জিলার মধ্যে আপনার বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য চালাইবেন তাহা। ঐ সর্টিফিকটের লিখিত সমস্ত কথার বিষয়ে সেই সর্টিফিকট আপাততঃ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

[যাঁহারদের সর্টিফিকট লইতে হইবে ও তাঁহারা যে শ্রেণীভুক্ত হইবেন এই কথা কালেক্টর সাহেবের নির্ণয় করিবার কথা।]

১২ ধারা। এই আইনমতে কোন্২ ব্যক্তিদের সর্টিফিকট লইতে হইবে এবং যাহাদিগকে এই আইনমতে সর্টিফিকট দেওয়া যায় উক্ত তফসীলের নির্দ্দিষ্ট যে

classes mentioned in the said schedule every person to whom a certificate may be granted under this Act shall be assessed.

[List of certificate-holders.]

13. As soon as may be after the first day of May in every year, the Collector shall prepare a list of the persons certified or to be certified, under this Act, for the current year, and may from time to time alter and add to the said list.

Such list shall state—

(1.) The profession, occupation, or trade of each person therein named;

(2.) The class under which he is assessed;

(3.) The sum paid or payable for his certificate.

The list shall be filed in the Collector's office and the list or such part or parts thereof as he thinks fit shall be filed in such other places as he directs, and shall be open to public inspection at all reasonable times without the payment of any fee.

[Objection to list.]

14. Any person named in such list and objecting to the class under which he is assessed, or denying his liability to be assessed under this Act, shall be at liberty, if he has paid the sum in which he was assessed under this Act, within thirty days from such payment, to apply by petition to the Collector in order to establish his right to have his name transferred to another class, or altogether to be removed from the list.

[Petition of objector.]

The petition shall bear a stamp of eight annas, and the statements therein contained shall be verified by the petitioner or some other competent person in manner required by law for the verification of plaints.

Whoever makes a statement in any such petition which is false, and which he either knows or believes to be false, or does not believe to be true, shall be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

[Hearing of petition.]

15. The Collector shall fix a day for the hearing of the petition, and, on the day so fixed, shall hear such petition and pass such order thereupon as to him seems fit.

[Appeal from order on petition.]

Any person dissatisfied with such order may, within fifteen days from the date thereof, present an appeal in writing to the Commissioner of Revenue of the Division, whose decision upon such appeal shall be final.

শ্রেণীতে লেখাইয়া তাঁহাদের প্রত্যেক জনের টাক্স ধার্য্য হইবে এই কথা কালেক্টর সাহেব সময়ে২ নির্ণয় করিবেন ইতি।

[সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তিদের নামাদির নির্ঘণ্টের কথা।]

১৩ ধারা। এই আইনমতে যে ব্যক্তিরা যে বৎসরের নিমিত্তে সর্টিফিকট পান কি পাইবেন কালেক্টর সাহেব সেই বৎসরের মে মাসের ১ দিবসের পর সাধ্যমতে ত্বরায় তাঁহাদের নামের নির্ঘণ্ট প্রস্তুত করিবেন ও সময়ে২ সেই নির্ঘণ্ট পরিবর্ত্তন করিতে ও তাহাতে অধিক নাম সংযোগ করিতেও পারিবেন।

ঐ নির্ঘণ্টের মধ্যে এইং কথা লেখা থাকিবে।

(১) তন্মধ্যে যে ব্যক্তিদের নাম লেখা আছে তাহাদের প্রত্যেক জনের বৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্য।

(২) যে শ্রেণীতে নাম লেখাইয়া তাঁহার উপর টাক্স ধার্য্য হইল।

(৩) তাঁহার সর্টিফিকটের জন্যে যত টাকা দেওয়া গেল কি দিতে হইবে।

সেই নির্ঘণ্ট কালেকুটর সাহেবের কাছারীতে থাকিবে এবং তিনি অন্য যেং স্থানে সেই নির্ঘণ্ট কিম্বা তাহার কোন অংশ অর্পণ করা বিহিত বোধ করিয়া আজ্ঞা করেন সেই স্থানে অর্পিত হইবে এবং সাধারণে উপযুক্ত সময়ে তাহা দৃষ্টি করিতে পারিবেন ও তাহা দেখিবার পয়সা লাগিবে না ইতি।

[নির্ঘণ্টলিখিত বিষয়ে আপত্তির কথা।]

১৪ ধারা। উক্ত নির্ঘণ্টে যাঁহার নাম দেওয়া যায় যে শ্রেণীতে নাম লেখাইয়া তাঁহার টাক্স ধার্য্য হয় তিনি যদি তাহাতে আপত্তি করেন কিম্বা আমার টাক্স লাগিতে পারে না যদি ইহা কহেন, তবে এই আইনমতে তাঁহার যত টাকা টাক্স ধার্য্য হইল তিনি প্রথমে তত টাকা দিয়া আপনার নাম এক শ্রেণীহইতে উঠাইয়া অন্য শ্রেণীভুক্ত করিবার কিম্বা একেবারে উঠাইয়া ফেলিবার স্বত্ব স্থাপন করিবার জন্যে ত্রিশ দিনের মধ্যে কালেকুটর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেন।

[আপত্তিকারকের দরখাস্তের কথা।]

ঐ দরখাস্তের আট আনা ইষ্টাম্প লাগিবে এবং আইনমতে নালিশের আরজীর যদ্রূপ সত্যাকরণ হইয়া থাকে দরখাস্তকারী কিম্বা অন্য কোন উপযুক্ত ব্যক্তি তদ্রূপে ঐ দরখাস্তের কথা সত্য করিবেন।

যদি কোন ব্যক্তি তদ্রূপ কোন দরখাস্তে মিথ্যা কথা লেখেন কিম্বা যাহা মিথ্যা জানেন কি বোধ করেন কি যাহা সত্য বোধ না করেন এমত কোন কথা লিখিয়া দেন তবে মোকদ্দমার বিচার কালে তাঁহার ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সাক্ষ্য দেওয়ার তুল্য অপরাধ জ্ঞান হইবে ইতি।

[দরখাস্ত শ্রবণের কথা।]

১৫ ধারা। কালেকুটর সাহেব দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিয়া সেই দিনে দরখাস্ত শুনিয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন তাহাই করিবেন।

[তাঁহার আজ্ঞার উপর আপীলের কথা।]

কোন ব্যক্তি উক্ত আজ্ঞাতে সন্তুষ্ট না হইলে ঐ আজ্ঞার তারিখ অবধি পনের দিনের মধ্যে খণ্ডের রাজস্বের কমিসনর সাহেবের নিকট আপীল লিখিয়া অর্পণ করিতে পারিবেন। ঐ আপীলের উপর উক্ত সাহেবের যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবে।

Every appeal preferred under this section shall bear a stamp of one rupee, and shall be accompanied by a copy of the petition, the Collector's order thereon, and all other documents (if any) connected with the case.

[Power to summon persons to give necessary information.]

16. The Collector or Commissioner may summon any person whom he thinks able to give evidence for the purpose of enabling him to determine under which of the said classes the petitioner should be assessed, and may examine on oath the person so summoned and the petitioner, and may require each of them to produce any documents in his possession or power relating to the petitioner, or to the amount of the annual profits accruing from his profession, occupation, or trade.

III.—PENALTIES.

[Penalty for carrying on business without a certificate.]

17. If the Collector has caused a notice to be served on any person stating the class under which he has been assessed, and requiring him within seven days from the date of the service to take out a certificate and to pay for the same the sum (mentioning it) payable therefor under the provisions of this Act; and if the person so served does not within the period specified in the said notice take out a certificate and pay for the same as required by the said notice, he shall on conviction before a Magistrate be subject to a penalty not exceeding three times the sum mentioned in such notice.

Every such notice shall be deemed to be sufficiently served if left at the residence or usual place of business of the person to whom it is addressed.

On the recovery of the penalty from the person so convicted, the Collector shall grant him a certificate without any further payment. Every such certificate shall bear date from the recovery of the penalty, and, save as aforesaid, the provisions of this Act relating to certificates shall apply to certificates granted under this section.

[Certificate to be produced on demand.]

18. Every person required by this Act to take out a certificate, who, without reasonable excuse, neglects or refuses to produce and show his certificate when required so to do by the Collector or by an officer generally or specially empowered in writing by the Collector to make such requisition, shall, on conviction before a Magistrate, be liable to a penalty not exceeding one hundred rupees.

এই ধারামতে যে প্রত্যেক আপীল করা যায় তাহায় এক টাকা ইষ্টাম্প লাগিবে। ঐ আপীলের সহিত দরখাস্তের নকল ও কালেক্টর সাহেবের আজ্ঞাপত্রের প্রতিলিপি এবং মোকদ্দমাসম্পর্কীয় অন্য কোন দলীল থাকিলে সেই দলীল দিতে হইবে ইতি।

[প্রয়োজনীয় সন্ধান দিবার জন্যে ব্যক্তিদিগকে আহ্বান করিবার ক্ষমতার কথা।]

১৬ ধারা। দরখাস্তকারির যে শ্রেণীর টাক্স ধার্য্য করা উচিত কালেক্টর সাহেব কিম্বা কমিস্যনর সাহেব ইহা নির্ণয় করিবার জন্যে যে কোন ব্যক্তিকে প্রমাণ দিতে সক্ষম জ্ঞান করেন তাঁহাকে আহ্বান করিতে পারিবেন, এবং আহূত ব্যক্তিকে ও দরখাস্তকারিকে শপথ করাইয়া তাঁহারদের পরীক্ষা লইতে পারিবেন এবং দরখাস্তকারির বিষয়ে কিম্বা জীবিকাবৃত্তি কি ব্যবসায় কি বাণিজ্যদ্বারা বৎসর২ তাঁহার যত লভ্য হয় এতদ্বিষয়ে তাঁহারদের অধিকারে কি ক্ষমতার মধ্যে ইহার যে কোন দলীল থাকে তাঁহারদিগকে সেই২ দলীল দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৩।— দণ্ডের কথা।

[সর্টিফিকট না লইয়া ব্যবসায়াদি করিবার দণ্ডের কথা।]

১৭ ধরা। কালেক্টর সাহেব কোন ব্যক্তির নাম যে শ্রেণীতে লেখাইয়া তাহার যত টাকা টাক্স ধার্য্য করেন ইহার জ্ঞাপনি লেখাইয়া সেই ব্যক্তিকে দিলে এবং সেই পত্র পাইবার তারিখ অবধি সাত দিনের মধ্যে সর্টিফিকট লইয়া এই আইনের বিধানমতে যত টাকা দিতে হয় তাহা নির্দ্দেশ করিয়া সেই টাকা দিতে আজ্ঞা করিলে সেই জ্ঞাপনপত্র যাঁহাকে দেওয়া যায় তিনি যদি তন্নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সর্টিফিকট না লন এবং উক্ত জ্ঞাপনপত্রে যত টাকা দিবার আজ্ঞা হইল তাহা না দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নির্ণয় হইলে তাঁহার ঐ জ্ঞাপনপত্রের লিখিত টাকার তিন গুণ দণ্ড হইবে।

জ্ঞাপনপত্রের শিরনামায় যাঁহার নাম লেখা থাকে তাঁহার বাসস্থানে কি নিয়ত কর্ম্মস্থানে দেওয়া গেলে উপযুক্তমতে অর্পণ হইয়াছে জ্ঞান হইবে।

যাঁহার পূর্ব্বোক্ত দোষ নির্ণয় হয় তাঁহার স্থানে দণ্ডের টাকা পাওয়া গেলে পর কালেক্টর সাহেব অধিক কিছু না লইয়া তাঁহাকে সর্টিফিকট দিবেন। দণ্ডের টাকা যে তারিখে পাওয়া গেল সর্টিফিকটের সেই তারিখ থাকিবে এবং উক্ত স্থলভিন্ন এই আইনেতে সর্টিফিকটের অন্য যে বিধান থাকে এই ধারামতে দত্ত সর্টিফিকটের প্রতি সেই বিধান বর্ত্তিবে ইতি।

[আজ্ঞা হইলে সর্টিফিকট দেখাইবার কথা।]

১৮ ধারা। এই আইনমতে যে ব্যক্তির সর্টিফিকট লইবার আজ্ঞা হইয়াছে, কালেক্টর সাহেব কিম্বা যে কার্য্যকারক সাধারণ কি বিশেষমতে কালেক্টর সাহেবের লিখনদ্বারা সেই অনুমতিপত্র দেখাইবার আজ্ঞা করিতে ক্ষমতা প্রাপ্ত হন তিনি তাঁহাকে সর্টিফিকট দেখাইতে আজ্ঞা করিলে যদি সেই ব্যক্তি উপযুক্ত আপত্তি না থাকিলেও তাহা না দেখান কি দেখাইতে সম্মত না হন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৮। ৩১ মার্চ।]

[Mode of recovering penalties.]

19. All penalties imposed under this Act may be recovered, if for offences committed outside the local limits of the towns of Calcutta, Madras, or Bombay, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committed within those limits, in the manner prescribed by any Act regulating the Police of such towns in force for the time being.

[Prosecution to be at instance of Collector.]

20. No person shall be proceeded against for any offence under section 17 or section 18 except at the instance of the Collector.

[Sections 193 and 228 of Penal Code to apply to proceedings under this Act.]

21. In sections 193 and 228 of the Indian Penal Code, the words "judicial proceeding" shall be taken to include any proceeding under this Act.

IV.—Miscellaneous.

(a) Companies.

[Provision as to Companies.]

22. From the first day of May 1868, every Company carrying on business in British India, whose stock or funds is or are divided into shares and transferable, whether such company be incorporated or not, and whether its principal place of business be situate in British India or not, shall take out a certificate and annually pay in advance for the same the sum mentioned in schedule B hereto annexed.

The Treasurer, Secretary or principal agent or manager in India of any such Company whose principal place of business is in British India, shall be legally bound to prepare, and, on or before the thirtieth day of April in each year, to deliver to the Collector for the place or district at or in which its principal place of business is situate, a return in writing signed by him and stating the dividend (if any) declared by the Company during the year ending on the thirty-first day of March in the year of assessment.
সারে জষ্টিসেরা ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২০ তারিখের মধ্যাহ্নে উক্ত মূল্য ও পরিমাপণ ও করাবধারণের বিপক্ষ প্রার্থনা শ্রবণ করিবেন, এবং যে ব্যক্তি উক্ত মূল্য ও পরিমাপণ ও করাবধারণের বিপক্ষে প্রার্থনা করিতে ইচ্ছুক হন প্রার্থনা শ্রবণার্থে যে দিন নিরূপিত হইয়াছে তাহার তিন দিন পূর্ব্বে জষ্টিসেদের কার্য্যালয়ে তাঁহার লিখিত আবেদনপত্র অর্পণ করিতে হইবে। ১৮৬৬ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ২৭ ধারামতে রেটের টাকা জষ্টিসদের স্থানে গচ্ছিত না করিলে এবং যে বাটীর বিষয়ে প্রার্থনা করা যায় সেই বাটীর স্বামি কি অধিকারী বলিয়া তাঁহার নাম করাবধারণের রেজিষ্টরে না থাকিলে তাঁহার প্রার্থনা শ্রবণ করা যাইতে পারিবে না।

রবর্ট টর্ণবুল।
শান্তিরক্ষার্থ জষ্টিসদের সেক্রেটারী।
শান্তিরক্ষার্থ জষ্টিসদের কার্য্যালয়।
১ নং চৌরঙ্গী রোড।
১৮৬৮ সাল ২৬ মার্চ।

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot.

A Translator,	...	...	Salary 90 Rupees.
A Head Clerk,	...	...	„ 50 „

MORRIS BEAUFORT,
Addl. Judge of Tirhoot.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

কুঠী মোল্লাহাটী কানসরণ।

নিউ বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির সম্পত্তি।

সন ১৮৬৮ সালের ১৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৭৫ সাল ৪ বৈশাখ বুধবার দিবা দুই প্রহর এক ঘন্টার সময় কুটী মোল্লাহাটী মোকামে নিম্ন লিখিত তালুক, পত্তনি ও দরপত্তনি তালুক এবং দোএম কাএম মোদামি বন্দবস্তী মহল এবং মকররি জোত গাঁতি প্রভৃতি মোল্লাহাটী কানসরণের অন্তর্গত স্থাবর সম্পত্তি সমুদয় দায় সমেত পর্য্যায়ক্রমে পত্তনি দরপত্তনি বন্দবস্ত করণার্থ প্রকাশ্য নীলাম আরম্ভ হইয়া যে পর্য্যন্ত সকল মহল বন্দবস্ত সমাপ্ত না হয় তাবৎ প্রত্যহ ঐ একই সময় নীলাম হইবেক। অন্ততঃ আড়াই গুণ পণের ন্যূন নহে, অধিক পণ যিনি যত ডাকিবেন তন্মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকনিয়াকে নীচের লিখিত নিয়মাবলিতে আবদ্ধ রাখিয়া বন্দবস্ত করিয়া দেওয়া যাইবেক।

১। যে সমস্ত তালুক আছে তাহা পত্তনি, পত্তনি মহল দরপত্তনি, দরপত্তনি মহল সে পত্তনি বিলি এবং দোএম কাএম মহলেতে পত্তনি অথবা ক্রেতার ইচ্ছা হইলে মৌরশী দেওয়া যাইবেক।

২। সন ১২৭৩ সালের হস্তবুদ জমা হইতে শতকরা ১০ দশ টাকা মালিকানা বাদে যে অবশিষ্ট থাকিবেক তাহাই পত্তনি প্রভৃতির বার্ষিক জমা সাব্যস্ত হইবেক।

৩। যে সমস্ত মহল ইজারা বিলি আছে সে মহলের বার্ষিক ইজারায় যে ডৌল জমা ধার্য্য আছে তাহা হইতে মালিকানা বাবত শতকরা ১০ টাকা হিসাবে বাদ দেওয়া যাইবে।

৪। যে পণে ডাক মঞ্জুর হইবেক তাহার চারি অংশের একাংশ ডাক বন্দ হইবামাত্র ফিচ স্বরূপ তৎক্ষণাৎ দিতে হইবেক। এবং পণের বক্রী টাকা ডাকের দিনাবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে বেবাক পরিশোধ করিবেন তাহা না করিলে বন্দবস্ত রদ ও বাতিল এবং ফিচের বাবত দেওয়া সকল টাকা জব্দ হইবেক। এবং বিক্রেতা ঐ বস্তু বিনা বিজ্ঞাপনে স্বেচ্ছামতে যে সময়ে ও যে স্থানে হউক তাঁহাদিগের স্বকীয় স্বার্থ অনুসারে পুনরায় বন্দবস্ত করিবেন। দ্বিতীয় বন্দবস্তে যে কিছু লভ্য হয় তাহা বিক্রেতা পাইবেন, যে কিছু ক্ষতি খেশারত ও ব্যয় হয় তাহা সমুদয় প্রথম ডাকনিয়া পূরণ করিবেন। ডাক মঞ্জুর হইবামাত্র তৎক্ষণাৎ ক্রেতা নীলামের সমুদয় নিয়মে আবদ্ধ হইয়া ইস্টাম্প কাগজে এক চুম্বক একরার লিখিয়া দিবেন।

৫। বন্দবস্ত হওয়া সম্পত্তির বয়নামা পাট্টা কবুলিয়ত প্রভৃতি লিখিত পড়িতের সমুদয় ব্যয়, খশড়া ব যাবেতা নকলের, ও তাবৎ দলিল রেজেষ্টরি খরচ, ইস্টাম্প কাগজের মূল্য, ও বন্দবস্ত গ্রহীতার নাম, জমিদারি ও পত্তনি, দরপত্তনিদারের শেরেস্তায় খারিজ দাখিল করণের খরচ, ইত্যাদি যে কিছু আবশ্যক তাহা সমুদয় বন্দবস্তগ্রহীতা দিবেন।

৬। সমস্ত মহল প্রত্যেক গ্রাম পৃথক পৃথক অথবা ক্রেতার সুবিধাজন্য ডিহি ডিহি কিম্বা তরফ তরফ নীলাম করা যাইবেক।

৭। বিক্রেতাদিগের কর্ম্মাধ্যক্ষ নীলাম সম্বন্ধীয় নিয়মাদি এবং প্রত্যেক ডাকের উপর যে পরিমাণ বৃদ্ধি

ডাকিবেন তাহা ধার্য্য করিবেন। ডাক সম্বন্ধে কোন বিরোধ উৎথান হইলে পুর্ব্বের কোন এক ডাক হইতে পুনর্ব্বার ডাক করা যাইবেক। কেহ কোন ডাক ডাকিয়া অপহ্নব বা অস্বীকার করিতে পারিবেন না।

৮। পণের সমুদয় টাকা পরিশোধ এবং নীলামি সম্পত্তির পাট্টা কবুলতি লিখিত পড়িত ও রেজেষ্টরি হইবামাত্র মহলে দখল দেওয়া যাইবেক।

৯। যেহেতু বর্ত্তমান মালিকগণ সন ১৮৬৫ সালে বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির বন্ধকগ্রহীতার নিকট উপরোক্ত সম্পত্তি যে সময়ে প্রাপ্ত হইয়াছেন তৎকালে হস্তান্তর করণপত্র সম্পূর্ণরূপে তদন্ত করা হইয়াছিল অতএব ভাবি বিরোধ নিবৃত্ত হওন জন্য বুঝিতে হইবেক যে ঐ হস্তান্তরকরণ দ্বারা বিক্রেতাগণ সম্যগরূপে সমস্ত সম্পত্তির স্বত্বাধিকারি এবং মালিক হইয়াছেন।

১০। বন্দবস্তপ্রার্থিগণ উক্ত সমুদয় সম্পত্তির মুল দলিল দস্তাবেজ দৃষ্ট করিতে ইচ্ছা করিলে কলিকাতা মোকামে বিক্রয়াধ্যক্ষ সাহেবকে সম্বাদ দিতে হইবেক, তাহা হইলে নীলামের পূর্ব্ব দিন পর্য্যন্ত দলিল দেখিতে পাইবেন এবং দলিল দৃষ্ট করার পরে ঐ দলিল সংক্রান্ত সমস্ত তদন্ত বিষয়ে দর্শক সন্তুষ্ট হইয়াছেন বোধ হইবেক এবং উত্তরকালে উক্ত দস্তাবেজ সংক্রান্ত আর কোন বিষয়ে আপত্তি দর্শাইতে পারিবেন না।

১১। নীলাম দিনে মহলে লাগাএদ ১২৭৩ সালের যে বে তামাদি বাকী ঐ সনের জমাওয়াশীল বাকী অনুসারে থাকিবেক তাহার ৸০ বার আনা রকম নীলাম দিন হইতে ৬ ছয় মাস মধ্যে তুল্যাংশে মাসিক কিস্তিবন্দী করিয়া খরিদার বিক্রেতাকে দিবেন এবং ঐ বাকি পরিশোধের তারিখ নির্ণায়ক বোধ স্বরূপ দলিল লিখিয়া দিবেন।

১২। সন ১২৭৪ সালের আদায় বাদে যে খাজনা নীলামের দিন ঐ সনের কড়চা হিসাব অনুসারে মহলে বাকি থাকিবেক তাহার মধ্যে সরঞ্জামী খরচ শতকরা ১০৲ দশ টাকা মিনাহ বাদে বাকী বেবাক ক্রেতা বিক্রেতাকে সন ১৮৬৮ সালের ৩১ জুলাই তারিখের পূর্ব্বে ত্রৈমাসিক কিস্তিবন্দী সুরত দিবেন এবং তদ্বিষয়ক প্রমিশরি নোট লিখিয়াদিবেন।

১৩। যে মহল যে ব্যক্তি বন্দবস্ত করিয়া লইবেন ঐ মহল যে তরফ কি ডিহির অন্তর্গত তাহার সদর খাজানা বিক্রেতাগণ মাসিক যেরূপ কিস্তিবন্দী মোতাবেক দিয়াছেন বন্দবস্তগ্রহীতাগণও তাঁহাদিগের আপন আপন বন্দবস্তী মহলের বার্ষিক খাজানা ঠিক ঐরূপ মাসিক কিস্তিবন্দী সুরত বিক্রেতাগণকে দিতে থাকিবেন কিন্তু বিক্রেতাগণ তাঁহাদিগের দেয় সদর খাজানা প্রতি মাসের যে তারিখে উপরিস্থ জমিদার বরাবর দিতে বাধ্য আছেন ক্রেতাগণও সেই তারিখের দশ দিবস পূর্ব্বে তাঁহারদিগের দেয় খাজানা বিক্রেতাগণকে দিবেন।

১৪। কানসরণ মজুকুর মায় নিলকুঠি ও জমিদারি প্রভৃতি সমুদয় হকুক আপশে একত্রে ক্রয় করণের প্রস্তাব লাগাএদ আগামি ৩১ মার্চ বাঙ্গলা ১৯ চৈত্র শুনা যাইবেক।

আমি   ইহাদ্বারা স্বীকার করিতেছি যে আমি উপরের লিখিত নিয়মাবলির অধীন।   নং লাট   টাকা মূল্যে খরিদ করিয়া তাহার মধ্যে অদ্য   টাকা বিক্রেতাদিগের এজেণ্ট শ্রীযুত মেঃ আরচি বলড হিল সাহেবের নিকট দাখিল করিয়া এতদ্দ্বারা অঙ্গিকার করিতেছি যে পণবাহার অবশিষ্ট বেবাক টাকা দিয়া হস্তান্তর ও বন্দবস্ত সংক্রান্ত সমস্ত দলিল দস্তাবেজ প্রোক্ত নিয়মানুসারে বেওজর লিখিত পড়িত করিয়া দিব এবং লইব ইতি।

জায়দাদের তালিকা।

তালুক যাহা পত্তনি দেওয়া যাইবেক।

১। জেলা নদীয়া পরগনে খোশালপুরের অন্তর্গত তং ঝিটকিপোতা তৌজী ২৬১। ২৬৩ নং হিস্যা রকম ৷৷৶৫৷ = আনা ৬ মৌজা।

২। চাকলে কৃষ্ণনগর জেলা নদীয়ার ৩১৭০ নং তৌজী মৌজে পুলিয়া রকম ষোল আনা ১ মৌজা।

পত্তনি মহল যাহা দরপত্তনি দেওয়া যাইবেক এই সকল পত্তনি সন ১৮১৯ সালের ১১ আইনানুসারে বিশেষ রেজিস্টরি হইয়াছে।

৩। চাকলে শ্রীনগর ডিহি দুবড়ার অন্তর্গত নদীয়া জেলায় ১৬৭ নং তৌজী ডিহি গোপালনগর রকম ৸৶০ আনা ১৮ মৌজা ইহার মধ্যে গোপালনগরে এক বৃহৎ বাজার আছে।

৪। পরগনে মুলঘড় নদীয়া জেলা ২১৫। ৪৮ নং তৌজী ডিহি গোগা রকম ৷৷০ আনা ২৯ মৌজা।

৫। পঃ হলদহ জেলা নদীয়া ২৮৩। ২৬৮। ৩০৩ নং তৌজী তং জগদীশপুর রকম ৷৷০ আনা ১৯ মৌজা।

৬। পঃ মুলঘড় ডিহি সামটা জেলা নদীয়া ৪৯০। ৪৩৯। ৪৪০ নং তৌজী তঃ পিপড়াগাছি রকম ৷৷০ আনা ১৭ মৌজা।

৭। চাকলে শ্রীনগর পঃ আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তৌজী তরফ শ্রীরামপুর রকম ৷৷০ আনা ৯ মৌজা।

৮। চাকলে শ্রীনগর পঃ আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তরফ নাটাপোল রকম ৷৷০ আনা ৮ মৌজা।

৯। জেলা নদীয়া ২৪৯৪।২৯২৯ নং মৌজে জয়পুর রকম ৷৷০ আনা ১ মৌজা ও চর জয়পুর রকম ষোল আনা।

১০। জেলা নদীয়া ৪৪৩ নং তরফ রামনগর রকম ৷০ চারি আনা ৩ মৌজা।

১১। জেলা নদীয়া ৪০২। ৪২০ নং তরফ উমারপুর রকম ৷০ চারি আনা ৫ মৌজা।

১২। পঃ সাহেস্তা নগরের অধীন মৌজে সিন্দরাণী দেবোত্তর ১ মৌজা রকম ষোল আনা।

১৩। পঃ মুলঘড় জেলা নদীয়া ৪৯০ নং ডিহি চালিতাবাড়িয়া রকম ৷৷০ আট আনা ৩ মৌজা।

১৪। পঃ হলদহ কাঞ্চনপুর ও ছয়ঘরি রকম ষোল আনা ২ মৌজা।

১৫। পঃ খোশালপুর জেলা নদীয়া ২২৬১ নং লাখেরাজ বাজেআপ্তী মহল বাগাডাঙ্গা খোশালপুর রকম ৷৷০ আট আনা।

১৬। পঃ খোশালপুর জেলা নদীয়া ১২৫৭ নং লাখেরাজ বাজেআপ্তী মহল মৌজে বাগাডাঙ্গা খোশালপুরের মধ্যে রকম ষোল আনা।

১৭। মৌজে ঝিটকিপোতা গ্রামে মাসকর গ্রাবকের জমা রকম ষোল আনা।

১৮। পঃ মুলঘড় জেলা নদীয়া ৬৪ নং তং বেনাপোল রকম ষোল আনা ৩ মৌজা।

১৯। মৌজে বালিয়া কালসোনা ও আফাইপুর গ্রাম মধ্যে বালিয়া চাকরা মহল রকম ৷৷০ আট আনা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৩১ মার্চ।]

২০। পঃ হলদহ বাজেআপ্তী বিবির খোপ রকম যোল আনা।

২১। পঃ মুলঘড় জেলা নদীয়া ৪০৩ নং ডিহি উলাশী রকম ষোল আনা ৬৭ মৌজা ইহার মধ্যে চাঁদুড়িয়ানামা এক প্রসিদ্ধ বাজার আছে।

২২। পঃ মুলঘড় জেলা নদীয়া ৫০ নং ডিহি বাগ আঁচড়া রকম ষোল আনা ২১ মৌজা।

২৩। মৌজা হায়ের আচুড়ি মহল রকম ষোল আনা।

দরপত্তনি তালুক যাহা ছে পত্তনি দেওয়া যাইবেক।

২৪। ডিহি বেতনার অন্তর্গত মৌজে ছোট চুবড়িয়া রকম ষোল আনা ১ মৌজা।

দোএম কানুন মহল যাহা পত্তনি অথবা মৌরশী দেওয়া যাইবেক।

২৫। পঃ মুলঘড়ের অধীন বিলবল্লী রকম ষোল আনা।

২৬। বৃত্তি পার মাছুলা রকম যোল আনা।

২৭। নদীয়া জেলায় ৩০২৩ নং তৌজী বৃত্তি খোসালপুর রকম ষোল আনা।

২৮। নদীয়া জেলা ১৮২৪ নং বৃত্তি চুয়াডাঙ্গা রকম ষোল আনা।

২৯। নদীয়া জেলা ২৯৮৭ নং বৃত্তি মাকড়া রকম যোল আনা।

খরিদা বৃত্তি।

৩০। বৃত্তি লাভরণ রকম যোল আনা।

৩১। বৃত্তি সামলাগাছি রকম যোল আনা।

ইহা সেওয়ায়।

মৌরশী জোত গাঁতি আছে তাহাও বন্দবস্ত হইবেক।

এই সকল বন্দবস্ত বিষয়ক অপর যে কিছু বৃত্তান্ত অবগত হওয়া আবশ্যক তাহা কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন স্বাক্ষরকারী অথবা শ্রীযুত বাবু কেদারনাথ মুখোপাধ্যায়ের নিকট অনুসন্ধান করিলে জানিতে পারিবেন ইতি।

স্বাক্ষর শ্রী মেঃ আর চিবল্ড হিল সাহেব।
কুঠী মোল্লাহাটী।
বনগ্রামের ডাক।

[*Government Gazette*, 31*st March* 1868.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্গো সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 7, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ৭ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 21st March 1868, and was referred to a Select Committee who are to report thereon after the 25th April next:—

A Bill to amend and consolidate the law for the regulation of Police in Towns under the control of the Lieutenant-Governor of Bengal, and for the Conservancy and Improvement thereof.

[Preamble.]

WHEREAS it is expedient to amend and consolidate the law for the regulation of the Police in Towns in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal, to which the District Municipal Improvement Act may not be extended, and for the conservancy and improvement thereof; It is enacted as follows:—

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the several meanings hereby

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মার্চ মাসের ২১ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পণ করা গেল, আগামি আপ্রিল মাসের ২৫ তারিখের পর তাঁহাদের তদ্বিষয়ে রিপোর্ট করিতে হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন নগরের মধ্যে পোলীসের বিধান ও সেইং নগরের পারিপাট্য ও সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন যে প্রদেশে, মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইন প্রচলিত করা যায় নাই সেইং প্রদেশের অন্তর্গত নগরের পোলীসের বিধান করণার্থ এবং ঐং নগরের পারিপাট্য ও সৌষ্ঠব করণার্থ আইন সংশোধন ও সংগ্রহ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[অর্থ করণের ধারা।

১ ধারা। এই আইনের মধ্যে নিম্নলিখিত কথার ও শব্দের যে অর্থ এই ধারাতে করা গিয়াছে পূর্ব্বাপর

assigned to them, except where a different intention shall appear from the context, that is to say:—

["Magistrate of the District."]

The words "Magistrate of the District" shall mean the chief officer charged with the executive administration of a district in criminal matters by whatsoever designation such officer is called.

["Magistrate."]

The word "Magistrate" shall include the Magistrate of the District, Joint-Magistrate of the District, Cantonment Magistrate, and also every other officer who is charged with the immediate executive administration in criminal matters of any district, sub-division of a district, or portion of a district not included in any sub-division of such district, by whatsoever designation such officer is called.

["House."]

The word "House" shall include any shop or warehouse.

["Bazar."]

The word "Bazar" shall mean any place or trade at which there is a collection of shops or warehouses.

["Town."]

The word "Town" in this and the following Sections of this Act shall mean any Town, suburb, station, cantonment, bazar, or union to which the provisions of this Act may be extended as hereinafter provided.

["Year."]

The word "Year" shall mean the period of twelve months immediately following the 1st day of April, or any other date which may hereafter be fixed by the Government as the commencement of the year for financial purposes.

Part II.

Preliminary.

[Act XX of 1856 and Act VI of 1867 (B. C.) repealed. Existing assessment to continue to be levied until revised according to this Act.]

II. Act XX of 1856 passed by the Governor General of India in Council, and Act VI of 1867 passed by the Lieutenant-Governor of Bengal in Council, so far as the same relates to Towns as therein defined are hereby repealed in the Provinces under the control of the Lieutenant-Governor of Bengal. Provided that the monthly assessment levied under the said Act XX of 1856 and the said Act VI of 1867 in any Town at the time when this Act comes into operation shall continue

কথার দ্বারা ভাবান্তর দৃষ্ট না হইলে তাহার সেই অর্থ থাকিবে।

"জিলার মাজিষ্ট্রেট।"

যে ব্যক্তি ফৌজদারী বিষয়ে জিলার কর্ত্তৃত্ব কার্য্য নিরূপণার্থ প্রধান কার্য্যকারক হন তাঁহার পদের যে কোন খ্যাতি হউক জিলার মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝাইবে।

"মাজিষ্ট্রেট।"

জিলার মাজিষ্ট্রেট সাহেব এবং জিলার জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব এবং সৈন্য নিবাসের মাজিষ্ট্রেট সাহেব এবং কোন জিলাতে কি জিলার শাখাখণ্ডে এবং জিলার কোন শাখাখণ্ডের অনন্তর্গত অংশে যিনি ফৌজদারী বিষয়ে অব্যবহিতরূপে কর্ত্তৃত্ব কার্য্য নিরূপণের ভারপ্রাপ্ত হন তাঁহার পদ সংক্রান্ত যে কোন খ্যাতি হউক মাজিষ্ট্রেট শব্দের মধ্যে তিনিও গণ্য।

"ঘর।"

ঘর শব্দেতে দোকান ও আড়ত গণ্য।

"বাজার।"

বাণিজ্যের যে কোন স্থানে বহু দোকান কি আড়ত থাকে বাজার শব্দে সেই স্থান বুঝাইবে।

"নগর।"

এই আইনের এই ও পশ্চাৎ ধারার মধ্যে নগর শব্দ থাকিলে এই আইন বিস্তৃত হইয়া পশ্চাৎ লিখিত বিধানমতে যে কোন নগরের কি শাখানগরের কি স্থানের কি সৈন্যনিবাসের কি বাজারের কি গ্রামসমাহারের প্রতি বর্ত্তে, নগর শব্দে সেই নগরপ্রভৃতি বুঝায়।

"বৎসর।"

আপ্রিল মাসের প্রথম দিবসাবধি কিম্বা গবর্ণমেন্ট রাজস্বসংক্রান্ত কার্য্যের নিমিত্ত বৎসরের আরম্ভ বলিয়া অন্য যে কোন তারিখ নিরূপণ করেন তাহার অব্যবহিত পর অবধি যে বারো মাস হয়, বৎসর শব্দে সেই কাল বুঝায়।

দ্বিতীয় খণ্ড।

পরিভাষা।

[১৮৫৬ সালের ২০ আইন এবং ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৬ আইন রহিত হইবার কথা এবং যে টাক্স নির্দ্ধারিত আছে এই আইন অনুসারে সংশোধন না হওয়া পর্য্যন্ত তাহা আদায় হইতে থাকিবার কথা।]

২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৬ সালের ২০ আইনেতে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৭ সালের ৬ আইনেতে যে নগর শব্দের অর্থ নির্ণয় হইয়াছে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত সেই২ নগর সম্পর্কে সেই২ আইন রহিত করা গেল। কিন্তু এই আইনের কার্য্যারম্ভ কালে ১৮৫৬ সালের উক্ত ২০ আইন এবং ১৮৬৭ সালের উক্ত ৬ আইনমতে কোন নগরের অবধারিত যে বার্ষিক টাক্স আদায়

[গবর্ণমেন্ট গেজেট ; ১৮৬৮ । ৭ আপ্রিল ।]

to be levied under the procedure provided in those Acts until the same shall be revised and altered under the provisions of this Act.

হইয়া থাকে এই আইনের বিধানানুসারে যদবধি সেই টাকুসের সংশোধন ও পরিবর্ত্তন না হয় তদবধি ঐ আইনের নির্দ্ধারিত প্রণালীমতে তাহা আদায় হইতে থাকিবে ইতি।

[To what places the Act shall apply.]

[এই আইন যেং স্থানের প্রতি বর্ত্তিবে তাহার কথা।]

III. The provisions of this Act shall have effect in the places in which the said Act XX of 1856 may be, at the passing of this Act, in force, and in every other station, Town, suburb, cantonment, and bazar in the said provinces to which the Government at any time may extend the same by Notification in the Official *Gazette*. Provided always that this Act shall not be extended to any agricultural village.

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে ১৮৫৬ সালের উক্ত ২০ আইন যেং স্থানে প্রচলিত থাকে সেইং স্থানে এবং গবর্ণমেণ্ট কোন সময়ে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্ত প্রদেশের অন্য যে কোন স্থানে কি নগরে কি শাখানগরে কি সেনা নিবাসে কি বাজারে এই আইনের বিধান প্রচলিত করেন সেইং স্থানে প্রবল হইবে। কিন্তু কোন চাষা গ্রামের প্রতি এই আইন বর্ত্তিবে না ইতি।

[Unions may be formed.]

[সমাহার করিবার কথা।]

IV. The Government may, by Notification to be published in the Official *Gazette*, unite, for the purposes of this Act, any Town, suburb, station, or bazar, or any part or parts of a Town, suburb, station, or bazar with any other Town, suburb, station, or bazar, or part or parts of a Town, suburb, station, or bazar; and in such case all the provisions of this Act shall be applicable to the Town constituted by such union.

৪ ধারা। গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা এই আইনের উদ্দেশ্য সকল করণার্থে কোন নগরের কি শাখানগরের কি স্থানের কি বাজারের সহিত অন্য কোন নগরের কি শাখানগরের কি স্থানের কি বাজারের সমাহার কিম্বা কোন নগরের কি শাখানগরের কি স্থানের কি বাজারের কোন এক কি অধিক অংশ সহিত অন্য কোন নগরের কি শাখানগরের কি স্থানের কি বাজারের কোন এক কি অধিক সমাহার করিতে পারিবেন, তাহা হইলে সেই সমাহারবদ্ধ নগরের প্রতি এই আইনের সমস্ত বিধান বর্ত্তিবে ইতি।

[Government may define limits of Town, &c. Houses let to lodgers how to be assessed. Magistrate may exempt occupiers unable to pay the assessment or rate.]

[নগরাদির সীমা নিরূপণ করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা ও প্রবাসিদিগের ভাড়াটিয়া ঘরের টাকুস ধার্য্য করিবার নিয়মের কথা ও যে গৃহবাসিরা টাকুস কি রেট দিতে অক্ষম তাঁহাদিগকে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমা করিবার কথা।]

V. For the purposes of this Act the Government may define and declare the limits of any Town, and all occupiers of houses, buildings, and lands within any Town so defined shall be liable to be assessed or rated according to the provisions of this Act. Provided that if any house or building be let out in portions to different persons or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers or travellers, shall, for the purposes of this Act, be deemed to be the occupier of such house. Provided also that the Magistrate may, at his discretion, exempt from the assessment or rate, or may relieve from the payment of his assessment or rate, any occupier who may be unable from poverty to pay the same.

৫ ধারা। গবর্ণমেণ্ট এই আইনের উপলক্ষে কোন নগরের সীমা নিরূপণ করিয়া প্রকাশ করিতে পারিবেন। তদ্রূপে যে নগরের সীমা নিরূপণ করা যায়, এই আইনের বিধানানুসারে তদন্তর্গত বাটীর ও কোটার ও ভূমির সকল দখীলকারের উপর টাকুস কি রেট ধার্য্য হইতে পারিবে। কিন্তু কোন ঘর কি কোটা অংশ করিয়া ভিন্নং ব্যক্তিদিগকে ভাড়া দেওয়া গেলে, কিম্বা অল্পকালস্থায়ি প্রবাসিদিগকে কি পথিকদিগকে ভাড়া দেওয়া গেলে কি তাহাদের অধিকারে থাকিলে যে ব্যক্তি সেই প্রকারে ঐ ঘরের ভাড়া দেন কিম্বা ঐ ব্যক্তিদের কি অল্পকালস্থায়ি প্রবাসিদের কি পথিকদের স্থানে যে ব্যক্তি ভাড়া কি পয়সা গ্রহণ করেন তিনিই এই আইনের উপলক্ষে ঐ ঘরের দখীলকার জ্ঞান হইবেন। আরো যদি কোন গৃহবাসি দরিদ্রতানিবন্ধন টাক্স কি রেট দিতে অক্ষম হন তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তাঁহাকে টাক্স কি রেটহইতে নিষ্কৃতি দিতে কিম্বা তাহার ঐ টাক্স কি রেট ক্ষমা করিতে পারিবেন ইতি।

[*Government Gazette, 7th April* 1868.]

Part III.

Constitution of Police Force.

[Police in Towns to be appointed under Act V of 1861.]

VI. All Police officers appointed or employed in any Town shall be appointed under the provisions of Act V of 1861 passed by the Governor General of India in Council, or of any other Act which may for the time being be in force for the regulation of the Police in the Police District within which the said Town may be situated, and shall be deemed to be a portion of the Police Establishment under the Government of Bengal, and shall be subject to the provisions of the said Act, except as hereinafter is provided.

[Police paid under Act not to be employed beyond Town.]

VII. No Police officer who may be paid out of the assessment to be levied in any Town under this Act shall be employed beyond the limits of such Town.

[Maximum amount chargeable on account of Police.]

VIII. The total amount which shall be chargeable to the Town Fund for the cost of any Police Force which may be sanctioned by the Government for employment within any town, including the contingent expenses of such force, shall not exceed the average rate of one rupee and eight annas per annum for each house in such Town. Provided that the number of Police officers appointed shall not be greater than one superior officer for every fifteen constables, and one constable for every twenty-five houses.

Part IV.

Purposes to which the Town Fund may be applied, and preparation and settlement of annual Budget Estimates.

[Constitution of Town Fund.]

IX. The proceeds of every assessment to be levied under this Act in any Town, together with any sum which may be assigned by the Government or by any person for the improvement of the Town, or for the purposes of this Act, shall constitute a fund which shall be called the "Town Fund" of such Town; and shall be under the control of the Magistrate; and shall be applied by him for the purposes of this Act.

[Application of Town Fund.]

X. After provision shall have been made out of the Town Fund for all necessary costs of assessment and collection of all sums leviable under this Act, the Town Fund of every Town shall be primarily applied in payment of the amount which,

তৃতীয় খণ্ড।

পোলীস দলের সংস্থিতির কথা।

[১৮৬১ সালের ৫ আইনমতে নগরের পোলীস নিযুক্ত করিবার কথা।]

৬ ধারা। পোলীসের যে সকল কার্য্যকারক কোন নগরে নিযুক্ত কি কর্ম্মপ্রাপ্ত হন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ১৮৬১ সালের ৫ আইনের বিধানানুসারে কিম্বা উক্ত নগর পোলীসসংক্রান্ত যে চক্রের মধ্যে থাকে তদন্তর্গত পোলীসের বিধান করণার্থ অন্য যে আইন যে সময়ে প্রচলিত থাকে সেই আইনের বিধানানুসারে ঐ পোলীসের কর্ম্মকারকেরা নিযুক্ত হইবেন এবং তাঁহারা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন পোলীস কর্ম্মকারক সমূহের একাংশ জ্ঞান হইবেন এবং নিম্নলিখিত বিধানমতে যে স্থল বর্জ্জিত হইয়াছে সেই স্থলভিন্ন তাঁহারা উক্ত আইনের বিধানের পরতন্ত্র হইবেন ইতি।

[এই আইনমতে নগরের বেতন ভোগি পোলীসের নগরের বাহিরে নিযুক্ত না হইবার কথা।]

৭ ধারা। কোন নগরে এই আইনমতে যে টাক্স ধার্য্য হয় তাহাহইতে পোলীসের যে কর্ম্মকারক বেতন পান তিনি সেই নগরের সীমার বাহিরে কোন কর্ম্মে নিযুক্ত হইবেন না ইতি।

[পোলীসের জন্যে অত্যধিক যাহা লওয়া যাইবে তাহার কথা।]

৮ ধারা। গবর্ণমেণ্ট কোন নগরের মধ্যে যে পোলীসদল নিযুক্ত করিবার অনুমতি দেন তজ্জন্যে টৌন ফণ্ডহইতে যে টাকা লওয়া যাইতে পারিবে ঐ দলের নৈমিত্তিক খরচসুদ্ধ সেই টাকা উক্ত নগরের প্রত্যেক ঘরের উপর দেড় টাকার অধিক হইবে না। কিন্তু পোলীসের যে কর্ম্মকারকেরা তদ্রূপে নিযুক্ত হইবেন তাহাদের সংখ্যা এই২। অর্থাৎ পঁচিশ২ ঘর প্রতি এক কনষ্টাবল ও পনেরো২ কনষ্টাবল প্রতি এক জন অধ্যক্ষ। ইহার অধিক নিযুক্ত হইবেন না ইতি।

চতুর্থ খণ্ড।

নগরসংক্রান্ত কার্য্যের টাকা যে কর্ম্মে ব্যয় হইতে পারিবে তাহার বিধি এবং বার্ষিক আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত ও নির্দ্ধার্য্য করিবার কথা।

[টৌনফণ্ডের সংস্থিতির কথা।]

৯ ধারা। কোন নগরে এই আইনঅনুসারে যে টাক্স আদায় হয় তাহার উদ্বর্ত্ত টাকা এবং গবর্ণমেণ্ট কিম্বা সাধারণ কোন ব্যক্তি নগরের পারিপাট্যের জন্যে কিম্বা এই আইনের উপলক্ষে যে টাকা অর্পণ করেন সেই সকল টাকা লইয়া ঐ নগরের টৌন ফণ্ড বলিয়া এক ফণ্ড করা যাইবে। তাহা মাজিষ্ট্রেট সাহেবের তত্ত্বাধীনে থাকিবে এবং এই আইনের উদ্দেশ্যের নিমিত্তে তাহার প্রয়োগ হইবে ইতি।

[টৌন ফণ্ডের প্রয়োগের কথা।]

১০ ধারা। এই আইনমত টাক্স ধার্য্য করিবার এবং আদেয় সকল টাকা আদায় করিবার প্রয়োজনীয় সকল খরচ টৌনফণ্ডহইতে দিবার বিধান করা যাইবে। তৎপরে এই আইনের বিধানমতে ঐ নগরের পোলীসদলের খরচের টাকা সেই ফণ্ডহইতে লওয়া যাইতে পারে

under the provisions of this Act, may be chargeable to such Fund for the cost of the Police Force employed in such Town, and subject thereto the same shall be applied in or towards the maintenance of the roads and communications in such Town, for the purposes of conservancy and general improvement of the Town, of vaccination, of the establishment of dispensaries or hospitals, or otherwise in giving effect to the provisions of this Act.

তাহা ঐ টৌনফণ্ডহইতে দেওয়া যাইবে। দেওয়া গেলে পর যাহা অবশিষ্ট থাকে ঐ নগরের রাস্তা ও স্থানেং গমনাগমনের পথ সুরক্ষা করণের ও নগরের পারিপাট্যের ও সাধারণ সৌষ্ঠবের জন্যে ও গোমসূর্য্যাধানের ও ঔষধালয় কি চিকিৎসালয় স্থাপনের কার্য্যে কিম্বা এই আইনের বিধান সকল করণার্থ অন্য কার্য্যে সেই টাকা প্রয়োগ হইতে পারিবে ইতি।

[District Superintendent of Police to prepare a Budget.]

XI. As soon as possible after the close of the fifth month of every year, the Superintendent of Police of every District in which there may be a Town shall lay before the Magistrate of the District, in such form as may from time to time be directed by the Government, a statement showing the total strength of the Police Force as sanctioned by the Government for employment within each Town within his district, and giving an estimate of the expenditure on account of salaries and contingent expenses of the said Force during the following year.

[পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেন্টের বজেট প্রস্তুত করিবার কথা।]

১১ ধারা। নগর যে জিলার মধ্যে থাকে প্রতি বৎসর পঞ্চ মাসের অবসানানন্তর সেই জিলার পোলীসের সুপরিণ্টেণ্ডেন্ট সাহেব অবিলম্বে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে বর্ণনাপত্র অর্পণ করিবেন। গবর্ণমেন্ট সময়েং যে পাঠ নিরূপণ করেন ঐ বর্ণনাপত্র সেই পাঠে লিখিতে হইবে, গবর্ণমেন্ট তাঁহার জিলার প্রত্যেক নগরে পোলীস দলের মধ্যে যত ব্যক্তিকে নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন তাঁহারদের মোট সংখ্যা এবং আগামি বৎসরে ঐ দলগত লোকদের বেতন ও নৈমিত্তিক খরচের নিমিত্তে অনুমান যত টাকা লাগিবে তাহা সেই বর্ণনাপত্রে লিখিতে হইবে ইতি।

[Magistrate to propose an estimate.]

XII. As soon as possible after the close of the fifth month of the end of every year, the Magistrate, in consultation with the members of the Punchayet to be appointed as hereinafter provided, shall prepare a statement, in such form as may from time to time be directed by the Government, showing the estimate for the expenditure to be incurred in such Town in the following year for all purposes of this Act, other than the Police Force, and such Magistrate shall submit such statement to the Magistrate of the District.

[মাজিষ্ট্রেট সাহেবের অনুমানপত্র প্রস্তুত করিবার কথা।]

১২ ধারা। নিম্নলিখিত বিধানমতে যে পঞ্চায়ত নিযুক্ত হইবেন মাজিষ্ট্রেট সাহেব প্রতিবৎসরের পঞ্চম মাস অবসান হইলে পর সাধ্যমতে ত্বরায় তদন্তর্গত ব্যক্তিরদের সঙ্গে পরামর্শ করিয়া বর্ণনাপত্র প্রস্তুত করিবেন। গবর্ণমেন্ট সময়েং যে পাঠ নিরূপণ করেন ঐ বর্ণনাপত্র সেই পাঠে লিখিতে হইবে। উক্ত নগরে আগামি বৎসরে পোলীসদলভিন্ন এই আইনের অন্য সকল উদ্দেশ্য সাধন করিবার জন্যে যত টাকা খরচ হইবার সম্ভাবনা তাহা ঐ বর্ণনাপত্রে ব্যক্ত থাকিবে। এবং ঐ মাজিষ্ট্রেট সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ বর্ণনাপত্র অর্পণ করিবেন ইতি।

[Magistrate to add amount for contingencies.]

XIII. To the estimates prepared under the two preceding Sections, the Magistrate shall add a reasonable sum to provide for the contingency of losses from defaulters; he shall also add any sum by which there may be reason to believe that the assets of the Town Fund will fall short of the actual expenditure of the year then current. Provided that if it appear probable that any surplus of the Town Fund will remain unexpended at the end of the year then current, the estimate for the coming year shall be diminished to that extent.

[নৈমিত্তিক খরচ বলিয়া মাজিষ্ট্রেট সাহেবের অন্য খরচ সংযোগ করিবার কথা।]

১৩ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে যে অনুমানপত্র প্রস্তুত করা যায় কোনং ব্যক্তিদের টাকা না দেওয়াতে যে ক্ষতির সম্ভাবনা মাজিষ্ট্রেট সাহেব তৎপ্রতিকারার্থ অধিক কিছু টাকা লিখিবেন। এবং তখন যে বৎসর চলিতেছে টৌন ফণ্ডের স্থিত অপেক্ষা সেই বৎসরের প্রকৃত খরচ কিছু অধিক হইবার সম্ভাবনা হইলে তিনি তজ্জন্যে অধিক কিছু টাকা লিখিবেন। পরন্তু টৌন ফণ্ডের কিছু উদ্বর্ত্ত হইবার সম্ভাবনা থাকিলে তৎসময়ের প্রচলিত বৎসরের শেষে আগামি বৎসরের অনুমানপত্র তদনুসারে ন্যূন করা যাইবে ইতি।

[Magistrate to lay translation of Budget before punchayet.]

XIV. The estimate of the aggregate amount required in any Town which shall have been

[বজেটের অনুবাদ পঞ্চায়তের সম্মুখে মাজিষ্ট্রেট সাহেবের অর্পণ করিবার কথা।]

১৪ ধারা। কোন নগরে সর্ব্বসুদ্ধ যত টাকার প্রয়োজন হইবে, জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্ব

prepared by the Magistrate of the District under the provisions of the preceding Section, shall be lodged in the offices of the Magistrate of the District and of the Magistrate in whose jurisdiction such Town may be situated. Such estimate shall be translated into the language usually spoken in such Town, and the estimate or a translation thereof shall be laid before the Punchayet of such Town, appointed as hereinafter provided. During fourteen days after such estimate shall have been so lodged in the said offices, of which due notice shall be publicly given, such estimate and a translation thereof shall be open to inspection at all reasonable times and seasons by any rate-payer of such Town who may desire to inspect the same.

ধারার বিধানমতে এই বিষয়ের যে অনুমানপত্র প্রস্তুত করেন তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেবের, এবং নগর যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে থাকে তাঁহার কার্য্যালয়ে অর্পিত হইবে। সেই নগরের চলিত ভাষায় ঐ অনুমানপত্র অনুবাদ করা যাইবে। এবং নিম্নলিখিত বিধানমতে যে পঞ্চায়ৎ নিযুক্ত হইবেন ঐ অনুমানপত্র কি তাহার অনুবাদ ঐ নগরের সেই পঞ্চায়তের সম্মুখে অর্পিত হইবে। সেই অনুমানপত্র ও অনুবাদ উক্ত কার্য্যালয়ে থাকিবার উপযুক্ত সম্বাদ প্রকাশ করা যাইবে। এবং ঐ নগরের টাক্স দাতা কোন ব্যক্তি দেখিতে চাহিলে চৌদ্দ দিন পর্য্যন্ত উপযুক্ত কোন সময়ে তাহা দেখিতে পারিবেন ইতি।

[Budget to be transmitted to Commissioner of Division.]

[দেশখণ্ডের কমিসানর সাহেবের নিকটে বজেট পাঠাইবার কথা।]

XV. As soon as is practicable after the expiration of the said fourteen days, the Magistrate of the District, after considering any objections which may have been made, and after having made any alteration in the estimates which may appear to him advisable, shall transmit to the Commissioner of the Division the said estimates, together with any remarks or objections made by the said Punchayet, and his own opinion thereon.

১৫ ধারা। কোন ব্যক্তি আপত্তি করিলে জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহা বিবেচনা করিবেন, এবং তাঁহার বিবেচনায় অনুমানপত্র যদ্রূপ পরিবর্ত্তন করা উচিত তাহা করিবেন, এবং উক্ত চৌদ্দ দিন গত হইলে পর, ঐ পঞ্চায়ৎ তদ্বিষয়ের যাহা কহিয়াছেন ও যে আপত্তি করিয়াছেন ও তদ্বিষয়ে নিজের যে মত হয়, এই সকল কথা লিখিয়া তিনি, তৎসহিত সাধ্যমতে ত্বরায় খণ্ডের কমিসানর সাহেবের নিকটে সেই অনুমানপত্র পাঠাইবেন ইতি।

[Commissioner of Division to decide on Budget.]

[বজেটের উপর খণ্ডের কমিসানর সাহেবের নিষ্পত্তির কথা।]

XVI. The said Commissioner of the Division shall consider the estimates as transmitted to him, and may approve or reject, or modify and approve as modified, or order to be modified and re-submitted for approval, such estimates or any part thereof, provided that the total amount of the estimate passed by him for cost of Police shall not exceed the maximum which may be levied under this Act for that purpose as prescribed by Sections VIII and XIX, and provided that the total amount of the entire estimate passed by him for all purposes shall not exceed the maximum prescribed in Sections XVIII and XIX of this Act.

১৬ ধারা। খণ্ডের উক্ত কমিসানর সাহেবের নিকট যে অনুমানপত্র অর্পণ করা যায়, তিনি তাহার বিবেচনা করিয়া সেই অনুমানপত্র কি তাহার কোন অংশ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর কিম্বা মতান্তরিতমতে গ্রাহ্য করিবেন কিম্বা মতান্তর করণ পূর্ব্বক অনুমোদিত হইবার জন্যে পুনরায় অর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু এই আইনক্রমে পোলীসের খরচের জন্যে যত টাকা আদায় হইতে পারে, তিনি তজ্জন্যে অনুমানপত্রের যে মোট সংখ্যা স্বীকার করেন তাহা ৮ ও ১৯ ধারার নির্দ্দিষ্ট সেই টাকার অধিক না হয়। এবং এই আইনের ১৮ ও ১৯ ধারামতে সকল কার্য্যের নিমিত্ত সর্ব্বসুদ্ধ যত টাকা নির্দ্ধার্য্য হয়, তিনি অনুমানপত্রের লিখিত সমুদয় খরচের জন্যে তাহার অধিক গ্রাহ্য না করেন ইতি।

[Amount of approved Budget to be the amount to be levied under this Act.]

[অনুমোদিত বজেটে যত টাকা নির্দ্ধারিত থাকে এই আইনমতে তত টাকা আদায় করিবার কথা।]

XVII. The amount passed in such estimates, when the same shall have been finally approved by the Commissioner of the Division, shall be held to be the total amount required to be levied for the purposes of this Act for the year for which such estimates shall have been presented.

১৭ ধারা। খণ্ডের কমিসানর সাহেব সেই অনুমানপত্র চূড়ান্তরূপে অনুমোদন করিলে. তাহাতে যত টাকার অনুমোদন হইয়াছে, অনুমানপত্র যে বৎসরের নিমিত্ত হয় সেই বৎসর এই আইনের উপলক্ষে সর্ব্বসুদ্ধ তত টাকা আদায় করা প্রয়োজন জ্ঞান হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৭ আপ্রিল।]

PART V.

Nature of tax to be levied, &c.

[Nature of tax to be levied.]

XVIII. The tax to be levied in any Town for the purposes of this Act, shall be an assessment according to the circumstances and the property to be protected, of the persons liable to the same, provided that the total sum to be raised by such tax shall not exceed the average rate of two Rupees and four annas per annum of each house; and the amount assessed in respect to any one house shall not be more than the pay of a Constable of the lowest grade employed within the Town.

[Rate on value in Cantonments.]

XIX. In any Cantonment to which this Act shall be extended, it shall be lawful to the Government to direct that the tax shall be levied by a rate on houses and grounds according to the annual value thereof, and not by an assessment as aforesaid. All the provisions of this Act with regard to the determination of the amount payable by each person, and the collection and disposal of the amount of the assessment, shall be held to apply to the rate as far as they are applicable. Provided that whenever the tax is levied by such rate upon property, the maximum amount chargeable in any one year to the Town Fund for the cost of any Police Force which may be sanctioned by Government for employment within the Town, including the contingent expenses of such Force, shall not exceed five Rupees per centum on the annual value of all houses, buildings, and lands within the local limits of the Town; and provided that the total of the rate for all purposes of the Act to be raised in any one year shall not exceed seven and a half per centum of the annual value thereof.

[Rate how to be ascertained.]

XX. For the purpose of making a rate as aforesaid the gross annual rent at which the houses, buildings, and lands liable to the rate might be reasonably expected to be let, shall be deemed to be the annual value of such houses, buildings, and lands, and such annual value shall be determined by the Punchayet as hereinafter described. Grounds used for purposes of trade shall be liable to the rate, but arable lands and lands used for pasturage shall not be liable.

PART VI.

Constitution and duties of Punchayet.

[Constitution of Punchayet. Magistrate may appoint a person not residing in the place to be a member of Punchayet.]

XXI. For the purposes hereinafter mentioned, the Magistrate shall constitute and appoint a

পঞ্চম খণ্ড।

যেং প্রকারের টাকুস আদায় করিতে হইবে তদ্বিষয়ের বিধি।

[যদ্রূপ টাকুসের আদায় হইবে তাহার কথা।]

১৮ ধারা। কোন নগরে এই আইনের উপলক্ষে যে টাকুস আদায় করিতে হইবে তাহার নিয়ম এই। যে ব্যক্তিরা টাকুস দিবার যোগ্য তাঁহাদের সঙ্গতি অনুসারে ও তাঁহাদের যে সম্পত্তি রক্ষা করিতে হইবে তদনুসারে টাকুস ধার্য্য হইবে। কিন্তু উক্ত প্রকার টাকুস দ্বারা সর্ব্বসুদ্ধ যত টাকা আদায় করা যাইবে গড়ে ঘর প্রতি বৎসর ২।০ টাকার অধিক হইবে না, এবং নগরের মধ্যে নিম্ন শ্রেণীর কন্‌ষ্টাবলের যে বেতন হয়, কোন একি ঘরের উপর তাহার অধিক টাকুস ধার্য্য হইবে না ইতি।

[সৈন্যনিবাসে মূল্যানুসারি টাকুসের কথা।]

১৯ ধারা। এই আইন কোন সৈন্যনিবাসে প্রচলিত হইলে, পূর্ব্বোক্তমতে টাকুস ধার্য্য না হইয়া হার নিরূপণ করিয়া বাটীর ও ভূমির বার্ষিক মূল্যানুসারে টাকুস ধার্য্য হয়, গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন। প্রত্যেক ব্যক্তির যত টাকা দিতে হইবে তদ্বিষয় এবং নির্দ্ধারিত টাকুস আদায় করিবার ও টাকুসের টাকা প্রয়োগ করিবার বিষয়ে এই আইনেতে যে সকল বিধান হইয়াছে, তাহা রেটের প্রতি যত দূর বর্ত্তিতে পারে বর্ত্তিবে। কিন্তু যদি উক্ত প্রকারের হারানুসারে সম্পত্তির উপর টাকুস নির্দ্ধার্য্য হইয়া থাকে তবে গবর্ণমেণ্ট নগরের মধ্যে যে পোলীস দল নিযুক্ত হইবার অনুমতি দেন, টৌন ফণ্ডহইতে কোন এক বৎসর সেই দলের নৈমিত্তক খরচসুদ্ধ সকল খরচের জন্যে নগরের সীমার সকল ঘর ও কোটা ও ভূমির অন্তর্গত বাৎসরিক ভাড়ার উপর শত করা পাঁচ টাকার অধিক লওয়া যাইবে না। এবং এই আইনের সমস্ত উদ্দেশ্য সাধন করিবার জন্যে কোন বৎসরে সেইং সম্পত্তির বার্ষিক মূল্যের উপর সর্ব্বসুদ্ধ শত করা সাড়ে সাত টাকার অধিক তুলিতে হইবে না ইতি।

[হার নিরূপণ করিবার নিয়মের কথা।]

২০ ধারা। পূর্ব্বোক্ত হার নিরূপণ করিবার বিধি এই। যেং ঘর ও বাটী ও ভূমি টাকুস দিবার যোগ্য হয় যুক্তিসিদ্ধমতে বৎসরং তাহার মোটে যত ভাড়ার সম্ভাবনা তাহাই সেইং ঘরের ও কোটার ও ভূমির বার্ষিক মূল্য জ্ঞান হইবে। সেই বার্ষিক মূল্য নিম্নলিখিতমতে পঞ্চায়ৎকর্ত্তৃক নিদ্ধারিত হইবে। ব্যবসায়ের নিমিত্ত যে ভূমির ব্যবহার হয় তাহার টাকুস লাগিবে কিন্তু চষা ও চরাণি ভূমির লাগিবে না ইতি।

ষষ্ঠ খণ্ড।

পঞ্চায়তের সংস্থিতি ও কর্ত্তব্য কর্ম্ম।

[পঞ্চায়তের সংস্থিতির কথা এবং গ্রামবাসিভিন্ন ব্যক্তিকে পঞ্চায়তের পদে মাজিষ্ট্রেট সাহেবের নিযুক্ত করিবার কথা।]

২১ ধারা। নিম্নলিখিত অভিপ্রায় সফল করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক নগরে পঞ্চায়ত

Punchayet for each Town, or, when he may see fit to divide any such Town into convenient divisions, for each division thereof. Every Punchayet shall consist of not less than three respectable persons residing or carrying on business in or near to such Town, or in or near to such division thereof, or owning property therein. Provided that, instead of any one such person, the Magistrate may appoint any person whom he may think fit to be a member of the Punchayet, notwithstanding that such person may not reside or carry on business in or near to such Town, or in or near to any such division; nor own property therein. Provided also that it shall be lawful for the Government, if it shall see fit, to prescribe rules for the appointment of members of the Funchayet, by the election of the tax-payers or of members of the Punchayet; or in any other manner than by the nomination of the Magistrate.

[Duties of Punchayet.]

XXII. The duties of every such Punchayet shall be—

(1).—To assist the Magistrate with their advice in determining what works shall be undertaken for the maintenance and improvement of roads and communications; in framing measures for the conservancy and general improvement of the Town, and generally in disposing of so much of the Town Fund as may be available, after making provision for the payment of the Police; and in preparing the estimates for the purposes of this Act other than the payment of the Police as hereinbefore provided;

(2).—To examine the aggregate estimate when prepared by the Magistrate under Section XIII of this Act, and to record their remarks or objections thereto for the consideration of the Commissioner of the Division;

(3.)—To make the assessment on the inhabitants of the Town as prescribed in Section XVIII of this Act, or the rate as prescribed in Section XIX, and to revise the same when required as provided in this Act.

(4).—To examine the accounts of the Town Fund when laid before them under Section XIV of this Act, and to record remarks thereupon for the consideration of the Commissioner of the Division.

[Appointment of Sudder Punchayet.]

XXIII. In any Town which may be divided into three or more divisions under Section XXI of this Act, the Magistrate may appoint a Sudder Punchayet, consisting of not less than five, nor more than seven, persons, who shall be members of the local Punchayets or residents in such Town, or persons exercising their respective professions or trades therein.

সংস্থাপন করিয়া নিযুক্ত করিবেন। যদি উক্ত কোন নগর ভিন্নং উপযুক্ত পল্লিতে বিভাগ করা উচিত বোধ করেন, তবে প্রত্যেক পল্লির পঞ্চায়ত নিযুক্ত করিবেন। সেই নগরে কি তন্নিকটে কিম্বা সেইং পল্লিতে কি তন্নিকটে যে ব্যক্তিরা বাস কি ব্যবসায় করেন কি সম্পত্তির স্বামী হন এমত ভদ্র অন্যূন তিন ব্যক্তিকে লইয়া পঞ্চায়ৎ হইবে। কিন্তু কোন ব্যক্তি ঐ নগরে কি তন্নিকটে কিম্বা তদ্রূপ কোন পল্লিতে কি তন্নিকটে বাস কি ব্যবসায় না করিলে ও সম্পত্তির স্বামী না হইলেও যদি মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে পঞ্চায়তের মধ্যে থাকা উপযুক্ত বোধ করেন, [illegible] ঐ তিন জনের এক জনের স্থানে তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন। আরো গবর্ণমেণ্ট যদি [illegible] বোধ করেন, তবে টাকসদায়িদের কিম্বা [illegible]য়তের অন্তর্গত ব্যক্তিদের মনোনীত [illegible], অথবা মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক নিয়োজিত হওনভিন্ন প্রকারান্তরে পঞ্চায়তের নিযুক্ত হইবার বিধি করিতে পারিবেন ইতি।

[পঞ্চায়তের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২২ ধারা। তদ্রূপ প্রত্যেক পঞ্চায়তের কর্ত্তব্য কর্ম্ম এইং।

১। পথের এবং স্থানেং গমনোপায়ের রক্ষা ও সৌষ্ঠবের জন্যে যেং কর্ম্মে প্রবর্ত্ত হইতে হইবে, ইহা নিরূপণ করণবিষয়ে এবং নগরের পারিপাট্য ও সাধারণ সৌষ্ঠবার্থে নিয়ম করণ বিষয়ে, ফলতঃ পোলীসের বেতন দেওয়া গেলে পর টৌন ফণ্ডের যে টাকা উদ্বর্ত্ত থাকে তাহার প্রয়োগ করণ বিষয়ে, এবং পূর্ব্ববিধানমতে পোলীসের বেতন দেওন ভিন্ন আইনের উদ্দিষ্ট অন্যং কার্য্যের ব্যয়ের অনুমানপত্র করণ বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবকে পরামর্শ দেওয়া।

১। মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ১৩ ধারামতে সমস্ত আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিলে, তাহার সমালোচন করিয়া খণ্ডের কমিসানর সাহেবের বিবেচনার নিমিত্তে আপনাদের মত কি আপত্তি লিখিয়া দেওয়া।

৩। এই আইনের ১৮ ধারামতে নগরনিবাসিদের উপর টাকস ধার্য্য করা কিম্বা ১৯ ধারামতে হার নিরূপণ করা এবং প্রয়োজন হইলে এই আইনের বিধানমতে তাহার সংশোধন করা।

৪। এই আইনের ১৪ ধারামতে টৌনফণ্ডের হিসাব তাঁহাদের সম্মুখে অর্পিত হইলে, তাহা সমালোচন করা এবং খণ্ডের কমিসানর সাহেবের বিবেচনার্থে তদ্বিষয়ে স্বীয় মন্তব্য লেখা ইতি।

[সদর পঞ্চায়তকে নিযুক্ত করিবার কথা।]

২৩ ধারা। কোন নগর এই আইনের ২১ ধারামতে তিন কি তদধিক পল্লিতে ভাগ করা গেলে মাজিষ্ট্রেট সাহেব সদর পঞ্চায়ৎ নিযুক্ত করিতে পারিবেন। যাঁহারা স্থানীয় পঞ্চায়ত কি উক্ত নগর নিবাসী হন, কিম্বা যাঁহারা সেই নগরে আপনং ব্যবসায় কি বাণিজ্য চালান তাঁহারদের পাঁচ জনের অন্যূন ও সাত জনের অনধিক লইয়া ঐ সদর পঞ্চায়ত হইবে ইতি।

[Duties of Local and Sudder Punchayets.]

XXIV. In any Town in which a Sudder Punchayet may be appointed, the duties of the local Punchayets shall be confined to making or revising the assessment or rate in their division of the Town as required by Section XXII of this Act. All other duties which are imposed upon a Punchayet under this Act, shall, in every such Town, be performed by the Sudder Punchayet.

[Residents only bound to act on a Punchayet.]

XXV. No person shall be bound to act as a member of a Punchayet, or of a Sudder Punchayet unless he shall reside or carry on business within the limits of the Town for which such Punchayet is to be appointed.

[Duration of Punchayet and limitation of service thereon.]

XXVI. Every Punchayet shall be appointed for the period of one year, and no person shall be compelled to serve on a Punchayet within three years after the expiry of any year in which he may have served on such Punchayet; but nothing in this Section shall prevent any person from being appointed to serve on a Punchayet at any time whatsoever with his own consent.

[Penalty for refusal to serve on Punchayet.]

XXVII. If any person appointed to be a member of a Punchayet or Sudder Punchayet refuse to undertake the office, or omit to perform the duties thereof, and do not, within fifteen days from the date of his appointment, show satisfactory grounds for his refusal or omission, or provide such a substitute as the Magistrate shall approve, the Magistrate may fine such person in a sum not exceeding fifty Rupees.

[Member of Punchayet removeable only on application of rate-payers.]

XXVIII. If a majorty of the persons who may be taxed in any Town or division of a Town for which a Punchayet shall be appointed, and whose rates or assessment shall have been fully paid up, shall make an application in writing to the Magistrate of the District for the removal of any member of the Punchayet appointed for such Town or division, the Government, if it think proper so to do, may remove such member from the Punchayet.

[Vacancies in Punchayet how to be supplied.]

XXIX. If any vacancy shall occur among the members of a Punchayet or if any member appointed shall refuse or decline or be unable to act, the Magistrate may nominate and appoint another person to supply the vacancy or to act in the stead of such member, subject to the

[স্থানীয় ও সদর পঞ্চায়তের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২৪ ধারা। কোন নগরে যদি সদর পঞ্চায়ৎ নিযুক্ত হইয়া থাকে, তবে স্থানীয় পঞ্চায়তের কর্ত্তব্যের মধ্যে কেবল এই যে, এই আইনের ২২ ধারার বিধানমতে আপনং পল্লির যে টাকুস কি রেট ধার্য্য হইয়াছে তাহার নিরূপণ কি সংশোধন করা। এই আইনমতে অন্য যে সকল কার্য্য পঞ্চায়তের প্রতি অর্পিত হয়, উক্ত প্রত্যেক নগরে সদর পঞ্চায়ত সেই কর্ম্ম করিবেন ইতি।

[নগরনিবাসিভিন্ন অন্য ব্যক্তির পঞ্চায়তের কর্ম্ম করিতে না আবদ্ধ হইবার কথা।]

২৫ ধারা। কোন নগরে পঞ্চায়ত নিযুক্ত করিতে হইলে, যে ব্যক্তি সেই নগরের সীমার মধ্যে বাস কি ব্যবসায় করেন তদ্ভিন্ন কোন ব্যক্তি পঞ্চায়তের কি সদর পঞ্চায়তের লোক হইতে আবদ্ধ নহেন ইতি।

[পঞ্চায়তের গত কাল থাকিতে ও কর্ম্ম করিতে হইবে তাহার কথা।]

২৬ ধারা। পঞ্চায়ত কেবল এক বৎসরের নিমিত্তে নিযুক্ত হইবে। এবং কোন ব্যক্তি যে বৎসর পঞ্চায়তের কর্ম্ম করিলেন তৎপশ্চাৎ তিন বৎসর গত না হইলে তিনি পুনশ্চ পঞ্চায়তের কর্ম্ম করিতে আবদ্ধ হইবেন না। যদি আপনি সম্মত হন তবে এই ধারাক্রমে তাঁহার কোন সময়ে পঞ্চায়তের কর্ম্ম করিবার বাধা হইবে না ইতি।

পঞ্চায়তের কর্ম্ম করিতে স্বীকার না করিবার দণ্ডের কথা।]

২৭ ধারা। কোন ব্যক্তি পঞ্চায়তের কি সদর পঞ্চায়তের পদে নিযুক্ত হইয়া যদি পদ গ্রহণ করিতে স্বীকার না করেন কিম্বা তৎসংক্রান্ত কর্ম্ম না করেন, এবং নিযুক্ত হইবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ স্বীকার না করিবার কিম্বা ঐ ত্রুটির উপযুক্ত হেতু না দর্শান্ কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যাঁহাকে গ্রাহ্য করেন আপনার স্থলে এমত কোন ব্যক্তিকে না দেন, তবে মাজিষ্ট্রেট সাহেব তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন ইতি।

[যাঁহারা টাকুস দেন কেবল তাঁহাদের প্রার্থনামতে পঞ্চায়তের পদচ্যুত হইতে পারিবার কথা।]

২৮ ধারা। কোন নগরের কিম্বা পল্লির পঞ্চায়ৎ নিযুক্ত হইলে ঐ পল্লির যে ব্যক্তিদের উপর টাকুস ধার্য্য হয়, ও যাহারদের রেটের কি টাকুসের সমুদয় টাকা শোধ হইয়াছে তাঁহারা যদি জিলার মাজিষ্ট্রেটসাহেবের নিকটে পত্র লিখিয়া উক্ত নগরের কি পল্লির নিমিত্ত নিযুক্ত পঞ্চায়েতের কোন ব্যক্তির অবসর হইবার প্রার্থনা করেন, তবে গবর্ণমেন্ট উচিত বোধ করিলে সেই ব্যক্তিকে পঞ্চায়তের পদ হইতে অবসর করিতে পারিবেন ইতি।

[পঞ্চায়তের কোন পদ শূন্য হইলে তাহাতে লোক নিযুক্ত করিবার কথা।]

২৯ ধারা। যদি পঞ্চায়তের কোন ব্যক্তির পদ শূন্য হয়, কিম্বা যে ব্যক্তি নিযুক্ত হইয়াছেন তিনি যদি কর্ম্ম করিতে স্বীকার না করেন কি সম্মত কি সক্ষম না হন, তবে পঞ্চায়তের ব্যক্তিদিগকে প্রথমে নিযুক্ত করিবার যে বিধি পূর্ব্বে ব্যক্ত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব সেই বিধিমতে ঐ শূন্য পদ পূর্ণ করিবার কিম্বা ঐ

rules hereinbefore laid down as to the original appointment of members.

ব্যক্তির পরিবর্ত্তে কর্ম্ম করিবার জন্যে অন্য ব্যক্তিকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[If Punchayet refuse or omit to act, Magistrate may assume their functions.]

XXX. If the persons appointed to form a Punchayet or a majority of them refuse or omit, for a period of fifteen days after the receipt of an order from the Magistrate, to perform any duty legally required of them, the Magistrate may himself perform that duty and exercise the functions of the Punchayet in that respect; and all acts done and orders passed by the Magistrate while exercising such functions, shall have the force of acts done and orders passed by the Punchayet, and approved by the Magistrate. Provided that the functions of the Punchayet shall not thereby absolutely cease and determine, but may be resumed at any time, but not so as to invalidate any act done by the Magistrate under this Section.

[পঞ্চায়ত কর্ম্ম করিতে স্বীকার না করিলে কি ত্রুটি করিলে তাঁহারদের কর্ম্ম মাজিষ্ট্রেট সাহেবের করিবার কথা।]

৩০ ধারা। আইনমতে পঞ্চায়তের যে কর্ম্ম কর্ত্তব্য হয়, পঞ্চায়তস্বরূপ নিযুক্ত ব্যক্তিরা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে এমত কর্ম্ম করিবার আজ্ঞা পাইলে যদি তাঁহারা কি তাঁহাদের অধিকাংশ ব্যক্তি পনের দিন পর্য্যন্ত সেই কর্ম্ম না করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব স্বয়ং সেই কর্ম্ম সম্পাদন করিতে ও তৎপক্ষে পঞ্চায়তের পদানুযায়ি কার্য্য করিতে পারিবেন। এবং সেই পদানুযায়ি কার্য্য করণে মাজিষ্ট্রেট সাহেব যে সকল কর্ম্ম করেন ও যে সকল আজ্ঞা দেন তাহা পঞ্চায়েতের কৃত ও মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত কার্য্যের ও আজ্ঞার তুল্য প্রবল থাকিবে। পঞ্চায়তের পদানুযায়ি কর্ম্ম তৎপ্রযুক্ত সম্পূর্ণরূপে রহিত হইবে না, তাহা কোন সময়ে পুনর্গ্রহণ করা যাইতে পারিবে কিন্তু মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে যে কর্ম্ম করেন তাহা অসিদ্ধ হইবে না ইতি।

Part VII.

Of the assessment of the Tax.

সপ্তম খণ্ড।

টাক্স ধার্য্য করণের বিধি।

[Magistrate to issue requisition to assess.]

XXXI. As soon as the estimates for any year shall have been approved as provided in Section XVI of this Act, it shall be lawful for the Magistrate of the District to require the Punchayet of the Town or the Punchayets of the several divisions of the Town, to prepare and to make and to lay before the Magistrates, within three months, an assessment under the provisions of this Act on all who are liable to it, such that the total amount assessed shall be equal to the amount of the Budget Estimate of expenditure in the Town for the year. Provided that if the Punchayet or any member thereof shall not have recorded any objection against the estimates as laid before them by the Magistrate of the District within the time provided in Section XIV of this Act, or if any objection which may have been so made shall have been withdrawn, it shall be lawful for the Magistrate of the District to make the requisition aforesaid immediately on the expiration of the said period, and without waiting for the approval of the estimates by the Commissioner of the Division.

[টাক্স ধার্য্য হইবার আজ্ঞা মাজিষ্ট্রেট সাহেবের করিবার কথা।]

৩১ ধারা। এই আইনের ১৬ ধারার বিধানমতে কোন বৎসরে ব্যয়ের অনুমানপত্র অনুমোদিত হইলে পর, যে সকল ব্যক্তি টাক্স দিবার যোগ্য হন তাঁহারদের উপর যত করিয়া টাক্স ধার্য্য করা উচিত নগরের পঞ্চায়তকে কিম্বা নগরের নানা পল্লির পঞ্চায়তদিগকে এই আইনের বিধানমতে তিন মাসের মধ্যে জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহার পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া মাজিষ্ট্রেটদের সম্মুখে অর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন। বজেট অনুসারে নগরের মধ্যে বৎসরে যত টাকা ব্যয় হইবার সম্ভাবনা মোটে তত টাকা আদায় হয় এই বিবেচনায় টাক্স ধার্য্য করিতে হইবে। পরন্তু যদি জিলার মাজিষ্ট্রেট সাহেব পঞ্চায়তের সম্মুখে অনুমানপত্র অর্পণ করেন এবং এই আইনের ১৪ ধারার নিরূপিত সময়ের মধ্যে পঞ্চায়ত কিম্বা তাঁহারদের কোন ব্যক্তি তদ্বিষয়ের কোন আপত্তি লিখিয়া জ্ঞাত না করেন, অথবা আপত্তি করিলে যদি পরে তাহার নিরাকরণ করা যায়, তবে সেই অনুমানপত্র বিষয়ে খণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমোদন প্রাপ্তির অপেক্ষায় না থাকিয়া উক্ত সময় অতীত হইলেই জিলার মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত আদেশ করিতে পারিবেন ইতি।

[In divided towns requisiton to specify the amount to be assessed in each Division.]

XXXII. If the Town shall have been divided into two or more divisions for which separate Punchayets shall have been appointed under Section XXI of this Act, the requisition of the

[নগরের বিভাগ হইলে প্রত্যেক পল্লিতে যত টাকা আদায় হইবে, আদেশপত্রে ইহা জ্ঞাত করিবার আজ্ঞার কথা।]

৩২ ধারা। যদি নগর দুই কি তদধিক পল্লিতে বিভাগ করা যায়, এবং তাহাতে এই আইনের ২১ ধারামতে ভিন্নং পঞ্চায়ত নিযুক্ত হইয়া থাকে, তবে প্রত্যেক পল্লিতে পঞ্চায়তের যত টাকা টাক্স ধার্য্য করিতে হইবে

Magistrate shall specify the aggregate amount which each Punchayet is required to assess on its division.

[Duties of Punchayet in assessing. Form of Magistrate's requisition.]

XXXIII. Immediately on the receipt of the Magistrate's requisition, the Punchayet, or a majority of them, shall prepare and make an assessment or rate upon the several persons liable to be assessed in respect of their occupation or property within the Town or any division thereof, for which the Punchayet shall be appointed, and shall enter the same in a list which shall specify the names of the several occupants of property liable to be assessed, the trade, business, or other description of such occupants, the property occupied, and the amount payable monthly by such occupant. If the tax be a rate on the annual value of the property occupied, under Section XIX, such annual value and the total amount of the annual rate shall also be specified. The requisition of the Magistrate to the Punchayet to make out such list shall be in the form marked (A.) or (B.) as the case may be, set forth in the Schedule to this Act annexed, or to the like effect.

[Punchayet may revise existing assessment or rate.]

XXXIV. The Punchayet shall, if required by the Magistrate so to do, instead of making a new assessment, revise and amend the assessment then in force; provided that the total amount of the assessment so revised shall not be less than the total amount of the expenditure passed in the estimate for carrying out the provisions of this Act during the year.

[Magistrate may amend and settle assessment or rate as revised by the Punchayet.]

XXXV. When an assessment shall have been made, or revised, as the case may be, the Punchayet shall forward to the Magistrate the list containing the same, and the Magistrate shall examine, and, if necessary, amend and settle it.

[Assessment or rate to be published.]

XXXVI. When the assessment in any Town shall have been so settled by the Magistrate, he shall sign the list, and shall cause one copy thereof, together with a notification prepared according to the form marked C. in the Schedule to this Act, or to the like effect, and written in the language of the province in which such Town is situate, to be put up in some conspicuous place in the town or division of the

মাজিষ্ট্রেট সাহেব আদেশপত্রে সেই মোট সংখ্যা নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[টাক্স ধার্য্য করণে পঞ্চায়তের যাহা কর্ত্তব্য তাহার কথা ও মাজিষ্ট্রেট সাহেবের আদেশপত্রের পাঠের কথা।]

৩৩ ধারা। যে নগরে কি তদন্তর্গত যে পল্লিতে পঞ্চায়ত নিযুক্ত আছেন তন্মধ্যে অধিকার কি সম্পত্তি থাকাপ্রযুক্ত যে ব্যক্তিরা টাক্স দিবার যোগ্য হন, তাহারদের যত টাকা কি যে হারানুসারে টাক্স ধার্য্য হইবে ঐ পঞ্চায়ত কি তাঁহারদের অধিকাংশ ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের আদেশপত্র পাইবামাত্র ইহা নিরূপণ করিয়া প্রস্তুত করিবেন। এবং সম্পত্তির যে অধিকারিরা টাক্স দিবার যোগ্য হন, ও সেই অধিকারিদের যে বাণিজ্য কি ব্যবসায় থাকে তাহা কি অন্য বর্ণনা ও তাঁহারদের অধিকারে যে সম্পত্তি থাকে ও মাসেং তাঁহারদের যত টাকা দিতে হয় এই সকল কথার নির্ঘন্ট প্রস্তুত করিয়া তাহাতে উক্ত নিরূপিত টাক্সও লিখিবেন। যে সম্পত্তির অধিকার হয় যদি ১৯ ধারাক্রমে তাহার বাৎসরিক মূল্যের হারানুসারে টাক্স নিরূপণ হইয়া থাকে, তবে সম্পত্তির সেই বাৎসরিক মূল্য এবং বৎসরের হারানুসারে যত টাক্স ধার্য্য হয় তাহার মোট সংখ্যাও তাহাতে নির্দ্দিষ্ট থাকিবে। মাজিষ্ট্রেট সাহেব ঐ নির্ঘন্ট প্রস্তুত করণবিষয়ে পঞ্চায়তের প্রতি যে আদেশপত্র লিখিবেন, তাহা এই আইনের তফসীলের A কিম্বা স্থলবিশেষে B চিহ্নিত পাঠানুসারে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[যে টাক্স কি রেট ধার্য্য হইয়াছে পঞ্চায়তের তাহা পুনর্দৃষ্টি করিবার কথা।]

৩৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞা করিলে, পঞ্চায়ত টাক্সের নূতন পত্র না করিয়া তৎকালে যে টাক্স বলবৎ আছে তাহাই পুনদৃষ্টি ও সংশোধন করিতে পারিবেন। কিন্তু এই আইনের বিধান সফল করিবার নিমিত্ত অনুমানপত্রে বৎসরের ব্যয়ার্থ সর্ব্বসুদ্ধ যত টাকা নিরূপিত হইল তদ্রূপ সংশোধিত টাক্সের মোট তাহার ন্যূন না হয় ইতি।

[পঞ্চায়ত যে টাক্স কি রেট পুনদৃষ্টি করিলেন মাজিষ্ট্রেট সাহেব কর্তৃক তাহার সংশোধন ও নির্দ্ধার্য্য হইবার কথা।]

৩৫ ধারা। টাক্সের পত্র প্রস্তুত হইলে কিম্বা বিষয়বিশেষে পুনদৃষ্ট করা গেলে পঞ্চায়ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তৎসম্বলিত নির্ঘন্ট প্রেরণ করিবেন। তিনি তাহা সমালোচনপূর্ব্বক প্রয়োজনমতে সংশোধন করিয়া অবধারণ করিবেন ইতি।

[টাক্স কি রেট প্রকাশ করিবার কথা।]

৩৬ ধারা। কোন নগরের টাক্স উক্ত প্রকারে মাজিষ্ট্রেট সাহেব কর্তৃক অবধারিত হইলে তিনি ঐ নির্ঘন্টপত্রে স্বাক্ষর করিয়া তাহার এক প্রতিলিপি ও নগর যে প্রদেশের মধ্যে থাকে, সেই প্রদেশের প্রচলিত ভাষায় এই আইনের তফসীলের C চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে জ্ঞাপনপত্র প্রস্তুত করিয়া, যে নগরের কি যে পল্লির টাক্স কি রেট ধার্য্য করা গেল তাহার কোন প্রকাশ স্থানে লটকাইবেন। সন্নিহিত পোলীসের থানাতেও সেই প্রকারের জ্ঞাপনপত্র লটকাইবেন ও ঐ

Town for which the assessment or rate has been made; and shall also cause a like notification to be put up at the nearest Police Station, and a third copy of the said list to be deposited in his own office.

[Assessment or rate to stand good for one year. Change of occupation before a new assessment or rate. Revised assessment or rate to be deemed a new one. Proviso.]

XXXVII. Unless and until revised or corrected as herein is provided, every assessment or rate, as settled under the previous Section, shall be valid for one whole year, and until a new assessment or rate shall be made; and in case the occupant of any property included in any assessment or rate shall be changed before a new assessment or rate be made, the new occupant shall be liable in respect of such property for any portion of the assessment or rate which shall have become payable during his occupation; and, after notification to such person, the Magistrate may cause his name to be substituted in the said list for the name of the former occupant. Every assessment or rate which shall be revised according to the provisions of Section XXXV shall be deemed a new assessment or rate. Provided always, that if no new assessment or rate be made before the expiration of the first three months of any year, the list of the previous year shall be re-published according to the provisions of Section XXXVI, and shall thereupon be deemed to be the assessment or rate for the current year, and shall be open to appeal under the next succeeding Section.

[Appeal from assessment or rate. Limitation of appeal.]

XXXVIII. Any person assessed, who shall be dissatisfied with his assessment, or who shall dispute his occupation of any property, or his liability to be assessed, may appeal on unstamped paper to the Magistrate, and the Magistrate, after making such enquiries as he may deem necessary, by examination of the appellant on oath or solemn affirmation, or otherwise, may confirm the assessment or amend the same. In case the Magistrate confirm the assessment, he may order that the appellant shall pay any costs which may have been incurred in the proceedings on his appeal. The decision of the Magistrate in such cases shall be final, and no objection shall be taken to any assessment, nor shall the liability of any person to be assessed or rated be questioned in any other manner or by any other Court. Provided that no appeal shall be received after the expiration of one month from the time of the notification of the assessment or rate prescribed by

নির্ঘন্টের তৃতীয় প্রতিলিপি আপনার কার্য্যালয়ে রাখিবেন ইতি।

[টাক্স কি রেট এক সৎসর প্রবল থাকিবার কথা। নূতন টাকুস কি রেট নিরূপণ করিবার পুর্ব্বে নিবাসি পরিবর্ত্তনের কথা ও টাকুসের কি রেটের পুনর্দৃষ্টপত্র নূতন জ্ঞান হইবার কথা ও উপবিধি।]

৩৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে টাকুস কি রেট অবধারিত হয় তাহা এই আইনের বিধানমতে পুনঃদৃষ্ট কি সংশোধিত না হইলে পুর্ণ এক বৎসর প্রবল থাকিবে ও যত কাল নূতন টাকুস কি রেট নিরূপিত না হয় তত কাল প্রবল থাকিবে। যে সম্পত্তির উপর টাক্স কি রেট ধার্য্য হয়, যদি নূতন টাকুস কি রেট নিরূপণ হইবার পূর্ব্বে সেই সম্পত্তির অধিকারির পরিবর্ত্তন হইয়া থাকে তবে নূতন অধিকারির অধিকার কালে ঐ টাকুসের কি রেটের যে অংশ পাওনা হয় ঐ সম্পত্তি সম্পর্কে নূতন অধিকারী তজ্জন্যে দায়ী হইবেন। মাজিষ্ট্রেট সাহেব তাঁহাকে সম্বাদ দিয়া উক্ত নির্ঘন্ট পত্রে পূর্ব্ব অধিকারির নামের পরিবর্ত্তে তাহার নাম লেখাইতে পারিবেন। ৩৫ ধারার বিধানমতে যে টাকুস কি রেট সংশোধিত হয় তাহা নূতন টাকুস কি রেট জ্ঞান হইবে। কিন্তু যদি কোন বৎসরের প্রথম তিন মাস গত হইবার পূর্ব্বে নূতন টাকুস কি রেট ধার্য্য না করা যায়, তবে ৩৬ ধারার বিধানমতে পুর্ব্ব বৎসরের নির্ঘন্ট পুনরায় প্রকাশ করা যাইবে। তাহা হইলে সেই নির্ঘন্ট চলিত বৎসরের টাকুস কি রেটের নির্ঘন্ট জ্ঞান হইবে ও তাহার উপর পশ্চাৎ লিখিত ধারামতে আপীল হইতে পারিবে ইতি।

[টাকুসের কি রেটের উপর আপীলের কথা ও আপীল করিবার মিয়াদের কথা।]

৩৮ ধারা। কোন ব্যক্তির উপর টাকুস ধার্য্য হইলে, যদি তিনি তাহাতে সন্তুষ্ট না হন কিম্বা কোন সম্পত্তির অধিকারিত্ব বিষয়ে কিম্বা তাহার টাকুস দিবার যোগ্যতা বিষয়ে বিবাদ করেন তবে তিনি ষ্টাম্প না করা কাগজে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেন, এবং মাজিষ্ট্রেট সাহেব শপথ কি ধর্ম্মত প্রতিজ্ঞাক্রমে আপেলাণ্টের পরীক্ষা করণদ্বারা কিম্বা অন্য যে প্রকারে আবশ্যক জ্ঞান করেন সেই প্রকারে অনুসন্ধান লইয়া তাঁহার পক্ষে অবধারিত টাকুস স্থির কি সংশোধন করিতে পারিবেন। যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ অবধারিত টাকুস স্থির করেন, তবে তাঁহার আপীলপ্রযুক্ত যে কার্য্য হইয়াছে তন্নিমিত্তে খরচ হইলে তিনি আপেলাণ্টকে সেই খরচ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। উক্ত স্থলে মাজিষ্ট্রেটের নিষ্পত্তি চূড়ান্ত হইবে এবং ঐ অবধারিত টাকুসের উপর অন্য কোন প্রকারে ও অন্য কোন আদালতকর্ত্তৃক আপত্তি হইবে না ও যাহার টাকুস কি রেট অবধারিত হইয়াছে তাঁহার সেই টাকুস দিবার যোগ্যতার আপত্তি হইবে না। পরন্তু ৩৬ ধারামতে অবধারিত টাকুসের কি রেটের

Section XXXVI, or of the notification of the substitution of the name of an occupier under Section XXXVII, unless the Magistrate, upon reasonable cause shewn, shall extend the time for receiving such appeal. Provided also that an appeal shall lie to the Magistrate or Joint Magistrate of the District against the order of a Magistrate in charge of a sub-division of such District passed under this Section, or under Section XXXVII of this Act, if by such order the assessment payable by the appellant is fixed at a higher sum than that to which he was assessed by the Punchayet, and not otherwise.

[Commissioner of Division may direct revision of assessment or rate.]

XXXIX. The Commissioner of the Division, with the sanction of the Government, may at any time direct the Magistrate to revise the assessment or rate of any Town, specifying the reasons which, in his opinion, render such revision necessary, and the Magistrate shall, according to such direction, revise, and, if necessary, amend the same.

[Magistrate may direct revision at any time of the year for reasons to be stated.]

XL. If, during any period for which an estimate shall have been passed, it shall appear that the amount provided by such estimate is insufficient to defray the necessary expenses for carrying out the provisions of this Act during the period, it shall be lawful for the Magistrate to cause supplementary estimates to be prepared, and the provisions of this Act with respect to the preparation, submission to the Punchayet, and approval of the original estimate shall be applicable to such supplementary estimates.

[Power to Magistrate of District to compel further assessment.]

XLI. The Magistrate of the District may at any time of the year proceed, as hereinbefore is provided with regard to the original estimate, to require the Punchayet to provide for the expenditure shewn in the supplementary budget, by revising and increasing the assessment for the current year, and giving in their revised list within such reasonable time as may be fixed by such Magistrate.

[Publication of assessment or rate as revised under the last two Sections.]

XLII. Whenever any assessment is revised during the year as provided in the last two Sections, a revised list, together with a notification as prescribed in Section XXXVI, shall be prepared and published in the manner therein directed; and all objections to such revised assessment

জ্ঞাপনপত্র অথবা ৩৭ ধারামতে অধিকারির নাম পরিবর্ত্তনের জ্ঞাপনপত্র প্রকাশ হইবার সময়াবধি এক মাস গত হইলে পর কোন আপীল গ্রাহ্য হইবে না কিন্তু উপযুক্ত হেতু থাকিলে মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ আপীল গ্রাহ্য করিবার সময় বৃদ্ধি করিতে পারিবেন। আরো পঞ্চায়েত আপেলান্টের যত টাকা টাকুস ধার্য্য করিয়া থাকেন, এই ধারামতে কিম্বা এই আইনের ৩৭ ধারামতে যদি জিলার শাখাখণ্ডের মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে তাহার অধিক টাকুস ধার্য্য হয় তবে জিলার মাজিষ্ট্রেট কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে নতুবা নয় ইতি।

[টাকুস কি রেট সংশোধন করিবার বিষয়ে খণ্ডের কমিস্যনর সাহেবের আজ্ঞার কথা।]

৩৯ ধারা। খণ্ডের কমিস্যনর সাহেব গবর্ণমেন্টের অনুমতি গ্রহণ করিয়া তাঁহার বিবেচনায় কোন নগরের টাকুস কি রেট যে হেতুতে সংশোধন করা আবশ্যক হয় সেই২ হেতু নির্দ্দিষ্ট করিয়া মাজিষ্ট্রেটকে ঐ টাকুস কি রেট সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব সেই আদেশানুসারে পুনঃদৃষ্টি করিয়া আবশ্যকমতে সংশোধন করিবেন ইতি।

[হেতু ব্যক্ত করণপূর্ব্বক বৎসরের কোন সময়ে মাজিষ্ট্রেটের সংশোধনের আদেশ করিতে পারিবার কথা।]

৪০ ধারা। অনুমতিপত্র যে কালের নিমিত্তে হইয়াছে, সেই কালের মধ্যে এই আইনের বিধানানুযায়ি কার্য্যসম্পাদনের যত খরচ আবশ্যক, ঐ অনুমানপত্রের অবধারিত টাকাতে সেই খরচ কুলাইবে না ইহা যদি সেই কালের মধ্যে দেখা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব অনুমানপত্রের ক্রোড়পত্র প্রস্তুত করাইতে পারিবেন এবং প্রথম অনুমানপত্র প্রস্তুত করণ ও পঞ্চায়েতের প্রতি অর্পণ করণ ও তাহার অনুমোদন বিষয়ে এই আইনের যে সকল বিধান আছে ঐ অনুমানপত্রের ক্রোড়পত্রপ্রতিও সেই সকল বিধান বর্ত্তিবে ইতি।

[বলপূর্ব্বক অধিক টাকুস বসাইতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৪১ ধারা। পূর্ব্বভাগে প্রথম অনুমানপত্রবিষয়ক যে বিধান করা গিয়াছে, জিলার মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে কার্য্য করত পঞ্চায়তকে চলিত বৎসরের নিমিত্ত অবধারিত টাকুস সংশোধন ও বৃদ্ধি করিয়া এবং ঐ মাজিষ্ট্রেট উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ সংশোধিত নির্ঘণ্টপত্র দিয়া বজেটের ক্রোড়পত্রে যে খরচ ব্যক্ত হইয়াছে তাহার বিধান করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ইহার পূর্ব্ব দুই ধারামতে সংশোধিত টাকুস কি রেট প্রকাশ করিবার কথা।]

৪২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন টাকুসপত্র বৎসরের মধ্যে সংশোধন করা গেলে, ঐ সংশোধিত নির্ঘণ্টপত্র ও ৩৬ ধারার নির্দ্দিষ্ট জ্ঞাপনপত্র ঐ ধারার আজ্ঞামতে প্রস্তুত হইয়া প্রচার করা যাইবে। এবং সেই সংশোধিত টাকুসের কি রেটের বিষয়ে যে সকল আপত্তি করা যায় তাহা ৩৮ ধারার

or rate shall be made and dealt with in the manner prescribed in Section XXXVIII.

Part VIII.

Appointment and duties of Tax Collector.

[Appointment of Tax Collectors and other Establishment.]

XLIII. Subject to the approval of the Commissioner of the Division, the Magistrate may appoint in every Town one or more Tax Collectors, and such other servants as may be necessary for preparing or assisting the Punchayet in preparing the assessment or rate, keeping the accounts and the records, and otherwise carrying out the purposes of the Act. The Magistrate shall take from every Tax Collector such security for the due disposal of the sums collected by him as may be thought necessary.

[Magistrate to make rules.]

XLIV. Except as otherwise specified in this Act, the Magistrate may, with the sanction of the Commissioner of the Division, make such rules as he may think fit as to the manner in which and as to the persons by whom all duties connected with the collection of the tax or the preparation of the assessment or rate shall be performed.

[To prepare assessment.]

XLV. Every Tax Collector shall prepare, from the lists hereinbefore mentioned, a Register which shall contain the names of all persons assessed or rated so far as they can be ascertained, the property in respect of which the assessment or rate in each case is imposed, and the amount payable monthly by each person in the Town or Division or portion of a Town in which the duties of such Tax Collector are to be performed; and every such list shall be attested by the Magistrate.

[Payment of tax by instalment.]

XLVI. Every Tax to be payable under this Act shall be payable by twelve equal monthly instalments, and every instalment of the tax on account of any month shall be due on the first day of that month. Provided that, with the sanction of the Commissioner of the Division previously obtained, the collection of the tax may be made quarterly and not monthly; and that in towns in which such sanction shall have been given by the Commissioner, the instalment of tax on account of any quarter shall not be due until the first day of the last month in the said quarter.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ আপ্রিল।]

নির্দ্দিষ্টমত করা যাইবে ও তৎসম্পর্কীয় কার্য্য সেই ধারানুসারে করা যাইবে ইতি।

অষ্টম খণ্ড।

টাক্স গ্রাহিকে নিযুক্ত করণের ও তাঁহার কর্ত্তব্য কর্ম্মের বিধি।

[টাক্সগ্রাহিদিগের ও অন্যান্য কর্ম্মকারকদিগের নিযুক্ত হইবার কথা।]

৪৩ ধারা। খণ্ডের কমিসানর সাহেবের অনুমোদনক্রমে মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক নগরে এক কি অধিক টাক্সগ্রাহিকে, এবং টাক্স কি রেটের পত্র প্রস্তুত করিবার কিম্বা তাহা প্রস্তুত করণার্থে পঞ্চায়তের সাহায্য করিবার এবং হিসাব ও কাগজপত্র রাখিবার জন্যে এবং বিষয়ান্তরে এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে অন্য যেং কর্ম্মকারক আবশ্যক হয় তাহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন। টাক্সগ্রাহী যাহা আদায় করেন তাহার উপযুক্তমতে প্রয়োগ হইবার প্রতিভূস্বরূপ মাজিষ্ট্রেট সাহেব যত টাকা আবশ্যক বোধ করেন তাঁহার স্থানে তত টাকা প্রতিভূ লইতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের বিধি করিবার কথা।]

৪৪ ধারা। টাক্স আদায় করণ ও টাক্স কিম্বা রেটের পত্র প্রস্তুত করণসংক্রান্ত সকল কার্য্য কিরূপে কাহার দ্বারা করা যাইবে, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব খণ্ডের কমিসানর সাহেবের সম্মতিক্রমে সেই বিষয়ের যে বিধি বিহিত বোধ করেন তাহাই করিবেন ইতি।

[টাক্সপত্র প্রস্তুত করিবার কথা।]

৪৫ ধারা। প্রত্যেক টাক্সগ্রাহী পূর্ব্বলিখিত নির্ঘণ্ট দেখিয়া এক রেজিস্টর প্রস্তুত করিবেন। যে সকল ব্যক্তির টাক্স কি রেট ধার্য্য হইয়াছে তাঁহারদের নাম যেপর্য্যন্ত জানা যাইতে পারে সেই পর্য্যন্ত ঐ২ নাম, ও প্রত্যেক স্থলে যে সম্পত্তির উপলক্ষে টাক্স কি রেট ধার্য্য হইয়াছে এবং যে নগরে কি পল্লিতে কি নগরের যে বিভাগে টাক্সগ্রাহির কর্ম্ম করিতে হইবে সেই নগরাদির প্রত্যেক জনের মাসে২ যত টাকা দিতে হইবে এই সকল কথা ঐ রেজিস্টরে লেখা যাইবে। ও তদ্রূপ প্রত্যেক নির্ঘণ্টপত্রে মাজিষ্ট্রেট সাহেব স্বাক্ষর করিবেন ইতি।

[কিস্তি করিয়া টাক্স দিবার কথা।]

৪৬ ধারা। এই আইনঅনুসারে যেং টাক্স দিতে হয় তাহা বারো কিস্তি করিয়া মাসে২ দিতে হইবে। কোন মাসে টাক্সের যে কিস্তি হয় তাহা ঐ মাসের ১ তারিখে পাওনা হইবে। কিন্তু কমিসানর সাহেবের অনুমতি পাওয়া গেলে পর ঐ টাক্সের টাকা মাসে২ আদায় না হইয়া তিন মাসান্তর আদায় হইতে পারিবে। ও কমিসানর সাহেব যে নগর সম্পর্কে সেই অনুমতি দেন সেই নগরে তিন মাসের টাক্সের যে কিস্তি তাহা ঐ তিন মাসের তৃতীয় মাসের প্রথম দিনে পাওনা হইবে ইতি।

[Tax bills to be presented.]

XLVII. When any sum is due on account of any rate or tax leviable under this Act, the Magistrate shall cause to be presented to the person liable to the payment thereof, a bill for the amount, which shall also contain a statement of the period and a description of the house or other property for which the charge is made.

[Receipts to be given.]

XLVIII. For all sums collected on account of any tax under this Act, a receipt shall be given signed by the Tax Collector or by some other officer who may have been specially authorized by the Magistrate to grant such receipts.

[Tax Collector to remit collections to Magistrate.]

XLIX. The Tax Collector or other officer appointed on that behalf shall remit to the Magistrate, in such manner and at such time as the Magistrate shall direct, all sums of money collected on account of such rate or assessment either by himself or by any one of his establishment, and the Magistrate, or some officer of his establishment authorized on that behalf, shall give the Tax Collector a receipt for every sum of money so remitted. The Magistrate shall also cause all such sums of money to be credited to the Town Fund of the Town.

[Recovery of Taxes.]

L. If any bill which may have been presented in pursuance of this Act be not paid by the person liable to pay the same within ten days from the presentation thereof, the Magistrate may cause to be served upon such person a notice of demand in the form annexed to this Act, or to the like effect, and if such person shall not, within seven days from the service of notice of such demand pay the sum due or show to the Magistrate sufficient cause for non-payment of the same, such sum, with all costs including those of serving the notice of demand, may be levied by distress and sale of any goods and chattels belonging to the defaulter or found on the premises in respect of which the tax is due.

[Sale how to be conducted. Proceeds how to be applied. Costs.]

LI. The Officer charged with the execution of the warrant of distress shall make an inventory of all goods and chattels seized under the Magistrate's warrant, and shall give previous notice of the sale, and the time and place thereof, by beat of drum, in the Town or division thereof in which the property is situated. If the arrear be not paid with costs, or the warrant be not in the meantime discharged or suspended by the Magistrate, the goods and chattels seized shall

[টাকুসের বিল দেখাইতে হইবার কথা।]

৪৭ ধারা। এই আইনমতে যে রেট কি টাকুস আদায় করা যায় তাহার টাকা পাওনা হইলে যে ব্যক্তি দায়ী হন মাজিষ্ট্রেট সাহেব তাঁহার নিকট ঐ টাকার বিল পাঠাইবেন। যত কালের নিমিত্তে ও যে ঘরের কি অন্য সম্পত্তির নিমিত্তে টাকার দাওয়া হয় ঐ বিলেতে সেই কাল ও সেই গৃহাদির বর্ণনা থাকিবে ইতি।

[রসীদ দিবার কথা।]

৪৮ ধারা। এই আইনমত কোন টাকসের জন্যে যে সকল টাকা আদায় করা যায়, টাকুস গ্রাহী, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে অন্য যে কোন ব্যক্তি রসীদ দিবার বিশেষ ক্ষমতা পাইয়া থাকেন তিনি ঐ টাকা পাইবার রসীদে স্বাক্ষর করিবেন ইতি।

[টাকুসগ্রাহির আদায়করা টাকা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবার কথা।]

৪৯ ধারা। টাকুসগ্রাহী আপনি কিম্বা আপন অধীন কোন কর্ম্মকারকের দ্বারা রেটের কি টাকুসের যে সকল টাকা আদায় করেন, মাজিষ্ট্রেট সাহেব যে প্রকারে যে সময়ের আজ্ঞা করেন, ঐ টাকুসগ্রাহী কিম্বা তৎপক্ষে নিযুক্ত অন্য কার্য্যকারক সেই প্রকারে সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই সকল টাকা পাঠাইবেন। ঐ তদ্রূপে যে সকল টাকা পাঠান যায়, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার কোন কর্ম্মকারক সেই টাকার রসীদ দিবেন। মাজিষ্ট্রেট সাহেব নগরের টৌন ফণ্ডের হিসাবে সেই সকল টাকা জমা করিবেন ইতি।

[টাকুস আদায় করিবার কথা।]

৫০ ধারা। এই আইনঅনুসারে কোন বিল দেখান গেলে যে ব্যক্তি ঐ টাকার দায়ী হন তিনি যদি ঐ বিল দেখান যাইবার পর দশ দিনের মধ্যে টাকা না দেন, তবে মাজিষ্ট্রেট সাহেব এই আইনের সংযুক্ত পাঠানুসারে কি তাহার মর্ম্মমতে সেই ব্যক্তিকে দাবীপত্র দেওয়াইবেন। তাঁহাকে ঐ দাবীপত্র দেওয়া গেলে পর যদি তিনি সাত দিনের মধ্যে ঐ টাকা না দেন, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবকে ঐ টাকা না দিবার উপযুক্ত কারণ না দর্শান, তবে বাকীদারের যে কোন বিষয় কি দ্রব্য পাওয়া যায় কিম্বা যে বাটীর উপলক্ষে টাকুস পাওনা হয় তাহাতে যে বিষয় কি দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করণদ্বারা দাবীপত্র দেওন সম্পর্কে যে সকল খরচ হইয়া থাকে তাহা সুদ্ধ উক্ত টাকা আদায় করা যাইবে ইতি।

[নীলাম হইবার নিয়ম ও তদুৎপন্ন টাকা প্রয়োগ করিবার নিয়ম ও খরচার কথা।]

৫১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানাক্রমে যে সকল বিষয় ও দ্রব্য ক্রোক করা যায় ক্রোকের পরওয়ানা জারী করিবার কর্ম্ম যে কার্য্যকারকের প্রতি অর্পণ করা গেল তিনি সেই সকল বিষয়ের নির্ঘণ্টপত্র করিবেন এবং সম্পত্তি যে নগরে কি পল্লির মধ্যে থাকে সেই নগরে কি পল্লিতে ঢেঁড়রা দিয়া নীলাম হইবার সম্বাদ ও স্থান ও সময় জানাইবেন। বাকী টাকা যদি খরচাসমেত না দেওয়া যায় কিম্বা যদি মাজিষ্ট্রেট সাহেব নীলামের পূর্ব্বে সেই পরওয়ানা ব্যর্থ কি স্থগিত না করেন, তবে ক্রোক করা সেই সকল

be sold, at the time and place specified, in the most public manner possible; and the proceeds shall be applied in discharge of the arrears and the costs, and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the goods and chattels at the time of the seizure. The Tax Collector or other officer appointed on that behalf by the Magistrate shall make a return of all such sales to the Magistrate in the form specified in Schedule D, and the costs upon every such proceeding shall be such as are mentioned and set forth in Schedule E. annexed to this Act.

[Sale of property beyond limits of town, &c.]

LII. If no sufficient goods or chattels belonging to a defaulter, or being upon the premises in respect of which the tax is due, can be found within the Town in which the premises are situate, the Magistrate may issue his warrant to an officer of his Court for the distress and sale of any personal property or effects belonging to the defaulter within any other part of the jurisdiction of the Magistrate, or for the distress and sale of any moveable property belonging to the defaulter within the jurisdiction of any other Magistrate whatsoever: and such other Magistrate shall back the warrant so issued, cause it to be executed, and the amount, if levied, to be remitted to the Magistrate issuing the warrant.

[All goods found on premises liable to sale. But owner of goods to be indemnified by the defaulter.]

LIII. All goods and chattels except tools or instruments of trade, which may be found upon any premises in respect of which an arrear is due, shall be liable to be distrained for the recovery of such arrear. If the goods and chattels belong to any person other than the defaulter, the defaulter shall indemnify the owner of such goods and chattels from any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same. Provided that no arrear of tax which has remained due for more than six calendar months shall be recovered by distress and sale of the goods and chattels of any person other than the defaulter or his representatives.

[No person employed in collection of tax to buy distrained goods.]

LIV. Every Tax Collector and other servant appointed for or employed in the performance of any duties connected with the assessment or

বিষয় ও দ্রব্য নিরূপিত সময়ে ও স্থানে সাধ্যমতে প্রকাশরূপে বিক্রয় করা যাইবে। তদুৎপন্ন টাকা-হইতে বাকী ও খরচা শোধ হইবে। ও কিছু উদ্বর্ত্ত থাকিলে ক্রোক করিবার সময়ে ঐ বিষয় ও দ্রব্য যাঁহার অধিকারে ছিল তিনি দাওয়া করিলে তাঁহাকে দেওয়া যাইবে। উক্ত প্রকারে যে সকল নীলাম করা যায় টাকুস-গ্রাহী কিম্বা তৎপক্ষে মাজিষ্ট্রেট সাহেবের নিযুক্ত অন্য কার্য্যকারক D চিহ্নিত তফসীলের পাঠে মাজিষ্ট্রেট সাহেবকে নীলামের রিটর্ণ দিবেন এবং তদ্রূপ প্রত্যেক কার্য্যেতে যে খরচা লাগে তাহা এই আইনের E চিহ্নিত তফসীলের লিখিত ও প্রকাশিত প্রকারের হইবে ইতি।

[নগরপ্রভৃতির সীমার বাহিরে সম্পত্তি বিক্রয়ের কথা।]

৫২ ধারা। যে বাটীর উপলক্ষে টাকুস পাওনা থাকে তাহা যে নগরের মধ্যবর্ত্তি হয় যদি সেই নগরের মধ্যে বাকীদারের উপযুক্ত বিষয় কি দ্রব্য না পাওয়া যায় ও সেই বাটীতে না থাকে তবে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের অন্তর্গত অন্য কোন স্থানে বাকীদারের যে অস্থাবর সম্পত্তি কি দ্রব্য থাকে তাহা অথবা অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের মধ্যে বাকীদারের যে স্থাবর সম্পত্তি থাকে তাহা ক্রোক ও বিক্রয় করণার্থে মাজিষ্ট্রেট সাহেব আপন আদালতের কোন কর্ম্মকারককে আপনার আজ্ঞাপত্র দিতে পারিবেন। যদি সম্পত্তি অন্য মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে থাকে তবে তিনি সেই আজ্ঞাপত্রের পৃষ্ঠে স্বাক্ষর করিয়া তাহা প্রবল করাইবেন ও টাকা আদায় হইলে যে মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্র দিলেন তাঁহার নিকট পাঠাইবেন ইতি।

[বাটীর মধ্যে যে দ্রব্য পাওয়া যায় তাহা বিক্রয় হইবার যোগ্যতার কথা কিন্তু বাকীদারহইতে দ্রব্যের স্বামির ক্ষতি পূরণ পাইবার কথা।]

৫৩ ধারা। যে বাটীর উপলক্ষে বাকী পাওনা থাকে তাহার মধ্যে ব্যবসায়ের হেতিয়ার কি অস্ত্রশস্ত্র ভিন্ন যে সকল বিষয় ও দ্রব্য পাওয়া যায় তাহা ঐ বাকী আদায়ের নিমিত্তে ক্রোক করা যাইতে পারিবে। যদি সেই বিষয় ও দ্রব্য বাকীদারভিন্ন অন্য ব্যক্তির হয় তবে ঐ দ্রব্য ক্রোক হওনদ্বারা কিম্বা ঐ বিষয়ের ও দ্রব্যের স্বামী ঐ ক্রোক ও নীলাম না হইবার নিমিত্তে যে টাকা দিয়া থাকেন তদ্দ্বারা তাঁহার যে কোন ক্ষতি হয় তিনি বাকীদারের স্থানে সেই ক্ষতি পূরণ পাইতে পারিবেন, কিন্তু যদি টাকুসের টাকা ইংলণ্ডীয় পঞ্জিকামত ছয় মাসের অধিক কাল বাকী থাকে, তবে বাকীদারের কিম্বা তাঁহার স্থলাভিষিক্তের দ্রব্য ভিন্ন অন্য ব্যক্তির বিষয় ও দ্রব্য ক্রোক ও বিক্রয় করণদ্বারা আদায় হইতে পারিবে না ইতি।

[যে ব্যক্তি টাকুস আদায় করণকার্য্যে নিযুক্ত থাকেন তাঁহার ক্রোক করা দ্রব্য ক্রয় না করিবার কথা।]

৫৪ ধারা। প্রত্যেক টাকুসগ্রাহির প্রতি এবং অন্য যে কর্ম্মকারক এই আইনঅনুযায়ি টাকুস ধার্য্য কি আদায় করণ সংক্রান্ত কোন কার্য্যে নিযুক্ত থাকেন

collection of the tax under this Act is prohibited from bidding for or purchasing any property at such sales as aforesaid.

[Magistrate to keep account of distresses and sales.]

LV. The Magistrate shall cause a regular account to be kept of all distresses levied and sales made for the realization of arrears under this Act.

[Removal of property to be fraudulent.]

LVI. Whoever conceals, removes, or disposes of any property for the purpose of avoiding a distress under the provisions of this Act, shall be considered to have concealed, removed, or disposed of such property fraudulently.

তাঁহার প্রতি পূর্ব্বোক্ত নীলামে কোন দ্রব্যের মূল্য ডাকিতে কিম্বা দ্রব্য ক্রয় করিতে নিষেধ আছে ইতি।

[ক্রোক ও নীলামের হিসাব মাজিষ্ট্রেট সাহেবের রাখিবার কথা।]

৫৫ ধারা। এই আইনঅনুযায়ি বাকী টাকা আদায় করিবার জন্যে যে সকল দ্রব্য ক্রোক ও নীলাম হয় মাজিষ্ট্রেট সাহেব সর্ব্বদাই তাহার নিয়মিত হিসাব রাখিবেন ইতি।

[সম্পত্তি স্থানান্তর করণ শঠতা হইবার কথা।]

৫৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের বিধানঅনুসারে দ্রব্যের ক্রোক না হইবার জন্যে সেই দ্রব্য গুপ্ত রাখে কি স্থানান্তর করে তবে সেই ব্যক্তি শঠতাক্রমে ঐ দ্রব্য গুপ্ত রাখিয়াছে কি স্থানান্তর করিয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

PART IX.

Disposal of Fines.

[Fines how to be disposed of.]

LVII. All fines levied under this Act shall be credited to the Town Fund and held available for the purposes of this Act.

৯ নবম খণ্ড।

অর্থ দণ্ডের টাকা প্রয়োগ করিবার বিধি।

[অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

৫৭ ধারা। এই আইনমতে যে সকল দণ্ডের টাকা আদায় হয় তাহা টৌন ফণ্ডের হিসাবে জমা হইবে এবং এই আইনের উদ্দেশ্য সাধন করিবার জন্যে প্রয়োগ হইতে পারিবে।

PART X.

Conservancy powers of Magistrate.

[Conservancy Powers.]

LVIII. It shall be lawful for the Government, if it shall think proper so to do, to extend, by a notification to be published in the *Government Gazette*, all or any of the provisions for the regulation of conservancy which are contained in Sections LV to LXXIX of Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council, or which may be contained in any Act for the time being in force in Municipalities; and the powers vested by the said provisions in the Municipal Commissioners shall, in case of such extension, be exercised by the Magistrate.

দশম খণ্ড।

নগর পারিপাট্যসম্পর্কে মাজিষ্ট্রেটের ক্ষমতার বিধি।

[পরিপাটী করণার্থ ক্ষমতার কথা।]

৫৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের যে ৩ আইন প্রবল করিয়াছেন তাহার ৫৫ অবধি ৭৯ পর্য্যন্ত সমস্ত ধারাতে, কিম্বা মুনিসিপালিটীর মধ্যে যে আইন যে সময়ে প্রবল হয় তাহাতে, নগর পরিপাটী করণার্থ যে সকল কি যে কোন বিধান থাকে গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণ পূর্ব্বক ঐ সকল কি তন্মধ্য কোন২ বিধান বিস্তৃত করিতে পারিবেন। তাহা হইলে উক্ত বিধানক্রমে মুনিসিপল কমিস্যনরদের প্রতি যে ক্ষমতা বর্ত্তে মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক সেই ক্ষমতানুসারে কার্য্য হইতে পারিবে ইতি।

PART XI.

General Provisions for carrying out the purposes of the Act.

[Recovery of fines.]

LIX. All fines imposed by this Act may be recovered in the manner prescribed by Section LXI of the Code of Criminal Procedure.

[Service of notices.]

LX. Every notice, bill, or summons under any of the preceding Sections of this Act, or under any byelaw, may be served personally upon the person to whom the same is addressed, or may be served by leaving the same at his usual or last known place of abode with some adult male member or servant of his family, or if it cannot be so served

একাদশ খণ্ড।

আইনের উদ্দেশ্য সাধন করিবার সাধারণ বিধান।

[অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৫৯ ধারা। এই আইনমতে যে সকল অর্থদণ্ড আদায় হয় তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে ইতি।

[জ্ঞাপনপত্র দিবার কথা।]

৬০ ধারা। এই আইনের পূর্ব্বভাগের কোন ধারাক্রমে কিম্বা কোন উপবিধানক্রমে যে জ্ঞাপনপত্র কি বিল কি আহ্বানপত্র দেওয়া যায় তাহাতে যে ব্যক্তির নাম লেখা থাকে নিজ তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে, অথবা তাঁহার নিয়ত বাসস্থানে কিম্বা শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের কি কোন চাকরের

may be put up on some conspicuous part of such place of abode. If such notice, bill, or summons relates to any house, building, or land, and the place of abode of the person whom it is intended to affect by such notice, bill, or summons is unknown or is not within the Town in which such house, building, or land is situate, the same shall be deemed to be duly served if put up on some conspicuous part of the house, building, or land to which the same relates.

[Magistrate may bring suit instead of distraining or on failure of distress.]

LXI. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of any rates, taxes, expenses, and charges recoverable under the provisions of this Act, the Magistrate may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction.

[Power to make compensation out of Town Fund.]

LXII. The Magistrate may make compensation out of the Town Fund, to any person sustaining any damage by reason of the exercise of any of the powers vested in the Magistrate, his officers, or servants under this Act.

[No action to be brought against the Magistrate or his officers until after one month's notice of cause of action.]

LXIII. No action shall be brought against the Magistrate or any of his officers, or any person acting under his direction, for anything done or professing or purporting to be done under this Act, until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the Office of the Magistrate, or at the place of abode of such person, explicitly stating the cause of action and the name and place of abode of the intended plaintiff; and unless such notice be proved, the Court shall find for the defendant: and every such action shall be commenced within three months next after the accrual of the cause of action and not afterwards; and if any person to whom any such notice of action is given, shall before action brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover.

[No charge to be instituted under this Act, without consent of Magistrate.]

LXIV. The Magistrate may direct any prosecution for any public nuisance whatever, and may order proceedings to be taken for the

হাতে দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপে দেওয়া যাইতে না পারে তবে বাসস্থানের কোন প্রকাশ ভাগে তাহা লটকান যাইতে পারিবে। যদি জ্ঞাপনপত্র কি বিল কি আহ্বানপত্র কোন ঘর কি কোটা কি ভূমি-সংক্রান্ত হয় এবং সেই জ্ঞাপনপত্রাদিদ্বারা যাঁহাকে স্পর্শ করিবার অভিপ্রায় থাকে যদি তাঁহার বাসস্থানের পরিচয় না পাওয়া যায় কিম্বা ঐ ঘর কি কোটা কি ভূমি যে নগরের মধ্যে আছে যদি তন্মধ্যে তাঁহার বাসস্থান না থাকে, তবে ঐ জ্ঞাপনপত্রাদি যে ঘর কি কোটা কি ভূমিসংক্রান্ত হয় তাহার কোন প্রকাশস্থানে লাগাইলে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[ক্রোক না করিয়া কিম্বা ক্রোকদ্বারা টাকা পাইতে না পারিলে মাজিষ্ট্রেটের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

৬১ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ক্রোক ও বিক্রয় না করিয়া, অথবা ক্রোক করিলেও এই আইনের বিধান-মতে যে রেট ও টাক্স ও খরচ খরচা আদেয় হয় তৎ-সমুদয় কি তাহার কোন অংশ আদায় করিতে না পারিলে ঐ টাক্স প্রভৃতির দায়ী ব্যক্তির নামে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিতে পারি-বেন ইতি।

[টৌন ফণ্ডহইতে ক্ষতি পূরণ করিবার ক্ষমতার কথা।]

৬২ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তাঁহার কর্ম্ম-কারকেরদের কি চাকরদের প্রতি এই আইন অনুসারে যেং ক্ষমতা প্রদত্ত হইয়াছে যদি তন্মধ্য কোন ক্ষমতানুসারে কার্য্য করণদ্বারা কোন ব্যক্তির ক্ষতি হইয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব টৌন ফণ্ডহইতে সেই ক্ষতির পূরণ করিতে পারিবেন ইতি।

[নালিশের হেতুর সংবাদ এক মাস থাকিতে না দেওয়া গেলে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তাঁহার কর্ম্ম-কারকদের নামে নালিশ হইতে না পারিবার কথা।]

৬৩ ধারা। এই আইনক্রমে যে কোন কার্য্য করা যায় তজ্জন্যে যদি মাজিষ্ট্রেটদের কি তাঁহাদের কোন কার্য্যকারকদের কি তাঁহাদের আজ্ঞাধীন কর্ম্মকারক কোন ব্যক্তির নামে কোন দাবির নালিশ করিবার মানস থাকে, তবে জ্ঞাপনপত্রে সেইং নালিশের হেতু ও বাদির নাম ও বাসস্থান স্পষ্টরূপে লেখাইয়া সেইং পত্র উক্ত মাজিষ্ট্রেটের কার্য্যালয়ে কি উক্ত ব্যক্তির বাস স্থানে দিতে কি রাখিতে হইবে। তাহার পর এক মাস গত না হইলে তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে না। ও যদি সেই জ্ঞাপনপত্র দিবার প্রমাণ না হয়, তবে আদালতপ্রতিবাদির পক্ষে নিষ্পত্তি করিবেন, তদ্রূপ নালিশের হেতু হইবার সময়াবধি তিন মাসের মধ্যে মোকদ্দমা আরম্ভ করিতে হইবে, তাহার পরে নয়। নালিশ করিবার তদ্রূপ জ্ঞাপন-পত্র যে কোন ব্যক্তিকে দেওয়া যায় তিনি যদি নালিশ উপস্থিত হইবার পূর্ব্বে বাদির উপযুক্ত ক্ষতিপূরণ করিতে স্বীকার করেন তবে বাদী সেই মোকদ্দমায় কিছুই পাইতে পারিবেন না ইতি।

[মাজিষ্ট্রেটের অনুমতিভিন্ন এই আইনমত অভি-যোগ না হইবার কথা।]

৬৪ ধারা। মাজিষ্ট্রেটেরা সাধারণের অনিষ্টকর কোন কর্ম্মের নিমিত্তে মোকদ্দমা চালাইতে পারিবেন ও এই আইনের বিধানের বিরুদ্ধে যে অপরাধ হয়

recovery of any penalties and for the punishment of any persons offending against the provisions of this Act, and may order the expenses of such prosecution or other proceedings to be paid out of the Town Fund, and no charge of an offence under this Act, shall be instituted without the order or consent of the Magistrate, and no such charge shall be instituted except within three months next after the commission of such offence.

তন্ধেতুক অর্থদণ্ড আদায়ের ও অপরাধির দণ্ড করিবার মোকদ্দমা হইবার ও টৌনফণ্ডহইতে ঐ মোকদ্দমা প্রভৃতির খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। মাজিষ্ট্রেটদের অনুমতি কি আজ্ঞা না হইলে এই আইনমতের কোন অপরাধের মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ও উক্ত অপরাধ হইবার পর তিন মাসের মধ্যে না হইলে উক্ত মোকদ্দমা উপস্থিত করিতে হইবে না ইতি।

[Proceedings of Magistrate and Commissioner of Division respectively subject to control of Lieutenant-Governor.]

[মাজিষ্ট্রেটের ও খণ্ডের কমিসানর সাহেবের কার্য্য লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের তত্ত্বাধীন থাকিবার কথা।]

LXV. All the proceedings of the Magistrate of the District or of a Magistrate under this Act, except as otherwise specially provided, shall be subject to the control of the Commissioner of the Division; and all the proceedings of the Commissioner of the Division shall be subject to the control of the Lieutenant-Governor.

৬৫ ধারা। প্রকারান্তরের বিশেষ বিধান না থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা এই আইনঅনুযায়ি মাজিষ্ট্রেটের সমস্ত কার্য্য খণ্ডের কমিসানর সাহেবের তত্ত্বাধীন থাকিবে এবং খণ্ডের কমিসানর সাহেবের সমস্ত কার্য্য শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন থাকিবে ইতি।

SCHEDULE A.

DIRECTION TO ASSESS ACCORDING TO PROPERTY.

To

[*Here insert the names, places of abode, business, or other description of the Punchayet.*]

[Direction to assess.]

I do hereby require you, the Punchayet appointed under Act of 1868, with all reasonable expedition not, exceeding (*Here insert a period to be fixed by the Magistrate*) from the date hereof, to make out, and forward to me, the undersigned Magistrate of the District of , a fair and equitable assessment upon the several occupiers of houses, shops, and buildings, in the (*Here describe the Town or division*) for the purpose of raising the sum of Rupees required for the purposes of the said Act for the year commencing on . You shall regulate and determine the amount of assessment to be levied from every such occupier according to the circumstances and the property to be protected of each person. The assessment on any one house, building, or block of land shall not be more than Rupees per mensem, that being the monthly salary of a watchman of the lowest grade in the Town Police.

A চিহ্নিত তফসীল।

শ্রীঅমুক প্রতি আগে।

সম্পত্ত্যনুসারে টাক্স ধার্য্য করিবার আজ্ঞা পত্র।

[পঞ্চায়তের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বেওরা এই স্থানে লিখিতে হইবে।]

[টাক্স ধার্য্য করিবার আজ্ঞা।]

১৮৬৮ সালের আইনমতে নিযুক্ত পঞ্চায়ত যে তোমরা তোমাদিগকে এতদ্দ্বারা জ্ঞাত করিতেছি যে তোমরা এই লিখনের তারিখঅবধি এত (এই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট মিয়াদ লেখ) দিনের অধিক না হয় ইহার মধ্যে সাধ্যমতে শীঘ্র করিয়া অমুক মাস অবধি এক বৎসরের জন্যে ঐ আইনের কার্য্য সফল করিবার নিমিত্তে যে টাকার আবশ্যক হয় অর্থাৎ টাকা উৎপন্ন করিবার জন্যে অমুক নগরের (কি পল্লির) মধ্যে যে সকল ঘর ও দোকান ও কোটা আছে তাহার নানা দখীলকারের উপর ন্যায্য ও প্রকৃত টাকুস ধার্য্য করিয়া অমুক জিলার নীচের লিখিত মাজিষ্ট্রেট আমি আমার নিকটে পাঠাও। সেই২ দখীলকারের স্থানে যত টাকুস আদায় করিতে হইবে তাহা তোমরা প্রত্যেক জনের অবস্থা ও যাঁহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে তাহা বুঝিয়া নিরূপণ ও নির্দ্ধার্য্য করিবা। কিন্তু কোন এক ঘরের উপর নগরীয় পোলীসের অতি নীচ শ্রেণীর এক জন চৌকীদারের বেতনের তুল্য এত টাকার অধিক টাকুস বসাইবা না।

[Exemption.]

If the occupier of any house in the said District shall be unable, on the ground of poverty, to pay the assessment to which he is liable under this Act, you shall exempt him from the same; but the property occupied, together with the name and description of such occupier, shall be specified in the list, together with the ground of exemption.

[অব্যাহতি।]

উক্ত পল্লির মধ্যে কোন ঘরের দখীলকারের উপর এই আইনমতে যত টাকুস ধার্য্য হইতে পারিবে সে যদি দীনতাপ্রযুক্ত তাহা দিতে অপারক হয় তবে তাহাকে সেই টাকুসহইতে মুক্ত করিবা। কিন্তু তাহার যে সম্পত্তির দখল হয় তাহা এবং সেই দখিলকারের নাম ও বেওরা ও তাহাকে মুক্ত করিবার কারণ নির্ঘণ্ট পত্রের মধ্যে লিখিতে হইবে।

[*Government Gazette, 7th April* 1868.]

[Lodging houses.]

If any house be let out in portions to different persons, or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers, or travellers, shall be deemed the occupier of such house, and shall be assessed accordingly.

[Contents of assessment.]

The assessment which you are hereby required to make shall specify the name of every occupier of property liable to be assessed, the name, trade, or business or other description of the person assessed, the annual assessment, and the quota payable monthly; and may be in the following form, or to the like effect:—

Premises occupied.	Name of occupier.	Profession or business or other description.	Annual assessment.	Amount of monthly payment.

SCHEDULE B.

DIRECTION TO PREPARE RATE.

To

[*Here insert the names, places of abode, business, or other description of the Punchayet.*]

I do hereby require you, the Punchayet appointed under Act of 1868, with all reasonable expedition, not exceeding *(Here insert a period to be fixed by the Magistrate)* from the date hereof, to make out and forward to me, the undersigned Magistrate of the District of , a fair and equal rate upon the several occupiers of houses, shops, and buildings, and of grounds occupied for the purpose of trade or business, in the (*Here describe the Town or division*), for the purpose of raising the sum of Rupees required for the purposes of the said Act, for the year commencing on . You shall regulate and determine the amount of the rate to be levied from every such occupier, according to the annual value of the property occupied.

The rent at which any such property may reasonably be expected to let for one year shall be

[বাসাড়িয়াদের গৃহ।]

যদি কোন ঘর অংশ২ করিয়া ভিন্ন২ ব্যক্তিকে কিম্বা বাসাড়িয়াদিগকে কি যাত্রিদিগকে ভাড়া দেওয়া যায় কি তাহাদের দখলে থাকে, তবে যে ব্যক্তি ঐ ঘর ভাড়া দেয় কিম্বা যে ব্যক্তি ঐ লোকদের কি বাসাড়িয়াদের কি যাত্রিদের স্থানে ভাড়া কি খরচাদি পায় সেই ব্যক্তি ঐ গৃহ নিবাসি জ্ঞান হইবে ও তদনুসারে তাহার উপর টাক্স বসান যাইবে।

[টাক্সপত্রে যাহা২ ব্যক্ত থাকিবে তাহার কথা।]

এতদ্দ্বারা তোমাদিগকে যে টাক্স ধার্য্য করিবার আজ্ঞা করা যাইতেছে তাহার নির্ঘণ্টের মধ্যে টাক্সের যোগ্য সম্পত্তির প্রত্যেক দখিলকারের নাম, ও যে ব্যক্তির টাক্স বসান যায় তাহার নাম ও ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা ও বার্ষিক টাক্স ও মাসে২ যত দিতে হয় এই সকল কথা লিখিতে হইবে ঐ পত্র নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে হইতে পারিবে।

যে সম্পত্তির দখল হয়	দখীলকারের নাম	ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা	বার্ষিক যত টাক্স ধার্য্য হইল	মাসে২ যত দিতে হইবে

B চিহ্নিত তফসীল।

রেট প্রস্তুত করিবার আজ্ঞাপত্র।

শ্রী অমুক প্রতি আগে—

পঞ্চায়তের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি অন্য বেওরা এই স্থানে লিখিতে হইবে।

১৮৬৮ সালের আইনমতে নিযুক্ত পঞ্চায়ত যে তোমরা তোমাদিগকে এতদ্দ্বারা আজ্ঞা করিতেছি যে তোমরা এই লিখনের তারিখ অবধি এত (এই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের নির্দ্দিষ্ট মিয়াদ লেখ) দিনের অধিক না হয় ইহার মধ্যে সাধ্যমতে শীঘ্র করিয়া অমুক মাস অবধি এক বৎসরের জন্যে এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্তে যে টাকার আবশ্যক অর্থাৎ এত টাকা উৎপন্ন করিবার জন্যে (অমুক নগরের কি পল্লির) মধ্যে যে সকল ঘর ও দোকান ও কোটা আছে ও যে সকল জমীতে বাণিজ্য কি ব্যবসায় চলে তাহার নানা দখীলকারের উপর ন্যায্য ও প্রকৃত টাক্স নির্দ্ধার্য্য করিয়া অমুক জিলার নীচের লিখিত মাজিষ্ট্রেট আমি আমার নিকটে পাঠাও। সেই২ দখীলকারের স্থানে যত টাক্স আদায় করিতে হইবে তাহা তোমরা দখল করা সম্পত্তির বার্ষিক মূল্যানুসারে নিরূপণ ও নির্দ্ধার্য্য করিবা।

যুক্তিসিদ্ধমতে ঐ সম্পত্তির এক বৎসরের যত ভাড়া হওয়া সম্ভাবনা তাহা ঐ সম্পত্তির বার্ষিক মূল্য জ্ঞান

deemed the annual value of such property. The rate shall be an equal percentage, not exceeding per cent. of such annual value.

হইবে। ঐ বার্ষিক মূল্যের উপর শত করা টাকার অধিক না হয় এমত সমান হারানুসারে টাক্স নির্দ্ধার্য্য হইবে।

Any person occupying ground for the purpose of trade is to be rated in respect thereof, but a person occupying ground for the purpose of cultivation, or for depasturing cattle, is not to be rated in respect thereof.

যে ব্যক্তি ব্যবসায়ের জন্যে কোন জমীর দখীলকার হন তিনি ঐ জমীর উপলক্ষে টাক্স দিবেন কিন্তু যে কেহ চাষ করিবার কিম্বা পশু চরাইবার ভূমির দখীলকার হন তিনি ঐ ভূমির উপর টাক্স দিবেন না।

If the occupier of any house or ground in the said District shall be unable, on the ground of poverty, to pay the rate to which he is liable under this Act, you shall exempt him from the same; but the property occupied, together with the name and description of such occupier, shall be specified in the list, together with the ground of exemption.

উক্তপল্লির অন্তর্গত ঘরের কি ভূমির দখিলকার এই আইনমতে যে টাক্স দিবার যোগ্য হন তিনি দীনতা প্রযুক্ত তাহা দিতে না পারিলে তাহাকে সেই টাক্সহইতে মুক্ত করিবা কিন্তু ঐ দখল করা সম্পত্তি ও সেই দখীলকারের নাম ও বেওরা ও যে কারণে তাহাকে মুক্ত করা গেল তাহার কথা ঐ নির্ঘণ্টে লেখা থাকিবে।

If any house be let out in portions to different persons, or be let out to or occupied by lodgers or travellers, the person who shall so let the same, or who shall receive the rents or payments from such persons or lodgers, or travellers, shall be deemed the occupier of such house, and shall be rated accordingly.

যদি কোন ঘর অংশাংশ করিয়া ভিন্ন ব্যক্তিদিগকে বা বাসাড়িয়াদিগকে কি যাত্রিদিগকে ভাড়া দেওয়া যায় কি তাহাদের দখলে থাকে, তবে যে ব্যক্তি ঐ ঘর সেইরূপে ভাড়া দেয় কিম্বা যে ব্যক্তি ঐ লোকদের কি বাসাড়িয়াদের কি যাত্রিদের ভাড়া কি খরচ আদি পায় সেই ব্যক্তি ঐ গৃহবাসি জ্ঞান হইবে ও তদনুসারে তাহার উপর টাক্স বসান যাইবে।

The rate which you are hereby required to make shall specify the name of every occupier of property liable to be rated, the name, trade, or business, or other description of the person rated, the annual rateable value of the property, the annual rate, and the quota payable monthly; and may be in the following form, or to the like effect:—

ইহাতে তোমাদিগকে যে টাক্স বসাইবার আজ্ঞা করা যাইতেছে তাহার ফর্দ্দেতে টাক্স দিবার যোগ্য সম্পত্তির প্রত্যেক দখীলকারের নাম ও যে ব্যক্তির উপর টাক্স বসান যায় তাহার নাম ও ব্যবসায় কি কর্ম্ম কি অন্য বেওরা ও টাক্স বসাইবার জন্যে সম্পত্তির যে বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহা ও বার্ষিক টাক্স ও মাসে২ তাহার যত দিতে হইবে তাহা লেখা থাকিবে তাহা নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্ম মতে হইবে।

Property occupied.	Name of occupier.	Profession or business or other description.	Annual value of Property.	Annual rate.	Amount of monthly payment.

দখল করা সম্পত্তি	দখীলকারের নাম	কর্ম্ম কি ব্যবসায় কি অন্য বেওরা	সম্পত্তির বার্ষিক মূল্য	বার্ষিক রেট	মাসে২ যত দিতে হইবে

SCHEDULE C.

C চিহ্নিত তফসীল।

Notice of Assessment or Rate.

টাক্স কি রেটের নোটিস।

An assessment (*or rate, as the case may be,*) made for (*Here describe the Town or division for which the rate is made*) upon the several occupiers of houses and other property in the said District,

অমুক (যে নগর কি পল্লির টাক্স বসান যায় তাহার নাম লেখ) জন্যে পোলীসের প্রতিপালনের নিমিত্তে ১৮৬৮ সালের   আইন অনুসারে ঐ পল্লির অন্তর্গত ঘরের ও অন্যান্য সম্পত্তির প্রত্যেক দখীল-

pursuant to Act   of 1868, for the purpose of maintaining the Police for such Town.

Property occupied.	Names of occupiers.	Profession or business.	Amount of monthly (*or quarterly*) assessment (*or rate*).

Whereas the above assessment (*or rate, as the case may be,*) has been duly made pursuant to Act   of 1868, and has been revised and settled by me, the undersigned Magistrate of   the several persons whose names are included in the said assessment (*or rate*) are hereby required to pay the monthly (*or quarterly*) contributions set opposite to their names with regularity to the Tax-Collector or other person appointed by the Magistrate to receive the same, the first payment on the first day of, and every subsequent payment on or before the first day of each succeeding month (*if the tax is to be collected quarterly, the months in which the payment is to be made must be specified*), or in default thereof, any arrear that may be due will be realized by distraint and sale of the personal effects of the defaulter, or of any goods and chattels which may be found on the premises in respect of which such defaulter is assessed (*or rated*), and such other proceedings adopted for the recovery of the same as are allowed by law.

Dated this   day of

Magistrate of

SCHEDULE. D.

List of Defaulters.

1	2	3	4	5	6	7	8	9	10	11
District.	Names of defaulters.	Amount of defalcation.	Amount, cost, or penalty.	Inventory of property seized under distress.	Date of distress.	Date of sale.	Property sold.	Amount realized on each article.	Purchaser's name.	Balance.

কারের উপর অবস্থা বুঝিয়া (কিম্বা বিষয় বিশেষে সম্পত্তির মূল্যক্রমে) এই টাকস বসান গেল।

যে সম্পত্তি দখল হয়।	দখীলকারের নাম।	কর্ম্ম কি ব্যবসায়।	মাসে২ (কি তিন২ মাসে) যে টাক্স কি রেট দিতে হয়।

১৮৬৮ সালের—আইনমতে উক্ত টাকস কিম্বা বিষয় বিশেষে উক্ত রেট উপযুক্তরূপে করা গিয়াছে ও অমুক জিলার নিম্ন লিখিত মাজিষ্ট্রেট আমি তাহা দৃষ্টি করিয়া নির্দ্ধার্য্য করিয়াছি এই হেতুক উক্ত টাকসের কি রেটের ফর্দ্দের মধ্যে যে প্রত্যেক ব্যক্তির নাম লেখা গিয়াছে তাহাকে এতদ্দ্বারা আজ্ঞা করা যাইতেছে যে তাঁহার নামের পার্শ্বে যত টাকা লেখা আছে তত তাহার মাসে২ (কি তিন২ মাসে) টাকস গ্রাহিকে কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তাহা লইতে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে নিয়মমতে দেন। এই ইশ্তিহারের যে তারিখ আছে তাহার পর মাসের ১০ তারিখে ঐ টাকা কি পয়সা প্রথমবার দিবেন ও তাহার পর প্রতি মাসের ১০ তারিখে কি তাহার পূর্ব্বে দিতে থাকিবেন (যদি ঐ টাক্স তিন২ মাসে আদায় করিতে হয়, তবে যে২ মাসে দেনা হয় তাহা লিখিতে হইবে) যদি সেই টাকা না দেন, তবে যে কিছু বাকী পাওনা হয় তাহা বাকীদারের অস্থাবর সম্পত্তি কিম্বা যে বাড়ীর জন্যে ঐ বাকীদারের উপর টাকস বসান গিয়াছে তন্মধ্যে যে কিছু মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া আদায় করা যাইবে, ও আদায় করিবার জন্যে আইনমতে মোকদ্দমাঘটিত অন্য২ যে কার্য্য করিবার অনুমতি হয় তাহা করা যাইবে।

সাল   তাং

শ্রী অমুক
অমুক জিলার মাজিষ্ট্রেট।

D চিহ্নিত তফসীল।

বাকীদারদের নামের ফর্দ্দ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
Mr. Thomas Mohendralall Bose, Special Sub-Registrar of Assurances of Balasore and Bhuddruck, for fifteen days without pay from the 1st instant.

The 6th April 1868.

Baboo Brojo Soonder Mitter, Deputy Collector in charge of the Second Division of Survey, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, to commence after he is relieved of his present duties.

Captain J. MacMillan, of the Orissa Volunteer Rifles, for three months, in extension of the leave allowed to him under orders of the 24th February last.

Baboo Brohmonath Sen, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Mr. H. L. Oliphant, Deputy Commissioner of Lohardugah, for six weeks, under Section 6 of the Covenanted Service Absentee Rules. Mr. Oliphant will make over charge of his Office to Lieutenant E. G. Lillingston.

The 7th April 1868.

Baboo Kalinath Ghose, Deputy Magistrate and Deputy Collector, Sylhet, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from any date after the 15th instant, within one month of that date, on which he may avail himself of the leave.

NOTIFICATIONS

The 25th March 1868.

It is hereby notified that the Lieutenant-Governor of Bengal has been pleased to declare the Ferries of Porabara and Doorgapore, across the Madhoomutty River, between Furreedpore and Jessore, to be public Ferries under Regulation VI. of 1819.

The 2nd April 1868.

Mr. G. C. Kilby, of the Subordinate Executive Service, reported his departure from India per Steam-ship *Labourdonnais*, which was left at Sea by the Pilot on the 4th ultimo.

[*Government Gazette*, 14*th April* 1868.]

সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গত নবেম্বর মাসের ৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল, বগুড়ার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ সি কনলি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের ও ভদ্রকের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত তামস মহেন্দ্রলাল বসু এই মাসের ১ তারিখঅবধি বিনা বেতনে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৬ আপ্রিল।

জরীপীকার্য্যের দ্বিতীয় খণ্ডের কর্ম্মাধ্যক্ষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজসুন্দর মিত্র ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন, তিনি আপন বর্ত্তমান কর্ম্ম-হইতে অবকাশ পাইলে উক্ত ছুটী আরম্ভ হইবে।

উড়িষ্যা বলন্টিয়র রাইফল দলে নিযুক্ত কাপ্তান শ্রীযুত জে মাকমিলন সাহেব গত ফেব্রুআরি মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

লোহারডগার ডেপুটী কমিসানর শ্রীযুত এচ, এল অলিফান্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তিনি লেপ্টেনেন্ট শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ৭ আপ্রেল।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীনাথ ঘোষ এই মাসের ১৫ তারিখের পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৫ মার্চ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ফরীদপুর ও যশোহরের মধ্যবর্ত্তি মধুমতী নদীর উপর পরাবারা ও দুর্গাপুরের খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

১৮৬৮ সাল ২ আপ্রিল।

রাজকর্ম্মসংক্রান্ত অধীন কার্য্যকারক শ্রীযুত জি, সি, কিলবি সাহেব লাবুর্ডনে নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন, এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব গত মাসের ৪ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আসেন।

Notification.

The 31st March 1868.

The Office of Special Sub-Registrar of Kooshtea and Ranaghat is hereby abolished. The Sub-Registry Offices in question will revert to the charge of the Sub-Divisional Officers of Kooshtea and Ranaghat respectively.

H. L. Dampier,
Offg. Secretary to the Government of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.

No. 148.

Military.

The 7th April 1868.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the site of a slaughter-house at Chandernagore, Suttopeertollah, Pergunnah Boro, in the District of Hooghly, it is hereby notified that, for the above purpose, a piece of land measuring, more or less, 8 beegahs, bounded on the North by the public highway, on the East by the Cazeeparah Road, on the South by Soobud Mistry's garden land, and on the West by Ackbar Mistry's garden and by land belonging to Musseebuddy, is required.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

No. 149.

Civil Buildings.

The 7th April 1868.

Declaration under Section II. of Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for the extension of the Dacca Lunatic Asylum premises, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring 9 beegahs 13½ cottahs, more or less, situated at Muhullah Girdkella, in the City of Dacca, is required.

The plot required is bounded on the North by a small lane, on the West by the Street leading from Chauk to Buksheebazaar, on the East by the Dacca Lunatic Asylum, on the South by the Road running by the north of the Chauk.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৩১ মার্চ।

কুষ্ট্যার ও রাণাঘাটের বিশেষ সব-রেজিষ্ট্রারের কার্য্যালয় এতদ্দ্বারা উঠাইয়া দেওয়া গেল। উক্ত দুই স্থানের সব-রেজিষ্টরী কার্য্যালয়ের কর্ম্মের ভার কুষ্ট্যা ও রাণাঘাট শাখাখণ্ডের কার্য্যকারকদের প্রতি অর্পিত হইল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৪৮ নম্বর।

সমর সম্পর্কীয়।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোরো পরগণার চন্দননগরে ও সত্যপীর তলায় কশাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৮/ বিঘা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজপথ পূর্ব্ব সীমা কাজীপাড়ার পথ, দক্ষিণ সীমা সুবোধ মিস্ত্রির বাগান ভূমি, এবং পশ্চিম সীমা আকবর মিস্ত্রির বাগান ও মসীবুদ্দীর অধিকৃত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

১৪৯ নম্বর।

বাটীর বিষয়ক।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকাস্থ ক্ষিপ্ত-ব্যক্তিদের আশ্রয় বাটী বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা-নগরের গির্দ্দকেল্লা মহল্লায় ৯।৩।। কাঠা ভূমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভূমি খণ্ডের উত্তর সীমা ছোট গলি পশ্চিম সীমা চক অবধি বক্সীবাজারে গমনের পথ পূর্ব্ব সীমা ঢাকাস্থ ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী দক্ষিণ সীমা চকের উত্তর দিগের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

No. 150.

The 7th April 1868.

Declaration under Section 2, Act VI. of 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz*, for the construction of a Central Jail at the Sudder Station of Hazareebaugh, it is hereby declared that, for the above purpose, a plot of land situated in Mouzahs Koleghattee, Muraie Kullan, Muraie Khord, and Nowdeeha, Pergunnah Chumpa, in the district of Hazareebaugh, and measuring 394 beegahs, more or less, is required. It is bounded on the North by culturable waste of Nowdeeha; on the west by cultivated rice lands of Muraie; on the South by Government land, the European Penitentiary, and a public road; and on the East by the Hazareebaugh and Burhee road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. Leonard, *C. E.*,
Offg. Secy. to the Govt. of Bengal, P. W. D.

১৫০ নম্বর।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে বিজ্ঞাপন—বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাজারিবাগের সদর মোকামে বড় জেল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হাজারিবাগ জিলার অন্তর্গত চম্পাপরগনার কোলঘাটী মরাই কলান, মরাই খর্দ ও নবদীহা মৌজায় ন্যূনাধিক ৩৯৪/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নবদীহার আবাদযোগ্য পতিত ভূমি, পশ্চিম সীমা মরাইয়ের কর্ষিত ধান্যের ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের ভূমি ইউরোপীয়দিগের ব্যবহার সংশোধনালয় ও রাজপথ, পূর্ব্ব সীমা হাজারীবাগের ও বর্হীর পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞনার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ লিওনর্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

TO BE SOLD

To the highest bidder, at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack, on Monday, the 18th May 1868, at the hour of 12 o'clock, noon, the rights and interests of the Defendant, Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor of Killah Coojung, in the said Killah of Coojung, in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose, Chowdry Rughoonauth Doss, and others, and execution of which has been taken out against him. The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rupees 7,503-9-7 per annum.

Twenty-five per cent. on the bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale.

W. Wright,
P. S. Ameen.

P. S. Ameen's Court,
Cuttack;
The 2nd April 1868.

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদসংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৬৮ সালের নাগাইত কিস্তী মার্চের রাজস্বের বাকি আদায় কারণ সন ১৮৬৮ সালের ২৭ আপ্রেল মোতাবক সন ১২৭৫ সালের ১৬ বৈশাখ সোমবারে জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৮ সাল তারিখ ২ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর দমা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	৯	কিসমত পরগনে কাশীপুর পরগনে কাশীপুর	কাশীনাথ চৌধুরী ও নৃত্যকালী ও ভুবনেশ্বরী ও কমলমুণি ও স্বর্ণময়ী ও তারিণীপ্রসাদ ও তারাসুন্দরী ও শিবসুন্দরী ও মনমোহন ঘোষ ও ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট ও ভোলানাথ ও গুরুপ্রসাদ ও গণেশলাল ও রঘুনাথ ওরফে রাজারাম রায় ও রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা।	৮০৭৪৶০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন সন ১৮৫৯ সালের ১১ আইনঅনুসারে আপন অংশ রকম ১৮।৶১৭॥ গণ্ডার পৃথক্ হিসাব করিয়া লয় সদর জমা ৪৬৬৷৶০ চন্দ্রমুখী দাস্যার ঐরূপ ১৮।৶১৭॥ গণ্ডার সদর জমা ৪৬৬৷৶০ ——— ৯৩৩।০ বক্রী সদর জমা ৭১৪০৸৶১	রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যার অংশ বাদে অন্যান্য শরিকানের অংশ নীলাম হইবেক।
ঐ	ঐ	৩০৭	কিসমত মৌজে বেজপাড়া পরগনে চূণাখালী	কাজী নামতুল্লা ও এরাদতুল্লা ও গোলাম ছবদর ও হেকাজতুল্লা ও করিমুল্লা ও সল্লিদা বিবি।	৫০৬৲	সমুদয় মাহাল নীলাম হইবেক।
ঐ	ঐ	৩৪৪	কিসমত মৌজে মাসুমাবাদ পরগনে মাসুমাবাদ	অম্বিকাচরণ গঙ্গোপাধ্যায়।	৮৮৮৸৶৪	ঐ
ঐ	ঐ	৪০৭	কিসতম মৌজে রামবাটী পরগনে ফতেসিংহ	মাধবনাথ ও সাতকড়ি ও বিশ্বেশ্বর ও ঠাকুরদাস ও রামগোপাল ও রামচন্দ্র ও গদাধর ও হরগোবিন্দ ও গঙ্গাপ্রসাদ ও উজ্জ্বলমণি ও আজমতুল্লা ও মহম্মদ নেওয়াজ ও অপছর ম্লেছা ও ইজ্জত নেওয়াজ	৬১৭/৬	ঐ

H. HANKEY,
Collector.

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারী কালেকটরী জেলা পাবনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের বিধানানুসারে জেলা পাবনার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহালের নির্দ্দিষ্ট অংশ ১৮৬৮ সালের ২৮ মার্চ মোং ১২৭৪ সালের ১৬ চৈত্র পর্য্যন্তকার সরকারী প্রাপ্য রাজস্ব আদায় নিমিত্ত ১৮৬৮ সালের ২৮ আপ্রেল মোং ১২৭৫ সালের ১৭ বৈশাখ মঙ্গলবার অত্র জেলার কালেকটর সাহেবের প্রকাশ্য কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বিধাতে বিক্রয় হইবেক, অতএব যে কেহ খরিদের বাসনা রাখে, সে ঐ নিরূপিত দিবস অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে ইতি সন ১৮৬৮ ইং ৩১ শে মার্চ।

জেলার তৌজরী নম্বর	মহালের শ্রেণী	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য।
১৪১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।	কিং পরগনে নসরত-সাহী।	মিস্টুয়ার্স মোরেন এণ্ড কোং হারান-চন্দ্র, শ্যামাচরণ চক্রবর্ত্তী, দেবরা-ণী দাস্যা, শ্যামা-চরণ বিশ্বাস।	২৫৫৯৬/৮	২৯৷৷৪	এই মহালের হিসাব, ১৮৫৯। ১১ আইনমতে স্বতন্ত্র হইয়া-ছে, হিসাব পৃথক হওয়া /০ আনা অংশ, যাহার সদর জমা ১২৭৯৬/১০ পাই, তাহা নামিক মিস্টুয়ার্স মোরেন এণ্ড কোং সাহেবানের স্বত্ব এবং উক্ত বাকী ঐ অংশের বটে, অতএব এই মহালের অন্যা-ন্য অংশ বাদে সংপ্রতি কেবল নামিক সাহেবানের ঐ /০ আনা অংশ নীলাম হইবেক।

P. A. Humphery,
Offg. Collector.

জেলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাচারী কালেক্টরী জেলা রঙ্গপুর এই যে।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রঙ্গপুরের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল ১৮৬৮ ইং ২৮ মার্চ তারিখে সরকারের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আকটানুসারে বাকি রাজস্ব ন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্তক ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২১ তারিখে জেলা রঙ্গপুরের কালেক্টরী কাচারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৬৮ ইং তারিখ।

এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৭৮ নম্বরী মহাল মৌজে দিগ দাড়িয়া ওগয়রহ মোতালকে পরগনে পেড়ি খালিসা হিস্যা ।৷০ আনা পং বাজিতপুর মালিক ৺ রি, দয়ামরী ঠাকুরাণী সেবাইত আনন্দময়ী দেব্যা মাদরে চন্দ্রনাথ শর্ম্মা যাহার সদর জমা ৬৪৭৷৷৮ পাই তাহা বাঙ্গলা ১২৭৪ সালের নাগাএদ কিস্তি ফাল্গুনের বক্রী রাজস্ব আদায় জন্য নীলাম হইবেক ইতি।

E. G. Glazier,
Offg. Collector.

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot.

A Translator,	...	...	Salary 90 Rupees.
A Head Clerk,	...	...	„ 50 „

MORRIS BEAUFORT,
Addl. Judge of Tirhoot.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

এলবরলিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থ্যাকর স্পিঙ্ক কোম্পানির ও লেপেজ কোম্পানির ও ডিরজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১৪ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এক জে বার্ণো সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 21, 1868.

মঙ্গলবার ১৮৬৮ সাল ২১ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, introduced into the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, is, together with the Statement of Objects and Reasons accompanying it, published for general information :—

A Bill to make further provision for the recovery of arrears of Land Revenue and public demands recoverable as arrears of Land Revenue.

[Preamble.]

WHEREAS it is expedient to amend and extend the law for the recovery of arrears of Land Revenue and of public demands recoverable as arrears of Land Revenue, it is declared and enacted as follows :—

[Interpretation.]

[illegible] Act and in Act XI of 1859, the words in this Section mentioned shall have the meanings therein attributed to them respectively.

[" Proprietor."]

[illegible] The word " Proprietor" includes any farmer or tenant by whom any lands is held directly under Government, or by whom any demand is payable to Government.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় অভিপ্রায়ের ও হেতুবর্ণনা সহিত পঠিত হইয়া সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতেপারে সেই দাওয়া আদায় করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ভূমির বাকী রাজস্ব আদায় করিবার, এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই দাওয়া আদায় করিবার আইন সংশোধন ও বিস্তৃত করা বিহিত। এই হেতুক নিম্নলিখিতমতে প্রকাশ ও বিধান করা যাইতেছে।

[অর্থের ধারা।]

১ ধারা। এই ধারার লিখিত কথার যে অর্থ করা গিয়াছে এই আইনেতে এবং ১৮৫৯ সালের ১১ আইনেতে সেই কথার সেই অর্থ থাকিবে।

[" ভূম্যধিকারী।"]

যে ইজারদার কি প্রজা নিজ গবর্ণমেণ্টের স্থানে ভূমি লইয়া ভোগ করেন, কিম্বা যে ব্যক্তির দেনা নিজ গবর্ণমেণ্টের নিকটে দাতব্য হয়, ভূম্যধিকারী শব্দের মধ্যে তিনিও গণ্য।

["Revenue."]

The word "Revenue" includes every sum annually payable to Government by the Proprietor of any estate or tenure in respect thereof, and every sum payable to Government in respect of Tuccavee, or of any money advanced by Government to proprietors of land for making or repairing embankments, reservoirs, or water-courses, or other improvements on the land held by them.

["Estate."]

The word "Estate" means any land or share in land subject to the payment to Government of an annual sum in respect of which the name of a proprietor is entered on the Register known as the Quinquennial Register, Toujeh, or Revenue Roll of the Collector's Office of the District, or in respect of which a separate account may, in pursuance of Section X or Section XI of Act XI of 1859, or of any other law or usage have been opened.

["Tenure."]

The word "Tenure" includes all interests in land whether rent-paying or lakhiraj, (other than estates as above defined) which by the terms of the grants creating the same, or by the custom of the country are transferable, whether such tenures are resumable or not, and whether the right of selling or bringing to sale for an arrear of rent may or may not have been specially reserved by stipulation in any instrument.

["Demand."]

The word "Demand" means any of the following public demands, arrears of which are by law recoverable as arrears of revenue.

[Sums due from Public Accountant and their sureties.]

Any sum due from any Public Accountant or from the sureties of any Public Accountant on account of any loss or defalcation in the accounts of such Public Accountant.

[Sums due from the sureties of farmers.]

Any sum which may be due from the sureties of any farmer in respect of the revenue of the estate farmed by him.

[Sums due for claims against certain Native Officers.]

Any sum for which any Collector may have a claim on the part of Government on any Tusildar, Sezawal, Ameen, Dewan, Serestadar, Moonshi, Mohurer, or other Native Officer, entrusted with the receipt or payment of public money or the charge of public accounts, who may be employed under any Collector, for a balance of accounts of money belonging to Government.

"রাজস্ব।"

কোন মহালের কি তালুকপ্রভৃতির উপলক্ষে গবর্ণমেণ্টের নিকট ভূম্যাধিকারির বৎসরং যে টাকা দিতে হয় এবং তাগাবী বলিয়া কিম্বা বাঁধ কি জলাশয় কি জলস্রোত করিবার কি সারাইবার জন্যে ও প্রকারান্তরে ভূম্যধিকারিদের অধিকৃত ভূমির সৌষ্ঠব করণার্থে গবর্ণমেণ্ট তাঁহারদিগকে অগ্রীম টাকা দেওয়াতে তাঁহারদের স্থানে গবর্ণমেণ্টের যে টাকা পাওনা হয় রাজস্ব শব্দে সেই সকল টাকা গণ্য।

"মহাল।"

যে ভূমির কিম্বা ভূমির যে অংশের নিমিত্ত গবর্ণমেণ্টের নিকট বৎসরং কতক টাকা দেওন উপলক্ষে পাঁচসলী রেজিষ্টর কিম্বা তৌজী কিম্বা জিলার কালেক্টরী কার্য্যালয়ের রাজস্বের ফর্দ্দ নামে রেজিষ্টরে ভূম্যধিকারির নাম লেখা যায়; "মহাল" শব্দে সেই ভূমি এবং ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কিম্বা ১১ ধারানুসারে কিম্বা অন্য কোন আইন কি আচারমতে যে ভূমির স্বতন্ত্র হিসাব করা যায়, সেই ভূমিও বুঝায়।

"ভূ সম্পর্ক।"

উপরিভাগে মহালের যে অর্থ নির্ণয় হইয়াছে তদ্ভিন্ন খেরাজী কি লাখেরাজ ভূমিতে যে সম্পর্ক থাকে, ঐ সম্পর্ক যে নিয়মদ্বারা সৃষ্ট হয় যদি সেই নিয়মক্রমে কিম্বা দেশাচারমতে সেই সম্পর্ক হস্তান্তর করা যাইতে পারে, তবে তাহা পুনশ্চ গ্রহণীয় হইলে কি না হইলেও, এবং কোন নিদর্শনপত্র লিখিত নিয়মক্রমে বাকী করের নিমিত্তে সেই সম্পর্ক বিক্রয় করিবার কি করাইবার স্বত্ব বিশেষমতে স্থির করা গেলে কি নাও গেলে ভূসম্পর্ক শব্দেতে সেই প্রকারের সকল সম্পর্ক গণ্য।

"দাওয়া।"

যে রাজকীয় দাওয়ার বাকী টাকা আইনক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে, "দাওয়া" শব্দে নিম্নলিখিত সেই দাওয়া বুঝাইবে।

[রাজকীয় হিসাবির ও তাঁহার প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা।]

রাজকীয় হিসাবির হিসাবমতে কোন ক্ষতি কি ন্যূনতা প্রকাশ হইলে ঐ রাজকীয় হিসাবির স্থানে কিম্বা ঐ রাজকীয় হিসাবির প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

ইজারদারদের প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা।

ইজারদার যে মহালের ইজারা লন তাহার রাজস্বের উপলক্ষে তদীয় প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

এদেশীয় কোনং কর্ম্মকারকদের উপর দাওয়া থাকাতে যে টাকা পাওনা হয়।

যে তহসীলদার কি সাজওয়াল কি আমীন কি দেওয়ান কি সিরিশ্তাদার কি মুন্শী কি মুহুরির কিম্বা এদেশীয় অন্য যে কার্য্যকারক কালেক্টর সাহেবের নিকট নিযুক্ত হইয়া রাজকীয় টাকা দাদাদান করিবার কিম্বা রাজকীয় হিসাব রাখিবার ভারপ্রাপ্ত হন, কালেক্টর সাহেব তাঁহার উপর গবর্ণমেণ্টের পক্ষে রাজকীয় টাকার হিসাবমতে যে বাকী টাকার দাওয়া করেন তাহা।

[Arrears of revenue payable in respect of tenures.]

Any arrears of revenue payable in respect of any Tenure for the recovery of which the Collector may not think fit to proceed under Section XI of this Act.

[Cost of certain partitions.]

Any sum which may be due from any person for his proportion of the authorized expenses of making a division of any estate under Regulation XIX of 1814, or in respect of any fine imposed under Section XX or XXI of the same Regulation.

[Costs of embankment.]

Any sum which may be due from any person in respect of any award of the expenses of the construction, alteration, or extension of any embankment, which may, in pursuance of Act VII of 1866 of the Bengal Council, be made by any Collector.

[Loss on re-sale of estates.]

Any sum which may be payable by any person under the provisions of Section XXIII of the said Act XI of 1859 for the difference between the proceeds of the sale of an estate which may be eventually consummated, and the price bid by such person at a sale of such estate for arrears of revenue.

[Collectorate.]

The Collectorate of the Collector of a District means the district to which such Collector is appointed, or throughout which any Officer vested with the powers of a Collector is authorized to exercise such powers.

[Collector.]

The word "Collector" includes any person vested with the powers of a Collector.

[Mâlgoozar.]

For the purpose of recovery of demands under this Act the words "Mâlgoozar or owner of the estate" in Section V of Act XI of 1859 shall be read as meaning the person or persons from whom an arrear of a demand is due to Government.

[Repeal of Section LIII of Act XI of 1859.]

II. Section LIII of Act XI of 1859 is hereby repealed except as regards any purchase or re-purchase, or any recovery of possession effected prior to the coming into operation of this Act.

[Commissioner may exercise certain powers.]

III. All the powers and authorities which in and by Sections XXV and XXVI of the said Act XI of 1859, or either of them, are conferred upon the Local Government or the Commissioner of Revenue, upon an appeal to such

ভূসম্পার্কের নিমিত্ত যে বাকী রাজস্ব দাতব্য হয়।

কালেক্টর সাহেব কোন ভূসম্পার্কের যে বাকী রাজস্ব আদায়ের জন্যে এই আইনের ১১ ধারামতে কার্য্য করা বিহিত বোধ না করেন, সেই রাজস্বের টাকা।

কোন২ ভূমি বন্টনের খরচ।

১৮১৪ সালের ১৯ আইনমতে কোন মহাল বন্টন করিবার যে খরচের অনুমতি আছে কোন ব্যক্তির স্থানে তাহার যে অংশ পাওনা থাকে তাহা কিম্বা ঐ আইনের ২০ কি ২১ ধারামত অর্থদণ্ডের উপলক্ষে যাহা পাওনা থাকে তাহা।

বাঁধ প্রস্তুত করিবার খরচা।

কোন কালেক্টর সাহেব বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৬ সালের ৭ আইন অনুসারে কোন বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিয়া তাহার খরচের যে অংশ নিরূপণ করেন তজ্জন্যে কোন ব্যক্তির স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

মহাল পুনঃবিক্রয় করিয়া যে ক্ষতি হয় তাহা।

বাকী রাজস্বের নিমিত্ত ভূমি বিক্রয় হইলে কোন ব্যক্তি যে মূল্য ডাকেন তাহা না দেওয়াতে ঐ ভূমি শেষে বিক্রয় হইয়া তাহার যে মূল্য প্রাপ্ত হওয়া যায়, পূর্ব্ব অপ্রাপ্ত মূল্যের ও শেষ প্রাপ্ত মূল্যের মধ্যে যত টাকা বিশেষ ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৩ ধারার বিধানমতে কোন ব্যক্তির নিকট পাওনা সেই টাকা।

কালেকটরী।

কালেক্টর সাহেব যে জিলাতে নিযুক্ত থাকেন, কিম্বা কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সেই ক্ষমতানুসারে যে স্থান ব্যাপিয়া কার্য্য করিতে সক্ষম হন, "জিলার কালেক্টর সাহেবের কালেক্টরী" শব্দে সেই স্থান বুঝায়।

কালেক্টর।

যে কোন ব্যক্তি কালেক্টরের ক্ষমতা পান কালেক্টর শব্দে তিনিও গণ্য।

মালগুজার।

এই আইনমতে দাওয়ার টাকা আদায় করণ সম্পর্কে ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারাতে "মালগুজার কিম্বা মহালের স্বামী" এই যে কথা আছে, যে ব্যক্তির কি ব্যক্তিদের স্থানে গবর্ণমেন্টের দাওয়ার বাকী পাওনা থাকে তাঁহাকে বুঝায়, ঐ কথা এই ভাবে পাঠ করিতে হইবে ইতি।

[১৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা রহিত করিবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ক্রয় কি পুনঃক্রয় কি অধিকার প্রাপ্তি সিদ্ধ হয় তৎসম্পর্কে ১৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা প্রবল থাকিবে, নতুবা রহিত হইল ইতি।

[কোন২ ক্ষমতামতে কমিস্যনরের কার্য্য করিবার শক্তির কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের প্রতি কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৫ ধারাক্রমে রাজস্বের কমিস্যনরের নিকট আপীল হইলে সেই কমিস্যনরের প্রতি ঐ ২৫ ও ২৬ ধারার কিম্বা তাহার একতর ধারার দ্বারা যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, উক্ত

Commissioner under the said Section XXV may be exercised without any appeal having been preferred under the same Section in any case in which such Commissioner shall, otherwise than by an appeal, have become aware of hardship or injustice in any sale under this Act, or the said Act XI of 1859; and no sale shall become final in respect of which such Commissioner may have suspended passing final orders until the period for which he may have suspended such final orders shall have expired.

[Time for revenue sales extended.]

IV. From the date when this Act comes into operation the word "thirty" shall be substituted for the word "fifteen" in Section VI of the said Act XI of 1859, and the words "forty-five" for the word "thirty" in the same Section.

[Mode of serving notices.]

V. Every notice in and by this Act, or by the said Act XI of 1859, directed to be served shall be served by delivering to the person to whom it may be directed, a copy thereof attested by the Collector or by delivering such copy at the usual place of abode of such person, to some adult male member of his family, or by posting such copy upon some conspicuous part of the usual or last known place of abode of such person, or by lodging such copy in the Post Office for transmission to such person in a registered cover directed to such person at his usual or last known place of abode. And every notice so deposited in the Post Office shall be deemed to have been served upon the day on which it was so deposited.

[Notice of intended sale to be given.]

VI. Every Collector shall, within ten days after the notification mentioned in Section VI of Act XI of 1859 shall have been affixed in his Office, cause to be served on the proprietor of every estate specified in such notification, a notice in the form in Schedule A; and shall also cause to be affixed in the Court of the Judge of the District within whose jurisdiction the estate mentioned in such notice, or any portion thereof lies, and in the Moonsiff's Court and Police Thannah within which such estate or any portion thereof lies, and also at the Cutcherry of the Málgoozar or proprietor, of such estate, or if there shall be no such Cutcherry, then at some conspicuous place upon such estate a copy of the said notice.

[Certificate to be conclusive evidence of regularity.]

VII. Every certificate of title which may be given to any purchaser under the provisions Section XXVIII of the said Act XI of 1859 shall be conclusive evidence that all notices in or by this

কমিসানর সাহেব এই আইন কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনমত কোন বিক্রয় কার্য্যে উৎপাত কি অন্যায়ের বিষয় অবগত হইলে সেই ধারামতে কোন আপীল উপস্থিত না করা গেলেও সেই শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। ও সেই কমিসানর সাহেব যে নীলাম সম্পর্কে চূড়ান্ত আজ্ঞা দেওয়া বিলম্ব করেন, যত কালের নিমিত্তে স্থগিত করিলেন সেই সময় গত না হইলে, সেই নীলাম চূড়ান্ত হইবে না ইতি।

[রাজস্ব সংক্রান্ত নীলাম করিবার সময় বৃদ্ধির কথা।]

৪ ধারা। এই আইন যে দিবসে প্রচলিত হইবে, সেই দিনাবধি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৬ ধারাতে "পনের দিনের" পরিবর্ত্তে ত্রিশ দিন পাঠ করিতে হইবে। ও সেই ধারার মধ্যে "ত্রিশ" এই শব্দের পরিবর্ত্তে "পঁয়তাল্লিশ" শব্দ দিতে হইবে ইতি।

[নোটিস দিবার নিয়মের কথা।]

৫ ধারা। এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে নোটিস দিবার আজ্ঞা হইল তাহা দিবার নিয়ম এই। যাঁহার নামে নোটিস দেওয়া গেল কালেক্টর সাহেবের স্বাক্ষরিত সেই নোটিসের এক খান নকল সেই ব্যক্তিকে দেওয়া যাইবে, কিম্বা তিনি রীতমতে যে স্থানে বাস করেন সেই স্থানে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে দেওয়া যাইবে, কিম্বা তিনি নিয়ত যে স্থানে বাস করেন কিম্বা তাঁহার শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানের কোন প্রকাশ স্থানে ঐ নকল লাগাইতে হইবে, কিম্বা পত্রের খামে দিয়া শিরনামায় তাঁহার নিয়ত কি শেষ জানা বাস স্থানের ঠিকানায় তাঁহার নাম লিখিয়া রেজিষ্টরী করিয়া ডাকযোগে তাঁহার নিকট পাঠাইতে হইবে। সেই প্রকারের নোটিস ডাক ঘরে দেওয়া গেলে যে দিনে তদ্রূপে অর্পণ করা যায় সেই দিনে তাঁহাকেই দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

[বিক্রয়ের সম্বাদ দিবার কথা।]

৬ ধারা। কালেক্টর সাহেবের কাছারীতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার উল্লিখিত জ্ঞাপনপত্র লট্‌কান গেলে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট প্রত্যেক মহালের স্বামিকে দশ দিনের মধ্যে A চিহ্নিত তফসীলের পাঠে নোটিস দেওয়াইবেন। এবং সেই নোটিসে যে মহালের উল্লেখ হইয়াছে তাহা কিম্বা তাহার কোন অংশ জিলার যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে থাকে তাঁহার আদালত ঘরে এবং ঐ মহাল কি তাহার কোন অংশ যে মুনসেফীর ও পোলীসের যে থানার মধ্যে থাকে সেই মুনসেফী আদালতে ও সেই থানায় এবং মালগুজারের কি ঐ মহালের স্বামির কাছারীতে কিম্বা তাঁহার কাছারী না থাকিলে ঐ মহালের কোন প্রকাশ স্থানে ঐ নোটিস লাগাইয়া দিবেন ইতি।

[কার্য্য নিয়মিতরূপে হওন বিষয়ে সর্টিফিকট সিদ্ধান্ত প্রমাণ হওয়ার কথা।]

৭ ধারা। কোন ক্রেতাকে ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৮ ধারার বিধানমতে আগম অর্থাৎ অধিকারের সর্টিফিকট দেওয়া গেলে, এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে সকল

Act, or by the said Act XI of 1859, required to be served or posted, have been duly served and posted, and the title of any person who may have obtained any such certificate shall not be impeached or affected by reason of any omission, informality, or irregularity in the proceedings under which the sale was had at which such person may have purchased.

[Sales of Lakhiraj to be valid.]

VIII. All sales of lands of Lakhiraj tenure, for payment of arrears of revenue, or of demands which may heretofore have been made in conformity with the procedure established by Act XI of 1859, shall have such and the same force and effect as if they had been made in execution of a decree against the person liable to pay the revenue or demand for satisfaction of which such sale may have been made.

[Power to register tenures.]

IX. It shall be lawful for the proprietors of tenures, and of farms held for terms of years to cause the same to be registered according to the provisions of Act XI of 1859, although the same may not be held immediately of the proprietors of estates.

[Collectorate to include all estates borne on its Roll.]

X. Every estate shall, for the purposes of this Act and of Act XI of 1859, be deemed to be within the Collectorate of the Collector upon whose Revenue Roll the revenue thereof may be borne, although the whole or any portion of the lands comprised in such estate may be without the local limits of such Collectorate; but all lands shall be deemed to be within the Collectorate within the local limits of which they may be situate, although the estate of which they form a part may, under the provisions of this section, be deemed to be within the Collectorate of any other Collector.

[Power to sell tenures.]

XI. Whenever any revenue payable to Government in respect of any tenure not being an estate shall be in arrear for days after the same shall have been due, the Collector to whom such revenue is payable, shall cause to be affixed such notices as are mentioned in Section V of Act XI of 1859, and shall thereupon cause such tenure to be sold in the manner, and subject to the provisions in and by the said Act XI of 1859, provided for the sale of estates for the recovery of arrears of revenue due on account of the same, and the Collector shall apply the purchase-money arising from such sale according to the provisions of Section XXXI of the said Act XI of 1859; and

নোটিস দিবার কি লটকাইবার আজ্ঞা হইয়াছে তাহা দেওয়া গিয়াছে ও লটকান গিয়াছে, ঐ সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। এবং ঐ ব্যক্তি যে নীলামে ভূমি ক্রয় করিয়াছেন, সেই নীলামে কোন কার্য্যের ত্রুটি হইলে কিম্বা কোন কার্য্য ধারামতে ও নিয়মমতে করা না গেলেও সেই ত্রুটিপ্রভৃতির দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত কোন ব্যক্তির অধিকারের কোন দোষ কি বৈকৃতি হইবে না ইতি।

[লাখেরাজ ভূমির বিক্রয় সিদ্ধ হইবার কথা।]

৮ ধারা। বাকী রাজস্বের নিমিত্তে কি দাওয়ার নিমিত্তে ১৮৫৯ সালের ১১ আইনের নির্দ্ধারিত প্রণালী-মতে ইতিপূর্ব্বে যে লাখেরাজ ভূমি বিক্রয় হইয়া থাকে যে রাজস্বের কি দাওয়ার পরিশোধার্থে ঐ নীলাম করা গেল, তাহার দায়ি ব্যক্তির নামে ডিক্রী জারী হইয়া সেই ভূমি বিক্রয়ের যে বল ও ফল হইত পূর্ব্বোক্ত লাখেরাজ ভূমি বিক্রয়ের সেই বল ও ফল হইবে ইতি।

[ভূমি রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। ভূসম্পর্কের অধিকারিরা ও কএক বৎসর মিয়াদের ইজারদারেরা যদিও নিজ ভূস্বামির স্থানে সেই ভূমি কি ইজারাপ্রাপ্ত না হন তথাপি ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে তাহা রেজিষ্টরী করাইতে পারিবেন ইতি।

[কালেক্টরী শব্দের মধ্যে তৌজির লিখিত সমস্ত মহাল ধরিবার কথা।]

১০ ধারা। এই আইনের এবং ১৮৫৯ সালের ১১ আইনের কার্য্যার্থে যে মহালের রাজস্ব যে কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে, সেই মহালের সমুদয় ভূমি কি তাঁহার একাংশ অন্য কালেক্টরীর স্থানসীমার মধ্যবর্ত্তী থাকিলেও পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের কালেক্টরীর মধ্যে আছে জ্ঞান হইবে। কিন্তু ভূমি যে মহালের অন্তর্গত সেই মহাল এই ধারার বিধান-মতে অন্য কালেক্টর সাহেবের কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইলেও যে কালেক্টরীর স্থানসীমার মধ্যে ভূমি থাকে সেই কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[ভূসম্পর্ক বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। মহালভিন্ন কোন ভূমির নিমিত্ত গবর্ণমেণ্টের রাজস্ব পাওনা হইয়া কএক দিন পর্য্যন্ত বাকী থাকিলে, যে কালেক্টর সাহেবকে ঐ রাজস্ব দেওয়া গিয়া থাকে, তিনি ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার লিখিত নোটিস লটকাইয়া দিবেন, এবং ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে ও তৎক্রমে বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় করিবার যে নিয়ম ও যে বিধান হইয়াছে সেই নিয়ম ও সেই বিধানমতে ঐ ভূসম্পর্ক বিক্রয় করাইবেন। এবং তাহা বিক্রয় করণদ্বারা যে টাকা উৎপন্ন হয় কালেক্টর সাহেব ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩১ ধারার বিধানানুসারে সেই টাকা লইয়া কার্য্য করিবেন। এবং সেই ভূমির বিক্রয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইলে, ১৮৫৯ সালের উক্ত ৮ আইনের ২৮ ধা-রাতে মহালসংক্রান্ত যে বিধান আছে উক্ত কালেক্টর

every such Collector shall, upon every such sale of any tenure being final and conclusive, make out such certificate of title thereof as is provided in Section XXVIII of the said Act VIII of 1859 with respect to estates.

[Effect of sale of a tenure.]

XII. The purchaser of any tenure sold under the provisions of Section XI shall acquire it free from all encumbrances which may have been imposed upon it after its creation, or after the time of settlement, whichever may have last occurred, and shall be entitled to avoid and annual all under-tenures, and forthwith to eject all under-tenants with the following exceptions :—

First.—Istemraree or mookurreree tenures which have been held at a fixed rent from the time of the permanent settlement.

Secondly.—Tenures existing at the time of settlement, which have not been held at a fixed rent. Provided always that the rent of such tenure shall be liable to enhancement under any law for the time being in force for the enhancement of the rent of such tenures.

Thirdly.—Tenures or leases created since the term of settlement, and farms for terms of years so held when such tenures and farms have been duly registered under the provisions of this Act.

Fourthly.—Tenures of lands whereon dwelling-houses, manufactories, or other prominent buildings have been erected, or whereon gardens, plantations, tanks, canals, places of worship, or burning or burying grounds have been made, or wells sunk.

[Power of enchancement.]

XIII. Every purchaser of a tenure under Section XI of this Act shall be entitled to proceed in the manner prescribed by any law for the time being in force for the enhancement of the rent of any land coming within the 4th class of exceptions above made if he can prove the same to have been held at what was originally an unfair rent, and if the same shall not have been held at a fixed rent equal to the rent of good arable land, for a term exceeding twelve years, but not otherwise.

[Saving right of ryot.]

XIV.—Provided always that nothing hereinbefore contained shall be construed to entitle any such purchaser, under Section XI of this Act, to eject any ryot having a right of occupancy at a fixed rent, or at a rent assessable according to fixed rules under the laws in force, or to enhance the rent of any such ryot otherwise than in the manner prescribed by such laws, or otherwise than as the former proprietor, irrespectively of all engagements made since the time of settlement may have been entitled to do.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

সাহেব সেই বিধানানুসারে ঐ ভূসম্পার্কের অধিকারের সর্টিফিকট লিখিবেন ইতি।

[ভূমি নীলাম হইবার ফলের কথা।]

১২ ধারা। ১১ ধারার বিধানমতে যে ভূমির নীলাম হয়, যিনি তাহা ক্রয় করেন, ভূসম্পার্ক সৃষ্ট হইবার পরে কিম্বা যদি বন্দোবস্তের কাল পশ্চাৎ হইয়া থাকে তবে তাহার পরে ঐ ভূসম্পার্কের প্রতি যে সকল দায় বর্ত্তান গিয়াছে ক্রেতা তদ্ব্যতীত সেই ভূমি প্রাপ্ত হইবেন এবং তিনি নিম্নলিখিত স্থলভিন্ন অধীন সকল ভূসম্পার্ক রহিত ও ব্যর্থ করিতে পারিবেন এবং সকল অধীন প্রজাকে তৎক্ষণাৎ উঠাইয়া দিতে পারিবেন।

প্রথম। চিরকালীন বন্দোবস্তের সময়াবধি যে ইস্তমরারী কি মোকররী ভূমি অবধারিত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে তাহা।—

দ্বিতীয়। বন্দোবস্তের কালে যে ভূসম্পার্ক ছিল কিন্তু অবধারিত খাজনামতে ভোগ হয় নাই তাহা। কিন্তু তদ্রূপ ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত হয় সেই আইনমতে ঐ ভূমির কর বৃদ্ধি হইতে পারিবে।

তৃতীয়। বন্দোবস্তের কালের পরে যে ভূসম্পার্ক কিম্বা পাট্টা করিয়া দেওয়া গেল এবং কএক বৎসর মিয়াদের যে ইজারা তদ্রূপে ভোগ হয়, সেই ভূসম্পার্ক ও ইজারা এই আইনের বিধানমতে উপযুক্তরূপে রেজিস্টর হইলে তাহা।

চতুর্থ। যে ভূমির উপর বসতবাটী কি কারখানা কিম্বা অন্য প্রকাশ আলয় নির্ম্মিত হইয়াছে, কিম্বা যাহাতে বাগান কি বৃক্ষবাটিকা কি পুষ্করিণী কি খাল কি ভজনালয় কি শ্মশান কি কবরস্থান প্রস্তুত হইয়াছে কি কূপ খনন হইয়াছে সেই ভূমির সম্পার্ক ইতি।

[বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি এই আইনের ১১ ধারামতে ভূমি ক্রয় করিলে পূর্ব্ববর্জ্জিত ভূমির চতুর্থ শ্রেণীর ভূমি প্রথমাবধি অনুপযুক্ত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে যদি ইহার প্রমাণ করিতে পারেন, এবং উত্তম চষ্য ভূমির যে কর হইয়া থাকে, যদি সেই ভূমি তত্তুল্য নির্দ্ধারিত করে দ্বাদশ বৎসরের অধিক কাল ভোগ না হয়, তবে ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত থাকে, তিনি সেই আইনের নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু অন্য স্থলে পারিবেন না ইতি।

[প্রজার স্বত্ব রক্ষার কথা।]

১৪ ধারা। কিন্তু যে প্রজা অবধারিত কর দিয়া কিম্বা প্রচলিত আইনের নির্দ্দিষ্ট বিধিক্রমে যে কর ধার্য্য হয় তাহা দিয়া অধিকারিত্ব স্বত্বপ্রাপ্ত হন, পূর্ব্বোক্ত ক্রেতা এই আইনের ১১ ধারানুসারে তাঁহাকে বহিষ্কৃত করিতে পারিবেন না। এবং পূর্ব্বোক্ত সকল আইনেতে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে তদন্যথায়, এবং বন্দোবস্তের কালের পরে যে সকল করার হইয়া থাকে তাহা না ধরিয়া ভূতপূর্ব্ব ভূম্যধিকারির ক্রেতা যদ্রূপ করবৃদ্ধি করিতে পারিতেন তদন্যথায় বৃদ্ধি করিতে সক্ষম হন, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[Certificate to be made of unliquidated arrears.]

XV. Whenever an estate or tenure shall have been sold for the recovery of the arrears of revenue due on account of the same in pursuance of the powers and provisions of Act XI of 1859, or of this Act, and the produce of such sale, after defraying thereout the expenses of such sale, shall have been insufficient for the liquidation of all arrears of the revenue of such estate or tenure which, according to the said provisions, may be payable thereout, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unliquidated in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Certificate to be made of arrears payable by a farmer.]

XVI. Whenever any estate may be held by any farmer, and arrears of revenue shall be unpaid from such farmer, in respect of such estate for one month after the same shall have become due, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Certificate to be made of arrears of demand.]

XVII. Whenever any arrears of any demand shall be unpaid by any person liable to pay such demand for one month after he shall have been required to pay the same by a notice in writing under the hand of the Collector by whom such demand is receivable, such Collector shall make under his hand a certificate of the amount of such arrears, so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office.

[Effect of Certificate.]

XVIII. Every such certificate made in pursuance of the last preceding Section shall have the force and effect of a decree of a Civil Court, and the Collector by whom such certificate shall have been filed, shall be deemed to be the plaintiff, and the person named as debtor therein shall be deemed to be the defendant.

[Notice of Certificate to be served.]

XIX. The Collector shall forthwith, upon filing any such certificate, issue to the defendant a notice in the form in Schedule C. From and after the service of such notice, the certificate shall bind all the property of such defendant as if a prohibitory order had issued and an attachment been executed against such property under Act VIII of 1859.

[Power of objection to Certificate.]

XX. Any person who may be aggrieved by any such certificate may, within one month

[যে বাকী টাকার শোধ হয় নাই তাহার সর্টিফিকুট লিখিবার কথা।]

১৫ ধারা। বাকী রাজস্ব আদায় করিবার জন্যে যদি কোন জমীদারী কি ভূসম্পর্ক ১৮৫৯ সালের ১১ আইনের কিম্বা এই আইনের ক্ষমতা ও বিধানানুসারে বিক্রয় করা যায়, এবং সেই বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয়ের খরচ দিলে পর উক্ত বিধানানুসারে অবশিষ্ট টাকাহইতে ঐ মহালের কি ভূমির যে বাকী রাজস্ব পরিশোধ হইতে পারে যদি ঐ টাকা সেই বাকী পরিশোধ করিতে না কুলায়, তবে যে বাকীর শোধ না হইয়া থাকে, কালেকটর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে ঐ বাকীর সর্টিফিকুট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[ইজারদারের বাকীর সর্টিফিকট লিখিবার কথা।]

১৬ ধারা। যদি মহাল ইজারদারের ভোগ দখলে থাকে এবং ঐ মহালের উপলক্ষে যে রাজস্ব বাকী হয় তাহা দেনা হইলে পর যদি এক মাসের অধিক কাল ইজারদার হইতে না দেওয়া যায়, তবে যত টাকা তদ্রূপে বাকী থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে তাহার সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[দাওয়ার বাকীর সর্টিফিকট করিবার কথা।]

১৭ ধারা। যাঁহার স্থানে কোন দাওয়ার টাকা পাওনা হয়, তাঁহার সেই টাকা যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়া থাকে তিনি নোটিস লিখিয়া স্বহস্তে স্বাক্ষর করিয়া তাঁহাকে ঐ টাকা দিবার আদেশ করিলে পর যদি এক মাস গত হইলেও সেই দাওয়ার শোধ না হয়, তবে বাকী যত টাকা তদ্রূপে পাওনা থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে সেই বাকীর সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[সর্টিফিকটের যে ফল তাহার কথা।]

১৮ ধারা। দেওয়ানী আদালতের ডিক্রীর যে ফল ও বল হয় ইহার পূর্ব্ব ধারামত সর্টিফিকটের তত্তুল্য ফল ও বল হইবে। যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট অর্পণ করাইলেন তিনি বাদী, ও সেই সর্টিফিকটে খাতক বলিয়া যাঁহার নাম থাকে তিনি প্রতিবাদী জ্ঞান হইবেন ইতি।

[সর্টিফিকটের নোটিস দিবার কথা]।

১৯ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ কোন সর্টিফিকট অর্পণ করাইলে প্রতিবাদির নামে C চিহ্নিত তফসীলের পাঠে অগৌণে নোটিস দিবেন। ১৮৫৯ সালের ৮ আইনক্রমে প্রতিবাদির নামে সম্পত্তি স্থানান্তর করিবার নিষেধসূচক আজ্ঞা বাহির হইয়া ক্রোকের পরওয়ানা জারী হইবার যে ফল হইত ঐ প্রতিবাদিকে ঐ নোটিস দিবার দিবসাবধি ঐ সর্টিফিকটের বলে তাঁহার সকল সম্পত্তি তদ্রূপে বদ্ধ হইবে ইতি।

[সর্টিফিকটে আপত্তি করিবার কথা।]

২০ ধারা। তদ্রূপ সর্টিফিকট দ্বারা কোন ব্যক্তি উৎপাতগ্রস্ত হইলে, যে কালেক্টর সাহেব কর্তৃক ঐ সর্টিফি-

from the day on which the last mentioned notice shall have been served, apply by petition in the form in Schedule D to the Collector by whom such certificate may have been issued, that the same may be set aside or modified or varied. Such Collector, after receiving such application, shall fix a day for the hearing of such application and shall upon the day appointed for hearing such application, or any other day to which such hearing may be adjourned, proceed to hear and determine the application of such applicant, and may set aside or modify or vary such certificate; and every such Collector shall, for hearing and determining any such application, have all the powers in and by Act VIII of 1859 conferred upon the Court for the hearing and determination of claims to attached property; and in case such Collector shall direct the payment of any costs by such applicant, the amount of such costs shall, if the applicant be the defendant, be added to the amount expressed in such certificate, and be recoverable as if the same had been originally contained therein.

[Appeal on such application.]

XXI. Every order made by any Collector upon any such application shall be appealable to the Commissioner: provided alway that no appeal against any such order shall be brought after the expiration of one month from the date of the passing of such order.

[Power to enforce certificate.]

XXII. Every certificate made in pursuance of Section XVII may be enforced by all or any of the ways and means mentioned and provided in and by Act VIII of 1859 for the enforcement of decrees for money, and all the practice and procedure by the said Act VIII of 1859 and by Act XXIII of 1861, or by either of them, in respect of sales in execution of decrees in respect of arrest in execution of decrees for money, in respect of the execution of decrees by imprisonment, and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed, shall apply to every execution issued for levying the monies expressed in such certificate, save that all the duties, powers, and authorities by the said Act or either of them, imposed or conferred upon the Court, shall be exercised by the Collector in whose Office any such certificate or any copy thereof transmitted for execution, according to the provisions of Section CCLXXXVI of Act VIII of 1869, shall have been filed.

[Tenures sold to be registered.]

XXIII. Whenever any Collector shall have sold any tenure or farm in pursuance of any of

কট বাহির করা যায় সেই ব্যক্তি তাঁহার নিকট শেষোক্ত নোটিস জারী হইবার দিনাবধি এক মাসের মধ্যে D চিহ্নিত তফসীলের পাঠে দরখাস্ত করিয়া ঐ সর্টিফিকট অন্যথা কি মতান্তর কি পরিবর্ত্তন করিবার প্রার্থনা করিতে পারিবেন। কালেক্টর সাহেব সেই দরখাস্ত পাইয়া শুনিবার দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে, কিম্বা সেই দিন কর্ম্ম স্থগিত করিয়া ঐ দরখাস্ত শুনিবার অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে, ঐ প্রার্থকের প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবেন এবং সেই সর্টিফিকট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া হইলে, আদালতের প্রতি ১৮৫৯ সালের ৮ আইনক্রমে সেই দাওয়া শুনিবার ও নির্ণয় করিবার যে সকল ক্ষমতা প্রদান হইয়াছে, পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের উক্ত প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবার সেই ক্ষমতা থাকিবে। যদি ঐ কালেক্টর সাহেব উক্ত প্রার্থকের খরচা দিবার আজ্ঞা করেন, তবে প্রতিবাদী ঐ প্রার্থক হইলে ঐ সর্টিফিকটে যে টাকা লেখা হইয়াছে তাহাতে খরচা সংযোগ করা যাইবে ও প্রথমে সেই সর্টিফিকটে লিখিত হওয়ার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[ঐ দরখাস্তের উপর আপীলের কথা।]

২১ ধারা। কালেকুটর সাহেব তদ্রূপ দরখাস্তের বিষয়ে যে আজ্ঞা করেন তাহার উপর কমিস্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু ঐ আজ্ঞা করিবার দিনের পর এক মাস গত হইলে তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[সর্টিফিকট প্রবল করিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। টাকা পাইবার ডিক্রী হইলে পর ১৮৫৯ সালের ৮ আইনক্রমে তাহা প্রবল করিবার যে পন্থা ও উপায় ব্যক্ত ও নির্দ্ধারিত হইয়াছে, ১৭ ধারাক্রমে যে সর্টিফিকট হয় তাহাও সেই সমস্ত কি অন্যতর উপায় দ্বারা প্রবল করা যাইতে পারিবে। এবং ১৮৫৯ সালের উক্ত ৮ আইন দ্বারা এবং ১৮৬১ সালের ২৩ আইন দ্বারা কিম্বা তদন্য একতর আইনদ্বারা ডিক্রী জারীক্রমে বিক্রয় করিবার ও টাকার নিমিত্ত যে ডিক্রী হয় সেই ডিক্রী জারীক্রমে ব্যক্তিকে আসেধ করিবার, এবং কারাবন্ধনদ্বারা ডিক্রী জারী করিবার, এবং ডিক্রী যে আদালতে করা গেল তাহার ক্ষমতার বহির্ভূত স্থানে ডিক্রী জারী করিবার যে ব্যবহার ও যে কার্য্য প্রণালী হইয়াছে, ঐ সর্টিফিকটে লিখিত টাকা আদায় করণার্থ ডিক্রীর প্রতি সেই ব্যবহার ও সেই কার্য্য প্রণালী বর্ত্তিবে। কিন্তু উক্ত সমুদয় কি একতর আইনদ্বারা আদালতের প্রতি যে সকল কর্ম্ম ও শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উক্ত সর্টিফিকট কিম্বা ১৮৫৯ সালের ৮ আইনের ২৮৬ ধারার বিধানমতে জারী করণার্থে তাহার যে প্রতিলিপি পাঠান যায় সেই প্রতিলিপি যে কালেকুটর সাহেবের কাছারীতে অর্পণ করা যায়, তিনি সেই সকল কর্ত্তব্য কর্ম্ম ও সেই শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ইতি।

[যে ভূমি বিক্রয় করা যায় তাহা রেজিস্টর করিবার কথা।]

২৩ ধারা। কোন কালেকুটর সাহেব এই আইনের কোন বিধানানুক্রমে ভূমি কি ইজারা বিক্রয় করিলে

[গবর্ণমেন্ট গেজেট ১৮৬৮। ২১ আপ্রিল।]

the provisions of this Act, he shall forthwith proceed to register the same in pursuance of the provisions of the said Act XI of 1859.

[Repeal of clauses.]

XXIV. From and after the passing of this Act, the Acts and Regulations and portions of Acts and Regulations in Schedule E set forth shall stand and be repealed, so far as they are in such Schedule mentioned to be repealed.

Construction of Act.]

XXV. This Act shall be read with, and taken as part of Act XI of 1859.

SCHEDULE A.

NOTICE.

To

of

Take notice that the estate in the Schedule hereto mentioned will, on the day of , or the first opportunity after be sold for arrears of Revenue.

Name of Estate.	Name of Proprietor.	Amount of Revenue due.	Place of sale.

A. B.,
Collector.

তিনি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের বিধানানুসারে তাহা অগৌণে রেজিষ্টর করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[কএক ধারা রহিত করিবার কথা।]

২৪ ধারা। E চিহ্নিত তফসীলে যে আইন লিখিত হইয়াছে ও যে আইনের যে অংশ তাহাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই তফসীলের নির্দ্দিষ্টমতে রহিত হইবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

২৫ ধারা। এই আইন ১৮৫৯ সালের ১১ আইনের সঙ্গে পঠিত হইয়া তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

A চিহ্নিত তফসীল।

নোটিস।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতি আগে।

বাকী রাজস্বের নিমিত্তে এই তফসীলের লিখিত মহাল অমুক সালের অমুক মাসের অমুক দিবসে কিম্বা তৎপরে প্রথম সুযোগ হইলে বিক্রয় করা যাইবে এই কথা অবগত হও।

মহালের নাম।	ভূম্যধিকারির নাম।	যত টাকা রাজস্ব বাকী।	নীলাম হইবার স্থান।

শ্রী অমুক।
কালেক্টর।

SCHEDULE B.

Certificate of arrear of Revenue or Demand filed in Office of Collector.

Name of Debtor.	Address.	Nature of Demand.	Amount of demand.	No. of Certificate.
C. D.				

I certify that the above-mentioned sum of Rupees is due to Government from the above-named C. D.

Dated this *day of* 18 .

A. B.,
Collector of

B চিহ্নিত তফসীল।

বাকী রাজস্বের কি দাওয়ার যে সর্টিফিকট কালেক্টরী কাছারীতে অর্পণ হইয়াছে তাহা।

খাতকের নাম।	বাসস্থানাদি।	দাওয়ার ভাব।	যত টাকার দাওয়া।	সর্টিফিকটের নম্বর।

৮৩ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কি অন্য ব্যক্তি পরওয়ানাক্রমে কোন ব্যক্তিকে ধরিতে ক্ষমতা প্রাপ্ত হইয়া, আপনার ক্ষমতা ও অভিপ্রায় জ্ঞাত করিয়া উপযুক্তমতে কোন ঘরে কি স্থানে প্রবেশ করিবার অনুমতি চাহিলে পর, যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পারে, তবে ঐ পরওয়ানা জারীকরিবার জন্যে ঘরের, অর্থাৎ অভিযুক্ত ব্যক্তির কি অন্য কোন কাহার ঘরের কি স্থানের সদর কি খিড়কি দ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিয়া প্রবেশ করিতে পারিবে ইতি।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিবার কথা।]

৮৪ ধারা। যে অপরাধের নিমিত্তে ধৃত করিবার পরওয়ানা বাহির হইতে পারে, যাহার নামে সেই অপরাধের অভিযোগ হইল, সেই ব্যক্তি কোন অন্তঃপুরে লুক্কায়িত আছে এমত সম্বাদ যদি পাওয়া যায়, ও সেই অন্তঃপুরে যদি স্ত্রীগণ থাকে, ও দেশাচারমতে ঐ স্ত্রীগণ প্রকাশ স্থানে না যায়, তবে পোলীসের যে কর্ম্মকারক কি অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানামতে কর্ম্ম করিতে নিযুক্ত হয়, সে ঐ অভিযুক্ত ব্যক্তির পলাইতে না পারিবার যাহা আবশ্যক তাহাই করিবে।

যদি সেই অভিযুক্ত ব্যক্তি আপনাকে ধরা না দেয়, তবে পোলীসের যে কর্ম্মকারক কি অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানা জারী করিতে ক্ষমতাপন্ন হয়, সে আপনার ক্ষমতা ও অভিপ্রায় জ্ঞাত করিয়া প্রবেশ করিবার অনুমতির দাওয়া করিতে পারিবে।

ঐ সম্বাদ দিয়া ও দাওয়া করিয়াও যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পারে, তবে যাহার নামে পরওয়ানা বাহির হইল তদ্ভিন্ন যে কোন স্ত্রী উক্ত অন্তঃপুরে

ment, not being a person against whom a warrant has been issued, that she is at liberty to withdraw, and afford her every reasonable facility for withdrawing, and may then break open the apartment and execute the warrant.

[No unnecessary restraint.]

85. The person arrested shall not be subjected to more restraint than is necessary to prevent his escape.

[Person arrested to be brought before Magistrate.]

86. The officer or other person executing the warrant shall, without unnecessary delay, bring the person arrested before the Magistrate before whom he is required by this Act to produce such person.

[Inducements to disclosure or confession.]

87. No Police officer or other person shall offer to the person arrested any inducement, by threat or promise or otherwise, to make any disclosure or confession.

But no Police officer or other person shall prevent the person arrested, by any caution or otherwise, from making any disclosure or confession which he may be disposed to make of his own free will.

[Provisions as to warrant and its service and issue to apply to all warrants of arrest.]

88. The provisions relating to a warrant and its service and issue contained in this chapter, shall be applicable to every warrant of arrest issued under this Act.

CHAPTER VI.

OF ARREST WITHOUT WARRANT.

[When Police officer may arrest without warrant.]

89. A Police officer in the cases hereinafter mentioned may, without orders from a Magistrate and without a warrant, arrest—

First—Any person who, in the sight of such Police officer, commits an offence specified in column 3 of the second schedule hereto annexed as an offence for which Police officers may arrest without a warrant:

Secondly—Any person against whom a reasonable complaint has been made or a reasonable suspicion exists of his having been concerned in any such offence:

Thirdly—Any person against whom a hue and cry has been raised of his having been concerned in any such offence:

Fourthly—Any person who is a proclaimed offender:

থাকে তাহাকে স্থানান্তরে যাইবার অনুমতি জানাইয়া ও সর্ব্বপ্রকারে তাহার স্থানান্তরে গমন করিবার যুক্তিমত সাহায্য করিয়া, ঐ অন্তঃপুরের দ্বারাদি ভাঙ্গিয়া পরওয়ানামতে কার্য্য করিবে ইতি।

[অনাবশ্যক কষ্ট না দিবার কথা।]

৮৫ ধারা। ধৃত ব্যক্তির পলায়ন করা নিবারণের জন্যে যে পর্য্যন্ত আবশ্যক হয়, তাহাকে তদধিক কষ্ট দিয়া আটক করিয়া রাখিতে হইবে না ইতি।

[ধৃত ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিবার কথা।]

৮৬ ধারা। এই আইন অনুসারে যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অভিযুক্ত ব্যক্তিকে উপস্থিত করাইতে হইবে, যে কর্ম্মকারক কিম্বা অন্য যে ব্যক্তি পরওয়ানা জারী করে, সে অনাবশ্যক বিলম্ব না করিয়া তাহাকে তাঁহার নিকটে আনিবে ইতি।

[কোন কথা প্রকাশ করিবার কি স্বীকার করিবার প্রবৃত্তির কথা।]

৮৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কি অন্য কোন ব্যক্তি ঐ ধৃত ব্যক্তিকে ভয় দর্শাইয়া, কিম্বা কোন অঙ্গীকার কি প্রকারান্তরের কথা কহিয়া, তাহার কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি জন্মাইবে না।

কিন্তু সেই ধৃত ব্যক্তি স্বেচ্ছামতে কোন কথা প্রকাশ করিতে চাহিলে পোলীসের কর্ম্মকারক কি অন্য কোন ব্যক্তি তাহাকে সতর্ক করিয়া কি অন্য কোন প্রকারে বারণ করিবে না ইতি।

[পরওয়ানার ও পরওয়ানা দেওনের ও প্রবল করণের বিধি, ধৃত করিবার সকল পরওয়ানার প্রতি খাটিবার কথা।]

৮৮ ধারা। এই অধ্যায়ে পরওয়ানা ও পরওয়ানা জারী করিবার ও দিবার যে সকল বিধান আছে, এই আইনমতে ধৃত করিবার যত পরওয়ানা বাহির হয় তাহার প্রতি সেই বিধান বর্ত্তে ইতি।

ষষ্ঠ অধ্যায়।

পরওয়ানাভিন্ন ধৃত করিবার বিধি।

[পোলীসের কর্ম্মকারকের পরওয়ানাভিন্ন ধরিবার ক্ষমতার কথা।]

৮৯ ধারা। পশ্চাৎ লিখিত কোন স্থলে পোলীসের কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আজ্ঞা না পাইয়া ও পরওয়ানা বিনাও ধৃত করিতে পারিবে অর্থাৎ,

প্রথম। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাভিন্ন ধৃত করিতে পারে, কোন ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের দৃষ্টিগোচরে এই আইনের অন্তভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট তদ্রূপ কোন অপরাধ করিলে তাহাকে

দ্বিতীয়। যাহার নামে তদ্রূপ কোন অপরাধ করিবার যুক্তিমত নালিশ হয়, কিম্বা যাহার প্রতি যুক্তিমতে তদ্রূপ অপরাধে লিপ্ত থাকার সন্দেহ হইতে পারে তাহাকে

তৃতীয়। তদ্রূপ কোন অপরাধে লিপ্ত আছে বলিয়া যাহার পশ্চাক্তেৎ শোরশার হয় তাহাকে

চতুর্থ। অপরাধি বলিয়া যাহার নাম ঘোষিত হয় তাহাকে।

Fifthly—Any person found with stolen property in his possession ; and

Sixthly—Any person who obstructs a Police officer while in the execution of his duty.

[Arrest of vagabonds, &c.]

90. An officer in charge of a Police station may, without orders from a Magistrate and without a warrant, arrest or cause to be arrested any person found lurking within the limits of such station who has no ostensible means of subsistence, or who cannot give a satisfactory account of himself,

or any person who is a reputed robber, housebreaker, thief, or receiver of stolen property knowing it to be stolen,

or who is of notoriously bad livehood.

[Police to prevent certain offences.]

91. It shall be the duty of every Police officer to prevent, and he may interpose for the purpose of preventing, the commission of any offence specified in column 3 of the second schedule hereto annexed as an offence for which Police officers may arrest without a warrant.

[Information of design to commit such offences.]

92. It shall be the duty of a Police officer receiving information of a design to commit any such offence, to communicate such information to the Police officer to whom he is subordinate, and to any other officer whom it may concern to prevent or take cognizance of the commission of any such offence.

[Arrest to prevent such offences.]

93. A Police officer, knowing of a design to commit any such offence, may arrest, without orders from a Magistrate and without a warrant, the person so designing, if the commission of the offence cannot be otherwise prevented.

[Injury to public property.]

94. A Police officer may, of his own authority, interpose for the prevention of any injury attempted to be committed in his view to any public building, work of art, road, bridge, tank, well, or water-channel, or to prevent the removal or injury of any public land-mark, or any buoy or other mark used for navigation.

[Ingress to be allowed into house entered by person of whom Police are in search.]

95. If there is reason to believe that any person liable to arrest under this chapter without a

পঞ্চম। যাহার নিকটে চোরা দ্রব্য পাওয়া যায় তাহাকে

ষষ্ঠ। পোলীসের কর্ম্মকারকের কর্ত্তব্য কর্ম্ম করণকালে যে ব্যক্তি তাহার বাধা জন্মায় তাহাকে ইতি।

[ভ্রমণকারি ব্যক্তিপ্রভৃতিকে ধরিবার কথা।]

৯০ ধারা। যাহার দিনপাতের স্পষ্ট সঙ্গতি না থাকে, কিম্বা যে ব্যক্তি হৃদ্বোধমতে আপনার বৃত্তান্ত জানাইতে না পারে

কি যে ব্যক্তি প্রসিদ্ধ দস্যু কি অপরাধ ভাবে পরগৃহ প্রবেশকারী কি চোর হয়, কিম্বা চোরা দ্রব্য চোরা জানিয়া গ্রহণ করে

কিম্বা যাহার প্রসিদ্ধ অসৎ জীবিকা থাকে, এমত কোন ব্যক্তিকে যদি পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কর্ম্মকারকের থানার এলাকার মধ্যে গুপ্ত থাকনাবস্থায় পাওয়া যায়, তবে ঐ কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আজ্ঞা না পাইয়া ও পরওয়ানাভিন্ন ঐ ব্যক্তিকে ধৃত করিতে কি করাইতে পারিবে ইতি।

[কোন২ অপরাধ পোলীসের নিবারণ করিবার কথা।]

৯১ ধারা। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা পরওয়ানাভিন্ন ধরিতে পারিবে, এই আইনের অন্তভাগের তফসীলের ৩ ঘরের নির্দ্দিষ্ট তদ্রূপ কোন অপরাধ নিবারণ করা ও তাহা নিবারণ করণার্থে হস্তক্ষেপ করা পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারকের কর্ত্তব্য ইতি।

[ঐ অপরাধ করিবার মানস জানাইবার কথা।]

৯২ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক তদ্রূপ অপরাধ করিবার কল্পনার কথা অবগত হইলে, তাহার কর্ত্তব্য যে আপনি পোলীসের যে কর্ম্মকারকের অধীন থাকে তাহাকে, ও তদ্রূপ অপরাধ নিবারণের কিম্বা অপরাধ হইলে তাহার অনুসন্ধানের কার্য্যেতে অন্য যে কর্ম্মকারকের সম্পর্ক থাকে তাহাকে সেই কথা জ্ঞাত করে ইতি।

[তদ্রূপ অপরাধ নিবারণার্থে ধৃত করিবার কথা।]

৯৩ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার কল্পনার কথা অবগত হইলে, যদি সেই কল্পনাকারি ব্যক্তিকে ধৃত না করিলে ঐ অপরাধ নিবারণ হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা না পাইয়া ও পরওয়ানাবিনা ঐ কল্পনাকারি ব্যক্তিকে ধরিয়া রাখিতে পারিবে ইতি।

[রাজকীয় সম্পত্তির হানি করণের কথা।]

৯৪ ধারা। পোলীসের কর্ম্মকারকের দৃষ্টিগোচরে রাজকীয় কোন গাঁথনির কি শিল্পবিদ্যাঘটিত কর্ম্মের কি পথের কি সাঁকোর কি পুকুরের কি কূপের কি জলপ্রণালীর কোন হানি করিবার উদ্যোগ হইলে, ঐ কর্ম্মকারক তাহা নিবারণার্থে, কিম্বা রাজকীয় কোন ভূমির চিহ্ন, কি বয়া কি নৌকাদির পথ দর্শাইবার অন্য চিহ্ন স্থানান্তর কি তাহার হানি করা নিবারণার্থে, স্বীয় ক্ষমতাক্রমে প্রতিবন্ধক হইতে পারিবে ইতি।

[পোলীসের কর্ম্মকারক যাহাকে অন্বেষণ করিতেছে সেই ব্যক্তি কোন গৃহে প্রবেশ করিলে তাহাতে ঐ কর্ম্মকারককে প্রবেশ করিবার অনুমতি দেওয়ার কথা।]

৯৫ ধারা। এই অধ্যায়মতে যে ব্যক্তি পরওয়ানাভিন্ন ধৃত হইবার যোগ্য, পোলীসের কোন কর্ম্মকারক

warrant, of whom a Police officer is in search, has entered into or is within any house or place, it shall be the duty of the person residing in or in charge of such house or place, on the demand of such Police officer, to allow ingress thereto, and all reasonable facilities for a search therein.

[Procedure where ingress not obtained.]

96. If ingress to such house or place cannot be obtained under section 95, the Police officer authorized to make the arrest shall take such precautions as may be necessary to prevent the escape of the person to be arrested and send immediate information to a Magistrate.

If no warrant can be obtained without affording such person an opportunity of escape, and there is no person authorized to enter without a warrant on the spot, the Police officer may make an entry into such house or place and search therein.

[Person charged refusing to give his name and residence.]

97. Any person who is known or suspected to have committed an offence for which a Police officer is not authorized to arrest without a warrant, and who refuses on demand of a Police officer to give his name and residence, or gives a name or residence which there is reason to believe to be false, may be detained by such Police officer for the purpose of ascertaining the name or residence of such person and with a view to future porceedings.

[Party arrested to be taken before Magistrate or officer in charge of Police station.]

98. A Police officer making an arrest under this chapter shall, without unnecessary delay, take or send the person arrested before the Magistrate having jurisdiction in the case, or before the officer in charge of a Police station.

[Offence committed in Magistrate's presence.]

99. When any offence is committed in the presence of a Magistrate, he may order any person to arrest the offender, and may thereupon commit him to custody, or, if the offence is bailable, may admit him to bail.

[Unlawful assembly to disperse on order.]

100. A Magistrate or officer in charge of a Police station may command an unlawful assembly to disperse, and it shall thereupon be the duty of the members of such unlawful assembly to disperse accordingly.

এমত ব্যক্তির সন্ধানে থাকিলে সেই ব্যক্তি কোন ঘরে কি অন্য স্থানে প্রবেশ করিয়াছে কি আছে যদি এমত জানিবার হেতু থাকে, তবে পোলীসের সেই কর্ম্মকারক ঐ গৃহাদিতে প্রবেশ করিবার অনুমতি চাহিলে, ঐ গৃহ কি স্থান বাসি কি রক্ষক ব্যক্তির কর্ত্তব্য যে ঐ কর্ম্মকারককে প্রবেশ করিতে দেয়, ও তাহার মধ্যে যুক্তিমত অন্বেষণ করিতে সর্ব্ব প্রকার সাহায্য করে ইতি।

[প্রবেশ করিতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহারকথা।]

৯৬ ধারা। যদি সেই ঘরে কি স্থানে ইহার পূর্ব্ব ধারামতে প্রবেশ করিবার অনুমতি না পাওয়া যায়, তবে ধৃত করিবার ক্ষমতাপন্ন পোলীসের ঐ কর্ম্মকারক যাহাকে ধরিতে চেষ্টা করে, তাহার পলায়ন করিতে না পারিবার যাহা আবশ্যক তাহাই করিয়া, অগৌণে মাজিষ্ট্রেট সাহেবকে সম্বাদ দিবে।

যদি পরওয়ানা লইতে গেলে সেই ব্যক্তির অবশ্যই পলায়ন করিবার অবকাশ হয়, ও পরওয়ানাভিন্ন প্রবেশ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি যদি সেই স্থানে না থাকে, তবে পোলীসের ঐ কর্ম্মকারক ঐ গৃহে কি স্থানে প্রবেশ করিয়া তথায় অন্বেষণ করিতে পারিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তি আপন নাম ও বাসস্থান জানাইতে স্বীকার না করিলে তাহার কথা।]

৯৭ ধারা। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারক পরওয়ানাভিন্ন ধরিতে পারে না এমত অপরাধী যাহাকে জানা যায় কি যাহার প্রতি সন্দেহ থাকে, পোলীসের কর্ম্মকারক সেই ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেও, যদি সে আপন নাম ও বাসস্থান জানাইতে স্বীকার না করে, কিম্বা যে নাম কি বাসস্থান জানায় তাহা যদি অপ্রকৃত জানিবার কারণ থাকে, তবে পোলীসের কর্ম্মকারক ঐ ব্যক্তির নাম কি বাসস্থান জানিবার জন্যে ও পরে বিচারাদি কার্য্য হইবার নিমিত্তে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবে ইতি।

[ধৃত ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীস থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকট উপস্থিত করিবার কথা।]

৯৮ ধারা। পোলীসের কর্ম্মকারক এই অধ্যায়মতে কোন ব্যক্তিকে ধৃত করিলে, যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে অনাবশ্যক বিলম্ব না করিয়া তাঁহার নিকটে, কিম্বা পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে ঐ ধৃত ব্যক্তিকে লইয়া যাইবে কি পাঠাইবে ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের দৃষ্টিগোচরে অপরাধ হইলে তাহার কথা।]

৯৯ ধারা। যদি মাজিষ্ট্রেট সাহেবের দৃষ্টিগোচরে কোন অপরাধ করা যায়, তবে তিনি কোন ব্যক্তির প্রতি অপরাধিকে ধরিবার আজ্ঞা করিতে ও তাহাকে প্রহরির জিম্মায় রাখিতে পারিবেন, কিম্বা সেই অপরাধের নিমিত্তে দর্শনপ্রতিভূ লইতে পারিলে তাহা লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[আজ্ঞা পাইলেই অবৈধরূপে একত্রীভূত লোকদিগের পৃথক হইয়া যাইতে হইবার কথা।]

১০০ ধারা। অবৈধমতে লোক সংগ্রহ হইলে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের থানার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাহাদিগকে পৃথক হইয়া চলিয়া যাইতে আজ্ঞা করিতে পারিবেন। তাহাতে অবৈধমতে সংগৃহীত সেই লোকদের কর্ত্তব্য যে তদনুসারে পৃথক হইয়া চলিয়া যায় ইতি।

CHAPTER VII.

Of Escape and Re-taking.

[Re-taking of person escaped.]

101. If a person lawfully arrested under the provisions of this Act shall escape, or be rescued, the Police officer or other person from whose custody the person so arrested has escaped, or has been rescued, may make fresh pursuit, and retake him in any place, either within or without the jurisdiction where he was so in custody, and may deal with such person as such Police officer or other person might have done on an original taking.

[Course to be followed in order to re-take.]

102. In order to re-take any person, as provided in section 101, the Police officer or other person making such fresh pursuit may adopt the same measures as he might have adopted on the original taking.

সপ্তম অধ্যায়।

পলায়ন ও পুনরায় ধৃত করণসম্পর্কীয় বিধি।

[পলাতককে পুনরায় ধরিবার কথা।]

১০১ ধারা। এই আইনের বিধানমতে কোন ব্যক্তি বৈধমতে ধৃত হইয়া যদি পলায়ন করে, কিম্বা তাহাকে যদি ছাড়াইয়া দেওয়া যায়, তবে পোলীসের যে কর্ম্মকারকের কি অন্য যে ব্যক্তির জিম্মাহইতে ঐ ধৃত ব্যক্তি পলায়ন করিল কি তাহাকে ছাড়াইয়া দেওয়া গেল, সেই কর্ম্মকারকপ্রভৃতি পুনরায় তাহার পশ্চাতে যাইয়া যে এলাকায় হাজতে ছিল, সেই এলাকার অন্তর্গত কি বহির্ভূত কোন স্থানে তাহাকে পুনরায় ধরিতে পারিবে, ও পোলীসের সেই কর্ম্মকারক কি অন্য ব্যক্তি তাহাকে প্রথমবার ধরিয়া তাহার প্রতি যেরূপ ব্যবহার করিতে পারিত, সেইরূপ ব্যবহার করিবে ইতি।

[পুনশ্চ ধরিবার জন্যে যাহা করিতে হয় তাহার কথা।]

১০২ ধারা। পোলীসের কে কর্ম্মকারক কি অন্য ব্যক্তি ১০১ ধারার বিধানমতে কোন ব্যক্তিকে পুনরায় ধরিবার জন্যে তাহার পশ্চাৎ২ পুনরায় ধাবমান হয়, সে প্রথমবার ধরিবার জন্যে যদ্রূপ কার্য্য করিতে পারিত, সেই প্রকারের কার্য্য করিতে পারিবে ইতি।

CHAPTER VIII.

Of Search-Warrant.

[Search-warrant when grantable.]

103. When a Magistrate considers that the production of anything is essential to the conduct of an enquiry into an offence known or suspected to have been committed, he may grant his warrant to search for such thing; and the officer charged with the execution of such warrant may search for such thing in any house or place within the jurisdiction of such Magistrate.

In such case the Magistrate may specify in his warrant the house or place, or part thereof, to which only the search shall extend.

[Direction of search-warrant.]

104. A search-warrant shall ordinarily be directed to a Police officer; but the Magistrate issuing the search-warrant may, if immediate search be necessary and no Police officer be immediately available, direct the warrant to any other person.

[Warrant to Police officer may be executed by his subordinate.]

105. A search-warrant directed to an officer in charge of a Police station may, if he is not able to proceed in person, be executed by any officer subordinate to him.

অষ্টম অধ্যায়।

অন্বেষণের পরওয়ানার বিধান।

[মাজিষ্ট্রেট সাহেব যেং স্থলে অন্বেষণ করিবার পরওয়ানা দিতে পরেন তাহার কথা।]

১০৩ ধারা। যে অপরাধ হওয়া জানা গেল কি সন্দেহ হইল, তাহার অনুসন্ধানের কার্য্য করণার্থে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে, সেই দ্রব্যের অন্বেষণ করিবার পরওয়ানা দিতে পারিবেন। ও যে কর্ম্মকারকের প্রতি সেই পরওয়ানামতে কর্ম্ম করিবার ভার অর্পিত হয়, তিনি ঐ মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের মধ্যবর্ত্তি কোন ঘরে কি স্থানে ঐ দ্রব্যের অন্বেষণ করিতে পারিবেন।

এমত স্থলে যে ঘরে কি স্থানে কি তাহার যেং ভাগে অন্বেষণ করিতে হইবে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানাতে তাহা নির্দ্দিষ্ট করিতে পারিবেন। তাহা হইলে সেই ভাগভিন্ন অন্য ভাগে অন্বেষণ করা যাইবে না ইতি।

[যাহার নামে দিতে হইবে তাহার কথা।]

১০৪ ধারা। অন্বেষণ করিবার পরওয়ানা সামান্যতঃ পোলীসের কর্ম্মকারকের নামে দেওয়া যাইবে। কিন্তু যদি অগোণে অন্বেষণ করা আবশ্যক, ও পোলীসের কোন কর্ম্মকারককে তৎক্ষণাৎ পাঠান যাইতে না পারে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দেন, তিনি তাহা জারী করণার্থে অন্য কোন ব্যক্তির নামে দিতে পারিবেন ইতি।

[পোলীসের এক কর্ম্মকারককে পরওয়ানা দেওয়া গেলে অধীন কর্ম্মকারকদ্বারা পরওয়ানা সাধনের কথা।]

১০৫ ধারা। পোলীসের থানার কর্ম্মের ভার যে কর্ম্মকারকের প্রতি থাকে তাঁহার নামে অন্বেষণ করিবার পরওয়ানা দেওয়া গেলে, যদি তিনি যাইতে না পারেন, তবে অধীন কোন কর্ম্মকারকের দ্বারা ঐ পরওয়ানামত কার্য্য হইতে পারিবে।

[Endorsement.]

In such case the name of the subordinate officer shall be endorsed upon the warrant by the officer to whom it is directed.]

[Execution of search-warrant out of jurisdiction of Magistrate issuing it.]

106. When it is necessary for a search-warrant to be executed out of the jurisdiction of the Magistrate issuing the warrant, the Magistrate within whose jurisdiction the warrant is to be executed shall endorse his name thereon. Such endorsement shall be sufficient authority for the Police officer charged with the execution of the warrant to execute the same within the said jurisdiction.

Or the search-warrant may be directed to the Magistrate within whose jurisdiction the search is to be made, and he shall thereupon endorse his name on such warrant, and enforce its execution in the same manner as if it had been issued by himself.

[Search-warrants may, in emergency, be executed without endorsement.]

107. Whenever there is reason to believe that the delay occasioned by obtaining the endorsement of the Magistrate in whose district the warrant is to be executed will prevent the discovery of the thing for which search is to be made, the Police officer charged with the execution of the warrant may execute the same in any place beyond the jurisdiction of the Magistrate by whom it was issued, without the endorsement of the Magistrate in whose jurisdiction that place is situate.

[Thing found to be taken to Magistrate within whose jurisdiction it is found. Order thereon.]

If the thing for which search is made is found in such place, it shall be immediately taken before the Magistrate in whose jurisdiction it is found, and unless there be good cause to the contrary, he shall make an order authorizing it to be taken to the Magistrate who issued the warrant.

[Procedure in such cases within local limits of High Court.]

108. If the thing searched for be found within the local limits of the High Court, it shall be taken to the Commissioner of Police or to a Police Magistrate, who shall act in the manner prescribed in section 107.

[পৃষ্ঠ লিপির কথা।]

এমন স্থলে ঐ পরওয়ানা যাহার নামে দেওয়া গিয়াছিল, তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে ঐ অধীন কর্ম্মকারকের নাম লিখিয়া দিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের এলাকার বাহিরে পরওয়ানামত কার্য্য হইবার কথা।]

১০৬ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেব অন্বেষণের পরওয়ানা দেন, যদি তাঁহার বিচারাধিপত্যের বহির্ভূত স্থানে সেই পরওয়ানামত কার্য্য করিতে হয়, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের মধ্যে ঐ পরওয়ানামত কার্য্য করিতে হইবে তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে আপন নাম লিখিয়া দিবেন। তাহাহইলে ঐ পরওয়ানামত কার্য্য করিবার ভার পোলীসের যে কর্ম্মকারককে দেওয়া যায়, ঐ নাম লিখন উক্ত স্থানে তাঁহার ঐ পরওয়ানামত কার্য্য করিবার উপযুক্ত ক্ষমতাস্বরূপ হইবে।

অথবা যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য স্থানের মধ্যে অন্বেষণ করিতে হইবে, পরওয়ানা তাঁহারই নামে দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে আপনার নাম লিখিবেন ও আপনার পরওয়ানার ন্যায় ঐ পরওয়ানামত কার্য্য করাইবেন ইতি।

[অত্যাবশ্যক কোন২ স্থলে তলাশী পরওয়ানার পৃষ্ঠে নাম লেখা না হইলেও তদনুসারে কার্য্য হইবার কথা।]

১০৭ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের জিলার মধ্যে পরওয়ানা জারী করিতে হইবে তাঁহার নাম পরওয়ানার পৃষ্ঠে লেখাইতে হইলে বিলম্ব সম্ভাবনা, ও যে দ্রব্যের অন্বেষণ করিতে হয় তৎপ্রযুক্ত তাহার সন্ধান পাওয়ার বাধা হইবে, এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, পোলীসের যে কর্ম্মকারকের প্রতি সেই পরওয়ানামত কর্ম্ম করিবার ভারার্পণ হয়, যে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দেন তাঁহার বিচারাধিপত্যের বহির্ভূত স্থানের মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষর ভিন্নও তাঁহার বিচারাধিপত্যের মধ্যবর্ত্তি কোন স্থানে সে ঐ পরওয়ানামতে কর্ম্ম করিতে পারিবে।

[প্রাপ্ত দ্রব্য যাঁহার এলাকার মধ্যে পাওয়া যায় সেই মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অগৌণে লইয়া যাইবার ও তদ্বিষয়ের আজ্ঞার কথা।]

যদি অন্বেষিত দ্রব্য সেই স্থানে পাওয়া যায়, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য স্থানের মধ্যে পাওয়া গেল তাঁহার নিকটে অগৌণে সেই দ্রব্য লইয়া যাইতে হইবে। ও বিপরীত উপযুক্ত কারণ না থাকিলে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দিয়াছিলেন তিনি ঐ দ্রব্য তাঁহার নিকটে লইয়া যাইতে আজ্ঞা করিবেন ইতি।

[তদ্রূপ স্থলে হাই কোর্টের ক্ষমতাধীন স্থানের মধ্যে যেরূপ কার্য্য করিতে হইবে তাহার কথা।]

১০৮ ধারা। যে দ্রব্যের অন্বেষণ করা যায় তাহা যদি হাই কোর্টের ক্ষমতার অধীন স্থানের মধ্যে পাওয়া যায়, তবে পোলীসের প্রধান কমিস্যনর সাহেবের কি পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই দ্রব্য লইয়া যাইতে হইবে, ও তিনি ১০৭ ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিবেন ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৬ মে।]

[Magistrate may issue search-warrant to be executed in jurisdiction of another Magistrate.]

109. Whenever it may appear necessary, a Magistrate may, by the warrant, order search to be made in a place out of his jurisdiction, and may direct that the warrant be executed either after or without obtaining the endorsement of the Magistrate within whose jurisdiction the search is to be made.

When a Magistrate issues a warrant under this section, he shall inform the Magistrate within whose jurisdiction the house or place to be searched is situate, or if the house or place be situate within the local limits of the High Court, he shall inform the Commissioner of Police of the issue of such warrant.

[Magistrate may send search-warrant by post to Magistrate of another district.]

110. A Magistrate issuing a warrant for the search of any house or place out of the jurisdiction of the Magistrate of the District, may direct the warrant to any Magistrate within whose jurisdiction such house or place is situate, and may send the same by post.

[Endorsement and execution by such Magistrate.]

On receipt of the warrant by the Magistrate to whom it is directed, he shall endorse his name thereon, and enforce its execution in the same manner as if it had been originally issued by himself.

[Direction of warrant to be executed in local limits of High Court.]

If the warrant is to be executed within the local limits of the High Court, it shall be directed to the Commissioner of Police or to a Police Magistrate. In such case any property found on search made may be dealt with as provided in sections 107 and 108.

[Persons in charge of closed house to allow search.]

111. If the house or place to be searched is closed, it shall be the duty of any person residing in or being in charge of such house or place, on demand of the officer or other person executing the warrant, to allow such officer or other person free ingress thereto, and to afford all reasonable facilities for a search therein.

[Place to be searched may be broken open.]

112. A Police officer or other person authorized by a warrant to search any house or place, may break open any outer or inner door or win-

[ভিন্ন মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে অন্বেষণের পরওয়ানা দিবার কথা।]

১০৯ ধারা। যখন আবশ্যক বোধ হয়, তখন কোন মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানাক্রমে আপন ক্ষমতাধীন স্থানের বহির্ভূত কোন স্থানে অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে অন্বেষণ করিতে হইবেক, ঐ পরওয়ানার পৃষ্ঠে তাঁহার স্বাক্ষর গ্রহণক্রমে কিম্বা স্বাক্ষর বিনা ঐ পরওয়ানামতে কার্য্য হইবার আজ্ঞা করিতে পারিবেন।

কোন মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে পরওয়ানা দিলে যে ঘরে কি স্থানে অন্বেষণ করিতে হইবে তাহা যে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে, তিনি তাঁহাকে আপনার ঐ পরওয়ানা দিবার সম্বাদ দিবেন, কিম্বা ঐ ঘর কি স্থান যদি কোন হাই কোর্টের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকে, তবে পোলীসের প্রধান কমিস্যনর সাহেবকে ঐ সম্বাদ দিবেন ইতি।

[অন্বেষণের পরওয়ানা ভিন্ন জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ডাকযোগে পাঠাইবার কথা।]

১১০ ধারা। কোন মাজিষ্ট্রেট যদি জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের বহির্ভূত কোন ঘরে কি স্থানে অন্বেষণ করিবার পরওয়ানা দেন, তবে ঐ ঘর কি স্থান যাঁহার ক্ষমতাধীন থাকে সেই মাজিষ্ট্রেট সাহেবের নামে ঐ পরওয়ানা লিখিয়া ডাকযোগে পাঠাইতে পারিবেন।

[ঐ মাজিষ্ট্রেট সাহেব কর্ত্তৃক পৃষ্ঠলিপি করণ ও প্রবল করণের কথা।]

ঐ পরওয়ানা যে মাজিষ্ট্রেট সাহেবের নামে দেওয়া যায়, তিনি তাহা পাইলে তাহার পৃষ্ঠে আপন নাম লিখিয়া আপনার পরওয়ানার ন্যায় ঐ পরওয়ানামত কার্য্য করাইবেন ইতি।

[হাই কোর্টের ক্ষমতাধীন স্থানে যে পরওয়ানা জারী হইবে তাহার শিরোলিপির কথা।]

যদি হাই কোর্টের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে সেই পরওয়ানা জারী করিতে হয়, তবে পোলীসের কমিস্যনর সাহেবের কিম্বা পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের নামে লিখিয়া দিতে হইবে। এমত স্থলে অন্বেষণ করিয়া যে কিছু দ্রব্য পাওয়া যায় ১০৭ ও ১০৮ ধারার বিধানমতে সেই দ্রব্য লইয়া কার্য্য হইতে পারিবে ইতি।

[বদ্ধগৃহের রক্ষকদিগের সেই ঘরে অন্বেষণ করিতে অনুমতি দিবার কথা।]

১১১ ধারা। যে ঘরে কি স্থানে অন্বেষণ করিতে হইবে তাহা যদি বদ্ধ থাকে, তবে যে কর্ম্মকারক কি অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানামতে কার্য্য করিবে সে অনুমতি চাহিলে, ঐ ঘর কি স্থান নিবাসির কি রক্ষকের কর্ত্তব্য যে তাহাকে অবাধে প্রবেশ করিতে দেয়, ও সর্ব্বপ্রকারে তাহার তথায় অন্বেষণ করিবার যুক্তিমত সাহায্য করে ইতি।

[যে স্থানে অন্বেষণ করিতে হইবে তাহা ভাঙ্গিয়া খুলিবার কথা।]

১১২ ধারা। পোলীসের যে কার্য্যকারক কিম্বা অন্য যে ব্যক্তি পরওয়ানাক্রমে কোন ঘরে কি স্থানে অন্বেষণ করিতে ক্ষমতাপন্ন হয় সে আপনার ক্ষমতা ও অভি-

dow of the house or place in order to execute the warrant, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking of zanáná.]

113. If the place ordered to be searched is an apartment in the actual occupancy of a woman who, according to the customs of the country, does not appear in public, the officer or other person charged with the execution of the warrant shall give notice to such woman in such apartment, not being a woman against whom a warrant of arrest has been issued, that she is at liberty to withdraw; and, after giving such notice and allowing a reasonable time for the woman to withdraw, and affording her every reasonable facility for withdrawing, he may enter such apartment for the purpose of completing the search, using at the same time every precaution consistent with these provisions for preventing the clandestine removal of property.

[Search to be made in presence of witnesses.]

114. The search of any house or place under this chapter shall be made in the presence of two or more respectable inhabitants of the place in which the house or place search is situate, but they shall not be required to attend the Court of the Magistrate as witnesses unless specially summoned by him.

[Occupant of place searched may attend.]

The occupant of the house or place or some person in his behalf shall, in every instance, be permitted to attend during the search.

[Females how searched.]

115. In any case in which it shall be necessary to cause a female to be searched, the search shall be conducted with strict regard to the habits and customs of the country.

[Search of house suspected to contain stolen property or forged documents.]

116. If the Magistrate of the District or a Magistrate in charge of a Division of a District, or any other officer exercising the powers of a Magistrate, upon information and after such enquiry as he may think necessary, has reason to believe that any house or other place is used as a place for the deposit or sale of stolen property, or for the deposit or sale or manufacture of forged documents, or counterfeit Government stamps or counterfeit coin or instruments or materials for counterfeiting coin or for forging,

প্রায় জ্ঞাত করিলে পর ও প্রবেশ করিবার অনুমতি উপযুক্তরূপে চাহিলে পর, যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পারে, তবে ঐ পরওয়ানামতে কার্য্য করিবার নিমিত্তে ঐ ঘরের কি স্থানের কোন সদর কি খিড়কীদ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিতে পারিবে ইতি।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিবার কথা।]

১১৩ ধারা। যে স্থানে অন্বেষণ করিতে আজ্ঞা হয়, তাহা যদি অন্তঃপুর হয়, ও তাহার মধ্যে যদি কোন স্ত্রীলোক থাকে ও দেশাচারমতে সেই স্ত্রী প্রকাশ স্থানে না যায়, তবে ঐ পওয়ানামতে কায্য করিবার ভার যে কর্ম্মকারকের কি অন্য যে ব্যক্তির প্রতি অর্পণ করা যায় যে ব্যক্তির ধরিবার পরওয়ানা বাহির হইয়াছে তদ্‌ভিন্ন, ঐ অন্তঃপুরস্থ স্ত্রীকে সে সেই স্থানহইতে চলিয়া যাইবার অনুমতি জানাইবে, ও সেই সম্বাদ দিলে পর ও সেই স্ত্রীর চলিয়া যাইবার উপযুক্ত অবকাশ দিয়া সর্ব্বপ্রকারে তাহার চলিয়া যাইবার যুক্তিমত সাহায্য করিলে পর, ঐ অন্বেষণ সমাপ্ত করিবার জন্যে ঐ অন্তঃপুরে প্রবেশ করিতে পারিবে। কিন্তু ইহার মধ্যে ঐ দ্রব্য গোপনে স্থানান্তর না করা যায়, এই বিধানের সঙ্গত এমত উপযুক্ত উপায় করিবে ইতি।

[সাক্ষিদের সাক্ষাতে গৃহাদির অন্বেষণ করিবার কথা।]

১১৪ ধারা। এই অধ্যায়মতে কোন গৃহে কি স্থানে যে অন্বেষণ করা যায়, ঐ গৃহাদি যে স্থানে থাকে তৎস্থান নিবাসি দুই কি তদধিক সম্ভ্রান্ত ব্যক্তির সাক্ষাতে ঐ অন্বেণ করিতে হইবে। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তিদিগকে বিশেষমতে আহ্বান না করিলে আদালতে তাহাদের উপস্থিত হইবার প্রয়োজন নাই।

[অন্বেষিত স্থাননিবাসির উপস্থিত থাকিতে পারিবার কথা।]

ঐ অন্বেষণ করিবার কালে, ঐ গৃহ কি স্থাননিবাসি ব্যক্তির, কিম্বা তাহার পক্ষীয় কোন লোকের সর্ব্বদা উপস্থিত থাকিতে অনুমতি হইবে ইতি।

[স্ত্রীর বস্ত্রাদিতে অন্বেষণ করিবার কথা।]

১১৫ ধারা। যদি কোন স্থলে স্ত্রীর গাত্রের বস্ত্রাদিতে অন্বেষণ করিবার আবশ্যক হয়, তবে দেশের রীতি ও আচার অতি দৃঢ়মতে মান্য করিয়া ঐ অন্বেষণ করিতে হইবে ইতি।

[যে গৃহে চোরা দ্রব্য কিম্বা কৃত্রিম দলীল থাকা সন্দেহ হয়, তাহাতে ঐ অন্বেষণ করিবার কথা।]

১১৬ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা জিলার খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামত কর্ম্মকারী অন্য কর্ত্তৃপক্ষ সম্বাদ পাইয়া, ও আপন বিবেচনামতে আবশ্যক অনুসন্ধান লইয়া, যদি বোধ করেন যে কোন ঘর কি স্থান চোরা দ্রব্য রাখিবার কি বিক্রয় করিবার স্থানস্বরূপে কিম্বা কৃত্রিম দলীল কি গবর্ণমেণ্টের জাল করা ইষ্টাম্প কি কৃত্রিম মুদ্রা কি কৃত্রিম করিবার কি জাল করিবার যন্ত্র কি দ্রব্যাদি রাখিবার কি বিক্রয় কি প্রস্তুত করিবার স্থানস্বরূপে ব্যবহার হইয়া থাকে,

or that any forged documents or counterfeit stamps or false seals or any counterfeit coin, or instruments or materials used for counterfeiting coin, or for forging, are kept or deposited in any house or other place,

he may by his warrant authorize any Police officer above the rank of a constable to enter, with such assistance as may be required, and by force if necessary, any such house or other place, and to search all such parts of the same as are specified in the warrant, and to seize and take possession of any stolen property, documents, stamps, seals, or coins therein found, which he may reasonably suspect to be forged, stolen, false, or counterfeit, and also of any such instruments and materials as aforesaid.

[Magistrate may attend personally.]

117. The Magistrate by whom a search-warrant is issued, may attend personally for the purpose of seeing that the warrant is duly executed.

[Magistrate may direct search in his presence.]

He may also direct a search to be made in his presence, of any house or place for the search of which he is competent to issue a search-warrant.

[Inspection of weights and measures.]

118. Any officer in charge of a Police station may, without a warrant, enter any shop or premises within the limits of such station for the purpose of inspecting or searching for any weights or measures or instruments for weighing used or kept therein, whenever he has reason to believe that there are in such shop or premises any false weights, measures, or instruments for weighing.

If he finds in such shop or premises any weights, measures, or instruments that are false, he may seize the same and shall forthwith give information of such seizure to the Magistrate having jurisdiction.

[Procedure by Police upon seizure of stolen property.]

119. The seizure by any Police officer of property alleged or suspected to have been stolen, or of property seized by any Police officer under circumstances which create suspicion of the committal of any offence, shall be forthwith reported to any Magistrate, who shall thereupon make such order respecting the custody and production of the property as he shall think proper.

কিম্বা কোন জাল করা দলীল কি কৃত্রিম ইষ্টাম্প কি অপ্রকৃত মোহর কিম্বা কোন কৃত্রিম মুদ্রা কিম্বা মুদ্রা কৃত্রিম করণার্থ কি জাল করণার্থ যন্ত্র ও দ্রব্যাদি কোন গৃহে কি স্থানে রাখা কি গচ্ছিত হইয়াছে,

তবে তিনি আপনার পরওয়ানাদ্বারা পোলীসের কনস্টাবলের উচ্চ পদস্থ কোন কর্ম্মকারককে প্রয়োজনমতে সহকারি লইয়া, ও আবশ্যক হইলে বলপূর্ব্বক তদ্রূপ কোন গৃহে কি স্থানে প্রবেশ করিবার ও পরওয়ানাতে সেই গৃহের কি স্থানের যে সকল ভাগ নির্দ্দিষ্ট থাকে তাহাতে অন্বেষণ করিয়া, তাহার মধ্যে যে কোন চোরা দ্রব্য কি দলীল কি ইষ্টাম্প কি মোহর কি মুদ্রা পাওয়া যায়, কিম্বা জাল করা কি চোরা কি অপ্রকৃত কি কৃত্রিম বলিয়া যাহা যুক্তিমতে বোধ করে এমত যে কিছু দ্রব্যাদি ও পূর্ব্বোক্তমতের যে কোন যন্ত্র কি দ্রব্যাদি পাওয়া যায় তাহা হস্তগত করিবার ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের স্বয়ং উপস্থিত হইতে পারিবার কথা।]

১১৭ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেব অন্বেষণের পরওয়ানা দেন তাঁহার সেই পরওয়ানামতে উপযুক্তরূপে কর্ম্ম করা যায়, ইহা দেখিবার জন্যে তিনি আপনি উপস্থিত থাকিতে পারিবেন।

[আপনার সাক্ষাতে অন্বেষণ হইবার আজ্ঞা করিতে পারিবার কথা।]

তিনি যে গৃহে কি স্থানে অন্বেষণ করিবার পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন সেই গৃহে কি স্থানে আপন সাক্ষাতে অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বাটখারা ও মাপ দৃষ্টি করিবার কথা।]

১১৮ ধারা। পোলীসের থানার ক্ষমতাধীন স্থানের অন্তর্গত কোন দোকানের কি বাড়ির মধ্যে অপ্রকৃত কোন বাটখারা কি মাপিবার গজ কাঠা পালিপ্রভৃতি আছে ইহা জানিবার কারণ থাকিলে, পোলীসের ঐ থানার ভারপ্রাপ্ত কর্ম্মকারক পরওয়ানাভিন্ন ঐ দোকানের কি বাটীর মধ্যে ব্যবহৃত কি রক্ষিত সেই বাটখারা কি মাপিবার গজ কাঠা পালিপ্রভৃতি দৃষ্টি করিবার ও তাহার অন্বেষণ করিবার জন্যে ঐ দোকানে কি বাটীতে প্রবেশ করিতে পারিবে।

যদি সেই দোকানের কি বাটীর মধ্যে অপ্রকৃত কোন বাটখারা কি মাপিবার গজ কাঠা পালিপ্রভৃতি পায়, তবে তাহা লইয়া যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ কর্ম্ম করিয়াছে তাঁহাকে অগৌণে আপনার ঐ কর্ম্ম করার সম্বাদ দিবে তাই।

[চোরা সম্পত্তি পাওয়া গেলে পোলীসের কর্ত্তব্যের কথা।]

১১৯ ধারা। কোন সম্পত্তি চোরা এমত কথিত হইলে কি সন্দেহ থাকিলে যদি পোলীসের কর্ম্মকারক তাহা ধৃত করে কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক যে অবস্থায় ঐ সম্পত্তি ধৃত করে তদ্দৃষ্টে যদি কোন অপরাধ হওয়ার সন্দেহ জন্মে, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেবকে অগৌণে ঐ সম্পত্তি ধরিয়া রাখার সম্বাদ জানাইবে। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব ঐ দ্রব্য রাখিবার ও উপস্থিত করিবার বিষয়ে যে আজ্ঞা উপযুক্ত বোধ করেন তাহা করিবেন।

[Sale of perishable property.]

If the property is of a perishable nature, or it shall appear to the Magistrate that its sale would be for the benefit of the owner, he may direct it to be sold at any time and hold the proceeds in deposit.

[Procedure when owner of property seized is unknown.]

120. When the owner of any such property is unknown, the Magistrate may detain the same and shall issue a proclamation specifying the articles of which such property consists, and requiring any person who may have a claim thereto to appear and establish his claim within six months from the date of such proclamation.

[Procedure if no claimant appear within six months.]

121. If no person, within the period allowed, establishes his claim to such property, and if the person in whose possession such property was found is unable to show that it was legally acquired by him, the property shall be at the disposal of the Government, and may be sold under the orders of the Magistrate of the District, and if it has been already sold by the Magistrate, the proceeds shall be at the disposal of the Government.

[Order for disposal of property regarding which offence committed.]

122. When the trial in any Criminal Court is concluded, the Court at the time of passing judgment may pass such order as appears right for the disposal of any property produced before it regarding which any offence appears to have been committed.

Such order shall not be carried out till the disposal of the appeal or the expiry of the period for appealing.

[Stay of such order.]

123. Any Court of appeal, reference or revision may direct any such order passed by a Court of inferior jurisdiction to be stayed, and may modify, alter or annul it.

[Order may take form of reference to Magistrate of District.]

124. The order passed by any Court under section 122 or 123 may be in the form of a reference of the property therein mentioned to the Magistrate of the District, who shall in such cases be guided by the provisions of sections 119, 120 and 121.

[To be continued.]

[যাহা শীঘ্র নষ্ট হয়, এমত দ্রব্য বিক্রয় করিবার কথা।]

যাহা শীঘ্র নষ্ট হইতে পারে দ্রব্য সেই প্রকারের হইলে, কিম্বা দ্রব্য বিক্রয় করিলে স্বামির লাভ হইবে মাজিষ্ট্রেট সাহেব যদি এমত বোধ করেন, তবে যখন ইচ্ছা তখন তাহা বিক্রয় করিবার আদেশ করিয়া তাহার যে মূল্য পাওয়া যায় তাহা গচ্ছিত করিয়া রাখিবেন ইতি।

[ধৃত সম্পত্তির স্বামী অজ্ঞাত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১২০ ধারা। তদ্রূপ কোন দ্রব্যের স্বামী কে ইহা যদি জানা না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তি আটক করিয়া, তন্মধ্যে বিশেষ দ্রব্যের ঘোষণা করাইয়া, সেই দ্রব্যেতে যাঁহারদের অধিকার থাকে ঐ ঘোষণা হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে তাঁহারদিগকে উপস্থিত হইয়া আপনারদের দাওয়া স্থাপন করিবার আজ্ঞা করিবেন ইতি।

[ছয় মাসের মধ্যে দাওয়াদার উপস্থিত না হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১২১ ধারা। উক্ত কালের মধ্যে যদি কেহ ঐ সম্পত্তির দাওয়া না করে, ও যাহার নিকটে ঐ সম্পত্তি পাওয়া গেল সে বৈধমতে তাহা পাইয়াছিল ইহা যদি প্রকাশ করিতে না পারে, তবে গবর্ণমেণ্ট ঐ সম্পত্তি লইয়া স্বেচ্ছামতে কর্ম্ম করিবেন, ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে বিক্রয় হইতে পারিবে। মাজিষ্ট্রেট সাহেব যদি পূর্ব্বে তাহা বিক্রয় করিয়া থাকেন, তবে বিক্রয়ের উৎপন্ন টাকা গবর্ণমেণ্টের ইচ্ছামতে প্রয়োগ হইবে ইতি।

[যে দ্রব্যসম্পর্কে অপরাধ হইয়াছে তাহার প্রয়োগ করিবার আজ্ঞার কথা।]

১২২ ধারা। কোন ফৌজদারী আদালতে বিচার সমাপ্ত হইলে, যে সম্পত্তির বিষয়ে কোন অপরাধ হইয়াছে দৃষ্ট হয় আদালতের সম্মুখে উপস্থিত সেই সম্পত্তি লইয়া যাহা কর্ত্তব্য, আদালত নিষ্পত্তি করণকালে তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন, করিবেন।

আপীল নিষ্পত্তি না হইলে কিম্বা আপীল শুনিবার সময় অতীত না হইলে সেই আজ্ঞানুসারে কার্য্য সাধন হইবে না ইতি।

[তদ্রূপ আজ্ঞা নিবৃত্ত করিবার কথা।]

১২৩ ধারা। ন্যূনতর ক্ষমতাপন্ন কোন আদালত তদ্রূপ যে আজ্ঞা করেন, কোন আপীল আদালত কিম্বা অর্পণক্রমে মোকদ্দমা শুনিবার কিম্বা মোকদ্দমার পুনর্বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালত ঐ আজ্ঞা নিবৃত্ত করিতে এবং তাহার মতান্তর কি পরিবর্ত্তন কিম্বা নিরাকরণ করিতে পারিবেন ইতি।

[আজ্ঞা মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিবার ভাবাপন্ন হইবার কথা।]

১২৪ ধারা। কোন আদালত ১২২ কি ১২৩ ধারাক্রমে যে আজ্ঞা করেন, সেই আজ্ঞাতে যে সম্পত্তির উল্লেখ হয় জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহা অর্পিত হইল এই ভাবের আজ্ঞা হইতে পারিবে। তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব ১১৯, ১২০ ও ১২১ ধারার বিধানমতে কর্ম্ম করিবেন ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 6th May 1868.

The following Resolution of the Government of India, in the Financial Department, is published for general information :—

No. 2284.

GOVERNMENT OF INDIA,

FINANCIAL DEPARTMENT.

Leave and Allowances.

Fort William, the 24th April 1868.

RESOLUTION.

The Governor General in Council is pleased to rule, that when a Public Officer temporarily absent from Head-Quarters on duty is provided with a free passage by sea under the orders of the 23rd July 1866, he shall be permitted to draw half of any daily allowance he may have been entitled to, had he been travelling on duty by land for the period for which he is required to pay table money.

No. 2136.

APPOINTMENTS.

The 12th May 1868.

Mr. H. Carrick to be a Municipal Commissioner for the Town of Jamalpore in Monghyr.

Mr. W. G. Black, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Arrareah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, during the absence, on leave, of Moulavy Dilawur Hossein Ahmed, or until further orders. Mr. Black is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

The 13th May 1868.

Dr. W. H. Hayes, Deputy Commissioner of Singbhoom, is vested with the powers of a Magistrate, Collector, and Subordinate Judge, and also with powers, under Section 1, Act XV. of 1862, in Keonjhur, in the Tributary Mehals of Cuttack. Dr. Hayes will exercise these powers in subordination to the Superintendent of the Tributary Mehals of Cuttack.

The 14th May 1868.

Synd Ali Quilly Khan to be Special Sub-Registrar of Assurances of the Sub-Districts of Mozufferpore and Durbhangah.

[*Government Gazette, 26th May* 1868.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৬ মে।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত নির্দ্ধারণ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২২৮৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

ছুটী ও পাথের।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নির্দ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বিধি করিয়াছেন। কোন কার্য্যকারক রাজকীয় কার্য্যোপলক্ষে কিয়ৎকালের নিমিত্তে সদর স্থানে অনুপস্থিত থাকিলে যদি ১৮৬৬ সালের জুলাই মাসের ২৩ তারিখের আজ্ঞামতে তাঁহার বিনাব্যয়ে সমুদ্রপথে গমনের উপায় করা যায়, তবে স্থলপথে যাত্রা করিতে হইলে তিনি প্রতিদিন যত টাকা লইবার অনুমতিপ্রাপ্ত হন তাঁহার আহারীয় খরচ যত দিন দিতে হয় তত দিনের নিমিত্তে তিনি ঐ টাকার অর্দ্ধেক লইতে পারিবেন।

২১৩৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ১২ মে।

শ্রীযুত এচ কারিক সাহেব মুঙ্গেরের অন্তর্গত জামালপুর নগরের এক জন মুনিসিপল কমিসানর হইবেন।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ব্লাক সাহেব অররিয়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং শ্রীযুত মৌলবী দেলওয়ার হুসেন আহম্মদের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভু লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৬৮ সাল ১৩ মে।

সিংহভূমের ডেপুটী কমিসানর ডাক্তর শ্রীযুত ডবলিউ এচ হেস্ সাহেব কটকের পেশকশী মহালের কিওনঝাড়ে মাজিস্ট্রেটের, কালেক্টরের ও অধঃ শ্রেণীর জজের ক্ষমতা এবং ১৮৬২ সালের ১৫ আইনের ১ ধারামতের ক্ষমতাও পাইয়াছেন। তিনি পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অধীনে ঐ২ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১৪ মে।

শ্রীযুত সৈয়দ আলী কিল্লী খাঁ মজফরপুর ও দরভঙ্গা সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার হইবেন।

Mr. A. H. Warde-Jones, Deputy Collector of Settlements, Rajshahye Division, is vested with the powers of a Deputy Collector, under Act IX. of 1847, in the Dacca Division.

Baboo Dwarkanath Ghose to officiate as Moonsiff of Tezpore, in Assam, during the absence, on leave, of Baboo Radhakant Burroah, or until further orders.

Mr. W. B. Oldham, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Meherpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, and Deputy Collector in Nuddea. Mr. Oldham is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Session or High Court, and to exercise all the powers necessary for that purpose.

The appointment of Baboo Dinonath Addy to the charge of the Sub-Division of Meherpore, notified in the *Calcutta Gazette* of the 13th instant, is cancelled.

Baboo Anund Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Kendraparrah, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, in Cuttack. Baboo Anund Chunder Sen is also empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

Mr. Richard Palmer Jenkins to be Captain of the Tirhoot Troop of the Behar Mounted Rifle Corps, *vice* Captain C. V. Argles, resigned.

Mr. Frederick Mytton Halliday to be Captain of the Sarun Troop of the Behar Mounted Rifle Corps, *vice* Captain R. M. Skinner, resigned.

The 15th May 1868.

Moulavy Mahomed Ishaq, Deputy Magistrate and Deputy Collector, to have temporary charge of the Sub-Division of Bowsee, during the absence, on leave, of Moulavy Ali Hossein, or until further orders. In addition to the powers with which Moulavy Mahomed Ishaq is vested in Bhaugulpore, he is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৬ মে।]

রাজশাহী খণ্ডের বন্দোবস্তের ডেপুটী কালেক্টর শ্রীযুত এ এচ ওয়ার্ড-জোন্স সাহেব ঢাকাখণ্ডে ১৮৪৭ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়ার ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু দ্বারকানাথ ঘোষ আসামের অন্তর্গত তেজপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ বি ওল্ডহাম্ সাহেব মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও নদীয়ায় অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কি হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত বাবু দীননাথ আঢ্যের মেহেরপুর শাখাখণ্ডে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ১৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা এতৎক্রমে রহিত হইল।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র সেন কেন্দ্রপাড়া শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও কটকে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

